বাগবাজার রীডিং লাইব্রেরী

তারিখ নির্দেশক পত্র

পনের দিনের মধ্যে বইখানি ফেরৎ দিতে হবে।

পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ
87	21/5	25/5			
89	1/3/73	3/3			
92	8/6	13/6			
214	24/6				
447	16/8				
322	6/11	9/11			
374	27-11	20/8			
707	28/8				
257	8/1/6	27/12			

পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ

বাগবাজার রীডিং লাইব্রেরী

তারিখ নির্দ্দেশক পত্র

পনের দিনের মধ্যে বইখানি ফেরৎ দিতে হবে।

পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ
66	[illegible]	21/11	309	20/8	
587	11/8				
574	23/7	28/4			
523	9/10/75	22/12			
[illegible]	[illegible]	24/5			
322	6 [illegible]	[illegible]			
266	19/4	20/4			
376	28/10	3/11			
286	27/5	29/5			
178	1/6				
552	21/4/84				

পত্রাঙ্ক	প্রদানের তারিখ	গ্রহণের তারিখ	প…

যোগিনী তন্ত্রম্।

মূলানুবাদ।

শ্রীমদ্ শঙ্করাচার্য্য কাপালিক প্রণীত।

কলিকাতা ৯নং ভগবান বাঁড়ুয্যের লেন হইতে

শ্রীনারায়ণ বন্দোপাধ্যায় কর্ত্তৃক

প্রকাশিত।

প্রথম সংস্করণ।

কলিকাতা

৬৫ নং গ্রেষ্ট্রীট ধর্ম্মযন্ত্রে

শ্রীচুনিলাল বন্দোপাধ্যায় কর্ত্তৃক মুদ্রিত।

সন ১২৯৪ সাল।

যোগিনীতন্ত্রম্।

ওঁ নমো মহাভৈরবায়।

কৈলাসশিখরারূঢ়ং শঙ্করং পরমেশ্বরং। পপ্রচ্ছ গিরিজাকান্তং পার্ব্বতী বৃষভধ্বজম্ ॥১

শ্রীদেব্যুবাচ। ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বজ্ঞানময় প্রভো। সূচিতং যোগিনীতন্ত্রং তন্মে বদ জগদ্গুরো ॥২ মাহাত্ম্যং কীর্ত্তিতং তস্য পুরা শ্রীশৈলমন্দিরে। বারাণস্যাং কামরূপে নেপালে মন্দরাচলে ॥৩

ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি যোগিনীতন্ত্রমুত্তমম্। পাবনং পরমং ধন্যং মোক্ষৈকফলদায়কম্ ॥৪ গোপিতব্যং প্রযত্নেন মম ত্বং প্রাণবল্লভে। যথান্যো লভতে নৈবং তথা কুরু প্রিয়ম্বদে ॥৫ এতত্তন্ত্রং বরারোহে সুরাসুরসুদুর্ল্লভম্। কাঙ্ক্ষন্তি দেবতাঃ সর্ব্বাঃ শ্রোতুন্তন্ত্রমনুত্তমম্। যক্ষাদ্যাঃ পরমেশানি ন তেভ্যঃ কথিতং ময়া। কথয়ামি তব স্নেহাদদ্যোঽহং পরমং

মনোহর কৈলাসশিখরে বৃষভধ্বজ, পরমেশ্বর, শঙ্কর, উপবিষ্ট আছেন, সেই সময়ে ভগবতী পার্ব্বতী স্বীয় কান্ত সেই মহাদেবকে জিজ্ঞাসা করিলেন,১ হে ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বজ্ঞানময় প্রভো! আপনি পূর্ব্বে শ্রীশৈলমন্দিরে,বারাণসীতে,কামরূপে, নেপালে ও মন্দরশৈলে যাহার মাহাত্ম্য কীর্ত্তন ও সূচনা মাত্র করিয়াছিলেন, সেই যোগিনীতন্ত্র, আমার নিকট কীর্ত্তন করুন। হে জগদ্গুরো! তাহা শ্রবণ করিতে আমার বাসনা বলবতী হইয়াছে।২।৩

ঈশ্বর কহিলেন, হে দেবি! মোক্ষফলপ্রদ, পরমধন্য, পরমপাবন ও পরমোৎকৃষ্ট যোগিনীতন্ত্র আমি তোমাকে বলিব।৪ হে প্রিয়ম্বদে। হে প্রাণবল্লভে! পরমযত্নে তোমার ও আমার এই তন্ত্রের গোপন কর্ত্তব্য, যাহাতে ইহা অন্যে লাভ করিতে না পারে, তুমি তাহা করিবে।৫ হে বরারোহে! সুরাসুরসুদুর্ল্লভ এই অনুত্তম তন্ত্র সমস্ত দেবগণই শ্রবণ করিতে বাসনা করেন। হে পরমেশরি। আমি ইহা যক্ষাদিরও নিকট কখন বলি নাই,আমি তোমার

ত্বয়া ॥৬ বিদ্যুৎকান্তিসমানাভদন্তপংক্তিবলাকিনীম্ ॥৭ নমামি তাং বিশ্ব-মাতাং কালমেঘসমদ্যুতিম্। মুণ্ডমালাবলীরম্যাং মুক্তকেশীং দিগম্বরাম্ ॥৮ লোলজ্জিহ্বাং ঘোররাবামারক্তলোচনত্রয়াম্। কোটিকোটিকলানাথবিগলন্মুখ-মণ্ডলাম্ ॥৯ অমাকলাসমুল্লাসকিরীটোজ্জ্বলমণ্ডলাম্। শবদ্বয়কর্ণভূষাং নানামণিবিভূষিতাম্ ॥১০ সূর্য্যকান্তেন্দুকান্তোঘপ্রোল্লাসকর্ণভূষণাম্। মৃত-হস্তসহস্রৈস্তু কৃতকাঞ্চীং হসন্মুখাম্ ॥১১ সৃক্কদ্বয়গলদ্রক্তধারাবিস্ফুরিতা-ননাম্। খড়্গামুণ্ডবরাভীতিসংশোভিতচতুর্ভুজাম্ ॥১২ দন্তরাং পরমাং নিত্যাং রক্তমণ্ডিতবিগ্রহাম্। শিবপ্রেতসমারূঢ়াং মহাকালোপরিস্থিতাম্ ॥১৩ বামপাদং শবহৃদি দক্ষিণে লোকলাঞ্ছিতাম্। কোটিসূর্য্যপ্রতীকাশং সমস্ত-

---

পরমস্নেহপাশে আবদ্ধ, অতএব তোমার নিকট কহিতেছি শ্রবণ কর।৬

যিনি, বিশ্বমাতা, বিশ্বেশ্বরী ও কালমেঘের ন্যায় কান্তিবিশিষ্টা সেই কালীদেবীকে নমস্কার করি।

বলাকাবলীতুল্য বিদ্যুৎকান্তি-দন্তপংক্তি যাঁহার বদনমণ্ডলে শোভা পাই-তেছে; যাঁহার দেহ মুণ্ডমালাবলীদ্বারা সুশোভিত; যিনি দিগম্বরা, মুক্ত-কেশী ৭।৮ ও লোলজিহ্বা; যাঁহার লোচনত্রয় আরক্ত বর্ণ এবং রব ঘোরতর; যাঁহার মুখমণ্ডল হইতে কোটি কোটি কলানাথ বিগলিত হইতেছে,৯ যাঁহার শিরোদেশে সমুজ্জ্বল কিরীটমণ্ডল উল্লসিত হইয়া শোভাবিস্তার করিতেছে; শ্রবণযুগলে শবদ্বয় বিভূষিত হইতেছে; যাঁহার অঙ্গ সকল নানাবিধ মণিগণে বিভূষিত;১০ সূর্য্যকান্ত ও চন্দ্রকান্ত মণিগণ যাঁহার উল্লসিত কর্ণভূষণ; যাঁহার কটিতট শবহস্তসহস্র দ্বারা বিরচিত কাঞ্চীমালায় পরিবেষ্টিত; যাঁহার মুখমণ্ডলে অট্ট অট্ট হাস শোভা পাইতেছে;১১ যাঁহার সৃক্কণীযুগল হইতে শোণিতধারা বিগলিত হইয়া মুখমণ্ডল বিস্ফুরিত করিতেছে; যাঁহার ভুজচতুষ্টয় খড়্গা, মুণ্ড দ্বারা এবং বরাভয়দানভঙ্গিমায় সুশোভিত;১২ যাঁহার বিগ্রহ শোণিতচ্ছটায় মণ্ডিত, দন্তপংক্তি উচ্চ ও বিকট, সেই পরমা ও নিত্যসনাতনী দেবীকে নম-স্কার। যিনি শিব প্রেতোপরি আরোহিতা এবং মহাকালোপরি সংস্থিতা, ১৩ যাঁহার বামপদ, শবহৃদয়ে সংস্থিত এবং দক্ষিণ চরণে লোকসকলকে লাঞ্ছিত করিতেছে, সেই শিবরূপিণী দেবীকে নমস্কার। সমস্ত ভুবন সমু-

ভুবনোজ্জ্বলম্ ॥১৪ বিদ্যুৎপুঞ্জসমানাভজ্জ্বলজ্জটবিরাজিতম্। রজতাদ্রিমিব দেবং স্ফটিকাচলবিগ্রহম্ ॥১৫ দিগম্বরং মহাঘোরং চন্দ্রার্কপরিমণ্ডিতম্। নানালঙ্কারভূষাঢ্যং ভাস্বৎস্বর্ণতনূরুহম্ ॥১৬ যোগনিদ্রাং ধরং শম্ভুং স্মেরাননসরোরুহম্। বিপরীতরতাসক্তাং মহাকালেন সন্ততম্ ॥১৭ অশেষব্রহ্মাণ্ডভাণ্ডপ্রকাশিতমহোজ্জ্বলম্। শিবাভির্ঘোররবাভির্বেষ্টিতাং প্রলয়োদিতাম্ ॥১৮ কোটিকোটিশরচ্চন্দ্রন্যক্কৃতানখমণ্ডলাম্। সুধাপূর্ণশীর্ষহস্তযোগিনীভির্বিরাজিতাম ॥১৯ আরক্তমুখমদাভির্মত্তাভিরন্বগাং চ বৈ। ঘোররূপৈর্মহানাদৈশ্চণ্ডতাপৈশ্চ ভৈরবৈঃ ॥২০ গৃহীতশবকঙ্কালজয়শব্দপরায়ণৈঃ। নৃত্যদ্ভির্বাদনপরৈর্বনিশঞ্চ দিগম্বরৈঃ। শ্মশানালয়মধ্যস্থাং ব্রহ্মাদ্যুপনিসেবিতাম্ ॥২১

অধুনা শৃণু দেবেশি তন্ত্ররাজং সুদুর্লভম্। কথয়ামি তব স্নেহান্ন প্রকাশ্যং কথঞ্চন। অতীব স্নেহবদ্ধেন ভক্ত্যা দাসোঽস্মি তে প্রিয়ে ॥২২ গুরুমূলমিদং শাস্ত্রং গুরুমূলমিদং জগৎ। গুরুরেব পরং ব্রহ্ম গুরুরেব শিবঃ-

---

জ্জ্বলকর, ১৪ কোটিসূর্য্যতুল্য, বিদ্যুৎপুঞ্জনিভ সমুজ্জ্বল জটাজালে বিরাজিত, রজতগিরির ন্যায় সুশোভিত এবং স্ফটিকাচলতুল্য বিগ্রহ ;১৫ যিনি দিগম্বর, মহাঘোর দর্শন, চন্দ্রসূর্য্য পরিভূষিত, নানাবিধ ভূষণ শোভিত, ভাস্বর সুবর্ণসদৃশ লোমরাজি দ্বারা বিরাজিত,১৬ যোগনিদ্রানিরত,শম্ভু,স্মেরাননসরোরুহ, অখিলব্রহ্মাণ্ডভাণ্ডপ্রকাশকারী, সেই মহাকাল শঙ্করদেবের বিপরীত সুরতে যিনি আসক্তা, ১৭ যিনি ঘোররাবি শিবাগণে বেষ্টিতা, যিনি প্রলয়কালের ন্যায় সংহার মূর্ত্তি, ১৮ যিনি নখমণ্ডল দ্বারা কোটি কোটি শরচ্চন্দ্রকে ন্যক্কার করিতেছেন, যিনি, মস্তকমণ্ডলে ও করগণে সুধাধারিণী আরক্তমুখমণ্ডলা ও মদমত্তা যোগিনীগণে বিরাজিতা, ১৯ এবং মহানাদ, ঘোররূপ,প্রচণ্ড প্রতাপ, দিগম্বর, নিরন্তর নৃত্যবাদ্যনিরত শবকঙ্কালজালগ্রাহী ও জয়শব্দপরায়ণ ভৈরবনিকরে অনুগতা,শ্মশানালয়মধ্যস্থা, ব্রহ্মাদি দেবগণে পরিসেবিতা, সেই মহাকালী দেবীকে নমস্কার করি।২০।২১

হে দেবেশ্বরি! এক্ষণে সুদুর্ল্লভ তন্ত্ররাজ যোগিনীতন্ত্র শ্রবণ কর। হে প্রিয়ে! তোমার অতিশয় ভক্তি ও স্নেহনিবন্ধন আমি তোমার দাস, অতএব তোমার প্রতি প্রণয় বশত এই তন্ত্র তোমার নিকট কীর্ত্তন করিতেছি, কিন্তু কদাচিত ইহা প্রকাশ করিও না।২২

হে দেবি! এই শাস্ত্র গুরুমূলক, এই জগৎ গুরুমূলক, গুরুই পরব্রহ্ম এবং

স্বয়ম্। গুরুর্যস্য বশীভূতো দেবাস্তং প্রণমন্তি চ ॥২৩ অপি ব্যাধিগলৎ-পাদপ্রক্ষালনজলং যদি। পিবেদমৃতভাবেন যঃ স দেবীপুরং ব্রজেৎ ॥২৪ সুরাং যদ্যপ্যসংস্কারাং গুর্ব্বনুজ্ঞাবিধঃ পিবেৎ। প্রায়শ্চিত্তং ন তত্রাপি বেদোঽপি স্থিত এব হি ॥২৫ অপি তন্ত্রবিরুদ্ধং বা গুরুণা কথ্যতে যদি। অথবা স্বমতং বেদৈর্ম্মহারুদ্রবচো যথা। সর্ব্বং গুর্ব্বাজ্ঞয়া কার্য্যং তত্ত্বস্যা·গমনং বিনা ॥২৬ অদ্বৈতং দেবতৈশ্বর্য্যং নাদ্বৈতং গুরুণা সহ। নাদ্বৈতং প্লবতে কার্য্যম্ ন সমোঽস্তীহ ভুবনে ॥২৭ গুরুর্গতিগু‌র্রুর্দ্দেবো গুরুর্দ্দেবী তথা প্রিয়ে। স্বর্গলোকে মর্ত্যলোকে নাগলোকে চ বর্ত্ততে ॥২৮ অল্প-জ্ঞোঽনল্পবিজ্ঞো বা গুরুরেব সদাগতিঃ। গুরুবদ্‌গুরুপুত্রেষু গুরুবত্তৎসুতা-দিষু ॥২৯ গুরুপত্নী মহেশানি গুরুরেব ন সংশয়ঃ। গুরোরুচ্ছিষ্টবৎ প্রিয়ে তৎসুতোচ্ছিষ্টমেব চ। ভোজনীয়ং ন সন্দেহো বিকারশ্চেদধোগতিঃ ॥৩০ গুরূচ্ছিষ্টং মহাদেবী ব্রহ্মাদীনাং সুদুর্লভং। গুরূচ্ছিষ্টং তথা প্রোক্তং মহা-পূতং পরাৎপরং ॥৩১ গুরুণা গুরুপত্ন্যা বা গুরুপুত্রেণ বা প্রিয়ে। ভুক্তান্নং

গুরুই সাক্ষাৎ শিবস্বরূপ। গুরু যাঁহার বশীভূত হন, দেবতাগণ তাঁহাকে প্রণাম করিয়া থাকেন।২৩ গুরু ব্যাধিবিগলিত হইলেও যদি তাঁহার পাদ-প্রক্ষালনবারি পান করে, তবে সেই মানব দেবীপুরে গমন করিয়া থাকে।২৪ গুরুর আজ্ঞাবিধির বশবর্ত্তী হইয়া অসংস্কার সুরাপান করিলেও তাহাতে প্রায়শ্চিত্ত নাই এবং তদ্দ্বারা বেদবিধির অমর্য্যাদা হইবে না।২৫ গুরু নিজমত যাহা ব্যক্ত করিবেন, তন্ত্রবিরুদ্ধ হইলেও তাহা বেদতুল্য এবং মহারুদ্রদেবের বাক্যতুল্য জানিবে। তত্ত্বাগম ব্যতিবেকে ও গুরুর আজ্ঞায় সর্ব্বকার্য্যই কর্ত্তব্য।২৬ দেবতৈশ্বর্য্য অদ্বৈত, গুরুর সহিত তাহার অদ্বৈতভাব নাই। অদ্বৈত, গুরুকে অতিক্রম করিতে ও গুরুকার্য্য অতিক্রম করিতে পারে না, ভুবনে গুরুর সমান কেহই নাই।২৭ হে প্রিয়ে! স্বর্গলোকে, মর্ত্ত্য-লোকে ও নাগলোকে গুরুই গতি, গুরুই দেব এবং গুরুই দেবী।২৮ গুরু-অল্পজ্ঞানসম্পন্নই হউন বা বহুজ্ঞানসম্পন্নই হউন, গুরু সততই গতি। হে মহেশ্বরি! গুরুপুত্র সকলের এবং গুরুপুত্রের পুত্রসকলের প্রতি গুরুতুল্য ব্যবহার কর্ত্তব্য।২৯ গুরুপত্নী, গুরই, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। হে প্রেয়সি! গুরুর উচ্ছিষ্টের ন্যায় গুরুপুত্রের উচ্ছিষ্টও ভোজনীয়, তাহাতে সন্দেহ নাই। তাহাতে বিকার জন্মিলে, অধোগতি হয়।৩০ হে মহাদেবি! গুরুর উচ্ছিষ্ট ব্রহ্মাদিরও দুর্লভ, গুরুর উচ্ছিষ্ট মহাপবিত্র ও পরাৎপর বস্তু।৩১

মুষ্টিমাত্রং বা যোঽশ্নীয়াদ্বর্ষবিংশতি। চিরজীবী জরারোগবিমুক্তোঽন্তে শিবো ভবেৎ॥৩২ গুর্ব্বন্তিকে যদি বসেৎ পঞ্চাশদ্বর্ষমুত্তমে। ভৈরবাচারসম্পন্ন স্তৎপাদপরিচারকঃ॥৩৩ ইহ ভুক্ত্বা বরান্ ভোগান্ অন্তে দেবগণো ভবেৎ। রূপযৌবনসম্পন্নৈঃ রুদ্রকন্যাগণৈঃ সহ। অসৌ বিহরতি বীরো যাবচ্চন্দ্রার্কতারকম্॥৩৪ প্রাতরুত্থায় যোমর্ত্ত্যো গুরৌ দণ্ডনতিঞ্চরেৎ। তৎস্তুতং তত্তনয়াম্বা প্রণমেদ্বিধিপূর্ব্বকম্। স সিধ্যতি বরারোহে নাত্র কার্য্যা বিচারণা॥৩৫ যত্রাশায়াং গুরোঃ স্থানং নিত্যং প্রাতশ্চ তন্মুখঃ। গুরুং তদ্দয়িতাপুত্রপুত্রীরুদ্দিশ্য মানবঃ। প্রণমেদ্ভক্তিসংযুক্তঃ স সিদ্ধো নাত্র সংশয়ঃ॥৩৬ গুরোঃ স্থানং হি কৈলাসং গৃহং চিন্তামণের্গৃহম্। বৃক্ষালী কল্পবৃক্ষালী লতা কল্পলতা স্মৃতা। জলখাতং সর্ব্বগঙ্গা সর্ব্বং পুণ্যময়ং শিবে॥৩৭ গুরুগেহে স্থিতা দাস্যো ভৈরব্যঃ পরিকীর্ত্তিতাঃ। ভৃত্যা ভৈরবরূপাশ্চ ভাবয়েন্মতিমান্ সদা॥৩৮ প্রদক্ষিণং কৃতং

হে প্রিয়ে! গুরু, গুরুপত্নী বা গুরুপুত্র কর্ত্তৃক দত্ত মুষ্টিমাত্র ভুক্তাবশিষ্ট অন্নও যে ব্যক্তি বিংশতি বৎসর ভক্ষণ করে, সে জরা ও রোগ হইতে বিমুক্ত হইয়া চিরজীবী হয় এবং অন্তকালে শিব হইয়া থাকে, সন্দেহ নাই।৩২ হে সত্তমে! যে মানব,ভৈরবাচারসম্পন্ন এবং গুরুপাদপদ্মের পরিচারক৩৩ হইয়া গুরুর সন্নিধানে পঞ্চাশৎবৎসর বাস করে, সে ইহকালে উৎকৃষ্ট ভোগ্য সম্ভোগ করিয়া অন্তকালে দেবগণ মধ্যে গণ্য হইয়া থাকে। সেই বীর, যে পর্য্যন্ত চন্দ্র সূর্য্য ও তারকা বিদ্যমান থাকে, তাবৎকাল রূপযৌবনসম্পন্ন রুদ্রকন্যাগণের সহিত বিহার করিয়া থাকে।৩৪ হে বরারোহে! যে মানব প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া, গুরুকে, গুরুতনয়াকে বিধিপূর্ব্বক দণ্ডবৎ প্রণাম করিয়া থাকে, সে অবশ্যই সিদ্ধ হয়, তাহাতে কিছুমাত্র সংশয় নাই।৩৫ যে দিকে গুরুর স্থান, প্রতিদিন প্রাতঃকালে সেইদিকে মুখ করিয়া গুরুকে, গুরুপত্নীকে বা তৎপুত্র বা তাঁহার কন্যাকে উদ্দেশ করিয়া, যে মানব ভক্তি সংযুক্ত চিত্তে প্রণাম করে,সে ইহলোকে সিদ্ধ হয়,সন্দেহ নাই।৩৬ কৈলাসই গুরুর স্থান, চিন্তামণির গৃহেই গুরুর গৃহ, কল্পবৃক্ষাবলীই গুরুর বৃক্ষালী, কল্পলতাই গুরুর লতা। স্বর্গগঙ্গাই গুরুর জলখাত,৩৭ অতএব হে শিবে! গুরুর সকলই পুণ্যময়। হে মহেশ্বরি! মতিমান্‌গণ বিবেচনা করেন যে, গুরুগৃহে স্থিতা দাসীগণ ভৈরবীতুল্য,ভৃত্যগণ ভৈরবস্বরূপ,৩৮ যে গুরুর স্থান প্রদক্ষিণ

যেন গুরোঃ স্থানং মহেশ্বরি। প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা ॥৩৯

শ্রীদেব্যুবাচ। গুরুঃ কোবা মহেশান বদ মে করুণাময়। তত্ত্বোহপ্যধিক এবায়ং গুরুস্ত্বয়া প্রকীর্ত্তিতঃ ॥৪০

ঈশ্বর উবাচ। আদিনাথমহাদেবি মহাকালো হি যঃ স্মৃতঃ। গুরুঃ স এব দেবেশি সর্ব্বমন্ত্রেঽধুনা পরঃ ॥৪১ শৈবে শাক্তে বৈষ্ণবে চ গাণপত্যে তথৈন্দবে। মহাশৈবে চ শৌরে চ স গুরুর্নাত্র সংশয়ঃ। মন্ত্রবক্তা স এব স্যান্নাপরঃ পরমেশ্বরি ॥৪২ মন্ত্রপ্রদানকালে হি মানুষো নগনন্দিনি। অধিষ্ঠানং ভবেত্তস্য মহাকালস্য শঙ্করি। অতস্তু গুরুতা দেবি হ্যমানুষী ন সংশয়ঃ ॥৪৩ মন্ত্রদাতা শিরঃপদ্মে যজ্জ্ঞানং কুরুতে গুরুঃ। তজ্জ্ঞানং কুরুতে দেবি শিষ্যোপি শীর্ষপঙ্কজে ॥৪৪ অতএব মহেশানি এক এব গুরুঃ স্মৃতঃ। অধিষ্ঠানং ভবেত্তস্য মানুষস্য মহেশ্বরি। মাহাত্ম্যং কীর্ত্তিতং তস্য সর্ব্বশাস্ত্রেষু শঙ্করি ॥৪৫ বিশেষমনুবক্ষ্যামি মাহাত্ম্যং গুরুগোচরম্। পশু

করে, সে ব্যক্তি সপ্তদ্বীপা বসুন্ধরা প্রদক্ষিণ করিয়া তাহার ফলপ্রাপ্ত হইয়াছে জানিও।৩৯

দেবী কহিলেন, হে মহেশান! হে করুণাময়! গুরু কে? তাঁহার স্বরূপ আমার নিকট কীর্ত্তন করুন, আপনি তত্ত্বজ্ঞান হইতেও গুরুর আধিক্য কীর্ত্তন করিলেন, অতএব তাঁহার বিশেষ বিবরণ শ্রবণ করিতে বাসনা হয়।৪০

ঈশ্বর কহিলেন, হে দেবেশি! হে মহাদেবি! যিনি আদিনাথ, মহাকাল, তিনিই, এক্ষণে পরমগুরু।৪১ শৈব, শাক্ত, বৈষ্ণব, গাণপত্য, ঐন্দব, মহাশৈব, শৌরাদি মন্ত্রে তিনিই মন্ত্রবক্তা; গুরু অপর কেহই নন, তাহাতে সন্দেহ নাই।৪২ হে পরমেশ্বরি! হে নগনন্দিনি; মন্ত্রপ্রদানকালে তিনিই মানুষরূপে মন্ত্র প্রদান করেন। হে শঙ্করি! তৎকালে সেই মহাকালেরই অধিষ্ঠান হইয়া থাকে। হে দেবি! এই হেতু গুরুর কর্ম্ম অমানুষ জানিবে, তাহাতে সংশয় নাই।৪৩ শিবস্বরূপ মন্ত্রদাতা গুরুপদ্মে যেরূপ জ্ঞান করেন, হে দেবি! শিষ্যও নিজশীর্ষপঙ্কজে সেইরূপ জ্ঞান করিয়া থাকে।৪৪ অতএব হে মহেশানি! গুরুই একমাত্র প্রধান জানিবে। হে মহেশ্বরি! মন্ত্রজ্ঞানকালে সেই অমানুষ দেবের অধিষ্ঠান হয়। হে শঙ্করি! সেই গুরুর মাহাত্ম্য সর্ব্বশাস্ত্রেই কীর্ত্তিত হইয়াছে।৪৫

মন্ত্র প্রদানে তু মর্য্যাদা দশপৌরুষী ॥৪৬ বীরমন্ত্র প্রদানে তু পঞ্চবিংশতি পৌরুষী। মহাবিদ্যাসু সর্ব্বাসু পঞ্চাশৎপৌরুষী মতা ॥৪৭ ব্রহ্মযোগপ্রদানে তু মর্য্যাদা শতপৌরুষী। ব্রহ্মযোগো মহাদেবি ভেরুণ্ডায়াং প্রকীর্ত্তিতঃ ॥৪৮ গুরুপাদোদকং পুণ্যং সর্ব্বতীর্থাবগাহনম্। সর্ব্বতীর্থাবগাহে তু যৎ ফলং প্রাপ্নুয়ান্নরঃ ॥৪৯ তৎফলং প্রাপ্নুয়ান্মর্ত্ত্যো গুরুপাদকণাজলাৎ। সম্নাতঃ সর্ব্বতীর্থেষু যোঽভিষেকং সমাচরেৎ ॥৫০ পীতং পূতঞ্চ কুরুতে সর্ব্বপাপেভ্য এব হি। বিশেষতো মহামায়ে তৎক্ষণাচ্ছিবতাং ব্রজেৎ ॥৫১ গুরোঃ পাদরজোমূর্দ্ধ্নি ধারয়েদ্যস্তু মানবঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স শিবো নাত্র সংশয়ঃ ॥৫২ তেনৈব রজসা দেবি তিলকং যস্তু কারয়েৎ। চতুর্ভূজো ন সন্দেহঃ স বৈকুণ্ঠপতির্ভবেৎ ॥৫৩ তদ্রজো ভক্ষতে যেন একস্মিন্ দিবসেঽপি চ। কোটিমহাযজ্ঞফলং লভতে স ন সংশয়ঃ ॥৫৪ ইতি তে কথিতং দেবি রহস্যং গুরুগোচরম্। গোপনীয়ং প্রযত্নেন স্বকীয়ং কুলপৌরুষম্॥৫৫

আমি, তোমার নিকট গুরুমাহাত্ম্য বিশেষরূপে কীর্ত্তন করিয়াছি। পশুমন্ত্র প্রদানে গুরুর দশপৌরুষীমর্য্যাদা,৪৬ বীরমন্ত্র প্রদানে পঞ্চবিংশতিপৌরুষী, সর্ব্বমহাবিদ্যা মন্ত্র প্রদানে পঞ্চাশৎপৌরুষী, ৪৭ ব্রহ্মযোগ প্রদানে শতপৌরুষী মর্য্যাদা জানিবে। হে মহাদেবি! ভেরুণ্ডাতন্ত্রে ব্রহ্মযোগ পরিকীর্ত্তিত হইয়াছে,৪৮ সর্ব্বতীর্থাবগাহনে যে পুণ্য, গুরুর পাদোদক পান করিলেও সেই পুণ্য হয়। সকল তীর্থে অবগাহন করিয়া মানবগণ যে ফল পায়, গুরুপাদোদকের কণামাত্র পান করিয়াই সেই ফলপ্রাপ্ত হইয়া থাকে।৪৯ যে নর গুরুপাদোদকে স্নান করে, তাহার এককালেই সকল তীর্থস্নানের ফলপ্রাপ্তি হয়, ৫০ পান করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া পবিত্র হয়। হে মহামায়ে! বিশেষতঃ এই পাদোদক পানফলে সে শিবত্বলাভ করে।৫১ যে মানব, নিজমস্তকে গুরুপাদপদ্ম ধূলি ধারণ করে,সে সর্ব্বপাপ হইতে পরিমুক্ত হইয়া শিব তুল্য হয়,সন্দেহ নাই।৫২ হে দেবি! সেই পদরজোদ্বারা যে তিলক করে, সে চতুর্ভুজ হইয়া বৈকুণ্ঠপতি হয়,৫৩ তাহাতে সংশয় নাই। যে মানব এক দিন গুরুপাদধূলি ভক্ষণ করে,সে কোটি মহাযজ্ঞের ফল লাভ করে,সন্দেহ নাই।৫৪ হে দেবি! এই আমি তোমাকে গুরুর রহস্য কহিলাম,স্বকীয় কুলপৌরুষস্বরূপ এই গুরুতত্ত্ব গোপনীয় জানিবে।৫৫

ইতি শ্রীযোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বরসংবাদে
চতুর্ব্বিংশতিসাহস্র্যে প্রথমঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ। পরমানন্দসন্দোহ চরাচরজগদ্‌গুরো। শ্রুতং তে গুরুমাহাত্ম্যং গুহ্যাদ্‌গুহ্যতরং হি যৎ ॥১ অহঞ্চ শ্রোতুমিচ্ছামি কালীং সকল তারিণীম্। কথিতা সা মহাবিদ্যা সিদ্ধবিদ্যা চ যামলে ॥২ মহামহাব্রহ্মবিদ্যা চামুণ্ডা তন্ত্রগোচরে। আজ্ঞাপয় মহাদেব রহস্যং কৃপয়া শিব ॥৩

ঈশ্বর উবাচ। মহামহাব্রহ্মবিদ্যা বিদ্যেয়ং কালিকা মতা। যামাসাদ্য চ নির্ব্বাণমুক্তিমেতি নরাধমঃ ॥৪ অন্যা উপাসকাশ্চৈব ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ। রহস্যং কথ্যতে দেবি সর্ব্বলোকা উপাসকাঃ ॥৫ কালিকায়াঃ প্রসাদেন সর্ব্বে মুক্ত্যাদিভাগিনঃ। সা কালীনাং সহস্রাণি জপ্যানি চ হি কোটিশঃ ॥৬ তস্মাৎ ভাগ্যবান্ ভবতি কালী সাধনতৎপরঃ। কালী চ জগতাং মাতা সর্ব্বশাস্ত্রেষু নিশ্চিতা ॥৭ কালীমন্ত্রং জপেদ্ যোহি কালীপুত্রো ন সংশয়ঃ ॥৮ ত্যজসি ত্বং পরঞ্চৈতৎ পুমাংসং পরমং তথা। সদৃশত্বং ক্বচিৎকালে ত্যজসি ত্বং জগন্ময়ি। কালীবিদ্যা সমাসাদ্য ন ত্যক্ষতি কদাচন ॥৯

শ্রীদেবী কহিলেন, হে পরমানন্দসন্দোহ চরাচরগুরো মহাদেব! আপনার নিকটে আমি গুহ্য হইতেও গুহ্যতম গুরুমাহাত্ম্য শ্রবণ করিলাম।১ হে দেব! আমি অখিলতারিণী কালিকাবিদ্যার কথা শ্রবণ করিতে অভিলাষ করিতেছি। সেই মহাবিদ্যার ও সিদ্ধবিদ্যার বিষয় যামলতন্ত্রে কথিত হইয়াছে।২ তন্ত্রশাস্ত্রে মহামহাব্রহ্মবিদ্যার ও চামুণ্ডার বিষয় কীর্ত্তিত হইয়াছে। হে মহাদেব! আমার প্রতি করুণাপ্রকাশ পুরঃসর এই কালীরহস্য কীর্ত্তন করুন।৩

ঈশ্বর কহিলেন, এই মহামহা ব্রহ্মবিদ্যাই কালিকাবিদ্যা; নরাধম ব্যক্তিও এই বিদ্যা প্রাপ্ত হইয়া নির্ব্বাণমুক্তি লাভ করিতে সমর্থ হয়।৪ হে দেবি! ব্রহ্মা বিষ্ণু ও শিবাদি সকলে ঐ মহামহা বিদ্যার উপাসক। হে দেবেশি! এক্ষণে রহস্য কহিতেছি;৫ সকল লোকই উপাসক হইতে পারে, কালিকার প্রসাদে সকলেই মুক্তি-আদির ভাগী হইতে পারে। সেই কালিকাবিদ্যা-মন্ত্র সহস্রবার বা কোটিবার জপ করিবে।৬ কালীসাধনতৎপর মানব সেই পুণ্যফলে ভাগ্যবান্ হয়। কালী জগতের মাতা, ইহা সকল শাস্ত্রেই বিনিশ্চিত হইয়াছে।৭ যে নর কালীমন্ত্র জপ করে, সে কালীর পুত্র, তাহাতে সন্দেহ নাই।৮ হে জগন্ময়ি! কালীমন্ত্রপর এই পরমপুরুষকে তুমিও কদাচিৎ ত্যাগ করিতে পার এবং কখনও স্বরূপত্ব ত্যাগ করিতে পার, কিন্তু কালীবিদ্যা এই পুরুষকে প্রাপ্ত হইয়া কদাচিৎ ত্যাগ করিতে পারেন না।৯ যদিও শূদ্রের শূদ্রত্ব এবং ব্রাহ্মণের বিপ্রত্ব গত হইয়া থাকে, তথাপি কালী-

নন্তং শূদ্রস্য শূদ্রত্বং ব্রাহ্মণানাঞ্চ বিপ্রতা। মন্ত্রগ্রহণমাত্রে তু সর্বে শিবসমাং কিল ॥১০ নগরী নির্ব্বাবাণস্থা গঙ্গাং প্রাপ্য যথৈব তে। কালীমন্ত্রগ্রহাদেব সর্ব্বে শিবসমাঃ কিল ॥১১ অপি চেৎ ত্বৎসমা নারী মৎসমঃ পুরুষোঽস্তি চেৎ। তস্যৈব জননী ধন্যা পিতা তস্য সুরোত্তমঃ ॥১২ তস্যৈব পিতরঃ স্বর্গং যান্তি যস্মাৎ সুদুর্লভম্। যেন ভাগ্যবশাদ্দেবি কালী সা বা সমাশ্রিতা ॥১৩ আশংসন্তি হি পিতরো নরাণাং পুণ্যকর্ম্মণাম। কদাস্মাকং কুলে পুত্রঃ কালীমন্ত্রম্ সমাশ্রয়েৎ। তদা মুক্তিপুরীং প্রাপ্য বিরাম সদৈব হি ॥১৪ কালী তারা তথা ছিন্না গুরুশ্চ ভূপতিস্তথা। একত্বেন চ বোদ্ধব্যাং ভেদেন নরকং ব্রজেৎ ॥১৫ তারাশিষ্য স্ত্যজেৎ কালীং কালীশিষ্যস্তু তারিণীম। ছিন্নামহিষমর্দিন্যোঃ কদাচিৎ পূজনং স্মৃতম্ ॥১৬ যদি বা পূজয়েত্ দেবি নান্যদ্বৈ ন প্রপূজয়েৎ। কালীত্বেন চ সংভাব্য অন্যত্র পূজয়েচ্ছিবে ॥১৭ যা কালী পরমা বিদ্যা সৈব তারা ন সংশয়ঃ। এতয়োর্ভেদ ভাবেন নানামন্ত্রা ভবন্তি হি উক্তং তৎকালি কালীকল্পে তারাকল্পে চ ত্বয়া ॥১৮

মন্ত্র গ্রহণমাত্রেই তাহারা শিবতুল্য হয়।১০ ঐ সকল শূদ্রগণ ও বিপ্রগণ বারাণসী নগরীতে বা গঙ্গাতটে যদি কালীমন্ত্র গ্রহণ করে,তবে তৎক্ষণাৎ তাহারা শিবতুল্য হয়।১১ হে দেবি! যদি তোমার সমান নারী ও আমার তুল্য পুরুষ থাকেন,তবে ঐ কালীমন্ত্র রত মানবের জননী ও জনক হইতে পারে। তাহার জননী ধরণীতে ধন্যা ও তাহার পিতা সুরোত্তম হয়েন।১২ যে ব্যক্তি ভাগ্যবশে কালীর আশ্রয় গ্রহণ করে, তাহার পিতৃগণ দুর্লভ স্বর্গলাভ করেন। পুণ্যকারী নরগণের পিতৃগণ কামনা করেন, যে আমাদের কুল-পুত্রগণ কখন কালীমন্ত্র আশ্রয় করিবে।১৩ তাহা হইলে তাঁহারা মুক্তিপুরী প্রাপ্ত হইয়া নিত্য বিরাম করিবেন।১৪ কালী এবং তারা ও অন্যান্য মহা-বিদ্যা গুরু ও ভূপতি এই সকলকেই একরূপে জ্ঞান করিবে, ভেদজ্ঞান করিলে নরকে গমন করিয়া থাকে।১৫ কিন্তু তারাশিষ্য কালীর পূজা না করিয়া তারারই এবং কালীশিষ্য তারার পূজা না করিয়া কালীরই পূজা করিবে,কদাচিত ছিন্না ও মহিষমর্দ্দিনীর পূজাও করিতে পারে।১৬ হে দেবি! যদিই বা পূজা করে, তবে অন্যের পূজা না করিয়া তারাকে কালীরূপে এবং কালীকে তারারূপে ভাবনা করিয়া অন্যত্র পূজা করিবে।১৭ যিনি পরমা বিদ্যা কালী, তিনিই পরমা বিদ্যা তারা, তাহাতে সংশয় নাই। এই উভয় মন্ত্রের ভেদে নানাবিধ মন্ত্র হইয়াছে। হে দেবি! আমি তোমাকে কালিকাকল্পে ও তারাকল্পে তৎসমুদায় বলিয়াছি ১৮

শ্রীদেব্যুবাচ। নানাবিধানং দেবেশ কথয়স্ব প্রিয়ম্বদ। বিশেষতো মহাদেব রহস্যং জপকর্ম্মণঃ ॥১৯

ঈশ্বর উবাচ। বর্ণমালা শুভা প্রোক্তা সর্ব্বমন্ত্রপ্রদীপনী। তস্যাঃ প্রতিনিধির্দেবি মহাশঙ্খময়ী শুভা ॥২০ মহাশঙ্খং করে যস্য তস্য সিদ্ধিরদূরতঃ। তদভাবে বীরবন্দ্যে স্ফাটিকী সর্ব্বসিদ্ধিদা ॥২১ মণিসংখ্যাং মহাদেবি মালায়াঃ কথয়ামি তে। পঞ্চবিংশতিভির্ম্মোক্ষং পুষ্টিস্তু সপ্তবিংশতিঃ ॥২২ ত্রিংশদ্ভির্ধনসিদ্ধিঃ স্যাৎ পঞ্চাশন্মন্ত্রসিদ্ধয়ে। অষ্টোত্তরশতৈঃ সর্ব্বাসিদ্ধিরেব মহেশ্বরি ॥২৩ এতৎ সাধারণং প্রোক্তং বিশেষং কামিনাং বদ ॥২৪

শ্রীশিব উবাচ। দন্তমালা জপে কার্য্যা গলে ধার্য্যা নৃযু শুভা। দশনৈর্যদি কর্ত্তব্যা মন্ত্রসংখ্যা তথা প্রিয়ে ॥২৫ সর্ব্বসিদ্ধিপ্রদা মালা রাজদন্তেন মেরুণা। অন্যত্রাপি চ দেবেশি মেরুত্বেনৈবমাদিশেৎ ॥২৬ সঙ্কল্পবাক্যে যৎসংখ্যা সংখ্যা

শ্রীদেবী কহিলেন, হে দেবেশ! হে প্রিয়ম্বদ! আপনি আমার নিকট নানাবিধ বিধান উক্ত করুন; হে মহাদেব! বিশেষতঃ জপকর্ম্মের রহস্য আমার শুনিতে বাসনা হয়।১৯

ঈশ্বর কহিলেন, হে দেবি! সর্ব্বমন্ত্রের উদ্দীপনকারিণী বর্ণমালাই কল্যাণ দায়িনী বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। হে মহাদেবি! সেই বর্ণমালার প্রতিনিধি মহাশঙ্খময়ীমালাই মঙ্গলদায়িনী।২০ যাহার করদেশে মহাশঙ্খমালা তাহার সিদ্ধি অদূরেই বিদ্যমান রহিয়াছে। হে বীরবন্দ্যে! তদভাবে স্ফাটিকীমালাই সর্ব্বসিদ্ধি প্রদায়িনী জানিবে।২১ হে দেবি! মালার মণিসংখ্যা কহিতেছি শ্রবণ কর। পঞ্চবিংশতি সংখ্যায় মোক্ষলাভ, সপ্তবিংশতি সংখ্যায় পুষ্টিলাভ, ত্রিংশৎ সংখ্যায় ধনসিদ্ধি, পঞ্চাশৎ সংখ্যায় মন্ত্রসিদ্ধি. হে মহেশ্বরি! অষ্টোত্তরশত সংখ্যায় সর্ব্বকামনাই সিদ্ধ হয়।২২।২৩

দেবী কহিলেন, হে দেব। ইহা সাধারণতই কহিলেন, কামিগণের পক্ষে বিশেষ করিয়া বলুন।২৪

ঈশ্বর কহিলেন; হে প্রিয়ে! জপ বিষয়ে দন্তমালা কর্ত্তব্য, তাহা গলে ধারণ করিলে শুভসাধিনী হয়। যদি দশন দ্বারা মন্ত্রসংখ্যা কর্ত্তব্য হয়, তবে রাজদন্তকে মেরু করিলে সেই মালা দ্বারা সর্ব্বকামনা সিদ্ধ হয়।২৫।২৬ হে দেবি! অন্য মালাতেও মেরুস্থলে এই রাজদন্তই প্রশস্ত। হে মহেশ্বরি!

তু জপহোমযোঃ। তৎ শৃণুষ্ব মহেশানি ক্রমেণ কথয়ামি তে ॥২৭ শতং সহস্রমযুতং লক্ষং কোটিস্তথৈব চ। সর্ব্বত্র পরিসংখ্যেয়মবিশেষং মহেশ্বরি ॥২৮ বিশেষে তু মহেশানি বিশেষমাচরেৎ ক্বচিৎ। শতাদি প্রতিসংখ্যায়ামষ্টোত্তরং জপেৎ প্রিয়ে ॥২৯ আদ্যন্তপর্ব্বদ্বিতয়ং হিত্বা চাষ্টকপর্ব্বভিঃ। জপান্তে চ তথা মালাং শিবস্য ধারয়েত্ততঃ ॥৩০ রক্তপুষ্পার্ঘ্যবীজেন ঘটবাদ্যপুরঃসরং। দেব্যৈ সমর্পয়েদ্ধীমান্ ফলং তজ্জপকর্ম্মণঃ ॥৩১ সাঙ্গোপাঙ্গং দেবেশি রহস্যং জপকর্ম্মণঃ। উক্তং সরস্বতীতন্ত্রে তস্মাজ্জানীহি কামিনি ॥৩২ করমালাং মহেশানি শিবশক্তিক্রমেণ চ। শৃণুষ্ব পরমেশানি সর্ব্বমন্ত্রপ্রসিদ্ধয়ে ॥৩৩ অনামামধ্যমারভ্য কনিষ্ঠাদিত এব চ। তর্জ্জনীমূলপর্য্যন্তং প্রজপেদ্দশপর্ব্বভিঃ ॥৩৪ মধ্যমামূলে পর্ব্বণি মেরুত্বেন সমাচরেৎ। অষ্টোত্তরং জপেদ্দেবি আদ্যন্তদ্বিতয়ং ত্যজেৎ। শিবমালা সমাখ্যাতা শক্তিমালাং শৃণুষ্ব মে ॥৩৫ অনামামধ্যমারভ্য কনিষ্ঠাদি ক্রমেণ চ। তর্জ্জনীমূলপর্য্যন্তং প্রজপেদ্দশপর্ব্বসু ॥৩৬ মধ্যমাদ্বিতয়ং পর্ব্ব তর্জ্জন্যাঃ পরমেশ্বরি। মেরুং জানীহি দেবেশি তদ্দ্বয়ং ন স্পৃশেৎ ক্বচিৎ ॥৩৭

সঙ্কল্পবাক্য এবং জপ ও হোমে যে সংখ্যা তাহা ক্রমে কহিতেছি শ্রবণ কর।২৭ হে মহেশানি! শত সহস্র অযুত লক্ষ ও কোটি সর্ব্বত্রই এই সংখ্যা নিরূপিত আছে; কুত্রাপি বিশেষ নাই। হে দেবি! জপ বিষয়ে কোথাও বিশেষ এই যে, শতাদি সংখ্যায় অষ্টসংখ্যা অধিক করিয়া জপ করিতে হয়।২৮।২৯ আদি ও অন্ত এই পর্ব্বদ্বয় পরিত্যাগ পূর্ব্বক অষ্ট পর্ব্ব দ্বারা জপ করিতে হয়। জপান্তে শিবের মালা ধারণ কর্ত্তব্য।৩০ হে দেবি! ধীমান্ ব্যক্তি রক্তপুষ্পের অর্ঘ্য বীজ এবং ঘট দ্বারা বাদ্যবাদন পুরঃসর জপকর্ম্মের ফল দেবীকে সমর্পণ করিবে।৩১ হে দেবেশি! জপকর্ম্মের সাঙ্গোপাঙ্গ রহস্য সরস্বতী তন্ত্রে উক্ত হইয়াছে, তাহা হইতে অবগতি করিবে।৩২ হে মহেশানি! হে পরমেশ্বরি! সর্ব্বমন্ত্র সিদ্ধির নিমিত্ত শিবশক্তিক্রমে করমালার বিবরণ শ্রবণ কর।৩৩ অনামিকার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মূল পর্য্যন্ত দশপর্ব্বদ্বারা জপ করিবে।৩৪ মধ্যমার মূলপর্ব্বে মেরুত্বরূপে বিবেচনা করিবে। হে দেবি! অষ্টোত্তর জপ কালে আদ্য ও অন্ত এই দুইটী পরিত্যাগ করিবে।৩৫ শিবমালা কহিলাম এক্ষণে শক্তিমালা শ্রবণ কর। অনামিকার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মূলপর্য্যন্ত দশ পর্ব্ব পাঠ দ্বারা জপ করিবে।৩৬ হে পরমেশ্বরি! মধ্যমার পর্ব্বদ্বয় তর্জ্জনীর মেরু জানিবে, অতএব সেই দুইটী স্পর্শ করিবে না।৩৭ অষ্টোত্তর জপকালে

অষ্টোত্তরজপে পর্ব্ব আদ্যন্তদ্বিতয়ং ত্যজেৎ। নিত্যং জপং করে কুর্য্যাৎ ন তু কাম্যং কদাচন। কাম্যমপি করে কুর্য্যান্মালাভাবে চ মৎপ্রিয়ে ॥৩৮ নিত্যকর্ম্মার্চ্চিতোজপো নিত্যজাপঃ স ঈরিতঃ। স্নানং সতর্পণং হোমোবলিস্তৃপ্তিশ্চ নিত্যভাক্ ॥৩৯ অনুলোমবিলোমেন সর্ব্বমালাসু সংজপেৎ। কেবলঞ্চানুলোমেন প্রজপেৎ করমালয়া ॥৪০ পুংমন্ত্রং প্রজপেদ্দেবি শিবসম্ভবমালয়া। শক্তিমন্ত্রং জপেদ্দেবিশক্তি সম্ভবমালয়া ॥৪১ চন্দ্রমন্ত্রং জপেদ দেবি সাবিত্রীং বেদমাতরম্। সাবিত্রীং প্রজপেদ্দেবি করেণ শিবমালয়া ॥৪২ চন্দ্রমন্ত্রং জপেদ্দেবি করেণ শক্তিমালয়া। সাবিত্রী জপনে শস্তা সর্ব্বদা করমালয়া। স্ফাটিকী মৌক্তিকী কৌষী শস্তাপি শঙ্খসম্ভবা ॥৪৩ বৈষ্ণবে তুলসীমালা গজদন্তৈর্গণেশ্বরে। ত্রিপুরাজপনে শস্তাকদ্রাক্ষৈঃ রক্তচন্দনৈঃ।৪৪ শ্মশান ধূস্তূর বীজৈঃ শস্তা ধূমাবতীজপে। করপর্ব্বসমুদ্ভূতা নাড্যা সংগ্রথিতা সতী ॥৪৫ শস্তা চ বগলামুখ্যাঃ সত্যং সত্যং মহেশ্বরি। অসঙ্কল্পিতে সত্যং যন্ন্যূনাধিকমথাপি বা ॥৪৬ ন সম্যক্ ফলভাগ্ভূয়াৎ তস্মান্নিয়মমাচরেৎ ॥৪৭ তাম্রপাত্রং সদূর্ব্বঞ্চ সতিলং

আদ্য ও অন্তপর্ব্ব পরিত্যাগ করিবে। নিত্য জপ করাই কর্ত্তব্য, কিন্তু কাম্যজপ কর্ত্তব্য নয়। হে প্রিয়ে! কিন্তু মালাভাবে কাম্যজপ করাও কর্ত্তব্য।৩৮ নিত্যকর্ম্মে যে জপ কর্ত্তব্য, তাহাই নিত্যজপ বলিয়া কথিত হয়। স্নান, তর্পণ, হোম, বলি ও তৃপ্তি এই সকল নিত্যকর্ম্ম মধ্যে গণ্য।৩৯ সকল মালাতেই অনুলোম ও বিলোম দ্বারা জপ কর্ত্তব্য। করমালায় কেবল অনুলোমক্রমেই জপ করিবে।৪০ হে দেবি। শিবমালা দ্বারা পুং মন্ত্র জপ এবং শক্তিমালা দ্বারা শক্তিমন্ত্র জপ কর্ত্তব্য।৪১ হে দেবি। চন্দ্রমন্ত্র ও বেদমাতা সাবিত্রীমন্ত্র জপ করিবে। কর দ্বারা ও শিবমালায় সাবিত্রীমন্ত্র জপ এবং কর দ্বারা ও শক্তিমালায় চন্দ্রমন্ত্র জপ করিবে। সাবিত্রী মন্ত্রজপে করমালা অথবা স্ফাটিকী মৌক্তিকী কৌষী এবং শঙ্খসম্ভবা মালাও প্রশস্ত।৪২।৪৩ বৈষ্ণবমন্ত্র জপে তুলসীমালা এবং গণপতি মন্ত্রজপে গজদন্ত রচিত মালাই প্রশস্ত। কদ্রাক্ষ ও রক্তচন্দন নির্ম্মিত মালা ত্রিপুরা জপে৪৪ এবং ধূমাবতী মন্ত্র জপে শ্মশানজাত ধুস্তূরমালাই প্রশস্ত হয়। হে মহেশ্বরি! করপর্ব্ব নির্ম্মিত মালা নাড়ীদ্বারা গ্রথিতা হইয়া৪৫ বগলামুখী মন্ত্র জপে প্রশস্ত হয়, হে দেবি। ইহা আমি তোমাকে সত্য করিয়া কহিলাম। সংকল্প না করিয়া যে জপ; অথবা নিয়মিতের ন্যূন বা অধিক জপ, তাহা করিলে তাহাতে সম্যক্ ফলভাগী হয় না সেই হেতু নিয়ম বন্ধন পূর্ব্বক জপ করিবে।৪৬।৪৭

জলপূরিতম্‌। সকুশং সফলং দেবি গৃহীত্বাচম্য কল্পতঃ ॥৪৮ অভ্যর্চ্চ্য চ শিরঃপদ্মে শ্রীগুরুং করুণাময়ম্‌। যক্ষাশাবদনোবাপি দেবেন্দ্রবদনোঽপি বা ॥৪৯ মাসং পক্ষং তিথিঞ্চৈব দেবপর্ব্বাদিকং তথা। আদ্যন্তকালমুচ্চার্য্য গোত্রং নাম চ কামিনাম্‌। ক্রিয়াদ্বয়ং করিষ্যেঽহমৈশাণ্যামুৎসৃজেৎ পয়ঃ ॥৫০ চান্দ্রঃ সৌরস্তু সর্ব্বত্র চান্দ্রঃ স্যাত্তিথিচোদনে। চন্দ্রোঽপি মুখ্যঃ সর্ব্বত্র গৌণস্তু ক্রূরকর্ম্মণি ॥৫১ ঋণদানে তথাদানে পৌষ্টপথ্যাদিষু প্রিয়ে। মাসোনাক্ষত্রিকঃ প্রোক্তঃ সাবনো বর্ষপর্ব্বণি ॥৫২ এবং যুগে যুগে প্রোক্তঃ কলৌ সৌরস্তু সর্ব্বতঃ। সৌরে মাসি শুভা দীক্ষা ন চান্দ্রে ন চ তারকে ॥৫৩ ন সাবনো মাহেশানি যস্মাৎ সা বিফলা ভবেৎ। ক্রিয়াবতী বেদময়ী চান্দ্রমাসেঽপি শস্যতে ॥৫৪ শুক্লপক্ষে শুভং সর্ব্বমশুভঞ্চ সিতেতরে। প্রাতঃকালং সমারভ্য যাবন্মধ্যংদিনং রবেঃ। তাবৎকর্ম্মাণি কুর্ব্বীত যঃ সম্যক্‌ ফলমীহতে ॥৫৫ ক্রূরকর্ম্মাণি কুর্ব্বীত শেষেঽপি পরমেশ্বরি। গতে তু প্রথমে যামে তৃতীযপ্রহরাবধি ॥৫৬ কালোনক্তং জপস্যোক্তং পূজাকালমিতি শৃণু। অর্দ্ধযামে গতে নক্তং অর্দ্ধযামে স্থিতে

সতিল, সদূর্ব্বাদল, জলপূরিত, সকুশ ও ফল সহিত তাম্রপাত্র গ্রহণপূর্ব্বক৪৮ বিধি অনুসারে আচমন এবং শিবঃপদ্মে করুণাময় গুরুর অর্চ্চনা করিয়া৪৯ কৌবেরী অর্থাৎ উত্তরদিকে বা দেবেন্দ্রাশায় অর্থাৎ পূর্ব্বদিকে মুখ করিয়া, মাস, পক্ষ তিথি ও দেবপর্ব্বাদি এবং আদ্যন্ত কাল এবং যজমানের গোত্র ও নাম উচ্চারণ পূর্ব্বক, "আমি ক্রিয়াজপ করিব" এই বলিয়া ঈশান কোণে বারি নিক্ষেপ করিবে।৫০ চান্দ্র ও সৌরকাল সর্ব্বত্রই প্রশস্ত, কিন্তু তিথিচোদনে চন্দ্রেকাল প্রশস্ত জানিবে। চান্দ্রকালও সর্ব্বত্র মুখ্য, কিন্তু ক্রূরকর্ম্মে গৌণ।৫১ ঋণদানে ও দানে এবং পৌষ্টপক্ষ্যাদিতে নাক্ষত্রিক মাস-উক্ত হয়, সাবনমাস বর্ষপর্ব্বে উক্ত হইয়া থাকে।৫২ এইরূপ যুগে যুগে উক্ত হয়, কলিযুগে সর্ব্বত্রই সৌরমাস উক্ত হয়। সৌরমাসে, দীক্ষা কল্যাণ দায়িনী হয়, চন্দ্র বা নাক্ষত্রিক কিম্বা সাবনমাসে উক্ত হয় না, যে হেতু ঐ সকলে দীক্ষা বিফলা হয়।৫৩ বেদময়ী ক্রিয়া চান্দ্রমাসেও প্রশস্ত।৫৪ শুক্লপক্ষ সর্ব্বত্রই শুভ এবং কৃষ্ণপক্ষ সর্ব্বত্র অশুভ জানিবে। যে সম্যক ফল কামনা করে, সে প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া মধ্যন্দিন পর্য্যন্ত রবির তাবৎ কর্ম্মই করিবে।৫৫ হে পরমেশ্বরি! ক্রূরকর্ম্ম শেষেও কর্ত্তব্য জানিবে। প্রথম প্রহর গত হইলে পর তৃতীয় যাম পর্য্যন্ত ৫৬ জপের প্রশস্ত কাল উক্ত হয়; পূজাকাল শ্রবণ কর। রাত্রির অর্দ্ধযাম গত হইলে অর্দ্ধযাম স্থিতিপর্য্যন্ত

সদা। পূজাকালোভবেদযামশ্চতুর্ব্বর্গপ্রদা সদা ॥৫৭ শিষ্টে দ্বে ঘটিকে যে তু রাত্রের্মধ্যমযামযোঃ। সা মহারাত্রিরুদ্দিষ্টা তৎকৃতমক্ষয়ং ফলম্ ॥৫৮ যদ্যজ্জপ্তং হুতং যদ্যৎ কৃতঞ্চ মোক্ষসাধনম। তৎসর্ব্বমক্ষয়ং যাতি তথানন্তায কল্পতে ॥৫৯ ন নক্তং বৈষ্ণবে সৌরে মহাসৌরে চ পৈতৃকে। মধ্যাহ্ণং চ বিনা দেবি শশাঙ্ক-গ্রহণাদ্বিনা। দীক্ষা কার্য্যা প্রযত্নেন শুক্লপক্ষবিভেদতঃ ॥৬০ মুক্তিকামঃ কৃষ্ণপক্ষে ভুক্তিকামঃ সিতে তথা। ভূতিকামে চ কর্ত্তব্যঃ কৃষ্ণস্যপঞ্চমী দিনাৎ ॥৬১ শুভকালে শুভং সর্ব্বমশুভঞ্চার্ত্তিভিশ্চরেৎ। উপরাগে মহাতীর্থে কালদোষো ন বিদ্যতে ॥৬২ বারাণস্যাং বিশেষেণ সর্ব্বদা সর্ব্বমাচরেৎ। সদা-কৃতযুগস্তত্র সর্ব্বদা উত্তরায়ণম্ ॥৬৩ অবিশেষঃ দিবারাত্রৌ সন্ধ্যায়াঞ্চ মহা নিশি। প্রত্যক্ষং দৃশ্যতে বহ্নৌ মর্ত্ত্যাবর্ত্তে পুনঃ শিবে। কাশ্যাঞ্চ নোদেতি কদা সিদ্ধিযোগোবরাননে ॥৬৪ দ্বিত্রিভ্যাং ক্রোশতঃ কাশী পঞ্চক্রোশী ভবা-ন্তরে। আয়ামপ্রস্থতোদেবি নিত্যেয়ং নিত্যদা শুভা ॥৬৫ ইয়ং নির্ব্বাণনগরী

পূজাকাল উক্ত হয। এই কালে পূজা করিলে চতুর্ব্বর্গ প্রাপ্ত হয,৫৭ সন্দেহ নাই। রাত্রির মধ্যযামের যে দুই ঘটিকা অবশিষ্ট থাকে, তাহাকেই মহা-রাত্রি কহে। মহারাত্রিতে যে কর্ম্ম করা যায, তাহাই মোক্ষসাধক হয়,৫৮ সেই সমস্ত ফল অক্ষয় হয় এবং অনন্ত পুণ্যফল প্রদান করিতে পারে।৫৯ বৈষ্ণবকর্ম্ম, সৌরকর্ম্ম, মহাসৌর ও পৈতৃককর্ম্ম রাত্রিকালে কর্ত্তব্য নয। হে দেবি। মধ্যাহ্ন ব্যতিরেকে, চন্দ্রগ্রহণ ব্যতিরেকে শুক্ল ও কৃষ্ণপক্ষভেদে দীক্ষাকার্য্য কর্ত্তব্য।৬০ মুক্তিকাম ব্যক্তি কৃষ্ণপক্ষে এবং ভুক্তিকাম ব্যক্তি শুক্ল পক্ষে ঐশ্বর্য্যকামী ব্যক্তি কৃষ্ণপক্ষের পঞ্চম দিন হইতে আরম্ভ করিযা কর্ম্ম করিবে।৬১ শুভকালে কার্য্য করিলে সকলই শুভ হয। আতুর ব্যক্তি অশুভ কালেই কর্ম্ম করিবে। গ্রহণকালে ও মহাতীর্থে কালদোষ বিদ্যমান নাই,৬২ বিশেষতঃ বারাণসীতে সর্ব্বদাই সর্ব্বকর্ম্মের অনুষ্ঠান করিবে। তথায সততই সত্যযুগ এবং সর্ব্বদাই উত্তরাযণ,৬৩ বিশেষতঃ দিবা,রাত্রি,সন্ধ্যা ও মহানিশা এ সকলই তথায অবিশেষ অর্থাৎ একরূপ পুণ্যপ্রদ জানিবে। হে শিবে। তথায় বহ্নিতে মূর্ত্ত্যাবর্ত্ত প্রত্যক্ষ দৃষ্ট হয়। হে বরাননে! কাশীতে কখন্ না সিদ্ধিযোগের উদয হয ?৬৪ দুই তিন ক্রোশ ব্যাপিয়া কাশীর অবস্থান এবং ভবান্তরে পঞ্চক্রোশী জানিবে। হে দেবি। দৈর্ঘ্য ও বিস্তারে এই কাশী নিত্যা এবং নিত্যকাল শুভদায়িনী ৬৫ হে শিবে! এই কাশী নির্ব্বাণনগরী

পবং জ্যোতিৰ্ম্ময়ী শিবে। ব্রহ্মাণ্ডং স্থাপযেত্তত্র সকূটং বস্তুমানবং ॥৬৬ যত্র ভ্রমণতোদেবি না নির্ব্বাণ মবাপ্নুযাৎ। সৰ্ব্বস্বেনাপি কৰ্ত্তব্যং বাবাণস্যাং দ্বিজা-র্পণং ॥৬৭ বাবাণস্যাং দ্বিজস্থানং ব্রহ্মযোগাবতিস্তথা। নিষ্কামে কর্ম্মবন্ধশ্চ সৰ্ব্বং নির্ব্বাণকাবণং ॥৬৮ গঙ্গাদিমুক্তিক্ষেত্রাদৌ জ্ঞানাদিযোগতস্তথা। মৃতং পূতং নযেৎ কাশ্যাং মুক্তোমমোপদেশতঃ ॥৬৯ ন বাসোঽন্যত্র মে যস্মান্ন মুক্তিঃ কাশিকাং বিনা। তত্র যদ্যৎ কৃতং কৰ্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৭০ অক্ষযং হি ভবেৎ সৰ্ব্বং দৃঢ়াসিদ্ধিমবাপ্নুযাৎ। তত্র সাংযোগিকং পুণ্যং তত্র চৈব বিমু-চ্যতে ॥৭১ তত্রাহং তৎস্বরূপেণ পুষ্যামি নান্যথা শিবে। স্বল্পত্বে তিথিকালস্বে ক্রিযাকালগতির্ভবেৎ। কালে খলু সমাবভ্য অকালেঽপি সমাপযেৎ ॥৭২ সন্ধ্যাযাং পতিতাযান্তু গাযত্রীং দশধা জপেৎ। ততঃ কালোচিতাং সন্ধ্যাং কৃত্বা কৰ্ম্ম সমাপযেৎ ॥৭৩ ইত্যেবং কথিতং ভুভ্যং যৎ পৃষ্টং গিবিসম্ভবে। ইতঃ পবতবং কিঞ্চিৎ তদত্রুযাস্তব মানসে ॥৭৪

এবং পরজ্যোতিৰ্ম্মযী, ইহাতে কূট বস্তু ও মানব সহিত ব্রহ্মাণ্ড সংস্থাপিত আছে।৬৬ ইহাতে ভ্রমণ কবিলে নবগণ নিৰ্ব্বাণ মুক্তিপ্রাপ্ত হয়। বাবাণসীতে সৰ্ব্বস্ব দান কবিযাও দ্বিজগণেব সন্তোষ বিধান কৰ্ত্তব্য।৬৭ বাবাণসীতে দ্বিজগণকে দান, ব্রহ্মযোগাবতি ও নিষ্কামকৰ্ম্ম এই সমস্তই নির্ব্বাণমুক্তিব কাবণ।৬৮ গঙ্গাদি মোক্ষপ্রদ ক্ষেত্রাদিতে জ্ঞানাদিযোগে মুক্তি পায, কিন্তু আমাব আদেশে৬৯ কাশী মৃত ব্যক্তিকেও পবিত্র কবিযা মুক্তি প্রদান কবে। কাশীতে আমাব বাস, কাশী ব্যতিবেকে কেহই মুক্তিদানে সমর্থা হয় না। তাহাতে যে যে কৰ্ম্ম কবা যায, তদ্দ্বাবা অনন্ত ফল লাভ কবিতে পাবা যায।৭০ কাশীতে কৃত সকল কৰ্ম্মই অক্ষয হয, কাশীতেই দৃঢ়াসিদ্ধি প্রাপ্ত হওযা যায়। হে শিবে। সেইখানেই সংযোগিক পুণ্য, সেইখানেই মুক্তি, সেই স্থানেই আমি তদব্রহ্মস্বরূপে পুষ্ট হই তাহাতে অন্যথা নাই। যদি তিথিকাল স্বল্প থাকে এবং সেই হেতু ক্রিয়াকাল গত হইযা যায,তবে কালে আবম্ভ কবিযা অকালে সমাপন কবিলে তাহাতে দোষস্পর্শ হয না।৭১।৭২ সন্ধ্যা পতিতা হইলে দশ বাব গাযত্রী জপ কবিবে, তদনন্তব কালোচিতা সন্ধ্যা কবিযা কৰ্ম্ম সমাপন কৰ্ত্তব্য।৭৩ হে গিবিনন্দিনি। তুমি যাহা জিজ্ঞাসা কবিযাছিলে, তৎসমুদায কহিলাম,ইহাব অধিকতর যাহা তোমব মানসে বিদ্যমান থাকে, তাহা প্রকাশ কবিযা বল।৭৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে দ্বিতীয় পটল।

শ্রীদেব্যুবাচ। ভগবন্ প্রমথাধীশ দেবদেব জগদ্‌গুরো। যুদ্ধস্য বারণং দেব জ্বরাদিবারণং তথা॥১ ক্ষিপ্রং ভবেৎ কথং নাথ কৃপয়া পরয়া বদ। নাশুত্রাতা চ জগতাং ত্বাং বিনা পরমেশ্বর ॥২

ঈশ্বর-উবাচ। কথয়ামি তব স্নেহাৎ কবচং বারণং মহৎ। যুদ্ধস্য চ জ্বরাদেশ্চ ক্ষিপ্রং হি নগনন্দিনি। প্রাকৃতেনৈব বাক্যেন কথয়ামি শৃণুষ্ব তৎ ॥৩ ওঁ নমো ভগবতি বজ্রশৃঙ্খলে হস্ত ভক্ষতু খাদতু অহো রক্তং পিব কপালেন রক্তাক্ষি রক্তপটে ভস্মাক্ষি ভস্মলিপ্তশরীরে বজ্রায়ুধপ্রকরনিচিতে পূর্ব্বান্দিশম্বন্ধতু দক্ষিণান্দিশম্বন্ধতু পশ্চিমান্দিশম্বন্ধতু নাগার্থং ধনায় গ্রহপতীন্ বন্ধতু নাগপটিং বন্ধতু যক্ষরাক্ষসপিশাচান্ বন্ধতু প্রেতভূতগন্ধর্ব্বাদয়ো যে যে কেচিৎ পুত্রিকাস্তেভ্যোরক্ষতু ঊর্দ্ধং রক্ষতু অধোরক্ষতু স্বনিকাং বন্ধতু জলমহাবলে এহেহি তুলোটিলোষ্টিশতাবলিবজ্রাগ্নিবজ্রপ্রকরে হুং ফট্ হ্রীঁ হ্রীঁ শ্রীঁ ফট্ হুঁ হুঁ ক্রূঁ ফঁ ফঁ সর্ব্বগ্রহেভ্যঃ সর্ব্বদুষ্টোপদ্রবেভ্যো হ্রীঁ অশেষেভ্যো মাং রক্ষতু ॥৪ ইতীদং কবচং দেবি সুরাসুরসুদুর্ল্লভং। গ্রহজ্বরাদিভূতেষু সর্ব্বকর্ম্মসু যোজয়েৎ ॥৫ ন দেয়ং যত্র কুত্রাপি কবচং মন্মুখাচ্চ্যুতং। দত্তে চ সিদ্ধিহানিঃ

দেবী কহিলেন, হে ভগবান্ প্রমথাধীশ দেবদেব জগদ্‌গুরো শঙ্কর! যুদ্ধের বারণ এবং জ্বরাদি বারণ১ কিরূপে সত্বর সম্পাদিত হয়, তাহা আমার নিকট কৃপাবিতরণপূর্ব্বক প্রকাশ করুন। হে নাথ! হে দেব! হে পরমেশ্বর! আপনি ভিন্ন জগতের আশুত্রাণকর্ত্তা কেহই নাই।২

ঈশ্বর কহিলেন, হে নগেন্দ্রনন্দিনি! আমি তোমার প্রতি স্নেহবশতঃ যুদ্ধের এবং জ্বরাদির আশুনিবারণ মহৎ কবচ কহিতেছি। প্রাকৃত বাক্যে তাহা কহিতেছি, শ্রবণ কর।৩

ওঁ নমো ভগবতি বজ্রশৃঙ্খলে হস্ত ভক্ষতু খাদতু অহোরক্তংপিব কপালেন রক্তাক্ষি রক্ষপটে ভস্মাক্ষি ভস্মলিপ্তশরীরে বজ্রায়ুধপ্রকরনিচিতে পূর্ব্বান্দিশন্ধমতু দক্ষিণান্দিশন্ধমতু নাগার্থং ধনায়গ্রহপতীন্‌বন্ধতু নাগপটিংবন্ধতু যক্ষরাক্ষসপিশাচান্ বন্ধতু প্রেতভূত গন্ধর্ব্বাদয়ো যে যে কেচিৎ পুত্রিকাস্তেভ্যো রক্ষতু ঊর্দ্ধংরক্ষতু অধোরক্ষতু স্বনিকাং বন্ধতু জলমহাবলে এহ্যেহি তুলোটি লোষ্টি শতাবলি বজ্রাগ্নি বজ্রপ্রকরে হুং ফট্ হ্রীং হ্রীং শ্রীং ফট্ হুং হুং ক্রূং কং কং সর্ব্বগ্রহেভ্যঃ সর্ব্বদুষ্টোপদ্রবেভ্যো হ্রীং অশেষেভ্যো মাং রক্ষতু।৪

হে দেবি! এই সুরাসুরদুর্লভ কবচ গ্রহজ্বরাদিতে ও ভূতগণে এবং সর্ব্বকার্য্যেই সংযোজিত করিবে।৫ হে শিবে। আমার মুখচ্যুত এই কবচ

স্যাদ্‌যোগিনীনাং ভবেৎ পশুঃ ॥৬ দদ্যাচ্ছান্তায় বীরায় সৎকুলীনায় যোগিনে। সদাচাররতায় চ নির্জ্জিতাশেষশত্রবে ॥৭

শ্রীদেব্যুবাচ। শ্রুতং হি কবচং দিব্যং ত্বন্মুখাম্ভোজনির্গতং। ইদানীং শ্রোতুমিচ্ছামি জগদ্বশ্যকরং পরং ॥৮

ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি জগন্মোহকরং মহৎ। নারদেন পুরা পৃষ্টং ময়ি কৈলাসমূর্দ্ধনি। কথিতং কবচং তস্মৈ সর্ব্বমোহকরং ময়া ॥৯ তেনৈব কবচেনৈব নারদোব্রহ্মসম্ভবঃ। মোহয়ামাস ত্রৈলোক্যং ভিত্বা হি কলহপ্রিয় ॥১০ তদসম্ভবমালোক্য বিষ্ণুরাহ বিধেঃ সুতং। কথং বা মোহিতং সর্ব্বং বদ মে কারণং মুনে ॥১১ তৎসর্ব্বমভবদ্বিষ্ণৌ বিষ্ণুরাহ সমুদ্রজাং। কৈলাস শিখরাসীনং মহাদেবং জগদ্‌গুরুং। পপ্রচ্ছ নারদোধীমান সর্ব্বং লোক হিতে রতঃ ॥১২

নারদ উবাচ। কালীকায়া মহাবিদ্যাং শ্রূয়তাং মহতীং প্রভো। কিমেতস্যাঃ ফলং দেব কিমেতন্মোহনং ভবেৎ। কেনোপায়েন সমরে ত্রাণং মে বদ শঙ্কর ॥১৩

যেখানে প্রদান কর্ত্তব্য নয় দিলে সিদ্ধি হানি হয় এবং সে যোগিনীগণের পশু হইয়া থাকে।৬ শান্ত, বীর সদ্বংশজ, যোগী, সদাচারনিরত, নির্জ্জিতশত্রু-জনগণকে ইহা প্রদান কর্ত্তব্য।৭

দেবী কহিলেন, হে দেব! আপনার মুখাম্ভোজ বিনির্গত দিব্য কবচ শ্রবণ করিলাম, এক্ষণে উৎকৃষ্টতর জগদ্বশ্যকর মন্ত্রকর্ম্মাদি শ্রবণ করিতে অভিলাষ করি।৮

ঈশ্বর কহিলেন, হে দেবি! মহৎ জগৎ মোহকর কহিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে কৈলাস শিখরে নারদ ঋষি আমাকে এই বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহাকে আমি, সর্ব্বমোহকর কবচ কহিয়াছি।৯ সেই কলহপ্রিয় ব্রহ্মসম্ভব দেবর্ষিনারদ, সেই কবচ দ্বারাই ত্রৈলোকমণ্ডল ভেদ করিয়া মোহিত করিযাছিলেন।১০ তাঁহার সেই অসম্ভব কার্য্য দর্শন করিয়া বিষ্ণু, সেই ব্রহ্মনন্দনকে কহিলেন হে মুনে। তুমি কি প্রকারে এই অখিল জগৎ মোহিত করিলে, তাহার কারণ কীর্ত্তন কর ১ বিষ্ণু সেই মুনির নিকট হইতে সেই সমস্ত প্রাপ্ত হইয়া ক্ষীরোদনন্দিনীকে কহিয়াছিলেন ১২

সর্ব্বলোকহিতনিরত ধীমান নারদ কৈলাসশিখরে সমাসীন জগদ্গুরু মহাদেবকে জিজ্ঞাসা করিলেন ১:

কারিণীতন্ত্রে নীলতন্ত্রে চ বিস্তরং ॥৩০ ইদানীং বিস্তরাদ্দেবি কথয়ামি শুচি-স্মিতে। উদেতি পশ্চিমে ভানুশ্চন্দ্রো-বা পততে ভুবি। যদি শুষ্যতি পাথোধি-র্ন মিথ্যা চ কদাচন ॥৩১ যোগরাজো মহেশানি অব্যর্থোঽহ[illegible]দেব হি। বিষ্ণুচক্রং যথা ব্যর্থং ত্রিশূলঞ্চ যথা মম। কুলিশং দেবরাজস্য তথা যোগো ময়োদিতঃ ॥৩২ যথৈব নিশ্চিতং দেবি ব্রহ্মণঃ কমলাসনং। তথৈব নিশ্চিতো দেবি যোগোঽয়ং নাত্র সংশয় ॥৩৩ কল্পবৃক্ষো যথাদেবী আকাঙ্ক্ষাপরিপূরকঃ। অয়ং যোগবরো দেবি তথৈব পরিকীর্ত্তিত ॥৩৪ রাজ্যার্থঞ্চ কুলার্থঞ্চ সুতার্থং স্বর্ণপত্রকে। আয়ামপ্রস্থতোদেবি ষোড়শাঙ্গুলসম্মিতে ॥৩৫ যজ্ঞার্থঞ্চ ধনার্থঞ্চ কীর্ত্ত্যর্থং রাজতে শুভে ॥৩৬ তথা মানমিতোদেবি তদ্বত্তাম্রে বিনাশনে। স্বর্ণে বা পরমেশানি অন্যার্থং ভূর্জ্জপত্রকে ॥৩৭ লিখেন্মন্ত্রং বরারোহে তারিণ্যাঃ সর্ব্ব-সিদ্ধিদং। রাজ্যার্থী চ ধনার্থী চ পুত্রার্থী কীর্ত্তিকাম্যকঃ ॥৩৮ বৃদ্ধ্যর্থী বিলিখে-দ্দেবি লেখন্যা সুমনোহরং ॥৩৯ স্বর্ণযষ্ট্যাষ্টাঙ্গুলায়াঃ কনিষ্ঠায়াঃ প্রমাণতঃ। জ্ঞানার্থং কুশমূলেন চান্যর্থ দূর্ব্বয়া লিখেৎ ॥৪০ আচম্য পূরতো দেবি নত্বা চ

উক্ত হইয়াছে।৩০ হে শুচিস্মিতে! এক্ষণে আমি তোমার নিকট ইহা বিস্তারিতরূপে বর্ণন করিতেছি, শ্রবণ কর। যদিও পশ্চিমদিকে সূর্য্যের উদয় হয়, চন্দ্র যদি ভূতলে পতিত হয়, সমুদ্র যদি শুষ্ক হইয়া যায়, তথাপি এই সকল বাক্য কদাচিৎ মিথ্যা হয় না।৩১ হে মহেশ্বরি! এই যোগরাজ নিয়তই অব্যর্থ। বিষ্ণুর চক্র, আমার ত্রিশূল, দেবরাজের বজ্র যেমন অব্যর্থ, সেইরূপ এই মদুক্ত যোগও অব্যর্থ জানিও। ৩২ হে দেবি! ব্রহ্মার কমলাসন যেমন নিশ্চিত, সেইরূপ এই যোগও নিশ্চিত জানিবে, তাহাতে সন্দেহ নাই।৩৩ হে দেবি! কল্পবৃক্ষ যেমন আকাঙ্ক্ষার পরি-পূরক, এই যোগবরও সেইরূপ বাসনাপূরক জানিবে।৩৪ হে দেবি! রাজ্যার্থ কুলার্থ ও সুতনিমিত্ত, দৈর্ঘ্য প্রস্থে ষোড়শাঙ্গুল পরিমিত স্বর্ণ-পত্র, ৩৫ যজ্ঞার্থ ধনার্থ ও কীর্ত্তিনিমিত্ত রাজতপত্রে,৩৬ মারণ নিমিত্ত, মানমিত তাম্রপত্রে এবং অন্য কার্য্যসিদ্ধির নিমিত্ত স্বর্ণপত্রে বা ভূর্জ্জ-পত্রে ৩৭ সর্ব্বসিদ্ধিপ্রদ তারিণীমন্ত্র লিখিবে। হে বরারোহে! রাজ্যার্থী, ধনার্থী ও কীর্ত্তিকামুক ৩৮ এবং ঐশ্বর্য্যার্থী কনিষ্ঠা প্রমাণ অষ্টাঙ্গুল স্বর্ণ-লেখনী দ্বারা৩৯ ঐ মন্ত্র মনোহররূপে লিখিবে। জ্ঞানার্থী কুশমূলে এবং অন্যকর্ম্মার্থী দূর্ব্বা দ্বারা লিখিবে।৪০ হে বরাননে! দেবি! প্রথমে আচমন

গুরুপাদুকাং। উত্তরাশামুখো ভূত্বা পূজয়িত্বা চ তারিণীং ॥৪১ কুঙ্কুমং রোচনা জটামাংসী চন্দনমেব চ। কাশ্মীরং কস্তুরীং লাক্ষাং সিন্দুরঞ্চ বরাননে ॥৪২ সর্ব্বমেকীকৃতেনাদৌ ষট্‌কোণ চক্রমালিখেৎ। তন্মধ্যে বিলিখেত্তারাং সার্দ্ধবেদাক্ষরীং পরাং ॥৪৩ সার্দ্ধপঞ্চাক্ষরীং বাপি তন্ময়োবেদিমধ্যগং। সাধ্যং লিখেত্তচ্চ সাধ্যং শৃণুষ্ব শম্ভুবল্লভে ॥৪৪ অমুকস্যামুকং বাক্যং বশীকুরু চ কুর্ব্বিতি। অমুকস্যামুকং জ্ঞানং সিদ্ধিং কুরু চ কুর্ব্বিতি ॥৪৫ অমুকীনাং শুভং পুত্রমুৎপাদয়োৎপাদয়েতি চ। অমুকস্যামুকং ধনং দেহি দেহীতি কামিনী ॥৪৬ এবমেব ক্রমেণৈব সাধ্যং সংলিখ্য যত্নতঃ। ক্লীবহীনান্ দীর্ঘবর্ণান্ ষট্‌কোণে ষট্ সমালিখেৎ ॥৪৭ বৃত্তমষ্টদলং পদ্মং সুদৃষ্টং সুমনোহরং। অষ্টপত্রং লিখেত্তত্র কিঞ্জল্কযুগলং যুগং ॥৪৮ অষ্টপত্রে অষ্টবর্ণান্ বক্ষ্যমাণান্ লিখেত্ততঃ। বাগ্‌ভবং ভুবনেশানীং কামং হুং প্রণবং তথা ॥৪৯ মায়ামন্ত্রং ততঃ স্বাহা পূর্ব্বাদিক্রমতোলিখেৎ। চতুরস্রং চতুর্দ্দারমেবং যন্ত্রং সমালিখেৎ ॥৫০ জ্ঞানাপ্তৌ চ সিদ্ধয়েঽপি অন্যত্র স্বমৃতোদয়ে। গুরৌ শুক্রে তথা সোমে মঙ্গলে বা বুধেঽহ্নি চ। তারায়াং সানুকূলায়ং ভজেন্মন্ত্রং সমাহিতঃ ॥৫১

করিয়া গুরুপাদুকায় নমস্কার পুরঃসর উত্তরমুখে তারিণীর পূজা করিবে।৪১ তদনন্তর কুঙ্কুম, রোচনা, জটামাংসী, চন্দন, কাশ্মীর, কস্তুরী, লাক্ষা ও সিন্দূর৪২ এই সকল বস্তু একত্র করিয়া প্রথমে ষট্‌কোণচক্র লিখিবে।৪৩ তন্মধ্যে উৎকৃষ্টতর সার্দ্ধবেদাক্ষরী অথবা সার্দ্ধপঞ্চাক্ষরী তারামন্ত্র লিখিবে। তদনন্তর হে শম্ভুবল্লভে! ঐ চক্রমধ্যে বেদিমধ্যে সাধ্য বিষয় অর্থাৎ বাঞ্ছিত বিষয় লিখিতে হইবে। সাধ্য বিষয় শ্রবণ কর।৪৪ অমুকস্যা মুকংবাক্যং বশীকুরু কুরু। অমুকস্যামুকং জ্ঞানং সিদ্ধিং কুরু কুরু।৪৫ অমুকীনাং শুভং পুত্রমুৎপাদয়োৎ পাদয়। অমুকস্যা মুকং ধনং দেহি দেহীতি কামিনী।৪৬ এইরূপ ক্রমে যত্নপূর্ব্বক সাধ্য লিখন করিবে। ঐ ষট্‌কোণে ক্লীববিহীন ছয়টি দীর্ঘবর্ণ লিখিবে।৪৭ তদনন্তর অষ্টদল বৃত্তাকার যুগলে যুগল কিঞ্জল্কবিশিষ্ট মনোহর পদ্ম এবং অষ্টপত্রে অষ্টবর্ণ লিখিবে।৪৮ পূর্ব্বাদিক্রমে বাগভব, ভুবনেশানী, কাম, হুং প্রণব ৪৯ এবং মায়ামন্ত্র ও স্বাহা লিখিতে হইবে। চতুষ্কোণ চতুর্দ্বার বিশিষ্ট যন্ত্র লিখিবে।৫০ জ্ঞানপ্রাপ্তি ও অন্যসিদ্ধি বিষয়ে এবং অন্য শুভকার্য্যে গুরু, শুক্র সোম, মঙ্গল বা বুধবারে, সানুকূল তারায়, সমাহিতচিত্তে মন্ত্রজপ কর্ত্তব্য।৫১ হে শিবে! পীতবস্ত্র ও জতুদ্বারা ঐ

পীতবস্ত্রেণ সংবেষ্ট্য জতুনা পরিবেষ্টয়েৎ। পট্টবস্ত্রেণ রক্তেন বধ্নীয়াৎ সাধকোত্তমঃ॥৫২ স্বর্ণপীঠেষু সংস্থাপ্য সংখ্যানমাচরেৎ কৃতী। ভূমিস্পৃষ্টং নচেৎ কুর্য্যাৎ ন নির্ম্মাল্যেন সংস্থতং॥৫৩ বিদীর্ণং লঙ্ঘিতং বাপি নৈব কুর্য্যাৎ কদাচন। আযামে প্রস্থতোদেবি ষোড়শাঙ্গুলমানতঃ। ঘটং কুর্য্যাৎ প্রযত্নেন সর্ব্বদৃষ্টিমনোহরম্॥৫৪ রাজ্যার্থী কাঞ্চনেনৈব পুত্রার্থী রজতেন চ। তাম্রেণ চৈব যুদ্ধার্থী মৃদান্যত্র ঘটঞ্চরেৎ॥৫৫ তত্র মুক্তাং প্রবালঞ্চ মণিং রজতকাঞ্চনে। ধান্যং ক্ষিপ্ত্বা মুখং তস্য পল্লবৈঃ প্রতিপাদযেৎ॥৫৬ ক্ষৌমযুগ্মেন রক্তেন প্রচ্ছাদ্য প্রযতঃ সুধীঃ। অষ্টাঙ্গুলস্বর্ণপত্রে চতুরস্রং সমন্ততঃ॥৫৭ তত্রমন্ত্রং লিখিত্বৈব ঘটে সংস্থাপ্য যত্নতঃ। চতুঃষষ্ট্যুপচারেণ যজেত্তারাং পরাং শিবা॥৫৮ হোমস্থানে কৃতে চতুর্ব্বিংশত্যঙ্গুলকল্পিকে। অজকং পুষ্পকংদেবি ষোড়শচ্ছদনং কুলে॥৫৯ কিঞ্জল্কৈর্ম্মণ্ডিতং দেবি বলিমাদায পূর্ব্ববৎ। নিবেদযেন্মহাভক্ত্যা বলিমন্ত্রেণ মন্ত্রবিৎ॥৬০ পঞ্চামৃতৈঃ পঞ্চগব্যৈঃ স্নাপযিত্বা চ পূজযেৎ।

মন্ত্রাধারপাত্র বেষ্টন করিবে। সাধকোত্তমগণ তাহা রক্তবর্ণ পট্টবস্ত্রে বন্ধন করিবে।৫২ অনন্তর, কৃতি ব্যক্তি স্বর্ণপীঠে তাহা সংস্থাপন করিয়া সংখ্যান অর্থাৎ যোগ বা জপসংখ্যা আরম্ভ করিবে। তাহা কখন ভূমিস্পৃষ্ট বা নির্ম্মাল্য সংস্পৃষ্ট ৫৩ বা বিদীর্ণ করিবে না। তাহাকে লঙ্ঘন পূর্ব্বক গমন করাও কর্ত্তব্য নয়। হে দেবি! দৈর্ঘ্য ও বিস্তারে ষোড়শাঙ্গুল পরিমাণ সর্ব্বজনমনোহর ঘট যত্ন পূর্ব্বক সংস্থাপন করিবে।৫৪ রাজ্যার্থী কাঞ্চন দ্বারা, পুত্রার্থী রজত দ্বারা, যুদ্ধার্থী তাম্রদ্বারা, অন্য কামর্থী মৃত্তিকা দ্বারা ঘট প্রস্তুত করাইবে।৫৫ ঐ ঘটে মণি, মুক্তা, প্রবাল রজত ও কাঞ্চন, ধান্য নিক্ষেপণ পূর্ব্বক মুখভাগে পল্লব প্রদান করিযা৫৬ রক্তবর্ণ ক্ষৌমবসন যুগলে ঐ ঘট যত্নপূর্ব্বক আচ্ছাদন কর্ত্তব্য, তৎপরে অষ্টাঙ্গুল স্বর্ণপত্রে চারিদিকে চতুষ্কোণাকারে৫৭ মন্ত্র লিখিযা, ঐ ঘটে সংস্থাপন পূর্ব্বক,৬৪ চতুঃষষ্টি উপচার দ্বারা, পরমা শিবরূপিণী তারার আরাধনা করিবে।৫৮ অনন্তর চতুর্ব্বিংশত্যঙ্গুল পরিমাণ হোমস্থান বিরচিত করিয়া ষোড়শচ্ছদ৫৯ কিঞ্জল্কমণ্ডিত অজকপুষ্প ও বলি দ্বারা পূর্ব্ববৎ মহাভক্তি সমান্বিত হইয়া মন্ত্রজ্ঞব্যক্তি বলিমন্ত্র দ্বারা পূর্ব্ববৎ নিবেদন করিবে।৬০ পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা স্নান করাইযা পূজা কর্ত্তব্য। সাধক সত্তমগণ, অষ্টোত্তর সহস্রবার হোমাহুতি প্রদান করিযা, হে দেবেশি! সেই পুটের উপরে

অষ্টোত্তরসহস্রন্তু হুত্বা সাধকসত্তমঃ। তৎপুটোপরি দেবেশি পুষ্পাক্ষতং নিঃক্ষিপেৎ ॥৬১ ভূমিং গ্রামমিতাং তাং দদ্যাদ্‌রাজ্যমিচ্ছতি কামুকঃ। দক্ষিণাং যুদ্ধকামী চ কাঞ্চনাশ্বৌ মহেশ্বরি ॥৬২ শালগ্রামশিলামেকাং স্বর্ণরেখাদ্যলঙ্কৃতাম্। জ্ঞানসিদ্ধ্যৈ প্রদদ্যাত্তু অন্যত্র গাঞ্চ কাঞ্চনং ॥৬৩ ভোজয়েদ্‌ব্রাহ্মণান্ ধীরঃ কুমারীঃ কল্পপল্লবি। ততস্তু সাধয়েদ্‌যন্ত্রং পুরুষো দক্ষিণে ভুজে ॥৬৪ নারী বামভুজে চৈব শিশুশ্চ কণ্ঠগোচরে ॥৬৫ ইত্যেবং কথিতং রম্যং ন দেয়ং প্রাণশঙ্কটে ॥৬৬

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বরসংবাদে
চতুর্ব্বিংশতিসাহস্র্যে তৃতীয় পটলঃ।

দেব্যুবাচ। দেবদেব জগদ্বন্দ্য সুরাসুরনমস্কৃত। ইদানীং শ্রোতুমিচ্ছামি বীর ষট্‌কর্ম্মসাধনং ॥১ ধন্যং পুণ্যবতাং রাজ্ঞাং রাজ্যাদিকবয়োযুষাং। স্ত্রিয়াস্ত সিদ্ধসংস্থানাং সর্ব্বভোগবিলাসিনাং ॥২

শ্রীঈশ্বর উবাচ। শান্তিবশ্যস্তম্ভনানি বিদ্বেষোচ্চাটনে তথা। মারণং পরমে-

---

পুষ্পাক্ষত নিক্ষেপ করিবে।৬১ অনন্তর রাজ্যাভিলাষী গ্রামপরিমিতা ভূমি, যুদ্ধার্থী কাঞ্চন নির্ম্মিত অশ্বযুগল,৬২ জ্ঞানার্থী স্বর্ণরেখাদি দ্বারা অলঙ্কৃত এক শালগ্রামশিলা এবং অর্থকার্য্যার্থী গো এবং কাঞ্চন দক্ষিণা প্রদান করিবে।৬৩ হে কল্পপল্লবি। তদনন্তর ধীরব্যক্তি, ব্রাহ্মণভোজন ও কুমারী ভোজন করাইবে। তদনন্তর ঐ যন্ত্র, পুরুষগণ, দক্ষিণভুজে ৬৪ নারীগণ বামভুজে এবং শিশুগণ কণ্ঠগোচরে ধারণ করিবে।৬৫ হে শিবে। এই আমি তোমাকে রাজ্যলাভাদি যোগ কহিলাম, ইহা প্রাণসঙ্কট স্থলে প্রদান করা কর্ত্তব্য নয়।৬৬

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে তৃতীয় পটল।

দেবী কহিলেন হে সুরাসুরনমস্কৃত জগদ্বন্দ্য দেবদেব। এক্ষণে আমি, পুণ্যবান্‌গণের রাজগণের,রাজ্যাদি বয়োভাগিগণের,স্ত্রীগণের, সিদ্ধসংস্থগণের এবং সর্ব্বভোগবিলাসিগণের মধ্যে ধন্য ও গ্রহনীয় ষট্‌কর্ম্ম সাধন শ্রবণ করিতে বাসনা করি।১।২

ঈশ্বর কহিলেন, হে পরমেশি। শান্তি বশ্য, স্তম্ভন, বিদ্বেষ উচ্চাটন

প্রকীর্ত্তিতং ॥৩ তারিণীং কালিকাং ছিন্নামধিকৃত্য জগন্ময়ি। দ্রুতসিদ্ধিকরং পরং ॥৪ রতির্ব্বাণী রমা জ্যেষ্ঠা মাতঙ্গী দুর্গা চৈব ভদ্রকালী কর্ম্মাদৌ কর্ম্মসিদ্ধয়ে ॥৫ ষোড়শৈরুপচারৈশ্চ যজেদ্বীরঃ স্বশক্তিতঃ। শূন্যাগারে মহারণ্যে দেবতায়তনেঽপি বা ॥৬ পঞ্চকর্ম্ম প্রকুর্ব্বীত মারণন্তু শবোপরি। তদভাবে পিতৃভূমৌ বাসাংসি কথয়ামি তে ॥৭ মুখ্যং দিগম্বরং জ্ঞেয়ং দ্বীপিচর্ম্ম দ্বিতীয়কং। তদভাবে রক্তক্ষৌমং নান্যদ্বস্ত্রং প্রকল্পয়েৎ ॥৮ স্বর্ণমাল্যে দ্বিতীয়ে চ রাজতং স্তম্ভনে শিলা। বিদ্বেষোচ্চাটনে তাম্রং কপালং মারণে শুভং ॥৯ বিপ্রোঽন্যোঽপি নরঃ প্রোক্তো-যুবা চ কৃষ্ণবর্ণকঃ। অদুর্ভিক্ষাব্যাধিমৃতোমালা তস্য শুভাবহা।১০ অভাবে স্ফাটিকী জপ্যা ইন্দ্রাক্ষৈর্ব্বা জপেৎ প্রিয়ে। মৃদৌ বা কোমলে বাপি বিষ্টরে বা সুরেশ্বরি ॥১১ মুণ্ডে বা যোনিকে দেবি ত্বচি ব্যাঘ্রস্য বা প্রিয়ে। একহস্তে দ্বিহস্তে বা চতুর্হস্তে সমন্ততঃ ॥১২ স্থিরাসনশ্চরেৎ সম্যক্ স্বাভয়ং তত্র চিন্তয়েৎ।

ও মারণ এই ছয়টীই ষট্‌কর্ম্ম বলিয়া উক্ত হয়।৩ হে জগন্ময়ি! তারিণী, কালিকা ও ছিন্নমস্তা ইহাদিগকে অধিকার করিয়া, তোমার প্রতি স্নেহ বশতঃ আমি শীঘ্রসিদ্ধিকর পরম বিষয় তোমাকে কহিতেছি।৪

রতি, বাণী, রমা, জ্যেষ্ঠা, মাতঙ্গী, কুলকামিনী, দুর্গা, ভদ্রকালী ইঁহারা কর্ম্মাদিতে কর্ম্মসিদ্ধির নিমিত্ত হইয়া থাকেন।৫ বীরব্যক্তি, নিজশক্তি অনুসারে ষোড়শোপচার দ্বারা উহাঁদের পূজা করিবে। শূন্যাগার, মহারণ্য অথবা দেবায়তনে৬ প্রথমোক্ত পঞ্চকর্ম্ম, কিন্তু মারণকর্ম্ম শবোপর কর্ত্তব্য। তদভাবে শ্মশানভূমে মারণ করিবে। বসনের বিষয় কহিতেছি শ্রবণ কর। দিগম্বরই মুখ্য, দ্বীপিচর্ম্ম দ্বিতীয়, তদভাবে রক্তবর্ণ ক্ষৌম বস্ত্র গ্রহণ করিবে, অন্যবস্ত্র নিষিদ্ধ।৮ শান্তিতে স্বর্ণ, বশীকরণে রজত, স্তম্ভনে শিলা, বিদ্বেষে ও উচ্চাটনে তাম্র এবং মারণে নরকপাল শুভকর।৯ বিপ্র বা অন্য জাতীয় কৃষ্ণবর্ণ যুবা কিম্বা অদুর্ভিক্ষ পীড়িত বা ব্যাধিহীন মৃত ব্যক্তির অস্থিমালাই শুভদায়িনী।১০ তদভাবে স্ফাটিকী মালা, বা ইন্দ্রাক্ষ দ্বারা জপ করিবে। হে প্রিয়ে! সুরেশ্বরি! মৃত্তিকায় অথবা কোমল কুশাসনে,১১ মুণ্ডে বা যোনিকে কিম্বা ব্যাঘ্রত্বকে, একহস্ত বা দ্বিহস্ত অথবা চারিদিকে চতুর্হস্ত স্থানে সম্যক্‌রূপে১২ স্থিরাসন করিবে। সেই আপনার অভয় চিন্তা করিবে। হে মহেশ্বরি! ভয় জন্মিলে ভৈরবোক্ত

ভয়ে জাতে মহেশানি ভৈরবোক্তমনুং জপেৎ॥১৩ বিষযুগ্মং বজ্রজালে হনুযুগ্মমতঃ-পরং। সর্ব্বভূতানুতঃ কূর্চ্চমন্ত্রান্তোভৈরবোমনুঃ॥১৪ ততোভূতবলিং দদ্যাৎ সাধকো ধর্ম্মসম্মিতঃ। অশ্বত্থেন মহেশানি তদ্ধর্ম্মকীলকঞ্চরেৎ॥১৫ সূর্য্যবারাদি-যোগেন পঞ্চকর্ম্ম সমাচরেৎ। শনৌ চ মারণং দেবি নিশ্চিতং বীরবন্দিতো॥১৬ রাত্রিযোগে চ কর্ত্তব্যং সর্ব্বকর্ম্ম শুচিস্মিতে। প্রাগ্বিদ্বান্ প্রজপেৎ সম্যক্ স্বমন্ত্রমযুতং শরে। প্রযোগস্য ফলাবাপ্তৌ স্বস্বরক্ষাকরং মহৎ॥১৭ ততঃ সাধ্যদিনে মন্ত্রী যামমাত্রে গতে নিশি। গণাদিপঞ্চভির্দ্দেবৈর্যজেৎ কুলবিনা-শিনীং॥১৮ দিগ্বাসা গলিতাশেষচিকুরঃ কুলকৌলিকঃ। শক্তিযুক্তো জপে-দ্বিদ্যাং সদা স্বাং মনসা স্মরেৎ॥১৯ লক্ষ্যসঙ্খ্যং মহেশানি শক্তিপূজাপুরঃসরং। প্রত্যহং ভোজয়েদ্বিপ্রান্ কৌলিকাদ্যান্ দিনান্তরে॥২০ মাংসং মদ্যং তথা মৎস্যং হুনেদ্বহ্নৌ শতং শতং। দক্ষিণাং গুরবে দদ্যাদ্গুরুরূপেণ শাম্ভবি॥২১ এবমুক্তবিধানেন দিগ্ভ্যোবা বীরপুঙ্গবঃ। যদি কুর্য্যান্মহেশানি দেবানপি তথা নয়েৎ॥২২ নাপেক্ষা জায়তে কান্তে চাবশ্যং ফলভাগ্ভবেৎ। মহাপ্রয়োগে

মন্ত্র জপ করিবে।১৩ বজ্রজালে বিষযুগ্ম, তৎপরে হনযুগ্ম এবং কূর্চ্চমন্ত্রান্তে ভৈরবমন্ত্র সর্ব্বভূতের অপনোদন করে।১৪ তদনন্তর সাধক ব্যক্তি ধর্ম্মসম্মিত ভূতবলি প্রদান করিবে। হে মহেশানি! অশ্বত্থ দ্বারা সে ধর্ম্মের কীলক সংস্থাপন কর্ত্তব্য।১৫ সূর্য্যবারাদিযোগে পঞ্চকর্ম্মের আচরণ করিবে। হে বীরবন্দিতে দেবি। শনিবারে মারণ কর্ত্তব্য।১৬ রাত্রিযোগে সর্ব্বকর্ম্ম সাধন করাই কর্ত্তব্য। বিদ্বানব্যক্তি প্রথমে নিজমন্ত্র অযুতবার শরোপরি জপ করিবে। হে শুচিস্মিতে। প্রযোগের ফল প্রাপ্তি নিমিত্ত নিজ নিজ রক্ষাবিধান কর্ত্তব্য।১৭ তদনন্তর মন্ত্রবান্ ব্যক্তি রাত্রিকালে প্রহরমাত্র গত হইলে গণাদি পঞ্চদেবতাসহিত কুলবিনাশিনী দেবীর পূজা করিবে।১৮ দিগ্বসন প্রমুক্ত সমস্ত কেশ, কুলকৌলিক ও শক্তিযুক্ত হইয়া নিরন্তর নিজমনে মন্ত্র স্মরণ করিবে।১৯ হে মহেশ্বরি। লক্ষবার শক্তিপূজা করণানন্তর প্রত্যহ বিপ্রগণকে এবং দিনান্তরে কুলকৌলিকগণকে ভোজন করাইবে।২০ মাংস, মদ্য ও মৎস্য দ্বারা অনলে শত শত বার হোম করিয়া গুরুকে গুরুতররূপে দক্ষিণা দান করিবে। হে শাম্ভবি। এইরূপে উক্ত বিধানক্রমে বীরশ্রেষ্ঠগণ এই সকল কার্য্য সমাধা করে, তবে দেবতাগণকেও সেই স্থানে আনয়ন করিতে সমর্থ হয়।২১।২২ হে কান্তে। ইহাতে অপেক্ষা বা সংশয় নাই, অব-শ্যই ইহার ফলভাগী হইবে। হে দেবেশি। মহাপযোগে কৃষ্ণছাগ বলি-

দেবেশি কৃষ্ণচ্ছাগং বলিং হবেৎ ॥২৩ পূজান্তে সততং দেবি তন্মাংসৈর্ব্বহ্নি-মর্চ্চয়েৎ। বিধিঃ সর্ব্বত্র কথিতোদীব্যবীরপশুক্রমাৎ ॥২৪ ক্রমেণ ফলমাপ্নোতি ব্যত্যয়ে পাতকী ভবেৎ। ইত্যেবং কথিতং তুভ্যং সম্যক্ ষট্‌কর্ম্মগোচরং ॥২৫ গোপনীয়ং খলে দুষ্টে পশুপামরসন্নিধৌ ॥২৬

শ্রীদেব্যুবাচ। স্তবাদ্যাঃ কিম্বিধাদেব শক্তির্ব্বা কীদৃশী শুভা। ষট্‌কর্ম্মসু যথা-যোগ্যং বদ মে করুণানিধে ॥২৭

ঈশ্বর-উবাচ। মাধ্বী শান্তিকরী প্রোক্তা বৈশ্যে চ স্ফাটিকী শুভা। স্তম্ভনে ডাকিনী জ্ঞেয়া বিদ্বেষে পৈষ্টিকী মতা ॥২৮ উচ্চাটনে তথা গৌড়ী মারণে ভৈরবী মতা। এতাসাং লক্ষণং দেবি কথিতং কুলমোহনে ॥২৯ পদ্মিনী শান্তিদাপ্রোক্তা বশ্যে চ শঙ্খিনী মতা। স্তম্ভনোচ্চাটনে দেবি প্রশস্তা নাগবল্লভা ॥৩০ মারণে চ তথা শস্তা ডাকিনী শত্রুমৃত্যুদা। গৌরাঙ্গী দীর্ঘকেশী যা সদা চামৃতভাষিণী ॥৩১ রক্তনেত্রা সুশীলা চ পদ্মিনী সাধনে শুভা। মন্ত্রসিদ্ধিকবী হ্যেষা শঙ্খিনী সাপি ভাবিনি ॥৩২ দীর্ঘাঙ্গী সা শঙ্খিনী স্যাজ্জগদ্রঞ্জনকারিণী। সমাঙ্গী শূদ্রদেহী চ ন খর্ব্বা নাতিদীর্ঘিকা ॥৩৩ দীর্ঘকেশী মধ্যপুষ্টা মৃদুভাষা চ নাগিনী। কৃষ্ণাঙ্গী চ

আহরণ কর্ত্তব্য।২৩ হে দেবি! পূজার পর তাহার মাংসে অগ্নির অর্চ্চনা করিবে। দিব্য বীর পশুক্রমে সর্ব্বত্র বিধি কথিত হইয়াছে।২৪ ক্রম অনুসারে কার্য্য করিলে ফলপ্রাপ্ত এবং ব্যত্যয় করিলে পাপভাগী হয়।২৫ এই আমি তোমাকে ষট্‌কর্ম্মের বিষয় কহিলাম। খল, দুষ্ট ও পশুতুল্য পামরব্যক্তির নিকট গোপন করা কর্ত্তব্য।২৬

দেবী কহিলেন, হে করুণানিধে! কিরূপ স্তবগণ শুভকর এবং কিরূপ শক্তি-গণই বা কল্যাণ কর হয়, ষট্‌কর্ম্ম-বিষযেব যথাযোগ্য এই সকল কীর্ত্তন করুন।২৭

ঈশ্বর কহিলেন, শান্তিবিষযে মাধ্বী, বশীকরণে স্ফাটিকী, স্তম্ভনে ডাকিনী, বিদ্বেষে পৈষ্টিকী,২৮ উচ্চাটনে গৌড়ী ও মারণে ভৈরবী শুভকবী হয। হে দেবি! এই সকল শক্তিব লক্ষণ কুলমোহনতন্ত্রে কথিত হইযাছে।২৯ পদ্মিণী, শান্তিদায়িনী, বশ্যে শঙ্খিনী স্তম্ভনে ও উচ্চাটনে নাগবল্লভা প্রশস্তা।৩০ এবং মারণে ডাকিনী শত্রুমৃত্যুপ্রদা হইযা থাকে। গৌবাঙ্গী, দীর্ঘকেশী, সর্ব্বদা অমৃতভাষিণী ৩১ রক্তনেত্রা পদ্মিনীসাধন বিষযে শুভদাযিণী হয। হে ভাবিনি! শঙ্খিনী ও মন্ত্রসিদ্ধিকবী।৩২ শঙ্খিনী দীর্ঘাঙ্গী এবং নিখিল জন-রঞ্জনকারিণী হয। নাগিনী সমাঙ্গী শূদ্রতুল্য দেহধারিণী নাতিখর্ব্বা এবং নাতি-দীর্ঘ,৩৩ দীর্ঘকেশী, মধ্যপুষ্টা ও মৃদুভাষিণী হয। কৃষ্ণাঙ্গী ও কৃশাঙ্গী দন্তুরা,

কৃশাঙ্গী চ দন্তুরা মদতাপিতা ॥৩৪ হ্রস্বকেশী দীর্ঘঘোণা সদা নিষ্ঠুররাদিনী। সদা ক্রুদ্ধা দীর্ঘদেহা মহারাবপরায়ণা॥ নির্লজ্জা হাস্যহীনা চ নিদ্রালুর্ব্বহুভক্ষিকা। ইয়ং সা ডাকিনী প্রোক্তা মৃত্যুযোগে প্রশস্যতে ॥৩৫।৩৬ এতাস্তু শক্তয়ো দেবি সর্ব্বজাতিসমুদ্ভবাঃ। সাপত্যাশ্চ স্বরত্যশ্চ জাতপুত্রাদিকাঃ শুভাঃ। গ্রাহ্যা কুল-রসৈঃ পূজ্যা ভক্তিভাবেন কামিনী ॥৩৭

দেব্যুবাচ ॥ কেন কেন চ মন্ত্রেণ মন্ত্রী ষট্কর্ম্মভাগ্‌ভবেৎ। তত্তন্মন্ত্রং মহেশান যদ্যহং তব বল্লভা ॥৩৮

ঈশ্বর উবাচ। একাক্ষরং কালিকায়াস্তারায়াস্ত ত্রিবীজকং। বজ্রবৈরোচনী-যোযোমনুরেকাদশাক্ষরঃ ॥৩৯ সর্ব্বতেজোঽপহারী চ মনুরাখ্যাতএব চ। বহুনাত্র কিমুক্তেন শৃণু মৎপ্রাণবল্লভে ॥৪০ কেবলং শক্তিযুক্তশ্চ জপেদ্দেবীং সমাহিতঃ। অবশ্যং ফলমাপ্নোতি নান্যথা বীরবন্দিতে ॥৪১ খলোযদি ফলপ্রাপ্তঃ সবলোযদি নিষ্ফলঃ। ভবেদেতন্মহেশানি তদা সর্ব্বং বৃথা ভবেৎ ॥৪২ অহং ধাতা তথা পাতা রক্ষান্মুদ্যোগিনঃ শিবে। তথাপি নহি সিদ্ধিঃ স্যাচ্চিত্রমেতন্নগাত্মজে ॥৪৩ এবন্তু

মদতাপিতা ৩৪ হ্রস্বকেশী, দীর্ঘঘোণা, নিরন্তর নিষ্ঠুররাদিনী, সদাক্রুদ্ধা, দীর্ঘদেহা, মহারাবিনী, নির্লজ্জা, হাস্যহীনা, নিদ্রালু ও বহুভক্ষিণীই ডাকিনী বলিয়া উক্তা হয়, এই ডাকিনীই মৃত্যুযোগে প্রসস্তা।৩৫।৩৬ হে দেবি! সর্ব্বজাতিসমুদ্ভব এই সকল শক্তি, সসন্তানা, স্বরতিবিশিষ্টা ও জাতপুত্রাদিকাই শুভকারিণী হয়। এই সকলই শক্তিই গ্রাহ্য, এই সকল কামিণীকে কুলরসদ্বারা ভক্তি ভাবে পূজা করিবে।৩৭

দেবী কহিলেন, হে মহেশ। যদি আমি তোমার বল্লভা হই, তবে মন্ত্রবান্ ব্যক্তি কোন্ কোন্ মন্ত্র দ্বারা ষট্কর্ম্মভাগী হয়, সেই সেই মন্ত্র আমার নিকট বলুন।৩৮

সিদ্ধি হইয়া থাকে। সেইরূপ জপ ব্যতিরেকে ফল সিদ্ধির সম্ভাবনা নাই। সুরাসুরগণ সিদ্ধবিদ্যার প্রভাবেই সেই সকল বিদ্যা সুসিদ্ধ করিতে পারেন।৩৮ এই আমি তোমাকে পরমাদ্ভুত সমস্ত রহস্যই কহিলাম। ইহা খল, দুষ্ট, পশু এবং পামর সন্নিধানে সততই গোপনীয়,৩৯ ইহার যে অন্যথা করে, ডাকিনীগণ তাহাকে ভক্ষণ করিয়া থাকেন।৪০ সেই হেতু ইহা বিশেষরূপে গোপন রাখিবে। শান্ত, দান্ত, কুলীন, যোগী, ভক্ত, পাপহীন, মহাত্মা সাধককে ইহা প্রদান করিবে।৪১

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে সপ্তম পটল।

শ্রীদেবী কহিলেন, হে দেব! আমি আপনার বদন সরোজ বিনির্গত, দেবদানবগন্ধর্ব্বসিদ্ধচারণগণ নিষেবিত, পরমানন্দ সন্দোহ, সান্দ্রানন্দবিভূতিপ্রদ পরপাররূপ, পরমপুণ্যস্বরূপ, পবিত্র ও পরমমহৎ সর্ব্ববিধ শ্রবণ করিলাম; এক্ষণে উপরিউক্ত গুণসমূহসংযুক্ত এবং ত্রৈলোক্যেরও দুর্ল্লভ, কেবলানন্দবর্দ্ধন যোগিনীগণের উৎপত্তি কথন কীর্ত্তন করুন ১।২।৩

ঈশ্বর কহিলেন, হে শিবে! পূর্ব্বে আমাদের উভয়ের যাহা যাহা ঘটিয়াছিল, তাহা কি ভুলিয়া গিয়াছ? যাহা হউক, অত্যন্তগুহ্য দেবাসুরগণের

গুহ্যং পরমং দেবাসুরভয়ঙ্কর ॥৪ প্রাচীনমতিগোপ্যং হি সারাংসারং পরাৎ-পরং। শৃণু বক্ষ্যামি চার্ব্বঙ্গি সমাসেন শিবপ্রিয়ে ॥৫ গোপনীযং ত্বিদং ভদ্রে যোনিঃ পরনরে যথা ॥৬ ব্রহ্মাণ্ডস্যায়ুষঃ শেষে সর্ব্বসত্ত্ববিবর্জ্জিতং। ভূম্যাদি-পঞ্চতত্ত্বং তু কেবলে সংস্থিত শিবে ॥৭ ত্বাং মাং বিনা মহেশানি নাসীৎ কিঞ্চিজ্জগত্রয়ে। এতস্মিন্নন্তরে ত্বাং বৈ পপ্রচ্ছাহং প্রহাসতঃ ॥৮ মমাধিকা যোগ্যতা বা ত বাপি বা মহেশ্বরি। ইদানীং পরমেশানি নভো ব্রহ্মাণ্ড-মণ্ডলং ॥৯ স্থাতুং স্থানং ন কুত্রাস্তি কুত্র স্থাস্যামি ভাবিনি। যদ্‌যন্ময়া কৃতং সর্ব্বং তৎ সর্ব্বং গতমেব হি ॥১০ বিবিক্তোঽহং সদা দেবি ভবসংসার-কর্ম্মণি। স্থাতুং স্থানমিদানীং ত্বং কল্পয়স্ব মহেশ্বরি ॥১১ ইতি শ্রুত্বা তদা দেবি ক্রোধে নারুণলোচনা। উবাচ মাং সুনিষ্ঠুরং দুরাচারাদিদারুণা ॥১২ যদ্‌বৎ কৃতং ত্বয়া দেব মামুপাশ্রিত্য সর্ব্বদা। মাং বিনা তে মহাদেব শবত্ব-মিতি নিশ্চিতং ॥১৩ যোগে হি তে মহেশান ময়া সর্ব্বমিদং ততম্।

ভয়ঙ্কর ৪ প্রাচীন, অতি গোপনীয়, সারৎসার পরাৎপর পরম বিষয় বলি-তেছি, হে চার্ব্বঙ্গি! তুমি তৎসমস্তই শ্রবণ কর।৫ হে শিবপ্রিয়ে! হে ভদ্রে, পরপুরুষ সন্নিধানে যোনি যেমন গোপনীয়, ইহাও সেইরূপ গোপনীয় জানিবে।৬ ব্রহ্মাণ্ডের আয়ুঃশেষে সংসার সর্ব্বতত্ত্ববিবর্জ্জিত হইলে এবং ভূম্যাদি পঞ্চতত্ত্বমাত্র কেবলাত্মায় অবস্থিত হইলে,৭ হে মহে-শ্বরি! তুমি আর আমি ব্যতীত এই ত্রিজগতে আর কিছুই ছিল না। এই অবসরে আমি হাস্য করিয়া তোমাকে জিজ্ঞাসা করিলাম,৮ হে মহেশ্বরি! আমা অপেক্ষা বোধ হয় বা তোমার যোগ্যতা অধিক। এই দেখ, এক্ষণে ব্রহ্মাণ্ডমণ্ডল শূন্যাকার, কোথাও থাকিবার স্থান নাই, হে ভাবিনি! এখন কোথায় থাকিব। আমি যাহা যাহা করিয়াছিলাম, তৎসমস্তই বিগত হইয়াছে; তুমি জানই যে, আমি সংসারকর্ম্মে সংস্পর্শশূন্য থাকিতে সর্ব্বদাই ইচ্ছা করিয়া থাকি। হে মহেশ্বরি! এক্ষণে তুমি, অবস্থানের নিমিত্ত স্থান কল্পনা কর।৯।১০।১১ হে দেবি! তুমি তাহা শ্রবণান্তর ক্রোধে লোহিতলোচনা ও দুরাচারদারুণা হইয়া অতি নিষ্ঠুরাক্ষর বচন আমাকে বলিতে আরম্ভ করিলে।১২ তুমি যাহাই কর, তাহাতেই সর্ব্বদা আমার উপর নির্ভর করিয়া থাক, আমা ব্যতিরেকে তুমি শব হইয়া থাক।১৩ আমার যোগমাত্রে আমি এই সংসার বিস্তারিত করিয়া তোমাকে বৎস-

ধাতৃরূপিণী। না কার্য্যং মেহি যৎ কিঞ্চিৎ সদাহংহ্যক্ষরাপরা ॥১৫ কার্য্য-ভাবসমাপন্না সদা প্রকৃতিরূপিণী। তদা ব্রহ্মাদয়ঃ সর্ব্বে সর্ব্বেহপ্যাবির্ভবন্তি হি ॥১৬ মম মায়া যযমিদং বিশ্বং দেব চরাচরং। বিক্ষেপাবরণে মাসারম্ভো মে পরমেশ্বর ॥১৭ ইতি শ্রুত্বা বচস্তেহহং বজ্রতুল্যং সুদারুণং। নোবাচ কিঞ্চিত্তাং দেবীং স্থিরত্বমভবত্তদা ॥১৮ পবীতোহহং সদা দেবি দুঃখেনান্তরজেন চ। ততঃ স্থিরীকৃত্য হৃদি উপায়ং তব নিগ্রহে ॥১৯ জগাম পশ্চিমে ভাগে ব্রহ্মাণ্ডস্য বরাননে। গত্বা তত্র মহাদেবি নির্জ্জনে দারুণং পুবা ॥ স্বদেহভস্মনা দৈত্যং প্রাগদৃষ্টং শ্রুতং মুদং। দানবেন্দ্রং মহাঘোরং ঘোবনামানমদ্ভুতং ॥২০।২১ কোটিযোজনবিস্তীর্ণং দ্বাত্রিংশল্লক্ষপ্রস্থিতং। কোটিহস্তং মহারৌদ্রং কোটির্লোচনসমুজ্জ্বলং ॥২২ পঞ্চাশল্লক্ষবদনং জ্বালাবলিসমাকুলং। তস্মৈ দত্ত্বা মহাসিদ্ধীবণিমাদ্যা মহেশ্বরি ॥২৩ সর্ব্বভাবে মৎসদৃশোবিধায় তং সুদারুণং। উল্লাসমনসা দেবি আগতোহহং তবান্তিকং ॥২৪ সোহপি

কল্পিতং বৎসরূপেণ যোগ্যতা কা তবাস্তি তে ॥১৪ কারণা বস্থযাপন্না সদাহং রূপে কল্পনা করিয়াছি, তোমাব যোগ্যতা কিছুই নাই।১৪ আমি সর্ব্বদাই কারণাবস্থপন্না বিধাতৃরূপিণী। আমার কিছুই অকার্য্য নাই, আমি সততই অক্ষরা ও পরমারূপে বিদ্যমান আছি।১৫ আমি নিয়তই কার্য্যভাব সম্পন্না প্রকৃতিরূপিণী। তৎকালে ব্রহ্মাদি সকলেই আবির্ভূত হয়।১৬ এই চরাচর বিশ্ব আমাবই মাযায বিনির্ম্মিত। হে পরমেশ্বর! আমাব বিক্ষেপ ও আবরণ নামক শক্তি দ্বয়েই জগতের সমস্ত কার্য্যই সাধিত হইয়া থাকে।১৭ তোমার এইরূপ বজ্রতুল্য দারুণ বাক্য শ্রবণ কবিয়া আমি তোমাকে তখন কিছুই না বলিয়া তুষ্ণীম্ভূত হইয়া থাকিলাম।১৮ হে দেবি! আমি নিয়ত আন্তরিক দুঃখভবে তাপিত হইয়া, তোমার নিগ্রহের নিমিত্ত মনে মনে এক উপায় অবধারিত করিলাম।১৯ অনন্তর আমি ব্রহ্মাণ্ডের পশ্চিমভাগে গমন করিয়া নির্জ্জনে নিজদেহের ভস্মদ্বারা এক দারুণ মহাঘোব ঘোবনামক এক অপূর্ব্ব অদ্ভুত দানবেন্দ্রের সৃষ্টি করিলাম।২০।২১ ঐ দৈত্য, দৈর্ঘ্যে কোটিযোজন এবং প্রস্থে বত্রিশ লক্ষযোজন হইবে। তাহাব হস্ত কোটিসংখ্যক, লোচন উজ্জ্বল।২২ বদন পঞ্চাশৎ লক্ষ, ঐ বদন জ্বালাবলি দ্বারা আচ্ছন্ন। তাহাকে আমি, অনিমাদি অষ্টসিদ্ধি প্রদানপূর্ব্বক সেই দারুণ দৈত্যকে সর্ব্বতোভাবে আমার সদৃশ করিযা, উল্লসিত মানসে তোমার নিকট আগমন করিলাম।২৩।২৪ সেই দানবেন্দ্র

তস্থৌ দানবেন্দ্রঃ গ্রাসং কৃত্বা জনার্ণবং। গণ্ডূকে দ্বে বিধায়ৈব স্ববেলবেল পর্ব্বতৌ ॥২৫ তদা মম মনোজ্ঞাত্বা ত্বমবাদীশ্চ মাংপ্রতি। ইদানীং ব্রহ্মাণ্ড-ভাণ্ডং জীবহীন মজায়ত ॥২৬ আজ্ঞাপর মহাদেব পশ্যামি সকলং শিব। তদা বিহস্য মনসা তবোৎকণ্ঠামুবর্দ্ধযন্ ॥২৭ উবাচ ত্বামহং ভদ্রে আগচ্ছ পশ্চিমাং দিশং। সর্ব্বত্রান্যত্র দেবেশি দৃষ্ট্বা পশ্চাদ্গতং ময়ি ॥২৮ স্ত্রীণাং স্বভাবো দেবেশি য এবাধঃ স্থিতো ভবেৎ। তত্রৈব মহতী শ্রদ্ধা দৃষ্ট্বা যাতুং সদা ভবেৎ ॥২৯।৩০ ইতি জ্ঞাত্বা ময়োক্তং তন্নিষেধবচনং শিবে। ততঃ প্রযোজনাভাবাৎ তব স্বভাবতঃ শিবে ॥৩১।৩২ ন গতান্যত্র দেবেশি স্থিতা ত্বঞ্চ মমান্তিকে। মহাধামে চ কান্তারে যত্র কেদারকেশ্বরঃ ॥৩৩।৩৪ তত্র গত্বা মহাদেবী জগন্মোহনকারিণী। বিব্যাধ দৈত্যরাজেন্দ্রং কামবাণান্ সহস্রশঃ ॥৩৫ অত উত্থায দৈত্যেন্দ্রঃ কামবাণেন বিহ্বলঃ। করান্ প্রসার্য্য সকলান্ আহ চাটুবচোভৃশং ॥৩৬

ঘোর উবাচ। মে ক্রোড়ে ত্বং সমাগচ্ছ ভব সর্ব্বেশ্বরী মুদা। ত্রাহি মাং কামজলধৌ নিমগ্নং স্বাঙ্গদানতঃ। কিঞ্চিৎ কালং ন জীবামি ত্বাং বিনাহং কথ-

---

জনার্ণব গ্রাস এবং স্ববেল ও বেল পর্ব্বতে দুই গণ্ডূষে অবস্থাপিত করিয়া রহিল ।২৫ তখন তুমি আমাব মনোভাব জানিতে পারিয়া আমাকে কহিয়াছিলে যে, হে মহাদেব! এক্ষণে ব্রহ্মাণ্ডভাণ্ড জীবহীন হইল ।২৬ হে শিব। আজ্ঞা কব, আমি সকলই দর্শন করিব। তখন আমি মনে মনে হাস্য করিযা তোমাব উৎকণ্ঠাবর্দ্ধনপূর্ব্বক ২৭ কহিলাম, ভদ্রে! আইস পশ্চিম-দিকে গমন করি। হে দেবেশি! অন্যত্র সর্ব্বত্রই দর্শন করিয়া আমার পশ্চাৎ-পশ্চাৎ গমন কবিয়াছিলে ।২৮ স্ত্রীগণের স্বভাব সর্ব্বদাই অধঃস্থিত হয়। সেই স্থান দর্শন করিয়া তাহাতে গমন করিতে তোমার মহতী শ্রদ্ধা হইল ॥২৯।৩০ আমি তাহা জানিযা তথায যাইতে তোমাকে নিষেধ করিলাম, তদনন্তর প্রয়ো-জনাভাবে এবং তোমার স্বভাববশে ৩১।৩২ অন্যত্র গমন না করিয়া তুমি আমার নিকটই অবস্থান করিয়াছিলে। কিয়ৎকাল অবস্থিতি করিয়া পরে যে মহৎ কান্তর স্থানে কেদারকেশ্বর আছেন ৩৩।৩৪ জগন্মোহনকারিণী তুমি সেই স্থানে গমন করিয়া, সেই দৈত্যরাজকে সহস্র সহস্র কামবাণে বিদ্ধ করিয়া-ছিলে। ঐ দৈত্য কামবাণে বিহ্বল ও উত্থিত হইয়া সকল কর প্রসারণ পূর্ব্বক বহুতর চাটুবচন বলিতে আরম্ভ করিল ।৩৫।৩৬

ঙ্গন । আলিঙ্গ্য পতিভাবেন জীবনং রক্ষ সুন্দরি ॥৩৭ ইত্যাদি চাটুবাক্যৈস্ত্বাং মুহুর্ম্মুহু র্জগাদ চ । ততঃ সা ত্বমবাদীশ্চ সকটাক্ষং শুচিস্মিতং ॥৩৭

শ্রীদেব্যুবাচ । ত্বং সর্ব্বদৈত্যেন্দ্রঃ সর্ব্বভোক্তা ত্বং বৈ বলী দেবনিকায় এব । ত্বং বীর্য্যবান্ সর্ব্ববিনাশনশ্চ ত্বাং বৈ বরামোযদি তৎ করোষি ॥৩৮ মদীয়বৃত্তান্তমিহ শৃণুষ্ব নাবস্থিতিঃ ক্বাপি ভবেন্ন যস্মাৎ । পুরা প্রতিজ্ঞা হি ময়া কৃতা যা তাং পালয় ত্বং যদি মাং গ্রহীতুং ॥৩৯ মনস্তু চৈবং খলু দৈত্যরাজ যো মাং বিনির্জ্জিত্য রণে স্থিতঃ স্যাৎ । স মে তু ভর্ত্তা ন চান্য এব তদাদিতো যুদ্ধমিতঃ শ্রয়স্ব ॥৪০

ঈশ্বর উবাচ । এবং ব্রুবানাং ত্বাং দেবি ক্রোধেন মহতা বত । উচ্চৈর্নির্ভৎসয়ামাস প্রলয়াম্ভোধিঘর্ঘরং । ততঃ সমুত্থিতোঘোরঃ কালরুদ্রঞ্চ হুঙ্কৃতঃ ।

ঘোর কহিল, তুমি আমার ক্রোড়ে আসিয়া আনন্দে সর্ব্বেশ্বরী হইয়া থাক । আমি, কামসাগরে নিমগ্ন হইয়াছি, এক্ষণে তোমার অঙ্গদান করিয়া আমাকে পরিত্রাণ কর । হে তন্বঙ্গি ! আমি তোমাব্যতিরেকে কদাপি ক্ষণকালও জীবিত থাকিতে পারিব না । সুন্দরি ! তুমি আমাকে পতিভাবে আলিঙ্গন প্রদান করিয়া জীবন রক্ষা কর ॥৩৭ এইরূপ বহুতর চাটুবাক্যে তোমাকে বারম্বার বলিতে লাগিল । তদনন্তর তুমি তাহাকে কটাক্ষ সহিত সস্মিতবচনে বলিতে আরম্ভ করিয়াছিলে ।৩৮

দেবী কহিলেন, তুমি সকল দৈত্যের ইন্দ্র, তুমি সর্ব্বভোগী, তুমি দেবগণ অপেক্ষাও বলবান্, তুমি বীর্য্যবান্ ও সকলেরই বিনাশকারক, যদি তুমি আমার সেই কার্য্য সাধন কর, তবে আমি তোমাকে বরণ করিব ।তুমি আমার বৃত্তান্ত শ্রবণ কর । সেই কার্য্য পরিপূর্ণ না হওয়াতেই আমার কোথাও অবস্থিতি হয় নাই । যদি আমাকে গ্রহণ করিতে তোমার অভিলাষ থাকে, তবে আমি পূর্ব্বে যে প্রতিজ্ঞা করিয়াছিলাম তাহা পালন কর । আমার প্রতিজ্ঞা এই যে, যে ব্যক্তি রণে অবস্থিত হইয়া আমাকে পরাজয় করিতে পারিবে, সেই আমার ভর্ত্তা,অন্য কেহই আমার ভর্ত্তা হইতে পারিবে না । অতএব প্রথমেই আমার সহিত । যুদ্ধ কর ।৩৯।৪০

ঈশ্বর কহিলেন হে দেবি ! যখন তুমি এই রূপ বলিতেছিলে তখন সেই ভয়ঙ্কর দৈত্য প্রলয় পয়োধির ন্যায় মহা ভয়ঙ্কর ঘর্ঘররবে তোমাকে ভৎর্সনা করিতে লাগিল । তৎপরে মহাঘোরতর সেই ঘোরদৈত্য মহাকাল রুদ্রকে হুঙ্কার করিয়া

সমাহর্ত্তুং তদা দৈত্যোধাবতিস্মাখিলং জগৎ ॥৪১ তথাপি ত্বাং গৃহীতুং স ক্ষমো-
মাভূৎ কথঞ্চন। তদা বেগেন মহতা গপ্ত্বা স দানবেশ্বরঃ ॥৪২ হস্তামর্ষবশাত্তে
চ পর্ব্বতাঃ চূর্ণতাং গতাঃ। পদাঘাতাচ্ছপরমা মগ্নাহি স্ফুর্জ্জলার্ণবে ॥৪৩ তদ্বহুভ্রম-
বাতেন প্রোচ্ছলজ্জলমণ্ডলং। উর্দ্ধাধশ্চ কটাহান্তং মহাভীমতরঙ্গকং ॥৪৪
ব্রহ্মাণ্ডং পরিসংব্যাপ্য ভ্রমতে স নিরন্তরং। ধর্ত্তুং কামোমহামায়ে ত্বাং ধর্ত্তুং ন
ক্ষমোভবেৎ ॥৪৫ অগ্রেহগ্রে ত্বাং পশ্যতিস্ম কেবলং দৈত্যপুঙ্গবঃ। যদ্যদ্যুদ্ধং কৃতং
তেন কথিতুং নৈব শক্যতে ॥৪৬ যদ্যৎ ক্ষিপ্তং ত্বয়ি শিবে তৎ সর্ব্বং ভস্মসাদ্-
গতং। যত্তেজসা মহেশানি তত্রাপি ক্রোধমূর্চ্ছিতঃ ॥৪৭ ভবেন্নিরন্তরং দৈত্যো-
ঘোরোঘোরপরাক্রমঃ। আশ্চর্য্যং শৃণু দেবেশি যুদ্ধবৃত্তং মহোজ্জ্বলং ॥৪৮ জল-
জাতাৎ কটাহাত্তু ধূলিকুৎপদ্যতে ভৃশং। এবমেকাহতো যুদ্ধং কোটিবর্ষ-
মভূত্তদা ॥৪৯ এবং তত্র মহেশানি যুদ্ধকালে ভয়াতুরঃ। অহং যোগং সমাশ্রিত্য
অতি সূক্ষ্মতরঃ বপুঃ। বিধায় পরমেশানি ত্বামাশ্রিত্য স্থিতঃ সদা ॥৫০ কথঞ্চি-
দপি ন প্রাপ্য ত্বাং ধর্ত্তুং দৈত্যরাট্ তদা। চিন্তয়ামাস চ খলু ত্বাং হন্তুং বিবিধ-

---

অখিল জগৎ সংহার করিবার নিমিত্ত উত্থিত হইয়া ধাবিত হইল।৪১ তথাপি সে তোমাকে ধরিতে কোন প্রকারে সমর্থ হইল না। সেই দানবেন্দ্র তখন বেগে গমন করিতে লাগিল।৪২ তাহার হস্ত স্পর্শে পর্ব্বত সকল চূর্ণীভূত হইতে লাগিল, পদাঘাতে প্রক্ষিপ্ত হইয়া জলার্ণবে মগ্ন হইতে লাগিল।৪৩ তাহার অঙ্গবাত ভ্রমে জলধিমণ্ডল উচ্ছলিত হইয়া, মহাভীমতরঙ্গ সহকারে ব্রহ্মাণ্ডের উর্দ্ধাধঃ কটাহপর্য্যন্ত নিরন্তর পরিভ্রমণ করিতে লাগিল। হে মহামায়ে! সে তোমাকে ধরিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেও ধরিতে পারিল না।৪৪।৪৫ তোমাকে কেবল অগ্রে অগ্রে গমন করিতে দেখিতে লাগিল। সে যেরূপ যেরূপ যুদ্ধ করিল, তাহা বর্ণন করিতে পারা যায় না।৪৬ হে শিবে! তোমার প্রতি সে যাহা যাহা নিক্ষেপ করিল, তৎসমস্তই ভস্মসাৎ হইয়া গেল। হে মহেশানি! তথাপি তোজোভরে ক্রোধমূর্চ্ছিত হইয়া, সেই ঘোরদৈত্য ক্রমে ক্রমে ঘোর পরাক্রম প্রকাশ করিতে লাগিল। হে দেবেশি! আশ্চর্য্য শ্রবণ কর।৪৭।৪৮ সেই মহা তুমুল যুদ্ধকালে জলজাত কটাহ হইতে ভূরি ভূরি ধূলি উত্থিত হইতে লাগিল। একাহ হইতে আরম্ভ করিয়া কোটিবৎসর যুদ্ধ হইয়াছিল।৪৯ হে মহেশানি! আমি এইরূপ যুদ্ধকালে ভয়াতুর হইয়া, যোগ অবলম্বনপূর্ব্বক সূক্ষ্মতর শরীর ধারণ করিয়া তোমাকেই আশ্রয় করিয়া অবস্থিত রহিলাম।৫০ দৈত্যরাজ তখন তোমাকে কোনরূপেই ধরিতে না পারিয়া,

ক্রমং ॥৫১ বর্দ্ধয়িত্বা শরীরং স্বং ঘর্ষয়িত্বা চ বাহুনা। কটাহে মারয়িষ্যামি মহাদুষ্টাহি ত্বামহং ॥৪২ ইতি সঞ্চিন্ত্য মনসা বর্দ্ধয়িত্বা কলেবরং। পূরিতং তেন ব্রহ্মাণ্ডং ঘোরোহর্ষমুপাগমৎ ॥৫৩ উবাচ ত্বাং তদা দৈত্যঃ হতা যাস্যসি কুত্র বা। ভবতী ভৃশমালোক্য দৈত্যং ব্রহ্মাণ্ডপূরিতং ॥৫৪ ত্বয়োক্তোহসৌ ঘোরদৈত্যস্তিষ্ঠ তিষ্ঠ সুদুর্ম্মতে। কথং ব্যস্তো ভবান্ জাতোনিহান্মি ত্বামহং মুদা ॥৫৫ অধুনৈব মহাদুষ্ট জানাসি নহি মাং কদা। মত্তঃ সৃষ্টিঃ সমুৎপন্না ময্যেব প্রবিলীয়তে ॥৫৬ ময়ৈব পাল্যতে সর্ব্বং মম মায়াময়ং জগৎ। মত্তোনান্যৎ কিঞ্চিদস্তি ব্রহ্মৈবাহং সনাতনঃ ॥৫৭ শৃণু মূঢ়বরাস্মাকং পরমং মঙ্গলং মহৎ। দুষ্টভাবেন বা দৈত্য শিষ্টভাবেন বা পুনঃ॥ ভজন্তে মাং যথা যোহি তথা কামং দদামি তে। নিদানন্তু প্রযচ্ছামি মহাফল মনুত্তমং ॥৫৮।৫৯ ত্বয়াহং সেবিতা দৈত্য বহুকালং ন সংশয়ঃ। সমাপ্ত মেকচিত্তেন মমৈষা ত্বকরোদ্যতঃ ॥৬০

তোমাকে হনন করিবার নিমিত্ত বহুবিধ উপায় চিন্তা করিতে লাগিল।৫১ সে স্বীয় শরীর সম্বর্দ্ধিত করিয়া এবং বাহুদ্বারা তাহা ঘর্ষণ করিয়া চিন্তা করিতে লাগিল। আমি মহাদুষ্টস্বভাবা নারীকে এই কটাহে নিক্ষিপ্ত করিয়া সংহার করিব।৫২ মনে মনে এইরূপ চিন্তা করিয়া, কলেবর বর্দ্ধিত করিতে লাগিল। তদ্দ্বারা ব্রহ্মাণ্ড পরিপূরিত হইল দেখিয়া, ঘোর দৈত্য অত্যন্ত হর্ষান্বিত হইল।৫৩ তখন দৈত্যরাজ তোমাকে কহিল, এখন আপনাকে হতপ্রায় দেখিয়া কোথায় পলায়ন করিবে। তুমি দৈত্যকে নিজ কলেবরে ব্রহ্মাণ্ড পরিপূরিত করিতে দেখিয়া ৫৪ কহিয়াছিলে,'রে দুর্ম্মতি ঘোর দৈত্য! তুই থাক্ থাক্, ব্যস্ত হইতেছিস্ কেন? আমি এখনি তোকে অবলীলায় সংহার করিতেছি।৫৫ রে মহাদুষ্ট! এখনও তুই আমাকে জানিতে পারিতেছিস্ না কেন? আমা হইতেই সৃষ্টি সমুৎপন্ন এবং আমাতেই তাহা লয় পাইয়া থাকে। আমিই এই অখিল সংসার পালন করিয়া থাকি, এই জগৎ আমারই মায়াময় জানিও।৫৬ আমা হইতে ভিন্ন অন্য কিছুই নাই, আমিই সনাতন ব্রহ্ম।৫৭ রে মূঢ়মতি! আমার পরম মহৎ মঙ্গলভাব শ্রবণ কর। রে দৈত্য! দুষ্টভাবেই হউক, আর শিষ্টভাবেই হউক, আমাকে যে যে ভাবে ভজনা করে, আমি তাহার সেই কামনা পূর্ণ করিয়া থাকি; আমিই অনুত্তম মহাফল।৫৮।৫৯ নিদানরূপ ব্রহ্ম নির্ব্বাণ প্রদান করি। হে দৈত্য! তুমি আমার বহুকাল সেবা করিয়াছ, সংশয় নাই। তুমি আমার প্রতি একান্তচিত্ত হইয়া, আমাকে প্রাপ্ত হইবার বাসনা করিয়াছ, অতএব তুমি শিব সন্দেহ নাই।৬০ যেহেতু

শিবোঽসি নাত্র সন্দেহো মৎকৃতে যদ্‌শ্রমস্তবঃ। ইদানীং পশ্য মদ্রূপং ব্রহ্মানন্দং পরং পদং ॥৬১ যদ্দৃষ্টবান্ পুনঃ কোঽপি কদাপ্যাবির্ভবেৎ কিল। ধ্যাত্বা যৎ পরমং রূপং শিবং ন্যূনমিতি প্রভো ॥৬২ তদ্রূপং পরমং ধাম কালীরূপমিতি শৃণু। ইতঃ পরতবং রূপং ব্রহ্মণোনাস্তি কুত্রচিৎ॥৬৩ ইত্যুক্ত্বাবং তদা দেবি ভবানী ভবমোচনী। ধ্যাত্বা যৎ পরমং রূপং অহং কালীতি বাদিনী ॥৬৪ অসকৃৎ পরমেশানি জাতা ত্বং কালিকা তদা। কৃষ্ণবর্ণা মহাঘোরা মহাকালোপরিস্থিতা ॥৬৫ মুণ্ডমালাবলীরম্যা মুক্তকেশী স্মিতাননা। ললজ্জিহ্বা রক্তঘোরলোচনত্রয়রাজিতা ॥৬৬ অমাকলাসমুল্লাসা কিরীটোজ্জ্বল বিগ্রহা। শিবা কোটিসহস্রৈস্ত তেজোমণ্ডলসম্ভবৈঃ ॥ মহারাবৈশ্চতুর্দ্দিক্ষু যতোঘোরপরাক্রমৈঃ। রশ্মিবৃন্দসমুদ্ভূতা যোগিন্যঃ কোটিকোটিশঃ ॥ সমন্তাদ্‌ঘোররূপস্থা মহাযুদ্ধমহোৎসুকাঃ। প্রতিলোমকূপমধ্যে ব্রহ্মাণ্ডং কোটিকোটিশঃ ॥ ভাসন্তে সততং দেবি সর্ব্বাঃ সূর্য্যময়াঃ পুনঃ ॥৬৭।৬৮।৬৯ এবং তাং কালিকাং দৃষ্ট্বা মূর্চ্ছিতোদানবেশ্বরঃ। প্রতী-

---

তুমি আমার নিমিত্ত বহুতর শ্রম করিতেছ। এক্ষণে তুমি আমার পরমপদ ব্রহ্মানন্দরূপ অবলোকন কর।৬১

এই শিবময় পরমপদ ধ্যান করিয়াও কেহ দেখিতে পায় না।৬২ তাহা তুমি সত্বর অবলোকন কর; যেহেতু তাহা দেখিবার নিমিত্ত অন্য কেহও আবির্ভূত হইতে পারে। সেই রূপ পরমধাম,তাহা কালীরূপ জানিবে। পরব্রহ্মে ইহা অপেক্ষা উৎকৃষ্টতর রূপ আর কোথাও নাই।৬৩ হে দেবি! তখন ভবমোচনী-ভবানী তুমি এই সকল বাক্য বলিয়া পরমরূপ ধ্যানপূর্ব্বক'আমি কালী আমি কালী' এই বাক্য বলিতে বলিতে, বারম্বার কালীমূর্ত্তি ধারণ করিয়াছিলে।৬৪।৬৫ সেই কালী কৃষ্ণবর্ণা মহাঘোররূপা মহাকালের উপরি সংস্থিতা, মুণ্ডমালাবলিদ্বারা মনোরমা, মুক্তকেশী, স্মিতাননা, লোলজ্জিহ্বা এবং রক্তবর্ণ লোচনত্রয়ে বিরাজিতা, ৬৬ কিরীট দ্বারা উজ্জ্বল বিগ্রহা এবং অমাকলার ন্যায় উল্লসিত, তেজোমণ্ডলসম্ভূত, ঘোররাব, ঘোরপরাক্রম, কোটিসহস্র শিবা দ্বারা পরিবেষ্টিতা। সেই মহাকালীর রশ্মিবিন্দুসমূহ হইতে ঘোররূপা মহাযুদ্ধ সমুৎসুকা কোটি কোটি যোগিনীগণ চারিদিকে উৎপন্ন হইল। হে দেবি! সেই সমস্ত যোগিনীগণ সূর্য্যময়রূপে দীপ্তি পাইতে লাগিল। মহাকালীর প্রতি লোমকূপে কোটি কোটি ব্রহ্মাণ্ড প্রকাশ পাইতে লাগিল।৬৮।৬৯ সেই দানবেশ্বর এবম্ভূতা সেই কালীকে অবলোকন করিয়া মূর্চ্ছিত হইল। মহাকালীর

তোঽসো মহাকাল্যা দৃষ্ট্বা শ্রীমুখমণ্ডলং ॥৭০ তৎক্ষণাদ্দানবাধীশোব্রহ্মজ্ঞানমবাপ্তবান্ ॥ ততস্তং দানবাধীশং জ্ঞানে ভক্তং সুনির্ম্মলং। জিহ্বয়া লোলয়া কালী চকর্ষচ রণান্তরে ॥৭১ ব্রহ্মাণ্ড সহিতাং মাতা চর্ব্বয়িত্বামৃত্তৎক্ষণাৎ। চকাব লীলয়া কালী ঘোরবাদ্যমহোৎসুকা। নানাযন্ত্রস্ত বৃহতঃ পতাকা ব্যাপিকা তদা ॥৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে
অষ্টমঃ পটলঃ।

ঈশ্বর উবাচ। তদ্দৃষ্ট্বা তু মহাশ্চর্য্যং ভয়বিহ্বলমানসঃ। অহং জগাম সহসা তত্র কান্তারমুত্তমং ॥১ সুষুম্নাবর্ত্মনা দেবি তত্র গত্বা ময়া কিল। সমুদ্দিষ্টং শ্রুতং যদ্যৎ কথিতুং নৈব শক্যতে ॥২ সর্ব্বাশ্চর্য্যময়ং দেবি ন দৃষ্টং ন শ্রুতং ক্বচিৎ। অতীব বৃহদাকারাঃ ব্রহ্মাণ্ডাঃ কোটিকোটিশঃ ॥৩ চরন্তি সর্ব্বদা দেবি কঃ সংখ্যাতুং ক্ষমোভবেৎ। কোটিকোটিমুখা দেবি

শ্রীমুখমণ্ডল দর্শনে ঐ দানব প্রীতি প্রাপ্ত হইল। সেই দানবাধীশ্বর তৎক্ষণাৎ ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইল।৭০ তদনন্তর মহাকালী সেই সুনির্ম্মল ভক্ত ব্রহ্মজ্ঞানবান্ দানবরাজকে রণমধ্যে লোলজিহ্বা দ্বারা আকর্ষণ করিলেন ৭১ এবং জগন্মাতা ব্রহ্মাণ্ডসহিত তাহাকে চর্ব্বণ করিয়া, ক্ষণমধ্যেই সংহার করিয়া ফেলিলেন। অনন্তর মহাকালী লীলায় বৃহৎ বৃহৎ যন্ত্রের ঘোর বাদ্য মহোৎসব করিলেন এবং নভোব্যাপিনী পতাকাবলী উত্তোলনপূর্ব্বক আন্দোলিত করিলেন।৭২

ইতি যোগিনী তন্ত্রে দেবীশ্বরসংবাদে অষ্টম পটল।

ঈশ্বর কহিলেন, সেই মহাশ্চর্য্য ব্যাপার অবলোকন করিয়া, আমি, ভয়বিহ্বলচিত্তে সেই উত্তম কান্তারে সহসা আগমন করিলাম।১ হে দেবি! সুষুম্নাবর্ত্মদ্বারা সেইস্থানে গমন করিয়া আমি যাহা যাহা শ্রবণ করিলাম, তাহা প্রকাশ করিতে আমার সামর্থ্য হইতেছে না।২ হে দেবি! তাহা সর্ব্বাশ্চর্য্যময়,সেরূপ কোথাও দর্শন বা শ্রবণ করি নাই। অতীব বৃহদাকার কোটি কোটি ব্রহ্মাণ্ডমণ্ডল সততই বিচরণ করিতেছে,৩ কে তাহার সংখ্যা করিতে পারে? তথায় কোটি কোটি মুখ, কোটি কোটি ভুজবিশিষ্ট বিবিধ প্রকার আকারধারী, প্রতিব্রহ্মাণ্ডনিবাসী ব্রহ্মা বিষ্ণু শিবাদি মহদৈশ্বর্য্য

কোটিকোটিভুজা স্তথা ॥৪ এবঞ্চ বিবিধাকারা ব্রহ্মাবিষ্ণুশিবাদয়ঃ। মহদৈশ্বর্য্য-সম্পন্নাঃ প্রতিব্রহ্মাণ্ডবাসিনঃ ॥৫ সর্ব্বাশ্চর্য্যময়ং দেবি দৃষ্ট্বা কুশলমানসঃ। সর্ব্বং মে বিস্মৃতং জাতং কোঽহং চিন্তাপরায়ণঃ ॥৬ অহং কঃকুত্র আয়াতঃ কোন পৃচ্ছতি কুত্রচিৎ। এবং নানাবিধং দেবি ভুবনে বিস্মৃতঃ সদা ॥৭ নানাস্থানসম্ভ্রমঞ্চ স্মর্য্যঞ্চ নাস্তি মে কদা। ততশ্চ কোটিবর্ষান্তে প্রাপ্তং তে হৃদয়াম্বুজং ॥৮ তত্র গত্বা ময়া সর্ব্বং দৃষ্টমাশ্চর্য্যসুন্দরং। তৎ সর্ব্বং পরমেশানি কথিতুং নৈব শক্যতে ॥৯ যদ্ধর্ম্মার্থোদয়ং শাস্ত্রং কারণং সুখ-মোক্ষয়োঃ। পরমাত্মাগমোবেদা জীবোদর্শনমিন্দ্রিয়ঃ ॥১০ দেহঃ পুরাণ-মঙ্গানি স্মৃতয়যানি মানি চ। তত্রৈব সর্ব্বশাস্ত্রাণি লোমাদীনি বরাননে ॥১১ জীবাত্মনো যথা ভেদ স্তথা বেদাগমেষ্বপি। পত্রাগ্রে পত্রমধ্যে চ পত্রান্তে হৃদয়াম্বুজে ॥১২ দৃষ্ট্বা বর্ণাবলী যাতু তীব্রতেজোময়ী শুভা। শিক্ষা কল্লো ব্যাকরণং নিরুক্তশ্ছন্দ এব বা ॥১৩ অন্যানি সর্ব্বশাস্ত্রাণি ক্ষুদ্রাণি যানি কানি চ। কিন্তু পূর্ণবলালোকে জ্ঞাতোঽহং কথিতং তব ॥১৪ ততোময়া শতং

সম্পন্নগণ বিচরণ করিতেছে।৪।৫ হে দেবি! ঐ সর্ব্বাশ্চর্য্যময় ব্যাপার অবলোকন করিয়া আমি বিহ্বলমানস হইলাম, আমি সকলি বিস্মৃত হইলাম, আমি কে? এই চিন্তা আমার মানসে উদয় হইল।৬ আমি কে? কোথা হইতে আগমন করিলাম, কেহ, কোথাও কিছুই জিজ্ঞাসা করিতেছে না। এইরূপে আমি ভুবনের সমস্তই ভুলিয়া গেলাম।৭ আমি নানাস্থানে ভ্রমণ করিতে লাগিলাম,আমার কিছুই স্মরণীয় হইল না। তদনন্তর কোটি-বর্ষ পরে তোমার হৃদয়াম্বুজ প্রাপ্ত হইয়া পরিতৃপ্ত হইলাম।৮ হে পরমেশানি! আমি, সেখানে গমন করিয়া যে যে পরমসুন্দর যে যে আশ্চর্য্য অবলোকন করিলাম, তৎসমুদায় বর্ণন করিতে আমার শক্তি হয় না।৯ কথঞ্চিদ্বর্ণন করিতেছি শ্রবণ কর। সুখ ও মোক্ষের কারণ ধর্ম্মার্থময় শাস্ত্র, পরমাত্মা-সামবেদ, জীবাত্মা দর্শন, ইন্দ্রিয় ১০ দেহ, পুরাণ অঙ্গসকল, স্মৃতিশাস্ত্র সমুদায় হোমাদি সর্ব্বশাস্ত্র সন্দর্শন করিলাম।১১ বেদাগম সকলে জীবাত্মার যেরূপ ভেদ, তাহা হৃদয়াম্বুজে পত্রাগ্রে, পত্রমধ্যে ও পত্রান্তে ১২ দর্শনানন্তর, তীব্রতেজোময়ী শুভকরী বর্ণাবলী দর্শন করিলাম। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ১৩ ও জ্যোতিষ এবং অন্যান্য যে কোন ক্ষুদ্র ক্ষুদ্র শাস্ত্র অব-লোকন করিলাম।১৪ তদনন্তর আমি পূর্ণালোকে জ্ঞাত হইলাম, যে কর্ণিকা

দেবি কর্ণিকান্তর্ম্মহোজ্জ্বলং। কোটিকোটিদিবানাথনিশানাথসমুজ্জ্বলং ॥১৫ কোটিকোটিমহাবহ্নিতেজোমণ্ডলমণ্ডিতং। তন্মধ্যে তু ময়া দৃষ্টং বর্ণপুঞ্জং মহোজ্জ্বলং ॥১৬ সূর্য্যকোটিসমাভাসং চন্দ্রকোটিসুশীতলং। বহ্নিকোটি-মহোজ্জ্বলং পরংব্রহ্মময়ং ধ্রুবং ॥১৬ সর্ব্বজ্ঞানময়ং দেবি সর্ব্বাশ্চর্য্যময়ং সদা। সর্ব্বযজ্ঞময়ং দেবি সর্ব্বতীর্থময়ং সদা ॥১৭ সর্ব্বপুণ্যময়ং দেবি সর্ব্বধর্ম্মময়ন্তথা। ব্রহ্মজ্ঞানময়ং দেবি ব্রহ্মানন্দময়ং তথা। প্রমাণং সর্ব্বশাস্ত্রাণাং বেদাদীনাং মহেশ্বরি ॥১৮ প্রমাণং সর্ব্বসত্বানাং ব্রহ্মতেজঃ পরং হিতং। সর্ব্বমায়াবহির্ভূতং সর্ব্ব-মায়ানিকৃন্তনং ॥১৯ সর্ব্বানন্দময়ং দেবি ব্রহ্মানন্দময়ং সদা। পূর্ণানন্দময়ং দেবি ব্রহ্মনির্ব্বাণমুত্তমং ॥২০ সর্ব্বমায়াময়ং দেবি সর্ব্ববিদ্যাময়ং পুনঃ। সর্ব্বতপোময়ং দেবি সর্ব্বসিদ্ধিময়ন্তথা ॥২১ সর্ব্বমুক্তিময়ং দেবি সর্ব্ববেদময়ং তথা। সর্ব্বলোক-ময়ং দেবি সর্ব্বভোগময়ং তথা ॥২২ সর্ব্বশাস্ত্রময়ং দেবি সর্ব্বযোগময়ং তথা। দৃষ্ট্বা-গমমিমং তত্র মম জ্ঞানান্ধসাগরে। গতশর্ব্বর্য্যথোহদ্রাক্ষ্যং যথা সূর্য্যোদয়ো-জ্জ্বলং ॥২৩।২৫ অভ্যস্তং হি ময়া সর্ব্বং মহাকালীপ্রসাদতঃ। দৃষ্ট্বাভ্যস্তং ময়া সর্ব্বং তৎক্ষণান্মাত্র সংশয়ঃ ॥২৬ ততঃ কিঞ্জল্কপুঞ্জেষু গত্বা দৃষ্টং ময়া কিল। বর্ণ-

---

মধ্যে এবং কোটি কোটি দিবানাথ ও নিশানাথের ন্যায় সমুজ্জ্বল এবং কোটি কোটি মহাবহ্নি তেজোমণ্ডলে মণ্ডিত মহোজ্জ্বল বর্ণপুঞ্জ রহিয়াছে। হে মহেশ্বরি! তন্মধ্যে কোটিসূর্য্য সমানদীপ্তিশীল, কোটি চন্দ্রের ন্যায় সুশীতল, কোটি বহ্নির ন্যায় মহোজ্জ্বল, নিত্য পরব্রহ্মময়, সর্ব্বজ্ঞানময়, সর্ব্বাশ্চর্য্যময় সর্ব্বযজ্ঞময়, সর্ব্বতীর্থময়, সর্ব্বপুণ্যময়, সর্ব্বধর্ম্মময়, ব্রহ্মজ্ঞান, ব্রহ্মানন্দময়, বেদাদি সর্ব্বশাস্ত্রের প্রমাণ এবং সর্ব্ববিধ সত্ত্বের ব্রহ্মতেজময় পরম ও হিতকর প্রমাণ অবলোকন করিয়া আনন্দ লাভ করিলাম। সর্ব্ব-মায়া বহির্ভূত, সর্ব্বমায়ার নিবর্ত্তক, সর্ব্বানন্দময়, ব্রহ্মানন্দময়, পূর্ণানন্দময়, উত্তম ব্রহ্ম নির্ব্বাণ এবং সর্ব্বমায়াময়, সর্ব্ববিদ্যাময়, সর্ব্বতপোময়, সর্ব্ব-সিদ্ধিময়, সর্ব্বমুক্তিময়, সর্ব্ববেদময়, সর্ব্বলোকময়, সর্ব্বভোগময়, সর্ব্বশাস্ত্র-ময়, সর্ব্বযোগময়, আগম অবলোকন করিলাম। তাহাতে আমার অজ্ঞানান্ধ সাগরের শর্ব্বরী ক্ষিগতা হইয়া গেল। আমি সূর্য্যোদয়োজ্জ্বল জ্ঞান দর্শন করিলাম। আমি মহাকালীর প্রসাদে তৎসমস্ত শাস্ত্রাদি অভ্যাস করি-লাম।১৫।২৫ সে সকল দর্শন করিয়া আমি তৎক্ষণাৎ সমস্তই অভ্যাস করিলাম, সন্দেহ নাই।২৬ তদনন্তর কিঞ্জল্কপুঞ্জে গমন করিয়া দেখিলাম,

পুঞ্জময়ং দেবি সূর্য্যকান্তিসমপ্রভং ॥২৭ ন্যায়োমীমাংসকং সাংখ্যং পাতঞ্জলং তথা পুনঃ। বৈশেষিকং যথাপূর্ব্বং ময়া জ্ঞাতং হি তৎক্ষণাৎ। ততোবর্ণাবলীং দৃষ্ট্বা কর্ণিকাপ্রান্তদেশতঃ। শতসূর্য্যসমাভাসাং সর্ব্বরঞ্জনকারিণীং॥২৮ আয়ুর্ব্বেদ-ভিষগ্‌বেদা মহাভ্যস্তাস্তদৈব হি। তদনন্তরে মহাদেবি দৃষ্ট্বা বর্ণাবলীং শুভাং। সহস্রাদিত্যসঙ্কাশা শুদ্ধবর্ণা মহোজ্জ্বলা। স্মৃতীতিহাসৌ দেবেশি পুরাণানি ময়া পুনঃ॥ ময়াভ্যস্তং হি তৎ সর্ব্বং তৎক্ষণান্নাত্র সংশয়ঃ।২৯।৩১ তথাপি ভ্রমদেহোমে ন শুদ্ধতি কদাচন॥৩২ তদনন্তরে ময়া দৃষ্টং সূর্য্যকোটিসমপ্রভং। ব্রহ্মজ্ঞানং ময়া দেবি ব্রহ্মতেজঃপরীবৃতং॥৩৩ বেদান্তমিতি বিখ্যাতং বর্ণপুঞ্জমহৎপ্রভং। ময়া-ভ্যস্তং তৎক্ষণাত্তন্মহদেভ্যশ্চ মোহতঃ॥৩৪ তদনন্তরে ময়া দৃষ্টং বর্ণপুঞ্জসমুজ্জ্বলং। কোটিসূর্য্যপ্রতীকাশং চন্দ্রকোটিসুশীতলং॥ সর্ব্বজ্ঞানময়ং দেবি সর্ব্বতীর্থময়ং সদা। সর্ব্বযজ্ঞময়ং দেবি সর্ব্বধর্ম্মময়ং তথা। প্রমাণং সর্ব্বসত্ত্বানাং শাস্ত্রাদীনাং মহেশ্বরি। বেদচতুষ্টয়ং সামাথর্ব্বঋগ্‌যজুরুত্তমং॥ ময়াভ্যস্তং হি তৎ সর্ব্বং তৎ-ক্ষণান্নাত্র সংশয়ং। তথাপি ন চ তৃপ্তির্মে জায়তে ন চ তৎক্ষণাৎ॥৩৫।৩৭ সর্ব্ব-জ্ঞানসর্ব্বতত্ত্বসর্ব্বসিদ্ধিময়োঽহং॥৩৮ তদা নমস্কৃতাং দেবি তৈ ত্বাং কালীং সনা-তনীং। শিবাভির্যোগিনীভিশ্চ নৃত্যন্তীং ব্রহ্মরূপিণীং॥৩৯ স্থিত্বা স্থিত্বা স মুখে

সূর্য্যকান্তি সমান প্রভাসম্পন্ন ২৭ বর্ণপুঞ্জময় ন্যায়, মীমাংসা, সাংখ্য, পাতঞ্জল বৈশেশিক শাস্ত্র সকল আমি যথাপূর্ব্বক তৎক্ষণাৎ অবগত হই-লাম।২৮ তদনন্তর কর্ণিকার প্রান্তদেশে শতসূর্য্য সমান দীপ্তিশালিনী সর্ব্বরঞ্জনকারিণী বর্ণাবলী দর্শনানন্তর আয়ুর্ব্বেদ ও ভিষগবেদ তখনি অভ্যাস করিলাম। হে মহাদেবি! বর্ণাবলী দর্শনান্তর সহস্রাদিত্যশঙ্কাশ মহো-জ্জ্বল শুদ্ধ বর্ণসকল দর্শনান্তর, স্মৃতি, ইতিহাস ও পুরাণ সকল তৎক্ষণাৎ অভ্যাস করিলাম।২৯।৩১ তদনন্তর হোমপদ্ধতি অবলোকন করিয়া, তদনন্তর, কোটি সূর্য্যসমান প্রভাসম্পন্ন, ব্রহ্মতেজঃ পরিবৃত ব্রহ্মজ্ঞান-সম্পন্ন।৩২।৩৩ বর্ণপুঞ্জ মহাপ্রভ সমন্বিত বেদান্ত এই নামে বিখ্যাত মহাশাস্ত্র আমি অবিলম্বেই অভ্যাস করিলাম।৩৪ তদনন্তর বর্ণপুঞ্জে সমুজ্জ্বল, কোটি সূর্য্য সমান দীপ্তিমান্, কোটি চন্দ্রতুল্য সুশীতল, সর্ব্বজ্ঞানময় সর্ব্বতীর্থময়, সর্ব্বযজ্ঞময়, সর্ব্বধর্ম্মময়, সর্ব্বসত্ত্বের এবং সর্ব্বশাস্ত্রের প্রমাণ স্বরূপ, সাম, অথর্ব্ব ঋক্ ও যজুঃ এই অনুত্তম বেদ চতুষ্টয়, আমি তৎক্ষণাৎ অভ্যাস করি-লাম। তথাপি তাহাতে আমার তৃপ্তি হইল না।৩৫।৩৭ তদনন্তর আমি সর্ব্বজ্ঞানময়, সর্ব্বসত্ত্বময়, সর্ব্বসিদ্ধিময় হইয়া, ৩৮।৩৯ বেদবেদান্তাদি দ্বারা

মে দৃষ্ট্বা শ্রীমুখমণ্ডলং । তত উড্ডীনমাসাদ্য দ্বিদলে চাগতং ময়া ॥৪০ আজ্ঞাচক্রে ভ্রুবোর্মধ্যে মহাকাল্যা মহেশ্বরি ॥ তদা মম স্মৃতির্জাতো ব্রহ্মবিষ্ণুকৃতে পুনঃ ॥৪১ তন্নৃত্যসময়ে কাল্যাদ্বয়োশ্চিবুকয়োশ্চিতৌ । চ্যুতে স্বেদৌ মহেশানি তাভ্যাং জাতৌ গুণোচিতৌ ॥৪২ ব্রহ্মবিষ্ণুশ্চ তৌ দৃষ্ট্বা ভয়কম্পিতবিগ্রহৌ। তদা তৌ চ গতৌ তুর্ণং নাসিকারন্ধ্রয়োর্দ্বয়োঃ । কাল্যাস্তদায়তোধাতা পিঙ্গলায়াং মহেশ্বরি ॥ উড়ায়াঞ্চ ততোবিষ্ণু স্তত্র গত্বা চ তৌ শুভৌ । মহাবিড়ম্বিতৌ ভূতৌ দৃষ্ট্বাশ্চর্য্যমনেকশঃ । রুদন্তৌ সততং দেবি বিস্মৃতং কিং ভবিষ্যতি ॥৪৩।৪৫ এবমাদি রুদন্তৌ তৌ প্রধাবিতাবিতস্ততঃ । তাবীশ্বরৌ মহেশানি মহাদুঃখেন দুঃখিতৌ৪৬ জ্ঞাত্বা মহা মহেশানি প্রাগ্গতং বিষ্ণুমন্দিরং তস্মৈ দত্তং ময়া জ্ঞানং মন্ত্রং পরমমঙ্গলং ॥৪৭ তৎক্ষণান্মম তুল্যোঽহসৌ বামাঙ্গে কেবলো মম । তস্মৈ দত্তং সর্ব্বশাস্ত্রং বাঙ্মাত্রেণাগমং বিনা৪৮ গরুড়স্থো মহাবিষ্ণুর্হৃষ্ট-

---

নমস্কৃতা সেই সনাতনী ব্রহ্মরূপিণী মহাকালীদেবীকে শিবাগণ ও যোগিনীগণের সহিত নর্ত্তনশীলা অবলোকন করিতে লাগিলাম। তিনি থাকিয়া থাকিয়া আমার সম্মুখে নৃত্য করিতে লাগিলেন। অনন্তর তাঁহার শ্রীমুখ দর্শনপূর্ব্বক আমি উড্ডীয়মান হইয়া দ্বিদলপদ্মে গমন করিলাম।৪০ হে মহেশ্বরি! ভ্রূদ্বয়ের মধ্যস্থিত মহাকালীর আজ্ঞাচক্রে অবস্থিতিকালে, ব্রহ্মা ও বিষ্ণু আমার স্মৃতিপথে উদিত হইলেন।৪১ হে দেবি! সেই নৃত্য সময়ে কালীর চিবুকদ্বয় হইতে দুই স্বেদবিন্দু পতিত হইল। ঐ বিন্দুদ্বয় হইতে গুণ ও চিত জন্ম গ্রহণ করিল।৪২ ব্রহ্মা ও বিষ্ণু ঐ দুইজনকে দর্শন করিয়া ভয়ে কম্পিতকলেবর হইলেন। তাঁহারা শীঘ্রই নাসিকার রন্ধ্রদ্বয় দিয়া বহির্গত হইয়া গেল।

তদনন্তর বিধাতা মহাকালীর পিঙ্গলায় এবং বিষ্ণু ঈড়া নাড়ীতে গমন করিলেন। তদনন্তর তাঁহারা উভযে মহা বিড়ম্বিতভূতদ্বয় এবং অনেক আশ্চর্য্য দর্শন করিলেন। অনন্তর ব্রহ্মা ও বিষ্ণু রোদন করিতে লাগিলেন; হে মহাদেবি! তুমি এ সকল বিস্মৃত হইতেছে কেন?৪৩।৪৫ এইরূপে মহাদুঃখে দুঃখিত হইয়া, উভয়ে রোদন করিতে করিতে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন।৪৬ হে মহেশানি! আমি ইহা জানিতে পারিয়া প্রথমে বিষ্ণুমন্দিরে প্রবেশপূর্ব্বক তাঁহাকে পরমমঙ্গল জ্ঞানমন্ত্র প্রদান করিলাম।৪৭ এই তিনি আমার তুল্য হইয়া বামাঙ্গে রহিলেন, আমি তাঁহাকে আগম ব্যতীত সমস্ত শাস্ত্র বাঙ্মাত্রে প্রদান করিলাম।৪৮ সেই বিষ্ণু গরুড়স্থিত হইয়া, হৃষ্ট পুষ্ট হইতে লাগিলেন।

পুষ্টোবভূব হ। তস্মাদায় গতস্তত্র ব্রহ্মাণ্ডে পরমেশ্বরি ॥৪৯ গত্বা তস্মৈ ময়া দত্তং মন্ত্রং পরমমদ্ভুতং। মহাজ্ঞানী মহাদেবি তৎক্ষণাৎ স পিতামহঃ ॥৫০ মম তুল্যো জায়তেঽসৌ দক্ষাঙ্গে মম কেবলঃ। স বিধিঃ পরমেশানি মম শাসনতস্তদা দত্তং তস্মৈ সর্ব্বশাস্ত্রং বেদশাস্ত্রঞ্চ বিষ্ণুনা ॥৫১ গতব্যথঃ সদা ব্রহ্মা হৃষ্টঃ পুষ্টঃ সদৈব হি। অত আদিগুরুস্ত্বং হি বর্ত্তসে মম সর্ব্বদা ॥৫২ তদঙ্গীকৃত্য তজ্জ্ঞানং সহ তাভ্যাং মহেশ্বরি। পরং কাল্যা ময়া যাতং তেন তেন পথা ময়া ॥৫৩ শিবাভি-র্যোগিনীভিশ্চ মহানৃত্যপরায়ণা। শতকোটিদিব্যবর্ষং নৃত্যতিস্ম পরাত্মিকা ॥৫৪ নানাবাদ্যমহোল্লাসা নানালঙ্কারগাথিকা ॥৫৫ চন্দ্রসূর্য্যবহ্নিসৌম্যব্বিচিত্রৈশ্চ প্রসূনকৈঃ ॥৫৪ উত্থিতৈঃ পতিতৈঃ পুষ্পৈর্দিব্যগন্ধৈর্মহোৎসুকা। বীক্ষণাগো চরৈর্দেবি সদানৃত্যপরে বহু ॥৫৬ শতশোব্রহ্মাণ্ডসমা পতাকাভিশ্চ রঞ্জিতা। বিচিত্রাভিশ্চ বহুভির্দৃষ্টাক্রান্তাভিরেব চ ॥৫৭ অতস্তোতুং সমারব্ধাবয়ং কালীং করালিকাং ॥৫৮ সাশ্রুপ্লুতাগদ্গদোক্ত্যা নতশীর্ষাঃ পুটৈঃ করৈঃ। তদাদৌ বিধিরস্তোষীৎ সর্ব্বশাস্ত্রেণ ভক্তিতঃ॥ কোটিবর্ষং মহেশানি তস্যাঃ তদা

হে পরমেশ্বরি। আমি বিষ্ণুকে গ্রহণ করিয়া, ব্রহ্মাণ্ডে প্রবেশপূর্ব্বক ৪৯ ব্রহ্মাকে পরমাদ্ভুত মন্ত্র প্রদান করিলাম। হে মহাদেবি। তাহাতে সেই পিতামহ তৎক্ষণাৎ মহাজ্ঞানী হইলেন।৫০ ব্রহ্মা আমার তুল্য হইয়া, দক্ষি-ণাঙ্গে অবস্থিত রহিলেন। হে মহেশানি। আমার শাসনবশতঃ তখন বিষ্ণু বিধাতাকে সর্ব্বশাস্ত্র ও বেদশাস্ত্র প্রদান করিলেন।৫১ তদনন্তর ব্রহ্মা গতব্যথ হইয়া, সততই হৃষ্ট পুষ্ট হইতে লাগিলেন। অতএব তুমি সর্ব্বদাই আমার আদিগুরু।৫২ হে মহেশ্বরি। ব্রহ্মা সেই জ্ঞান অঙ্গীকার করিলে আমি তাঁহা-দের সহিত কালীর সেই সেই পথ দ্বারা গমন করিলাম।৫৩ মহাকালী, শিবা ও যোগিনীগণের সহিত শতকোটি দিব্যবৎসর মহানৃত্যে আসক্তা রহিলেন।৫৪ সেই পরাত্মিকা কালী নানাবাদ্যযোগে মহোল্লাস করিতে লাগিলেন।৫৫ চন্দ্রসূর্য্য ও বহ্নির ন্যায় বিচিত্র দিব্যগন্ধ উত্থিত ও পতিত এবং বীক্ষণের অগো-চর কুসুমসমূহ দ্বারা ক্রীড়াশালিনী এবং নানাবিধ অলঙ্কারে বিভূষিতা হইয়া, নির্জ্জনে নিরন্তর নৃত্য করিতে লাগিলেন।৫৬ শত শত ব্রহ্মাণ্ডসম বিচিত্র বহুতর পতাকাবলি দ্বারা বেষ্টিতা হইয়া, শোভা পাইতে লাগিলেন।৫৭ অতঃ-পর আমরা সাশ্রুনেত্রে গদ্গদবচনে করপুটে নতশীর্ষ হইয়া করালী কালীর স্তব করিতে আরম্ভ করিলাম।৫৮ প্রথমে বিধাতা ভক্তিপূর্ব্বক সর্ব্বশাস্ত্র দ্বারা

পরাঃ ॥৫৯ যদ্গুণস্ত্বমহো ধাতঃ সর্ব্বশাস্ত্রার্থবিদ্যতঃ। অনুসন্ধান বেত্তাসি সৃষ্ট কর্ত্তং সদা ভব ॥৬০ ইত্যাজ্ঞপ্তস্ততোধাতা কৃতকৃত্যোঽভবত্তদা। ততোঽহন্তৌ ষীন্মহাবিষ্ণুঃ সর্ব্ববেদেন শাম্ভবি ॥৬১ দশকোট্যযনানাঞ্চ ততস্তমব্রবীচ্ছিবা। বেদজ্ঞোঽসি মহাবিষ্ণো মদ্ভক্তোঽসি গুণালযঃ। ধর্ম্মজ্ঞোঽসিলকস্ত্বং ভব সৃষ্টেবিবদ্ধকঃ ॥৬৩ ইত্যাজ্ঞাঞ্চ শিবে কৃত্বাকৃতার্থোঽসৌ জগদ্ধিতঃ। ততোঽহং পরমাং নিত্যাং কালী ব্রহ্মসনাতনীং ॥ তুষ্টাব পরয়া ভক্ত্যা আগমেন মহেশবি। বিংশকোটি বৎসরাণাং মামুবাচ তদা তুসা ॥৬৪

কাল্যুবাচ। আগমজ্ঞো মহাপ্রাজ্ঞো নির্ম্মায়োঽসি সদাশিব। সগুণস্ত্বং মহাযোগী সৃষ্টিসংহারকোকাভব ॥৬৫ এবমাজ্ঞাং শিবে কৃত্বা পুনস্তুষ্টাব তামহং। পঞ্চকোটিদিব্যবর্ষং মামুবাচ ততস্ত সা ॥ আগমে সংস্তুতা তেঽহং তুষ্টা তেঽস্মি সদাশিব। কিং প্রার্থ্যতে মহাদেব দদামি নাত্র সংশয়ঃ ॥৬৬

স্তব করিতে লাগিলেন। মহাকালী কোটিবর্ষ পরে ব্রহ্মাকে কহিলেন।৫৯ হে ধাতঃ। তুমি অনুসন্ধানবেত্তা, এবং সর্ব্ব শাস্ত্রার্থজ্ঞ অতএব তুমি সৃষ্টিকর্ত্তা হও।৬০ বিধাতা এই রূপে আজ্ঞপ্ত হইযা কৃতকৃত্য হইলেন। তদনন্তর মহাবিষ্ণু, সর্ব্ব বেদদ্বারা সেই পরমা মহাকালীর স্তব করিতে আরম্ভ করিলেন।৬১ হে মহেশানি। দশকোটি বৎসর পরে শিবা তাঁহাকে কহিলেন।৬২ হে মহাবিষ্ণো। তুমি বেদজ্ঞ, মদভক্ত এবং গুণালয ও ধর্ম্মজ্ঞ অতএব তুমি পালক হইযা সৃষ্টি বর্দ্ধন কর।৬৩ এ জগতের হিতকারী বিষ্ণু কালীর এই আজ্ঞা মস্তকে ধারণ করিযা কৃতার্থ হইলেন। তদনন্তর আমি, সেই পরমা নিত্যা, ব্রহ্মসনাতনী কালীকে আগমদ্বারা পরম ভক্তি সমন্বিত হইযা স্তব করিতে আরম্ভ করিলাম। বিংশতি কোটি বৎসর পরে সেই মহাকালী আমাকে কহিলেন।৬৪

মহাকালী কহিলেন, হে সদাশিব। তুমি আগমজ্ঞ, মহাপ্রাজ্ঞ, নির্ম্মায, সগুণ এবং মহাযোগী অতএব তুমি সৃষ্টির সংহারক হও।৬৫ এইরূপ মস্তকে ধারণ করিযা পুনর্ব্বার তাঁহার স্তব করিতে আরম্ভ করিলাম। পঞ্চকোটি দিব্য বৎসর পরে আমাকে কহিলেন, আমি তোমাকর্ত্তৃক আগমদ্বারা সংস্তুত হইলাম, হে সদাশিব। তুমি কি প্রার্থনা করিতেছ, আমি তাহা তোমাকে দান করিব সন্দেহ নাই।৬৬

ঈশ্বর উবাচ। তিষ্ঠামি সততং মাত স্বদীয চরণাম্বুজে ॥

শ্রীকাল্যুবাচ। ঘোরনাম্না দানবেন যাদৃগযুদ্ধং কৃতং ময়া। তৎকোটি কোটিংশযুদ্ধং করিষ্যত্যেব যো মযা ॥৬৭ মহিষীগর্ভসংভূতস্তব রেতঃ সমুদ্ভবঃ। ভবিষ্যাবি ত্ব দেবেশ মহিষাসুরনামধৃক্। আসুরং ভাবমাসাদ্য মহাযুদ্ধং ররিষ্যসি ॥৬৮ তদা ত্বং নাশয়িত্বাহং ভদ্রকালীস্বরূপতঃ। বামাঙ্গুষ্ঠং পদাব্জস্য স্থাপয়িষ্যামি তে হৃদি ॥৬৯ ইদানীং ত্বাং মহাদেব মম পাদতলে সদা। তিষ্ঠ ত্ব শবরূপেণ মম চানসতাং ব্রজ॥ ৭০ ইত্যাজ্ঞপ্তোং মহাদেব্যা পতিতাঃ পদ স্নন্নিধৌ। দণ্ডবৎ প্রণিপাতেন লক্ষবর্ষং গতস্তদা ॥৭১ তত্রৈবান্তবগাং কালী চিদ্রূপা ব্রহ্মনিষ্কলা ॥ ইতেঃবং কথিতং তুভ্যং যোগিন্যুৎপত্তিবিস্তরং। গোপ নীয়ং প্রযত্নেন সর্ব্বেষাং সাবনোত্তমং ॥৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে

নবমং পটলঃ।

ঈশ্বর কহিলেন, হে মাতঃ আমি তোমার চরণাম্বুজে সততই অবস্থান করিব এই আমার বাসনা।৬৭

মহাকালী কহিলেন, আমি ঘোরনামক দানবের সহিত যেরূপ যুদ্ধ করিলাম, তোমার শুক্রসম্ভূত, মহিষীর গর্ভোৎপন্ন যে অসুর, ঐ যুদ্ধের কোটি কোটি অংশ মাত্র যুদ্ধ করিবে, মহিষাসুর নামধারী সেই মহাসুর হইবে।৬৮ আমি তখন তাহাকে ভদ্রকালীরূপে বিনাশ করিয়া, পদাব্জের বামাঙ্গুষ্ঠ তোমার হৃদয়োপরি স্থাপন করিব।৬৯ হে মহাদেব। এক্ষণে তুমি শবরূপে আমার আসনরূপ হইয়া থাক।৭০ দেবী কর্ত্তৃক এইরূপ আজ্ঞপ্ত হইয়া আমি দেবীর পদসন্নিধানে নিপতিত হইয়া রহিলাম। দণ্ডবৎ প্রণিপাতে লক্ষ বৎসর গত হইল।৭১ তদনন্তর চিৎস্বরূপা ব্রহ্মবিগ্রহা কালী সেই স্থানেই অন্তর্দ্ধান করিলেন। হে দেবি। এই আমি তোমাকে যোগিনীর উৎপত্তিবিবরণ বিস্তার ক্রমে কহিলাম সর্ব্বপ্রযত্নে সর্ব্বদা ইহার গোপন করা কর্ত্তব্য।৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে

নবমঃ পটলঃ।

শ্রীঈশ্বর উবাচ। উত্থায় চ পুনর্দ্দেবী ন তাং দৃষ্ট্বা বয়ং পুনঃ। বদন্তো ভৃশদুঃখার্ত্তানিমগ্নাঃ শোকসাগরে ॥১ হা মাতস্তে মুখাম্ভোজং কোটিচন্দ্রার্ক-ন্যক্কৃতং। কীদৃক্ চরণরাজস্তে কৃপাসাগরসঞ্চয়ং ॥২ বিস্তৃতং পরমং রূপং মহামায়াবিমোহনং। কিস্তুতং নখচন্দ্রানাং জ্যোতিমরমমঙ্গলং॥ কোটি কোটি নিশানাথবিগলন্মুখমণ্ডলং। কিংভূতং কিং ভবেন্মাতঃ ক্ব যাতমিদ-মদ্ভূতং॥ হাহা মাতরিদং রূপং সচ্চিদানন্দমব্যয়ং। অস্মাকং মাতৃভাবেন ন পশ্যাম পুনশ্চ তাং ॥৩।৪ মাতৃতাতবিহীনাশ্চ ভ্রমন্তি বালকা যথা। রুদিত্বা চ রুদিত্বা চ বয়ং সর্ব্বে তথাহ্বয়ন্।। ইত্যাদি বিবিধৈর্দেবি বিলাপৈঃ পর-মেশ্বরি। নীতাবয়ং পঞ্চলক্ষং বর্ষাণামম্বুজেক্ষণে।। রুদিত্বা পুনরুত্থায় রুদন্তো-ভৃশমুচ্চকৈঃ। মাতর্ম্মাত ক্ব যাতা ত্বং অস্মাকং কিং ভবিষ্যতি ॥৫।৬ বয়ন্তে কথমুৎপাদ্য নিক্ষিপ্তাদুস্তরার্ণবে। দয়া নাস্তি দয়ানাস্তি অহো মাতর্ব্বয়ন্তে দীনবালকঃ। ন পালয়সি চেদস্মান্ কোবাস্মান্ পালয়িষ্যতি॥ ত্বাং বিনা

ঈশ্বর কহিলেন, হে দেবি! আমরা উত্থিত হইয়া সেই মহাকালীকে দেখিতে পাইলাম না। অনন্তর শোকসাগরে নিমগ্ন।১ এবং অত্যন্ত দুঃখার্ত্ত হইয়া, তাঁহাকে কহিতে আরম্ভ করিলাম। হা মাতঃ! আপনার মুখপদ্ম কোটি কোটি চন্দ্রকে ন্যক্কৃত করিয়া থাকে, আপনার চরণ করুণার সাগর ও বিসারিত।২ মহামায়ারও বিমোহন এবং পরম রূপসম্পন্ন। আপনার নখ-চন্দ্র সকলের সকল মঙ্গলকর জ্যোতিঃ অনির্ব্বচনীয়। হে মাতঃ কি হইল? কি হইবে? সেই অদ্ভুতরূপ কোথায় গেল?। হা হা মাতঃ! তোমার সেই রূপ, সচ্চিদানন্দ ও অব্যয়। আমরা মাতৃভাবে আর তাঁহাকে দেখিতে পাইতেছি না।৩।৪ পিতৃমাতৃহীন বালকগণ, যেমন কাঁদিয়া কাঁদিয়া ভ্রমণ করে, আমরাও সেইরূপ হইয়াছি।৬ হে পরমেশ্বরি! দেবি! হে কমলেক্ষণে! এই রূপ বিবিধ বিলাপে আমাদের পঞ্চ লক্ষ বৎসর গত হইল। একবার রোদন করিয়া পতিত হই, পুনর্ব্বার উত্থিত হইয়া, মাতঃ! মাতঃ! তুমি কোথায় গিয়াছ? আমাদের কি হইবে এই চিৎকার পূর্ব্বক রোদন করিতে আরম্ভ করিলাম।৫।৬ আপনি আমাদিগকে উৎপাদিত করিয়া দুস্তর দুঃখসাগরে নিক্ষেপ করিলেন কেন? অহো! মাতঃ আমরা তোমার দীন বালক, তোমার কি কিছুমাত্র দয়া নাই। যদি আপনি আমাদিগকে পালন না করেন তবে আমাদিগকে কে প্রতিপালন করিবে? তোমাবিনা আমাদের জনক

জননী নাস্তি নাস্মাকং তাতএব চ। ত্বামদৃষ্ট্বা মরিষ্যামঃ সত্যমেব সুনিশ্চিতং॥ মাতৃতাতবিহীনস্য বালকস্য চ জীবনং। কথং ভবতি হে মাতর্ভাবয়তাং স্বয়মেব হি॥ নিরুৎসুকাহৃদস্মাকং কৃপা তস্যাস্তদা ভবেৎ। সোবাচ যোগিনী বাণীং মহামৃত প্রবর্ষিণীং॥৭

শ্রীকাল্যুবাচ। মা ভয়ার্ত্তা মহেশান ব্রহ্মবিষ্ণুমহেশ্বরঃ। তিষ্ঠামি সততং দেবানিত্যাহুবহমব্যযা॥৮ সচ্চিদানন্দরূপাহং ব্রহ্মৈবাহং স্ফুরৎপ্রভং। মম নাশোনাস্তি কদা নিঃসন্দেহাস্তু তিষ্ঠতঃ॥৯ যদ্রূপং দৃষ্টমস্মাকং যুস্মাভিঃ পরমং মতং। ধাত্বা যদ্রূপ মমলং জপং কুরুত মে মনুং॥১০ তদেব মঙ্গলং লাভং ভবিষ্যতি মহাপ্রভং। ইদানীং ব্রহ্মণোদেহে বিশ বিষ্ণো স্থিবোভব॥১১ অহো মহেশ দেবেশ ব্রহ্মদেহে প্রবিশ্যতি। যাবৎ সৃষ্টিং করোতীশ ইমাং জ্ঞানক্রিযাময়ীং॥১২

ঈশ্বব উবাব। ইত্যুক্ত্বা সা মহাকালী দদাবস্মাসু শাম্ভবি। ইচ্ছাজ্ঞানক্রিয়াশক্তীঃ সর্ব্বকার্য্যার্থসাধনীঃ॥১৩ ইচ্ছা তু বিষ্ণবেদত্তা ক্রিয়াশক্তিস্তু ব্রহ্মণে।

জননী কেহই নাই তোমাকে না আমরা সত্য সত্য নিশ্চয়ই মরিব সন্দেহ নাই। হে মাতঃ! আপনি স্বযং বিবেচনা করিয়া দেখুন, মাতৃতাতবিহীন বালকেব জীবন কিরূপে থাকিতে পারে?। আমাদিগের হৃদয, এইরূপে শোক সন্তপ্ত ও নিরুৎসুক মিবীক্ষণ করিয়া সেই যোগিনী মহাকালী মহামৃত মর্ষিনীবাণী, বলিতে আবন্ত করিলেন।৭

কালী কহিলেন, হে ভগবন্ হে বিষ্ণো হে মহেশ্বর! তোমরা ভয়ার্ত্ত হইও না; আমি সততই রহিয়াছি।৮ আমি নিত্যা ও অব্যযা। আমিই সচ্চিদানন্দরূপ, আমিই স্ফুরৎপ্রভ ব্রহ্ম।৯ তোমরা আমার যে পরম নির্ম্মল রূপ দর্শন করিয়াছ, সেইরূপ ভাবনা করিয়া আমার মন্ত্র জপ কর।১০ তাহা হইলে তোমাদের পরম মঙ্গল লাভ হইবে। এক্ষণে হে বিষ্ণো! তুমি ব্রহ্মার দেহে প্রবেশ কর।১১ অহো! মহেশ! দেবেশ! তুমিও ব্রহ্মার দেহে প্রবেশ কর যে পর্য্যন্ত ঈশ্বর জ্ঞানক্রিয়াময়ী সৃষ্টি আরম্ভ না করেন তাবৎ ইহার দেহে অবস্থান কর।১২

ঈশ্বর কহিলেন হে সাম্ভবি! সেই মহাকালী এই বলিয়া আমাদিগকে সর্ব্ব কার্য্যার্থসাধিকা ইচ্ছাজ্ঞান ও ক্রিয়াময়ী শক্তি প্রদান করিলেন।১৩ বিষ্ণুকে ইচ্ছাশক্তি, ব্রহ্মাকে ক্রিযাশক্তি এবং আমাকে জ্ঞানশক্তি সম্প্রদান কবিযা সেই

মহ্যং দত্ত্বা তু নশক্তিঃ সর্ব্বশক্তিস্বরূপিণী ॥১৪ তদোবাচ মহাকালী শৃণুধ্বং পরমে-শ্বরি। অহং বিশামি যুষ্মাসু পূর্ণরূপেণ শঙ্করে ॥১৫ অয়মেব গুরুর্দ্দেবঃ শ্রীশিবঃ পরমেশ্বরঃ। অয়ং হি বক্তা শাস্ত্রাণাং নাপ্যন্যোঽপি বিধির্হরিঃ ॥১৬ শ্রোত্রি-য়াহং হি যুষ্মাকং সর্ব্বেষাং নাত্র সংশয়ঃ। মোহয়িষ্যামি ব্রহ্মাণং বিষ্ণুং বাপি মহেশ্বরং ॥১৭

ঈশ্বর উবাচ। ইত্যুক্ত্বা সা মহাকালী অস্মাসু প্রবিবেশ হ। অহঞ্চ মাধবে-দেহে প্রবিষ্টোব্রহ্মণস্তদা। ১৮ ততস্তং মোহয়ামাস ব্রহ্মাণং ব্রহ্মবিগ্রহম্‌। ততো ব্রহ্মা স্বয়ং জ্ঞাত্বা স্বয়ং জুহোতি চাব্যয়ং ॥১৯ স্বয়ম্ভুরিতিবিখ্যাতং তদা প্রাপ্তো ন সংশয়ঃ। কিং করোমি ক্ব গচ্ছামি ইতি চিন্তাসমাকুলঃ ॥২০ এব-মেব বিধাতাসাব্যুষিত্বা পরিবৎসরং। জলমেবসসর্জ্জাদৌ ব্যাপকং পরমং মহৎ ॥২১ গুণাভিমানং তত্তোয়ং কারণার্ণবমুল্বণং। তত্রস্থিতা হেমরূপ মসৃজদ্বর্গসঞ্চয়ং ॥২২ তদ্বীর্য্যংবুদ্বুদং যাবদনীকং জাতমন্তিকে। তত্তদ্ব্রহ্মাণ্ড-মাখ্যাতং প্লবতে কারণার্ণবে ॥২৩ তত্তদ্ব্রহ্মাণ্ডরক্ষার্থং ব্রহ্মাণ্ডানাং বিয়ো-

---

সেই সর্ব্বশক্তি স্বরূপিণী আমাদিগকে কহিলেন, ১৪ হে পরমেশ্বরগণ আমি তোমা-দের সকলের সকলের মধ্যেই প্রবেশ করিতেছি কিন্তু মহাদেব শঙ্করে পূর্ণরূপে প্রবেশ করিলাম।১৫ এই শঙ্করই গুরুদেব শ্রীশিব ও পরমেশ্বর, ইনিই সর্ব্ব শাস্ত্রের বক্তা; বিধাতা হরি বা অন্য কেহই নয়।১৬ আমি তোমাদের সক-লেরই শোত্রিয়া, সংশয় নাই আমি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরকে মোহিত করিব।১৭

ঈশ্বর কহিলেন, ইহা কহিয়া সেই মহাকালী আমাদের আমাদের অন্তঃ প্রবিষ্টা হইলেন। তখন আমিও মাধবের ও বিধাতার দেহে প্রবিষ্ট হইলাম।১৮ তদনন্তর ব্রহ্মা জ্ঞানপ্রাপ্ত হইয়া স্বয়ং অব্যয়া মহাকালীর হোম করিলেন, সেই হেতু ব্রহ্মা; স্বয়ম্ভু বলিয়া বিখ্যাত হইয়াছেন সন্দেহ নাই।১৯ অনন্তর ব্রহ্মা কোথায় যাই, কি করি এইরূপ চিন্তায় পর্য্যাকুল হইয়া সংবৎসর এইরূপে বাস করিয়া, প্রথমে সর্ব্বব্যাপক পরম মহৎ জলের সৃষ্টি করিলেন।২০ সেই জল গুণাভিমানসম্পন্ন এবং সেই জলই মহোদ্ধত কারণার্ণব। সেই কারণার্ণবে থাকিয়া, ব্রহ্মা হেমরূপ বীর্য্যসঞ্চয় সৃজন করিলেন।২১ সেই বীর্য্য বুদ্বুদাকারে সন্নিধানে উৎপন্ন হইল। তাহাই ব্রহ্মাণ্ডনামে বিখ্যাত হইয়া, কারনার্ণবে প্লবমান হয়।২২ হে দেবি! আমি স্বয়ং রুদ্রমূর্ত্তি ধারণপূর্ব্বক ব্রহ্মাণ্ডের রক্ষণ ও বিয়োগকার্য্য সততই সম্পাদন করিয়া থাকি।২৩ হে শিবে মহাদেবি! আমি প্রতি ব্রহ্মাণ্ডের পার্শ্বদেশে এক এক রুদ্রমূর্ত্তি ধারণপূর্ব্বক শূলপাণি

ণতাং। করোমি সততং দেবি রুদ্রমূর্ত্তিধরঃস্বয়ং ॥২৪ শূলপাণির্ম্মহাদেবি প্রতিব্রহ্মাণ্ডপার্শ্বতঃ। একৈকরুদ্ররূপেণ তিষ্ঠামি সততং শিবে ॥২৫ যথা ব্রহ্মাণ্ডয়োশ্চাপি সংযোগো জায়তে নহি। তথা করোমি সততং স্থিত্বা তৎকারণার্ণবে। এবমেব বযং সর্ব্বে ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ ॥২৬ প্রতিব্রহ্মাণ্ড মধ্যে তু প্রতিষ্ঠন্নাত্র সংশযঃ। ততো ব্রহ্মা জগদ্ধাতা প্রতিব্রহ্মাণ্ডমধ্যতঃ ॥২৭ প্রবিশ্যৈকৈকরূপেণ অন্যতত্ত্বচতুষ্টযং। ভূমিমগ্নিং তথা বাযুমাকাশঞ্চ সসর্জ্জ সঃ ॥২৮ এতৈস্তু পঞ্চভিস্তত্ত্বৈঃ সর্ব্বাং সৃষ্টিমকারযৎ। ততস্তু ভগবান্ বিষ্ণুবিচ্ছয়া ব্রহ্মণস্তদা। ব্রহ্মদেহাৎ সমুদ্ভূয পালয়ামাস তাং সদা ॥২৯ সৃষ্টির্ব্রহ্মাজ্ঞয়া দেবি প্রতিব্রহ্মাণ্ডমধ্যতঃ। পৃথক্ পৃথক্ সমাস্থায বিষ্ণুরূপং মহাভুজং। প্রতিব্রহ্মাণ্ড মধ্যে তু সংহরামি পুনঃ পুনং ॥৩০ অহং হি পরমেশানি ব্রহ্মদেহং সমাশ্রিতঃ। এবং কিঞ্চিন্নস্মরসি ত্বংহি কিঞ্চিন্মহেশ্বরি ॥৩১ সর্ব্বকার্য্যংমমৈবৈতজ্জানাতি হি জগন্নিধিঃ। জলাদিসকলং তত্ত্বং ব্রহ্মাণ্ডাদিকবিস্তরং ॥৩২ দেবাদিসকলং দেবি দিগ্বিদিক্ চ চরাচরং। কার্য্যঞ্চ কারণং দেবি তথা বিষ্ণোঃ সমুদ্ভবঃ। সর্ব্বং জানাতি হি ব্রহ্মা মৎকৃতং মাযযা

হইযা সততই অবস্থিতি করি।২৪ আর সেই কারণার্ণবে অবস্থানপূর্ব্বক যাহাতে ব্রহ্মাণ্ডদ্বয়ের বিয়োগ না হয, সতত তাহাই সম্পন্ন করিযা থাকি।২৫ ব্রহ্মাবিষ্ণু ও মহেশ্বর আমরা সকলে প্রতি ব্রহ্মাণ্ড মধ্যেই এইরূপে অবস্থান করিযা থাকি, তাহাতে সংশয নাই।২৬ তদনন্তর জগদ্বিধাতা ব্রহ্মা প্রতি ব্রহ্মাণ্ডের মধ্যে প্রবেশপূর্ব্বক এক একরূপে অন্যতত্ত্ব চতুষ্টয় অর্থাৎ ভূমি, অগ্নি, বাযু ও আকাশ সৃজন করিলেন।২৭ এই পঞ্চতত্ত্ব অর্থাৎ পঞ্চ পরমাণু দ্বারা এই সমস্ত সৃষ্টিকার্য্য সম্পন্ন হইয়া থাকে।২৮ তদনন্তর ভগবান্ বিষ্ণু আপন ইচ্ছায ব্রহ্মের ব্রহ্মদেহ হইতে উৎপন্ন হইয়া, সেই সৃষ্টি পালন করেন।২৯ হে দেবি! ব্রহ্মার আজ্ঞায সৃষ্টি হইল। আমি প্রতি ব্রহ্মাণ্ডের মধ্যে পৃথক্ পৃথক্ মহাভুজ বিষ্ণুরূপে অবস্থান করিযা পালন এবং রুদ্ররূপে পুনঃ পুনঃ সংহার করিযা থাকি। হে পরমেশানি! আমিই ব্রহ্মদেহ সমাশ্রয় করিযা থাকি।৩০ হে মহেশ্বরি। তোমার কি কিছুই স্মরণ হয না। হে দেবি! এই সমস্ত কার্য্য আমারই জানিবে। আমাতেই জগৎ অবস্থিত আছে।৩১ জলাদিতত্ত্ব সকল এবং ব্রহ্মাণ্ডাদি বিস্তার সকল দেবাদি সমুদায দিক্ বিদিক্ ও চরাচর কার্য্য ও কারণ এবং বিষ্ণুর উৎপত্তি এই সমস্তই ব্রহ্মা মৎকৃত মাযাদ্বারা অবগত

পুনঃ ॥৩৩ কিন্তু সর্ব্বং হি মিথ্যৈব মাতুর্মায়াহি কেবলং। তাং মায়াং হি ভজন্তে তৎপরেং যান্তিতে নরাঃ ॥৩৪ তুষ্টাসা পরমামায়া মুক্তিমাত্রং প্রযচ্ছতি। রুষ্টা সা পরমামায়া ভুমিযোগং প্রযচ্ছতি ॥৩৫ তস্যাঃ পাদাম্বুজে দেবি বশ্যা মুক্তিঃ সমাশ্রিতা। যস্তুতুষ্টা মহাদেবী মমমাতা মহেশ্বরী। দদৌ তস্মৈচ তাং মুক্তিং মহামায়া চ শঙ্করি ॥৩৬ শ্রুতং হি সকলং দেব ত্বৎপ্রসাদাৎ মহেশ্বব। অশ্রুতং পরমং তত্ত্বং ব্রহ্মাদীনা মগোচরং ॥৩৭ ইদানীং শ্রোতুমিচ্ছামি যৎ প্রোক্তং কারণার্ণবং। কিমাধারং মহাদেব তদাধারঞ্চ কিম্বদ॥ সীমানং বদ দেবেশ যদি স্নেহোঽস্তি মাং প্রতি ॥৩৮

ঈশ্বর-উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যতরং শুভং অতিগোপ্য সুগোপ্য হি ব্রহ্মবিষ্ণাদ্যগোচরং ॥৩৯ মহার্ণবোভবেদ্দেবি মহাকালোমহেশ্বরঃ। শূন্যরূপং হি ক্রীড়ার্থং ভর্ত্তারং পর্য্যকল্পয়ৎ ॥৪০ সৈব কালী জগন্মাতা মহা-

---

আছেন।৩২।৩৩ কিন্তু হে দেবি! এই সমস্তই মিথ্যা, কেবল শক্তিমাতাব মায়া জানিবে। যে মানব সেই মায়াকে ভজনা করে, সে এই মায়া পার হইতে পারে।৩৪ যদি পরমা মায়া তুষ্টা হন, তবে সে মুক্তিপায় সন্দেহ নাই। যদি সেই মায়া রুষ্টা হন,তবে ভুমিযোগ অর্থাৎ যোনিযোগ প্রদান করিয়া থাকেন।৩৫ তাহার পাদপদ্মে মুক্তিবশ্যা থাকিয়া, তাহা আশ্রয় করিযা আছে। সেই মহামায়া সমমতা মহাকালী যাহার প্রতি পরিতুষ্টা হন, তাহা কেহ সেই মুক্তি প্রদান করিয়া থাকেন।৩৬।৩৭

দেবী কহিলেন, হে মহেশ্বর! আমি আপনার প্রসাদে সকলই শ্রবণ কবিলাম; এক্ষণে ব্রহ্মাদির অগোচর, অশ্রুত বৃত্তান্ত সকল শ্রবণ করিতে বাসনা হয়।৩৮ আপনি যে কারণার্ণবের কথা কহিলেন, তাহা কোন আধারে বিদ্যমান রহিয়াছে, সেই আধার তাহার সীমা বর্ণন করুন। হে দেব! আদি আমার প্রতি স্নেহ থাকে, তবে ঐ সমস্ত কীর্ত্তন করিয়া, আমার কৌতুহল চরিতার্থ করুন।৪৯

ঈশ্বর কহিলেন, হে দেবি! ব্রহ্মাদির অগোচর, গুহ্যাদপি গুহ্য, অতিগোপ্য সুগোপ্য, শুভকর বিষয় বলিব, শ্রবণ কর। হে দেবি মহার্ণবে! মহাকাল মহেশ্বরের স্বরূপ।৪০ সেই জগন্মাতা কালী ক্রীড়ার নিমিত্ত ভর্ত্তাকে শূন্যরূপে কল্পনা কবিযাছেন। সেই জগন্মাতাই মহাকাল সমানা হইয়া, অর্দ্ধতেজোরূপা

হ্যালতুশা তু সা। ভূম্বাদ্ধতেজসী রূপা মহাকালঞ্চ বিভ্রতী ॥৭১ শূন্যরূপা কৃষ্ণ বর্ণা মত্তা হ্যাহূর্দ্ধ তেজসী। সীমা পৃষ্টা ত্বয়া দেবি সৈবা ব্রহ্মেন কেবলং ।৪২ তেজোরূপং ব্রহ্মতেজঃপ্রকাশরূপকস্তথা। তন্বপ্রকাশং মহাদেবি ব্যাপাব্যাপকবৰ্জ্জিত ৪৩ নাধারৈশ্চৈব নাধারমদ্বিতীয়ং নিবন্তরং। ইদং হি সকলং দেবি সর্ব্বং মাযামযং পুনঃ ॥৪৪ মিথ্যৈব সকলং দেবি সত্য ব্রহ্মৈব কেবলং। ইদং হি কথিতং তুভ্যং সাবাৎসাবং পবাৎপবং। গুহ্যাদ্‌গুহ্যতবং গুহ্যং গুহ্যাদ্‌গুহ্যং মহেশ্ববি। ইদং হি পবমং জ্ঞানং সর্ব্বমাযানিকৃন্তনং ॥৪৫।৪৬ সর্ব্বজ্ঞানমযং ভেদ মহামাৰ্ত্তণ্ড বিগ্রহঃ॥ কোটিকোটি মহাদানাৎ কোটিকোটি মহাতপাৎ। কোটকোটি মহাজ্ঞানাৎ কোটিকোটিমহাব্রতাৎ ॥৪৪ কোটিকোটিমহাতীর্থাদ্বগাহেন মহেশ্ববি। বহুজন্মব্যতীতে তু যদি শৃণোতি কর্হিচিৎ। তদা মুক্তোভবেদ্দেবি সংসাবে ন পুনর্ভবেৎ ।৪৭।৪৯ ইত্যবং কথিতং তুভ্যং গোপযস্ব স্বযোনিবৎ। যথান্যো লভতে নৈব তথা কুৰ প্রযত্নতঃ ॥৫০ গোপনীযং গোপনীযং গোপনীযং প্রযত্নতঃ। গোপনীযং প্রযত্নেন মম সর্ব্বস্ব মুত্তমং ॥৫১ দদ্যাচ্ছান্তায ধীবায

হইযা, মহাকালকে ধাবণ কবিতেছেন ।৪১ তিনিই শূন্যরূপা, কৃষ্ণবর্ণা এবং ঊৰ্দ্ধতেজে মত্তা। দেবি! তুমি সীমা জিজ্ঞাসা কবিতেছ? সীমা কেবল ব্রহ্মই জানিবে ।৪২ তেজোরূপ, ব্রহ্মতেজঃ এবং প্রকাশকরূপ। সেই প্রকাশ ব্যাপক ও অব্যাপকবৰ্জ্জিত ।৪৩ সেই প্রকাশেব অধেয নাই, আধাব নাই, তাহা নিবন্তব অদ্বিতীয। হে দেবি! এই অখিল সমস্তই মাযামঘ ।৪৪ হে দেবি! সকলই মিথ্যা, কেবল ব্রহ্মই সত্য। এই আমি তোমাকে সাবাৎসাব, পবাৎপব, গুহ্য হইতেও গুহ্যতর, সর্ব্বমাযানিকৃন্তন পবমজ্ঞানেব বিষয় বহিলাম ।৪৫ ৪৬ মহামার্ত্তণ্ডবিগ্রহ সর্ব্বজ্ঞানময ভেদমাত্র। হে মহেশ্ববি! কোটি কোটি মহাদান হইতে, কোটি কোটি মহাতপ হইতে, কোটি কোটি মহাজ্ঞান হইতে, কোটি কোটি মহাব্রত হইতে, কোটি কোটি মহাতীর্থাবগাহন হইতে এই জ্ঞান উৎকৃষ্ট তম জানিও। বহুজন্ম অতীত হইলে, যদি কেহ শ্রবণ করে, তবে সে মুক্ত হয, তাহাকে পুনর্ব্বাব আব সংসাবে জন্মগ্রহণ কবিতে হয না ।৪৭।৪৯ এই আমি তোমাকে সকলি কহিলাম, ইহা নিজযোনিব ন্যায গোপন কবিবে। যাহাতে ইহা অন্য কেহ লাভ কবিতে না পাবে, যত্নপূর্ব্বক তাহাই কবিবে ।৫০ ইহা যত্নপূর্ব্বক গোপনীয, গোপনীয়, গোপনীব জানিও। আমাব এই সর্ব্বস্বধন গোপনীয জানিবে ।৫১ শান্ত, সুধীর, যোগী,

যোগিনে কুলযোগিনে। জ্ঞানিনে দেবদেবেশি অন্যথা নরকংব্রজেৎ।৫২ কথিত সারভূতং তে খেলৎখঞ্জনলোচনে। ব্রহ্মজ্ঞানং ময়াদেবি কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি॥৫৩ নাতপরতরং কিঞ্চিৎ বিদ্যতে মম মানসে। গোপনীয়ং সদা ভদ্রে পশুপামরসন্নিধৌ॥৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতি সাহস্র্যে

দশমঃ পটলঃ।

বাচ। দেবদানবগন্ধর্ব্বসুরেশপরিপূজিত। গণেশনন্দিচন্দ্রেশগোবিন্দবিধিবন্দিত॥১ যোগীন্দ্রবন্দিতপদ সর্ব্বলোকগুরো হর। যা প্রোক্তা পরমা বিদ্যা কালী কলুষনাশিনী॥২ যদ্‌যন্মন্ত্রং সাধনঞ্চ পূজনঞ্চ পুরস্ক্রিয়াং। মুদ্রাং বলিং তথা হোমং ভাবং স্থানং তথৈবচ॥ ধ্যানং স্তোত্রঞ্চ কবচং অন্যাঃ শ্রুতং পুরা ময়া। ইদানীং শ্রোতুমিচ্ছামি স্থানং ভেদং মহেশ্বর॥৩।৪ কুত্র বা প্রাপ্যতে মোক্ষঃ কুত্র বা সিদ্ধিরুত্তমা। ঝটিত্যেব মহাদেব কৃপয়া বদ

কুলযোগী জ্ঞানী, এই সকল ব্যক্তিকেই দান করা কর্ত্তব্য, ইহার অন্যথা হইলে নরকে গমন করে।৫২ হে খেলৎখঞ্জনলোচনে! হে মহাদেবি! হে দেবদেবেশি! আমি সারভূত ব্রহ্মজ্ঞান তোমাকে কহিলাম, অধিক আর কি শুনি ইচ্ছা হয়?৫৩ ইহা অপেক্ষা উৎকৃষ্টতর অন্য কিছুই আমার হৃদয়ে নাই, ইহা পশু ও পামর সন্নিধানে গোপনীয়।৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে দশম পটল।

দেবী কহিলেন, হে দেবদানবগন্ধর্ব্ববন্দ্য! সুরেশপূজিত! হে গণেন্দ্রনন্দিচন্দ্রেশগোবিন্দবিধিবন্দিত!১ যোগীন্দ্রবন্দিতপদ! সর্ব্বলোকগুরো! পরমেশ্বর শঙ্কর! হর! আপনি যে কলুষনাশিনী পরমাকালী বিদ্যা ২ এবং যে যে মন্ত্র সাধন, পূজন, পুরস্ক্রিয়া, মুদ্রা, বলি, হোম ও ভাব এবং স্থান ধ্যান, স্তোত্র ও কবচ ইত্যাদি যাহা যাহা কহিলেন, তৎসমুদায় আমি শ্রবণ করিলাম। এক্ষণে হে মহেশ্বর! আমি স্থানভেদ শ্রবণ করিতে ইচ্ছা করি।৩।৪ কোথায় বা মোক্ষপ্রাপ্ত হওয়া যায়, কোথায় বা ঝটিতি উত্তমা সিদ্ধিলাভ হয়, তাহা আপনি

শঙ্কর ॥৫ যদাশ্রিতো দ্রুতং লোকঃ স্বকার্য্যফলভাগ্ভবেৎ। প্রযাসস্য চ বাহুল্যং হিত্বা হি পরমেশ্বর ॥৬

ঈশ্বর-উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি স্থানং পরমদুর্ল্লভং। দ্রুতসিদ্ধিকরং দেবি মোহামোক্ষ ফলপ্রদং ॥৭ কালিকাযাঃ শ্মশানাদ্ধি নান্যৎ স্থানং প্রশস্যতে। তত্র যদ্যদ কৃত্যং কর্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৮ তত্র চৈকা পুরশ্চর্য্যা কৃতা চেৎ পরমেশ্বরি। নতু মৈবং মহাদেবি ভাবযুক্তঃ সশক্তিকঃ ॥৯ অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যান্নাত্র চিত্রং কথঞ্চন। অনন্তফলদা পূজা সর্ব্বত্রৈব জলে স্থলে ॥১০ দিব্য ভাবেন বা দেবি বীরভাবেন চেদ্ভবেৎ। শক্তিং বা বৈষ্ণবং বাপি শৈবং বান্যং তথা পুনঃ ॥ বারাণস্যাং জপেদ্যোহি মাসমাত্রং বরাননে। প্রাতঃকালং সমারভ্য যাবন্মধ্যন্দিনন্তবেৎ ॥ অবশ্যং মন্ত্রসিদ্ধিস্যাৎ সত্যমেব সুসিদ্ধিদে। নির্ব্বাণং তস্য দেবেশি অবশ্যং জাযতে শিবে ॥১১ ১৩ মহাশ্মশানং দেবেশি আনন্দকানন তথা। অবিমুক্তং মহাদেবি তথা গৌরিমুখং পুনঃ ॥১৪ বারাণসী মহাক্ষেত্রং কালীরূপং পরাৎপরং। তত্র যদ্যৎ কৃতং দেবি কিং তস্য কথযামিতে ॥১৫

কৃপাপ্রকাশপূর্ব্বক সেই কীর্ত্তন করুন।৫ হে শঙ্কর। লোক সকল প্রযাসবাহুল্য ব্যতিরেকেই যাহা আশ্রয় করিযা শীঘ্রই স্বকার্য্যের ফলভোগ করে, তাহা বলিতে অনুমতি হউক।৬

ঈশ্বর কহিলেন, দেবি শীঘ্রসিদ্ধি কর, মহামোক্ষফলপ্রদ পরম দুর্লভস্থান বলিতেছি শ্রবণ কর।৭ কালিকার শ্মশান হইতে প্রশস্ত স্থান অন্য আর নাই, তথায যে যে কর্ম্ম করা যায, তাহাই অনন্তফলপ্রদ হইযা থাকে।৮ হে পরমেশ্বরি! মহাদেবি। তথায ভাব যুক্ত ও ভক্তি সমন্বিত হইযা পুরশ্চরণ করিলে তাহার তুল্য কার্য্য আর নাই, তদ্দ্বারা অবশ্যই মন্ত্রসিদ্ধি হয, তাহাতে কিছুমাত্র সংশয নাই।৯।১০ জলে বা স্থলে সর্ব্বত্রই দিব্যভাবে বা বীরভাবে পূজা করিলে তাহা অনন্তফল প্রদান করিযা থাকে। হে সুসিদ্ধিপ্রদে! শঙ্করি। শাক্ত বা বৈষ্ণব মন্ত্রই হউক বারাণসীতে প্রাতঃকালে আরম্ভ করিযা মধ্যন্দিন পর্য্যন্ত মাসত্রযমাত্র জপ করিলে অবশ্যই মন্ত্রসিদ্ধি হয, ইহা নিশ্চযই সত্য জানিবে। হে দেবেশি! শিবে! তাহার অবশ্যই নির্ব্বাণ মোক্ষ হয।১১।১৩ হে অমরেশ্বরি! মহাদেবি! বারাণসী মহাশ্মশান আনন্দকানন, অবিমুক্ত ও গৌরীকানন।১৪ তাহা পরাৎপর কালীরূপ মহাক্ষেত্র। তথায যাহা যাহা কর্ম্মকরা যায, তাহারফল প্রকাশ করিতে আমার সামর্থ্য নাই।১৫ বামমার্গে মহাপূজা করিলে সর্ব্ববিধ সিদ্ধি ও সর্ব্বমঙ্গলান্ত হয।

কামরূপে মহাপূজা সর্ব্বসিদ্ধিফলপ্রদা। নেপালস্য কাঞ্চনাদ্রিং ব্রহ্মপুত্রস্য সঙ্গমং ॥১৬ করতোয়াং সমাশ্রিত্যং যাবদ্দিক্করবাসিনী। উত্তরস্যাং কঞ্জগিরিঃ করতোয়াত্তু পশ্চিমে।১৭ তীর্থশ্রেষ্ঠাদিক্ষুনদী পূর্ব্বস্যাং গিরিকন্যকে। দক্ষিণে ব্রহ্মপুত্রস্য লাক্ষায়াঃ সঙ্গমাবধি ॥ কামরূপ ইতি খ্যাতঃ সর্ব্বশাস্ত্রেষু নিশ্চিতঃ।১৮ ঋণানি ত্রীণ্যপাকর্ত্তুং যস্য চিত্তং প্রসীদতি। স গচ্ছেৎ পরয়া ভক্ত্যা কামাখ্যাযোনিসন্নিধিং ॥১৯ তীর্থযাত্রাং সমাসাদ্য যদেকোঽপ্যত্র গচ্ছতি। পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥২০ ত্রিশদ্‌যোজনবিস্তীর্ণং দীর্ঘেণ শত যোজনং। কামরূপং বিজানীহি ত্রিকোণাকার মুত্তমং ॥২১ ঈশানে চৈব কেদারো-বায়ব্যাং গজশাসনঃ। দক্ষিণে সঙ্গমে দেবি লাক্ষাযাব্রহ্মরেতসঃ ॥২২ ত্রিকোণমেবং জানীহি সুরাসুরনমস্কৃতঃ। তত্র যে মানবাঃ সন্তি তে দেবানাত্র সংশয়ঃ ॥২৩ তত্র যদ্‌যজ্জলং দেবি তৎ সর্ব্বং তীর্থমেব হি। উপবীথিশ্চ বীথিশ্চ উপপীঠঞ্চ পীঠকং ॥২৪ সিদ্ধপীঠং মহাপীঠং ব্রহ্মপীঠং তদন্তরং। বিষ্ণুপীঠং মহাদেবি রুদ্রপীঠং তদন্তর ॥২৫ নবযোনি বিতি খ্যাতা চতুর্দ্দিক্ষু সমন্ততঃ। তত্র তত্র

নেপালের কাঞ্চনগিরি, ব্রহ্মপুত্রের সঙ্গম ১৬ করতোয়া অবধি দিক্করবাসিনী পর্য্যন্ত এবং উত্তরে কঞ্জগিরি, ও তীর্থশ্রেষ্ঠ করতোয়ার পশ্চিমে১৭ ইক্ষুনদী পর্য্যন্ত, পূর্ব্বদিকে গিরিকন্যকা পর্য্যন্ত এবং দক্ষিণে ব্রহ্মপুত্রের ও লাক্ষানদীর-সঙ্গম পর্য্যন্ত স্থান কামরূপ বলিয়া সর্ব্বশাস্ত্রে নিশ্চিত আছে।১৮ পিতৃঋণ, ঋষিগণ ও দেবঋণ এই ঋণত্রয় পরিশোধ করিতে যাহার মানস প্রসন্ন হয়, সে পরমভক্তি সহকারে কামাখ্যার যোনি সন্নিধানে গমন করিবে।১৯ তীর্থযাত্রা অবলম্বন করিয়া যে কোন মানব এই তীর্থে গমন করে, পদে পদে তাহার অশ্বমেধের ফললাভ হয়।২০ হে দেবি! কামরূপ ত্রিকোণাকরে, দৈর্ঘ্যে শতযোজন এবং বিস্তারে ত্রিংশৎ যোজন জানিবে। ঈশানে কেদার, বায়ুকোণে গজশাসন, দক্ষিণে ব্রহ্মরেতঃ অর্থাৎ ব্রহ্মপুত্রের লাক্ষানদীর সমঙ্গ২১ কামরূপ এইরূপ ত্রিকোণ; এই স্থান সুরাসুর সকলেরই নমস্কৃত। তথায় যে সকল মানব আছেন তাহারা দেবতা সন্দেহ নাই।২২।২৩ তথায় যে যে জল আছে, তৎসমুদায়ই তীর্থ। হে মহাদেবি! তথায় উপবীথি, বীথি, উপপীঠ, পীঠ২৪ সিদ্ধপীঠ, মহাপীঠ, ব্রহ্মপীঠ, বিষ্ণুপীঠ ও রুদ্রপীঠ, এই নবপীঠ নবযোনি বলিয়া বিখ্যাত এবং ইহার চারিদিকেই অবস্থিত২৫ সেই সেই মহাপূজা, উত্তরোত্তর স্থান সকলে অধিক অধিকফল প্রদান করিয়া

মহাপূজোত্তরোত্তরফলাধিকা ॥২৬ দ্বিগুণং দ্বিগুণং ভদ্রে ফলমেবং সুনিশ্চিত। সর্ব্বেষাঞ্চৈব বিদ্যানাং সর্ব্বমন্ত্রস্য শাম্ভবি ॥২৭ পূজনে জপনে চৈব দ্বিগুণং দ্বিগুণং ফলং। নবযোনিঃ সমাখ্যাতা কামাখ্যা যোনিমণ্ডলং ॥২৮ অযোনিমহিপর্য্যন্তযাবিদ্যগন্ধমাদন। পঞ্চক্রোশ'মিদং দেবি সর্ব্বেষামেব দুর্ল্লভং ॥২৯ ব্রহ্মবিষ্ণুসুরেশাদ্যৈঃ সেবিতং পরমাদ্ভুতং। দেবামরণমিচ্ছন্তি কা কথা মানুষেষু চ ॥৩০ যোনিপীঠে মহেশানি পঞ্চক্রোশমিতে শিবে। যে গচ্ছন্তি শিবাকারা যে মৃতাস্তেঽপুনর্ভবা ॥৩১ তে চ সূর্য্যাকরং ক্লেশং ন প্রাপ্নুবন্তি কর্হিচিৎ। যোনিপীঠে চ নিষ্পাপা যে বসন্তি নরোত্তমাঃ। তে সর্ব্বে শঙ্করাজাতা স্ত্রিনেত্রাশ্চন্দ্রমূর্দ্ধজাঃ ॥৩২ সর্ব্বেষাঞ্চৈবং বিদ্যানাং সর্ব্বমন্ত্রস্য চেশ্বরি। পূজনং জপনঞ্চৈব কুরুতে সাধকোত্তমঃ। অণিমাদ্যষ্টসিদ্ধীনামাশ্রয়ো জায়তে নরঃ ॥৩৩ তন্মধ্যে চ মহাদেবি গিরির্নীলাচলোজ্জ্বলঃ। ব্রহ্মবিষ্ণুশিবাকারঃ সর্ব্বশক্তিময়ঃ পুনঃ ॥৩৪ তন্মধ্যে পরমেশানি মনোভবগুহাপরা। মনোভবগুহামধ্যে রক্তপানীয়রূপিণী ॥৩৫ কোটিলিঙ্গসমাকীর্ণা কামাখ্যা কল্পবল্লরী। তত্তেজসা তু সংদীপ্তা মনোভবগুহা সদা ॥৩৬ অস্যাঃ

থাকে। ঐ সকলে ক্রমশঃ দ্বিগুণ দ্বিগুণ ফল অবধারিত আছে।২৬ তথায় সর্ব্ববিধ বিদ্যার এবং সর্ব্ববিধ মন্ত্রের পূজা ও জপ করিলে দ্বিগুণ দ্বিগুণ ফললাভ হয়।২৭ কামাখ্যা যোনিমণ্ডল নবযোনি দ্বারা আখ্যাত হয়।২৮ যোনি অবধি মহিপর্য্যন্ত এবং বিদ্যা হইতে গন্ধমাদন পর্য্যন্ত এই পঞ্চক্রোশস্থান সকলেরই দুর্ল্লভ২৯ পরমাদ্ভুত এবং ব্রহ্মা বিষ্ণু সুরেশ্বরাদি কর্ত্তৃক সেবিত। মানুষের কথা কি কহিব দেবগণও এইস্থানে মরণ কামনা করেন।৩০ হে মহেশানি! পঞ্চক্রোশ পরিমিত যোনিপীঠে যে মানব গমন করে, সে শিবতুল্য হয় এবং মরণান্তে আর জন্মগ্রহণ করিতে হয় না।৩১ সেইনর, সূর্য্যাত্মজের ক্লেশ কিছুই প্রাপ্ত হয় না। যে নরোত্তমগণ যোনিপীঠে বাসকরে, তাহারা চন্দ্রমূর্দ্ধজ ও ত্রিনেত্র শঙ্কর তুল্য হয়।৩২ সাধকোত্তমগণ, সর্ব্ববিধ বিদ্যার এবং সর্ব্ববিধ মন্ত্রের পূজা এবং জপ করিয়া থাকে। নরগণ, এইস্থানে অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্যলাভ করিতে পারে।৩৩ হে মহাদেবি! সেই যোনিপীঠমধ্যে ব্রহ্মা বিষ্ণুশিবাকার সর্ব্বশক্তিময়নীলাচলোজ্জ্বলগিরি বিদ্যমান আছে।৩৪ হে পরমেশ্বরি! তন্মধ্যে উৎকৃষ্টতর মনোভবগুহা। মনোভবগুহার মধ্যে রক্তপানীয় রূপিনী৩৫ কোটিলিঙ্গসমাকীর্ণা কামাখ্যা বল্লরী বিদ্যমানা। ঐ মনোভবগুহা, তাহার তেজে নিরন্তর সংদীপ্ত রহিয়াছে।৩৬

স্পর্শনমাত্রেণ লৌহোযাতি স্বুবর্ণতাং। চতুর্হস্তপ্রমাণানি সমন্তাৎ পর্ব্বতা ত্মজে। অস্যাঃ স্পর্শনমাত্রেণ শিবত্বমিতি মানবঃ। নিষ্পাপোজায়তে দেবি তৎক্ষণান্নাত্র সংশয়ঃ ॥৩৭।৩৮ অত্র যদ্‌যৎ কৃতং কর্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৩৯ তন্মধ্যে পরমেশানি সমন্তাদ্দ্বাদশাঙ্গুলং। আপাতালাদ্ধ্রদং দেবি প্রোচ্ছল-জ্জলমণ্ডলং ॥৪০ তজ্জলং পরমেশানি ব্রহ্মবিষ্ণুশিবাত্মকং। ঐশ্বরং তজ্জলং দেবি কারণার্ণবস জ্ঞকম্ ॥৪১ বহু কিং কথ্যতে দেবি তজ্জলং পরমামৃতং। শঙ্কিতেনৈব কথিতং মাতর্জানীহি সুন্দরি ॥৪২ কাঙ্ক্ষন্তি সততং দেবি তজ্জলং সচরাচরং। তজ্জলস্পর্শমাত্রেণ তদ্ধ্রদস্পর্শনেন চ। তৎক্ষণান্মা-নবোঃদেবি দেবোভবতি নিশ্চিতং। পুণ্যপাপবিনির্ম্মুক্তো জীবন্মুক্তোভবেদ্‌-ধ্রুবং ॥৪৩ ৪৪ তদ্ধ্রদে পূজয়েদ্‌যোহি তজ্জলেন মহেশ্বরি। জিহ্বাকোটি-সহস্রৈস্তু বক্ত্রকোটিশতৈরপি। বর্ণিতুং নৈব শক্নোমি তৎফলং গিরি-নন্দিনি ॥৪৫ হ্রদে হস্তং বিনিঃক্ষিপ্য জলমধ্যে মহেশ্বরি। অষ্টোত্তরশত-জপান্মহাসিদ্ধীশ্বরো ভুবি। মন্ত্রসিদ্ধির্ভবেত্তস্য তৎক্ষণান্নাত্র সংশয়ঃ ॥৪৬ শৈবোবা বৈষ্ণবো বাপি শাক্তোবান্যোমহেশ্বরি। জপ্যতে যৈস্তু মন্ত্রোহি

উহার স্পর্শ মাত্রেই লৌহ সুবর্ণ হয়। হে পর্ব্বতাত্মজে! উহা চারিদিকে চতুর্হস্ত পরিমিত হইবে। উহার স্পর্শমাত্রেই, নরগণ শিবত্ব প্রাপ্ত হয় এবং তৎক্ষণাৎ নিষ্পাপ হয় সন্দেহ নাই।৩৭।৩৮ ইহাতে যে যে কর্ম্মকৃত হয়, তৎসমস্তই অনন্তফলপ্রদ হইয়া থাকে।৩৯ হে পরমেশানি! তন্মধ্যে চারি-দিকে দ্বাদশাঙ্গুল পরিমিত, পাতাল পর্য্যন্ত বিস্তৃত, প্রোচ্ছলিতজলমণ্ডল হ্রদ বিদ্যমান আছে, সেই জল ব্রহ্ম বিষ্ণু শিবাত্মক।৪০ হে দেবি! সেইজল ঐশ্বরীয় এবং কারণার্ণব নামে বিখ্যাত।৪১ হে দেবি! বহু বাক্যব্যয়ে কি ফল? সেইজল পরমামৃত, হে সুন্দরি! আমি ইহা শঙ্কিত হইয়াই কহি-লাম।৪২ সচরাচর অখিল ব্রহ্মাণ্ডমণ্ডল সেই জলের আকাঙ্ক্ষা করিয়া থাকে। সেই হ্রদ ও সেই জলস্পর্শ করিবামাত্রই মানবগণ দেবতা হয় এবং পাপপুণ্য হইতে নির্ম্মুক্ত হইয়া জীবন্মুক্ত হয় নন্দেহ নাই।৪৩।৪৪ হে গিরিনন্দিনি! যেনর, সেইহ্রদে তজ্জল দ্বারা পূজা করে, যাহার যে কিফল আমি কোটি সহস্র জিহ্বা এবং কোটিশত আনন প্রাপ্ত হইলেও তাহা বর্ণন করিতে সমর্থ হইনা।৪৫ হে মহেশ্বরি। সেইহ্রদে জলমধ্যে হস্তনিক্ষেপ করিয়া অষ্টোত্তর শতবার জপ করিলে, সেই ব্যক্তি পৃথিবীতলে মহাসিদ্ধীশ্বর হয় এবং তৎক্ষণাৎ তাহার মন্ত্র সিদ্ধি হয় সন্দেহ নাই।৪৬ হে মহেশি! শাক্তই হউক বৈষ্ণবই

তৎক্ষণাৎ সিদ্ধিমৃচ্ছতি ॥৪৭ অষ্টোত্তরশতেনাপি নাত্র কার্য্যা বিচারণা ॥৪৮ কুশাগ্রোথিতং তদ্দেবি পিতৃভ্যো যঃ প্রয়চ্ছতি । গয়াশ্রাদ্ধং কৃতং তেন নিযুতাব্দং মহেশ্বরি ॥৪৯ এতত্তে কথিতং দেবি কামাখ্যাযোনিমণ্ডলং । সংক্ষেপেণ মহেশানি বক্ষাম্যেবং বিশেষতঃ ॥৫০ কিন্তস্য কথ্যতে দেবি মাহাত্ম্যন্তে যশস্বিনি । তত্র কোটিযোগিনীভিঃ কালী বসতি তারিণী ॥৫১ ছিন্নমস্তা ভৈরবী সা সপ্তসপ্তবিভেদিতা । ধূমা চ ভুবনেশানি মাতঙ্গী কমলালয়া । ভগক্লিন্না ভগাধারা তথা চৈব ভগন্দরী । দুর্গা চ জয়দুর্গা চ তথা মহিষমর্দ্দিনী ॥৫২।৫৩ উপবিদ্যাশ্চ যাঃ প্রোক্তাঃ সর্ব্বাভিস্তাভিরেব চ । ব্রহ্মাবিষ্ণুমহেশাদ্যৈ র্ম্মহাকালী বসেৎ সদা ॥৫৪ ব্রহ্মমুখাশ্রয়ং পীঠং উগ্রতারাভির্দ্দৈবতং । তৎপীঠং দ্বিবিধং প্রোক্তং গুপ্তং ব্যক্তং মহেশ্বরি ॥৫৫ ব্যক্তাদগুপ্তং পুণ্যতরং দুরাপং সাধকোত্তমৈঃ । সর্ব্বত্র লভ্যতে দেবি কুলদ্বয়বিশারদৈঃ ॥৫৬ মনোভবগুহারন্ধ্রে দেবীশিখরমুন্নতং । তন্মহোগ্রমিতি খ্যাতং পীঠং পরমদুর্লভং ॥৫৭ সিদ্ধিকালী ব্রহ্মরূপা দেবতা

হউক বা শৈবই হউক বা অন্যই হউক, তথায় যে, অষ্টোত্তর শতবার মন্ত্র জপ করে, তবে তৎক্ষণাৎ তাহার মন্ত্রসিদ্ধি হয় সন্দেহ নাই ।৪৭ সে মানব, তথায় কুশাগ্র দ্বারা তজ্জল পিতৃগণকে প্রদান করে, তাহার দ্বারাই তাহার নিযুতাব্দব্যাপি গয়া শ্রাদ্ধের ফল হয় ।৪৮।৪৯ হে দেবি ! এই আমি তোমাকে কামাখ্যা যোনিমণ্ডল কহিলাম। এক্ষণে সংক্ষেপে তাহার মাহাত্ম্য বর্ণন করিতেছি ।৫০ হে যশস্বিনি! তথায় কোটি কোটি যোগিনীর সহিত জগত্তারিণী কালিকা বাস করেন ।৫১ সপ্ত সপ্ত বিভেদে ছিন্নমস্তা, ভৈরবী, ধূমাবতী, ভুবনেশ্বরী মাতঙ্গী কমলালয়া, ভগক্লিন্না, ভগাধারা, ভগন্দরী, দুর্গা, জয়দুর্গা, মহিষীমর্দ্দিনী৫২।৫৩ এবং যে সকল উপবিদ্যা আছেন, সেই সকলেরই সহিত এবং ব্রহ্মা, বিষ্ণু, ওমহেশাদি দেবগণের সহিত মহাকালী নিরন্তর তথায় বাস করিতেছেন ।৫৪ হে দেবি ! উগ্রতারা যাহার অধি দেবতা, সেই ব্রহ্মমুখাশ্রয় পীঠ বিদ্যমান আছে। সেই পীঠ দুইপ্রকার ; গুপ্ত ও ব্যক্ত ।৫৫ ব্যক্ত অপেক্ষা গুপ্তপীঠ, সাধককে অধিকতর পুণ্য প্রদান করে। ঐ গুপ্তপীঠ দুর্লভ, কিন্তু কুলদ্বয় বিশারদ অর্থাৎ বিদ্যাবীরভাবাপন্ন ব্যক্তিগণ, সর্ব্বত্রই তাহা লাভ করিতে পারেন ।৫৬ মনোভব গুহার অনলে দেবীশিখর সমুন্নত রহিয়াছে। সেই পীঠ, মহোগ্রনামে বিখ্যাত এবং পরমদুর্লভ ।৫৭ সেই পীঠে খোরাদেবা

ভুবনেশ্বরী। নিবসেত্তত্র যা কালী ঘোরদৈত্যবিনাশিনী ॥৫৮ তৎ-পীঠোপরি সংবিশ্য দশধা চ জপেন্মনুং। তদা মন্ত্র বিশুদ্ধিঃ স্যাৎ তদ্দেহেন শিবোভবেৎ ॥৫৯ যৎফলং তে ময়া প্রোক্তং হ্রদমধ্যে সুলোচনে। পাদহীনং তৎফলং স্যাৎ পূর্ণং শিবজপার্চ্চনে ॥৬০ অর্দ্ধং জালন্ধরে জ্ঞেয়মুড্ডীয়ানে তদর্দ্ধকং। অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যান্নেপালে তিথিবাসরে ॥৬১ নীলকণ্ঠসমীপে তু নাত্র কার্য্যা বিচারণা। জপেন দেবদেবেশি কথিতং তে ময়া মুদা ॥৬২ ত্রয়োদশাহে মহাসিদ্ধিরেকাম্রকাননে তথা। দশলক্ষেণ গঙ্গায়াং সিদ্ধিরাবশ্যকং শিবে ॥৬৩ বাঢায়াং বিকটাক্ষায়াং ক্রতঞ্চ পর্ব্বতাত্মজে। লক্ষত্রয়েণ সিদ্ধিঃ স্যাৎ সত্যমেব সুসিদ্ধিদে ॥৬৪ পুষ্করাখ্যে চ লক্ষেণ প্রয়াগে বিংশলক্ষতঃ। কোটিজপাদ্দ্রোণগিরৌ জ্বালায়াঞ্চ দ্বিলক্ষতঃ। তথৈব বিরজে ক্ষেত্রে লক্ষদ্বাদশতঃ শিবে। হিমালয়ে ত্রিলক্ষেণ কেদারে পঞ্চলক্ষতঃ। কৈলাসে দশলক্ষেণ জয়ন্ত্যাং পঞ্চলক্ষতঃ। উজ্জয়িন্যাং দশাহেন মাসেন মন্দরাচলে। অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যাজ্জপনাৎ পূজনাচ্ছিবে ॥৬৫।৬৮ ইত্যেবং কথিতং তুভ্যং যৎ পৃষ্টং গিরিসম্ভবে। মাতৃজারসমং দেবি সর্ব্বদা পরিগোপয়েৎ ॥৬৯

বিনাশিনী, ব্রহ্মরূপা, ভুবনেশ্বরী দেবতা, সিদ্ধিকালী বাস করেন।৫৮ সেই পীঠের উপরিভাগে উপবেশন পূর্ব্বক দশবার জপ করিলে,তাহার মন্ত্রসিদ্ধি হয় এবং সে দেহাবচ্ছেদে শিবতুল্য হইয়া থাকে।৫৯ হে সুলোচনে। আমি তোমাকে হ্রদমধ্যে যে ফল হয় কহিয়াছি, সেই ফল পাদহীন হয় এবং শিবের জপ ও অর্চ্চনায় সংপূর্ণ হইয়া থাকে।৬০ হে দেবি! জালন্ধরে তাহার অর্দ্ধফল, উড্ডীয়ানে তাহার অর্দ্ধেক জানিবে। নেপালে নীলকণ্ঠ সমীপে তিথিবাসরে মন্ত্র জপ করিলে মন্ত্রসিদ্ধি হয়, তাহাতে সংশয় নাই।৬১।৬২ হে দেবি দেবেশ্বরি! একাম্রকাননে ত্রয়োদশাহ জপ করিলে মহাসিদ্ধি লাভ হয়। হে শিবে! গঙ্গায় দশলক্ষ জপ করিলে অবশ্যই সিদ্ধিলাভ করে।৬৩ হে পর্ব্বতনন্দিনি! বাঢায় এবং বিকটাক্ষায় তিন লক্ষজপে সিদ্ধি হয়।৬৪ হে সুসিদ্ধিপ্রদে! পুষ্করে লক্ষ জপে এবং প্রয়াগে বিশলক্ষ জপে ৬৫দ্রোণগিরিতে কোটিজপে জ্বালামুখীতে দ্বিলক্ষ জপে বিরজ ক্ষেত্রে দ্বাদশলক্ষ জপে, হিমালয়ে ত্রিলক্ষ জপে, কেদারে পঞ্চলক্ষ জপে, কৈলাসে দশলক্ষ জপে,জয়ন্তীতে পঞ্চলক্ষ জপে,উজ্জয়িনীতে দশাহ জপে মন্দরাচলে মাসমাত্র জপে ও পূজায় অবশ্যই সিদ্ধি লাভ হয়।৬৫।৬৮ হে শিবে! এই আমি তোমাকে তোমার জিজ্ঞাসিত বিষয়ের উত্তর প্রদান করিলাম। ইহা মাতৃজার তুল্য সর্ব্বদাই গোপনীয়।৬৯

শ্রীদেব্যুবাচ। ভো স্বামিন্ পরমানন্দ যোগিনামভয়প্রদ। কামাখ্যা-যোনিমাহাত্ম্যং যদুক্তং মে ত্বয়া শিব ॥১ সত্যং সত্যং ন সন্দেহো আশ্চর্য্যং সর্ব্বমেবহি। তত্ত্বেন তন্ময়া জ্ঞাতং কলৌ কিং ন সুসিদ্ধিদম্ ॥২ ন পশ্যা-মোশিবজ্ঞানং মন্ত্রসিদ্ধিস্তথৈব চ। কিমেতৎ কারণং নাথ বদ মে করুণাময় ॥৩

ঈশ্বর উবাচ। নরকাসুরনামা তু বিষ্ণুবীর্য্যসমুদ্ভবঃ। পৃথিবীগর্ভসম্ভূতো দানবানামধীশ্বরঃ। তস্মৈ বিষ্ণুর্দ্দদৌ রাজ্যং কামরূপং মহাফলং পৃথিবী-বচনাৎ সোঽপি দানবোযুদ্ধদুর্দ্ধরঃ ॥৪।৫ কিরাতৈর্ঘটিতং জিত্বা রণে কাম-নৃপোভবেৎ। পুনশ্চ ভগবান্ তস্মৈ নিবাসায় দদৌ মুদা ॥৬ প্রাগ্জ্যোতিষ পুরং খ্যাতং কামখ্যাযোনিমণ্ডলং। জিত্যাভিষেচনং রাজা বিষ্ণুঃ শক্তিং দদাবপি ॥৭ ততস্তু দর্শয়ামাস মনোভবগুহাং হরিঃ। সুস্নাতং নারবং তত্রবিধেয়ামাস বৈ তদা ॥৮

বিষ্ণুরুবাচ। কামাখ্যায়াশ্চ মাহাত্ম্যং সর্ব্ববেদার্থসম্মতং। ব্রহ্মত্বং ব্রহ্মণা প্রাপ্তং বিষ্ণুত্বঞ্চ ময়া পুনঃ। শিবত্বঞ্চ শিবেনৈব কামাখ্যাযাঃ পেসা-

---

দেবী কহিলেন, ভো স্বামিন্। পরমানন্দবিগ্রহ। যোগিগণের অভয়প্রদ শিব! আপনি যে কামাখ্যাযোনিমাহাত্ম্য বর্ণন করিলেন।১ তাহা সত্য ও পরমাশ্চর্য্য, তাহা আমি তত্ত্বতই অবগত হইলাম। হে করুণাময়! কলিতে কি হেতু তাহা সুসিদ্ধিপ্রদ হয় না, ২ এইকালে কি শিবজ্ঞাত, কি মন্ত্রসিদ্ধি দেখিতে পাই না। হে নাথ! ইহার কারণ বর্ণন করিয়া, আমাকে চরিতার্থ করুন।৩

ঈশ্বর কহিলেন, হে দেবি! পৃথিবীর গর্ভসম্ভূত, বিষ্ণুর বীর্য্যসমুৎপন্ন নরকাসুর নামে এক দানব ছিল। বিষ্ণু তাহাকে মহাফলযুক্ত কামরূপ রাজ্য প্রদান করেন।৪।৫ পৃথিবীর বরে যুদ্ধ যুদ্ধর্ষ সেই দানব, কিরাত সহিত সংঘটিত যুদ্ধে জয়লাভ করিয়া নৃপতি শ্রেষ্ঠ হইয়াছিল।৬ ভগবান্ বিষ্ণু প্রীত হইয়া, তাহাকে বাস করিবার নিমিত্ত পুনর্ব্বার প্রাগ্জ্যোতিষপুর নামে বিখ্যাত কামাখ্যা যোনিমণ্ডল প্রদান করেন। সে তাহাতে অভিষিক্ত রাজা হইলে বিষ্ণু তাহাকে শক্তিপ্রদান করিলেন।৭ তদনন্তর হরি তাহাকে মনোভব গুহা দেখাইলেন; নরকাসুর তাহাতে স্নান করিয়া পাপপরিশূন্য হইল।৮

বিষ্ণু কহিলেন, কামাখ্যার মাহাত্ম্য সর্ব্ব বেদার্থ সম্মত। কামাখ্যার

দতঃ। তস্মাদ্যোনিং পূজয়স্ব যত্নাৎ সর্ব্বাত্মভিস্ত্বমূং ॥৯।১০ যদা তে সুমুখী মাতা তদা তে সর্ব্বসম্পদঃ। যদা তে বিমুখী মাতা তদা তেনা শুভং ধ্রুবং ॥১১ তদৈবাহঞ্চ ত্যক্ষ্যামি পুত্রত্বং বেদ্‌ম্যহং পুনঃ। ইতি জ্ঞাত্বা পূজয়স্ব বিশেষেণ বদামি কিং ॥১২

ঈশ্বর উবাচ। ইত্যুক্ত্বা স যযৌ বিষ্ণুর্ব্বৈকুণ্ঠং স্বনিকেতনং। নরকঃ পালয়ামাস বিষ্ণূক্তং যদ্‌যদেব হি ॥১৩ এতস্মিন্নন্তরে দেবি বৃত্তান্তং শৃণু দারুণং ॥১৪ ব্রহ্মণোমানসঃ পুত্রোবশিষ্ঠোঽতীবসদ্‌যতিঃ। তারামারাধয়ামাস তদা নীলাচলে মুনিঃ ॥১৫ তত্রৈবৈকদিনে দেবি জয়িতুং স সুরেশ্বরীং। কামাখ্যামণ্ডলে তারাং পুবদ্বারে সমাগতঃ। তত্র তং বারয়ামাস নরকো-ব্রহ্মসম্ভবং ॥১৬

নরক উবাচ। ইদানীং তিষ্ঠ বিপ্র ত্বং নায়াহি মণ্ডলান্তরে। এতর্হি পূজ্যতে দেবী পূজান্তে ত্বং গমিষ্যসি ॥১৭ ইত্যুদীরিতমাকর্ণ্য নরকস্য মুনীশ্বরঃ। দ্বাদ

প্রসাদে ব্রহ্মা ব্রহ্মত্ব, বিষ্ণু বিষ্ণুত্ব, শিব শিবত্ব প্রাপ্ত হইয়াছেন; অতএব সর্ব্বাত্মায় সর্ব্বপ্রযত্নে যোনিপূজা কর্ত্তব্য।৯।১০ যখন কামাখ্যামাতা তোমার প্রতি প্রসন্ন হইয়া সুমুখী হইবেন, তখন তোমার সম্পদলাভ এবং যখন তিনি মিমুখী হইবেন, তখন তোমার অমঙ্গল জানিবে।১১ তখন আমিও ত্যাগ করিব। আমি পুত্রত্বপ্রযুক্ত সমস্তই অবগত আছি। ইহা জানিয়া তাঁহার পূজা কর, অধিক আর কি বলিব।১২

ঈশ্বর কহিলেন, সেই বিষ্ণুদেব ইহা কহিয়া নিজনিকেতন বৈকণ্ঠপুরে গমন করিলেন। বিষ্ণু যেরূপ আজ্ঞা করিলেন,নরকাসুর তৎসমস্তই প্রতিপালন করিতে লাগিল। হে দেবি! এইকালে এক দারুণ দুর্ঘটনা উপস্থিত হইল, তাহা শ্রবণ কর।১৩।১৪ ব্রহ্মারমানসপুত্র বশিষ্ঠ ঋষি অতিশয় যতি, সেই মুনি তারার আরাধনার নিমিত্ত নীলাচলে আগমন করিলেন।১৫ হে দেবি! একদিন সেই মুনি সেই কামাখ্যামণ্ডলে সুরেশ্বরী তারাকে অর্চ্চনা করিবার নিমিত্ত পুরদ্বারে উপস্থিত হইলেন, তথায় নরকাসুর সেই ব্রহ্মসম্ভব মুনিবরকে বারণ করিল।১৬

নরক বলিল হে বিপ্র! তুমি ঐ স্থানেই অবস্থান কর, অন্যমণ্ডলে আসিও না, এই দেখ ইঁহারা দেবীর পূজা করিতেছেন, পূজানন্তর তুমি আগমন করিবে।১৭ মুনীশব নবকেব এই বাক্য শ্রবণ কবিয়া ক্রোধে

শাদিত্যসঙ্কাশো বভূব ক্রোধমূর্চ্ছিতঃ। উবাচ নবকং বিপ্রো বশিষ্ঠস্তাম্র লোচনঃ ॥১৮

বশিষ্ঠ উবাচ। রে পাপিষ্ঠ কিমুক্তস্তে অযোগ্যোঽহং সুদুর্ম্মতে,। কামাখ্যা-পূজনে কালে মা লভেম গৃহান্তবে ॥১৯ গন্তুং যোন্যন্তবে মূঢ ভূত্বাপি ব্রহ্মসম্ভবঃ। ইদানীং পশ্য বীর্যাং মে তব নাশকবং মহৎ ॥২০ ইত্যুক্ত্বা চ বশিষ্ঠোঽসৌ জগ্রাহ পাণিনা জলং। কমণ্ডলোর্ম্মহাদেবীং শশাপ দারুণং মুনিঃ ॥২১

বশিষ্ঠ উবাচ। অহঞ্চ ব্রাহ্মণোমাতঃ কামাখ্যে ব্রাহ্মসম্ভবঃ। হিত্বা ত্বাং হি ব্রজাম্যদ্য হ্যন্যথা চেৎ ক্রিয়তে ত্বযা। ব্রহ্মবধোদ্ভবং পাপং সত্যং তেঽদ্য ভবিষ্যতি ॥২২ এবমত্র মহাপীঠে জপনাৎ পূজনাদপি। সিদ্ধি র্ন জাযতে কর্হি কালে মদ্বচনাৎ পুনঃ ॥২৩

ঈশ্বব উবাচ। দত্ত্বেমং দারুণং শাপং ত্যক্ত্বা তজ্জলমুত্তমং। নীলাচলং পবিত্যজ্য গতোঽসৌ খাণ্ডবং গিবিম ॥২৪ ততঃ সা পবমা বিদ্যা কামাখ্যা বিশ্ব-

---

দ্বাদশাদিত্যের ন্যায জাজ্জ্বল্যমান হইলেন এবং লোহিত লোচন হইয়া নরকাসুবকে কহিতে লাগিলেন।১৮

বশিষ্ঠ কহিলেন, রে! পাপিষ্ঠ! তুই কি বলিলি! রে দুর্ম্মতে! আমি অযোগ্য? কামাখ্যাব পূজার নিমিত্ত আমি যথাকালে গৃহান্তর গমন করিতে পারিব না?১৯ রে মূঢ! আমি ব্রহ্মনন্দন ঋষি হইয়াও অন্যযোনিতে পূজার্থ গমন কবিতে পারিব না? এক্ষণে তুই আমাব বীর্য্য অবলোকন কর।২০ এই মহৎ বীর্য্য অবশ্যই তোমাব বিনাশ সাধন করিবে। এই বলিয়া মহর্ষি বশিষ্ঠকমণ্ডলু হইতে কর দ্বারা জল গ্রহণ করিয়া মহাদেবীকে নিদারুণ অভিশাপ প্রদান করিলেন।২১

বশিষ্ঠ কহিলেন, হে মাতঃ কামাখ্যে! আমি ব্রাহ্মণ এবং ব্রহ্মাব পুত্র আমি তোমাকে পবিত্যাগ করিয়া গমন করিতেছি, তুমি আমার পূজার অন্যথা করিলে, অতএব অদ্য তোমার ব্রহ্মবধপাপ হইবে।২২ আর আমাব বচনে এই মহাপীঠে জপ ও পূজা করিলে কোনকালেও তাহা সিদ্ধ হইবে না।২৩

ঈশ্বব কহিলেন, ঐ মুনি এই নিদারুণ অভিশাপ প্রদাম পূর্ব্বক, সেই পুণ্য বাবি পবিহাব পুবঃসর নীলাচল পবিত্যাগ করিয়া খাণ্ডবগিবিতে গমন কবিলেন ॥২৪ তদনন্তব সেই বিশ্ববন্দিতা মহাজ্যোতির্ম্ময়ী, সর্ব্বপ্রকাশস্বরূপিণী

বন্দিতা। মহাজ্যোতির্ম্ময়ী দেবি সর্ব্বপ্রকাশরূপিণী। তাপ্যতেঽহর্নিশং দেবি সর্ব্বং হি স্বাঙ্গতেজসা। তৎক্ষণাৎ পরিসংদহ্য গতা কৈলাসমন্দিরং।২৫।২৬ তদৈব পরমেশ্বানি মনোভবগুহা পুনঃ। মহান্ধকারপটলৈরাবৃতা তদ্বিয়োগতঃ ॥২৭ হাহাকারং সর্ব্বলোকে মূর্চ্ছিতোদানবেশ্বরঃ। ততস্তাং পরমাং মায়াং বিষণ্ণবদনাং পুনঃ ॥২৮ দৃষ্ট্বাহং পরিপ্রপচ্ছ কামাখ্যাং পরিসাদরং। কথং শিবে সমায়াতা ত্যক্ত্বা তদ্‌যোনিমণ্ডলং ॥২৯ বিষণ্ণবদনা ভূত্বা কামাখ্যে বদ কারণং। ত্বং দেবি পরমারাধ্যা স্থীয়তাং মে হৃদি স্বয়ং ॥ সর্ব্বং প্রতিকরোম্যেব বিষণ্ণবদনে কথং ॥৩০

কামাখ্যোবাচ। বশিষ্ঠোব্রহ্মণঃ পুত্র স্তারামারাধিতুং মুনিঃ। মদ্‌যোনিমণ্ডলে নাথ দ্বারং মে সমুপাগতঃ ॥৩১ প্রাতস্তস্মিন্ ব্রাহ্মণো মাং যজতে মানবেশ্বরঃ। দ্বারপালোভবেদ্রাজাযাবন্মে পূজনং ভবেৎ ॥ তাবৎ কোঽপি ন ক্ষমো হি গন্তুং মদ্‌যোনিমণ্ডলং ॥৩২ এবং নিত্যং নিয়মিতং নরকেনাসুরেণ চ। ততস্তং বারয়ামাস নরকোব্রহ্মনন্দনং ॥৩৩ ততস্তেনৈব মুনিনা শাপো দত্তঃ সুদারুণঃ। শাপং

পরমাবিদ্যা কামাখ্যা স্বাঙ্গতেজে নিরন্তর প্রদীপ্ত হইয়া উঠিলেন এবং তৎক্ষণাৎ সেই তেজে নিদগ্ধা হইয়া কৈলাসমন্দিরে গমন করিলেন।২৫।২৬ হে পরমেশানি! দেবি! তাঁহার বিয়োগে সেই মনোভবগুহা অন্ধকারমণ্ডলে আবৃত হইয়া উঠিল।২৭ সর্ব্বলোক হাহাকার করিতে লাগিল। এবং সেই দানবেশ্বর মূর্চ্ছিত হইয়া রহিল। তদনন্তর আমি সেই পরমামায়া কামাখ্যা দেবীকে বিষণ্ণবদনা দর্শন করিয়া ২৮ আদরপূর্ব্বক জিজ্ঞাসা করিলাম। হে শিবে! তুমি সেই যোনিমণ্ডল পরিত্যাগ করিয়া কেন আগমন করিলে।২৯ হে কামাখ্যে দেবি! তোমার বদনমণ্ডল বিষণ্ণ অবলোকন করিতেছি, ইহার কারণ প্রকাশ কর। হে দেবি! তুমি পরমারাধ্যা, তুমি আমার হৃদয়ে অবস্থান কর, তুমি বিষণ্ণবদন কেন হইলে আমি সকলেরই প্রতীকার করিতেছি।৩০

কামাখ্যা কহিলেন, হে নাথ! ব্রহ্মার পুত্র বশিষ্ঠ, তারার আরাধনার নিমিত্ত, আমার যোমিমণ্ডলে আগমন করিয়াছিলেন।৩১ প্রাতঃকালে মানবপ্রবর ব্রাহ্মণ যখন আমার পূজা করেন, তখন আমার যোনিমণ্ডলে কেহই গমন করিতে সক্ষম হয় না।৩২ যে পর্য্যন্ত আমার পূজা হয়, তাবৎ রাজা নরকাসুর দ্বারপালরূপে অবস্থিতি করে। নরকাসুর এইরূপ নিত্য নিয়ম করিয়াছে।৩৩ নরকাসুর সেই সমাগত ব্রহ্মনন্দন বশিষ্ঠকে বারণ করিয়াছিল, সেইহেতু সেই মুনি সুদারুণ অভিশাপ প্রদান করিয়াছেন। হে মহাদেব!

শৃণু মহাদেব কথনে রোদনং মম ॥৩৪ ব্রহ্মবিষ্ণুসুরেশাদ্যৈঃ কাঙ্ক্ষ্যতে যৎ পরং স্থলং। তন্ময়া বিহিতং দেব কোবাপায়োঽস্তি মে বদ ॥৩৫ হিত্বা তং হি ব্রজেত-ন্যথা চেৎ ক্রিয়তে ত্বয়া। ব্রহ্মবধোদ্ভবং পাপং সত্যং তেঽদ্য ভবিষ্যতি ॥৩৬ এবমত্র মহাপীঠে জপনাৎ পূজানাদপি। সিদ্ধির্ন জায়তে কর্হি কালে মদ্বচনাৎ পুনঃ ॥৩৭ এবমেব মুনেঃ শাপাদাগতোঽহং তবান্তিকং। কিমুপায়ং করিষ্যামি বদ মে করুণাময়ং ॥৩৮

ঈশ্বর উবাচ। এবমুক্ত্বা রুদন্তীং তামাশ্বাস্য চ পুনঃ পুনঃ। আগত্যাহং যোনিপীঠে জজাপ কালিকামনুং ৩৯ শাপোদ্ধাবায় দেবেশি তস্মাচ্ছাপাদ্বিমো-চিতা। কাম্যাখ্যাং স্থাপয়ামাস পূর্ব্ববদ্যোনিমণ্ডলে ॥৪০ ততঃ সা পরমা মায়া মহাহর্ষমুপাগতা। কিন্তু কলৌ মহেশানি বর্ষাণাঞ্চ শতত্রয়ং। ব্রহ্মশাপো-মহেশানি ফলিষ্যতি সুনিশ্চিতং ॥৪০

দেব্যুবাচ। বশিষ্ঠেন পুরা শপ্তা কামাখ্যা কামবাসিনী। নবকস্য প্রসঙ্গেন তৎ সর্ব্বং কথিতং ময়ি ॥৪১ ইদানীং শ্রোতুমিচ্ছামি শাপোদ্ধাবস্য তে কথা।

কহিতে আমার ক্রন্দন আসিতেছে, তুমি আমার অভিশাপ শ্রবণ কর।৩৪ ব্রহ্মাবিষ্ণু সুরাদি সকলেই যে পরম স্থলের আকাঙ্ক্ষা করেন, আমি সেই পরম স্থল কামনা করিয়া বিহিত কার্য্যই করিয়াছি, ইহাতে আমার কি দোষ হইতে পারে ?।৩৫ আমি এইস্থান পরিত্যাগ করিয়া গমন করিতেছি, এক্ষণে আমার পূজার অন্যথা করিলে, অতএব আজি তোমার ব্রাহ্মণ বধের পাপস্পর্শ হইবে।৩৬ আর আমার বচনে, মহাপীঠে জপপূজা করিলেও তাহা কোন কালেই সিদ্ধ হইবে না।৩৭ মুনির এইরূপ অভিশাপে আমি তোমার নিকট আগমন করিয়াছি হে করুণাময়! ইহার কি উপায় বিধান করিব বল।৩৮

ঈশ্বর কহিলেন, তিনি এই সকল বাক্য বলিয়া রোদন করিতে লাগিলেন, আমি পুনঃ পুনঃ তাঁহাকে আশ্বাস প্রদান করিয়া যোনিপীঠে আগমনপূর্ব্বক শাপোদ্ধারের নিমিত্ত কালিকামন্ত্র জপ করিতে লাগিলাম।৩৯ হে দেবি! তদ্দ্বারা সেই শাপ হইতে বিমোচিতা করিয়া কামাখ্যাদেবীকে পূর্ব্বের ন্যায় সেই যোনিমণ্ডলে অবস্থাপন করিলাম।৪০ তদনন্তর সেই পরমামায়া মহাহর্ষ-যুতা হইলেন। কিন্তু হে মহেশানি! কলিযুগে তিন শত বৎসর ব্রহ্মশাপ নিশ্চয়ই ফলিবে সন্দেহ নাই।৪১

দেবী কহিলেন, পুরাকালে বশিষ্ঠ ঋষি, কামবাসিনী কামাখ্যাদেবীকে অভি-শাপ প্রদান করিয়াছিলেন, তাহা নবকাসুরের কথাপ্রসঙ্গে কহিলেন। এক্ষণে

কথং শাপশ্চ জ্ঞাতব্য স্তস্যাপি লক্ষণং বদ॥ যচ্ছ্রুত্বা সাধবঃ সর্ব্বে দয়ামেষ্যন্তি সর্ব্বদা॥৪২

ঈশ্বর উবাচ। কুমতেঃ পুরভূপস্য রাজ্যনাশো যদা ভবেৎ। তদ্দিনাৎ পরমেশানি ব্রহ্মশাপঃ প্রবর্ত্ততে॥৪৩ ততোঽতীবদুরাচারো কামরূপে ভবিষ্যতি। প্রজাপীড়া রোগকৃত্যা বহুদোষোভবিষ্যতি॥৪৪ সদা যুদ্ধং মহামায়ে যদা দুর্ব্বৃত্তমেব চ। দেবদানবগন্ধর্ব্বাঃ সদা পীড়াপরায়ণাঃ॥৪৫ কুপূর্ব্বকুলচন্দ্রেণ তে শাকে চ দিবানিশিং। সৌমারৈশ্চ কুবাচৈশ্চ যবনৈর্যুদ্ধমুল্বণং॥৪৫ ভবিষ্যতি কামপৃষ্ঠে বহুসৈন্যসমাকুলং। ততোরণে চ সৌমারং জিত্বা যবন ঈপ্সিতং॥৪৬ বর্ষমেবাকরোদ্রাজ্যং মকারাদির্ম্মহীপতিঃ॥৪৭ তৎ সহায়ং সমাসাদ্য কুবাচঃ স্বীয়রাজ্যভাক্। বর্ষান্তে যবনং জিত্বা সৌমারো রাজ্যনায়কঃ॥৪৮ কুমারীচন্দ্রকালেন্দৌ গতে শাকে মহেশ্বরি। কামরূপে পুনঃ যুদ্ধসংযোগং সম্ভবিষ্যতি॥৪৯ কামরূপে তথা রাজ্যং দ্বাদশাব্দা মহেশ্বরি। কুবাচসংগতো ভূত্বা যবনশ্চ করিষ্যতি। ষষ্ঠবর্গপঞ্চমাদি স্ততঃ শরীর মিচ্ছতি। শামিতব্যং কামরূপং সৌমারৈশ্চ কুবা-

---

আমি তোমার শাপোদ্ধারের কথা শ্রবণ করিতে বাসনা করি। কিরূপে শাপ অবগত হওয়া যায়, তাহার লক্ষণ বলুন, সাধুগণ যাহা শ্রবণ করিয়া সর্ব্বদাই দয়ান্বিত হইবেন।৪২

ঈশ্বর কহিলেন, যখন দুর্ম্মতি পুরভূপের রাজ্য নাশ হয়, সেই দিন হইতেই ব্রহ্মশাপ প্রবৃত্ত হইয়াছে।৪৩ সেইহেতু কামরূপে অত্যন্ত দুরাচার সংঘটিত হইবে। এবং প্রজাপীড়া, রোগ প্রভৃতি বহুদোষাকর ব্যাপার উপস্থিত হইবে।৪৪ হে মহামায়ে! নিরন্তর যুদ্ধ ও দুর্বৃত্ততা প্রবর্ত্তিত হইবে। দেবতা দানব ও গন্ধর্ব্বগণ সততই পীড়া প্রাপ্ত হইবে।৪৫ কুপূর্ব্বকুল চন্দ্রমিতেশাকে কামরূপপৃষ্ঠে সৌমারগণের সহিত কুবাচ ও যবনদিগের বহুসৈন্যসঙ্কুল ঘোরতর যুদ্ধ হইবে; সেই সময়ে, মকারাদি মহীপতি যবন সৌমারগণকে পরাজিত করিয়া এক বৎসর রাজ্য করিবে।৪৬।৪৭ কুবাচরাজ, তাহাকে সহায়প্রাপ্ত হইয়া নিজরাজ্য প্রাপ্ত হইবে। অনন্তর একবর্ষান্তে সৌমারগণ; যবনগণকে পরাজয়পূর্ব্বক দূরীভূত করিয়া রাজ্যনায়ক হইবে।৪৮ হে মহেশ্বরী! কুমারী কালেন্দুশাক বিগত হইলে কামরূপে পুনর্ব্বার যুদ্ধ সংযোগ সংঘটিত হইবে।৪৯ তদনন্তর কুবাচের সহিত মিলিত হইয়া যবনগণ দ্বাদশ বৎসর কামরূপে রাজ্য করিবে। তদনন্তর, কিছুকাল পরে সৌমার ও কুবাচ-গণের মধ্যে সন্ধি সংঘ-

চকৈঃ ॥৫০ যবনশ্চ কুবাচশ্চ সৌমারশ্চ তথাপ্লবঃ। কামরূপাধিপো দেবি শাপ-মধ্যেন চান্তকঃ ॥৫১ এবমেব বহুবিধং বক্ষ্যে লক্ষণমীশ্বরি। ক্রিয়তে সংকার-করং প্রত্যকং পরমেশ্বরি ॥৫২ বশিষ্ঠস্য তপোবাদাবহ্নিঃ শাম্যতি কামিনী। ভবিষ্যন্তি চ তরবঃ শালাখ্যপর্ব্বতোপরি ॥৫৩ স্বর্গদ্বারে শিলাপাতে চৈকে বেপুরসন্নিধৌ। কামাখ্যায়ামঠে ভগ্নে উর্ব্বশ্যা সদৃশঙ্গমঃ। ব্রহ্মপুত্রস্য দেবেশি সূক্ষ্মধারা তু তস্য চ। ষোড়শাব্দে গতে শাকে ভূমহীরিপুচুম্বকে। বিগতো ভবিতা ন্যূনং সৌমারকামপৃষ্ঠয়োঃ ॥৫৪ ষণ্মাসং তত্র সংস্থায় উত্তরাকালকোষয়োঃ। গমিষ্যন্তি চ রাজানঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥৫৫ কুবাচৈর্যবনৈশ্চান্দ্রৈর্ব্বহুসৈন্যসমা-কুলৈঃ। ত্রিভির্ম্লেচ্ছৈঃ সমাকীর্ণং মহাযুদ্ধং ভবিষ্যতি ॥৫৬ অশ্বমুণ্ডৈ র্নরমুণ্ডৈ-র্গজমুণ্ডৈর্বিশেষতঃ। লোহিত্যোরক্তপূর্ণশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৫৭ তদৈব পরমা মায়া যোগিনীগণবন্দিতা। কামখ্যা বর্ণকশ্যামা বলিহস্তা হসন্মুখী। লল-জিহ্বা মুণ্ডমালা দিগ্বস্ত্রা পরমাস্থিতা। পর্ব্বতাগ্রং সমাশ্রিত্য রক্তপানং করি-ষ্যতি ।৫৮.৫৯ ততঃ কুবাচো যবনং হিত্বা সৌম্যবিনাশিতঃ। করতোয়ানদীং

টিত হইয়া কামরূপে শান্তি সংস্থাপিত হইবে।৫০ শাপকাল মধ্যে যবন, কুবাচ সৌমার ও প্লবগণ কামরূপের অধিপতি হইয়া রাজত্ব করিবে।৫১ হে দেবেশি এইরূপ বহুবিধ লক্ষণ বলিতেছি শ্রবণ কর। হে পরমেশ্বরি! এই সকল বিষয়ই তুমি প্রত্যক্ষ করিও।৫২ তদনন্তর বশিষ্ঠের তপোদাববহ্নি প্রশমিত হইবে। শল্যাখ্য পর্ব্বতোপরি তরুগণের উৎপত্তি হইবে।৫৩ বেপুর সন্নিধামে স্বর্গদ্বারে শিলাপাত হইয়া কামাখ্যার মঠ ভগ্ন হইবে। উর্ব্বশীর সহিত উর্ব্বশী সঙ্গম হইয়া ঐ নদের ধারা সূক্ষ্মা হইবে। ষোড়শাব্দ শাক গত হইলে রাজগণ সৌমার ও কামরূপ পৃষ্ঠ হইতে ভূমহীরিপুচুম্বকে গমন করিবে সন্দেহ নাই।৫৪ তথায় ছয়মাস অবস্থানপূর্ব্ব বহুসৈন্য সমাকুল চন্দ্র যবন ও কুবাচকগণের সহিত যুদ্ধ বিশারদ রাজগণ উত্তরাকাল ও কোষদেশে গমন করিবে।৫৫ তথায় তিনজন ম্লেচ্ছের সহিত এক সমাকুল মহাতুমুল যুদ্ধ হইবে।৫৭ সেই যুদ্ধে অশ্বমুণ্ড, নরমুণ্ড ও গজমুণ্ড কর্ত্তিত হইয়া ধরাতল লোহিত শোণিতে পরি-পূর্ণ হইবে।৫৭ তখন যোগিগণবন্দিতা, শ্যামবর্ণা, দিগ্‌বসনা, লোলজিহ্বা বলিহস্তা ও হসন্মুখী পরমামায়া কামাখ্যা পর্ব্বতাগ্র আশ্রয় করিয়া রক্তপান করিবেন।৫৮।৫৯ তদনন্তর কুবাচগণ, সৌমারগণকে বিনাশিত করিয়া, যবনগণকে পরিত্যাগপূর্ব্বক, করতোয়ানদী পর্য্যন্ত ভূভাগে মহাযুদ্ধ

যাবৎ করিষ্যতি মহদ্রণং ॥৬০ দশাহং তত্র সংস্থায় যাস্যন্তি পুনরালয়ং। ততো বিপ্রোনৃপো ভূত্বা কামরূপনিবাসিনঃ করিষ্যতি জনান্ দেবী জপপূজাদিতৎপরান্ ॥৬১ এবং বর্ষত্রয়ং রাজ্যং কৃত্বা দণ্ডী দ্বিজোনৃপঃ। ভবিষ্যতি মহামাযে যোনিমণ্ডলসন্নিধৌ ॥৬২ ততোদ্বাদশদলে নাভিঃ কল্পতে পূর্ব্বভূমিপঃ। ঐশানিমাগতঃ কামানেকচ্ছত্রং করিষ্যতি। তদ্রাজ্যং সকলং দেবি ধর্ম্মেণ পালয়িষ্যতি ॥৬৩ ৬৪ তৎপত্নী শ্যামবর্ণা স্যাৎ সদারাধিতপার্ব্বতী। সবিতং তনয়ং সাধ্বী রাজানং রাজপুত্রকং ॥৬৫ তজ্জন্মদিবসাদ্দেবি যাবৎ স্যাদ্দ্বাদশং দিনং। তাবৎ স্পর্শাচলে স্পর্শমণিরাবির্ভবিষ্যতি ॥৬৬ তেনৈব ধনিনঃ সর্ব্বে কামরূপনিবাসিনঃ। ভবিষ্যন্তি তদৈব স্যাৎ বশিষ্ঠশাপমোচনং ॥৬৭ তত স্তেজাংসি ভূয়াংসি কামখ্যাযোনিমণ্ডলে। কামাখ্যাসন্নিধানে চ ভবিষ্যতি কলৌ যুগে ॥৬৮ মন্ত্রসিদ্ধিশ্চ ভবিতা তদৈব যোনিমণ্ডলে। যথোক্তফলদা দেবি কামাখ্যা হি ভবিষ্যতি ॥৬৯ জড়ীভবদ্ব্রহ্মশাপাদ্ বর্ষাণাঞ্চ শতত্রয়ং। কামাখ্যা দেববন্দ্যাঙ্ঘ্রিকমলা লজ্জিতা স্বয়ং। পূর্ব্ববৎ সকলং দেবি ততস্ত সংভবিষ্যতি ॥৭০

করিবে।৬০ তথায় দশদিবস অবস্থান করিয়া পুনর্ব্বার নিজালয়ে গমন করিবে। তদনন্তর কামরূপনিবাসী বিপ্রগণ রাজা হইয়া জনগণকে জপ পূজাদি নিরত করিবেন।৬১ দণ্ডীবিপ্র নরপতি হইয়া, এইরূপে তিন বৎসর রাজত্ব করিয়া যোনিমণ্ডল সন্নিধানে অবস্থিত হইবেন।৬২ তদনন্তর পূর্ব্বভূমিপতি ঈশান দিক্ হইতে আগমন করিয়া, দ্বাদশদলে নাভিকল্পনা এবং কামরূপকে একছত্রের অন্তর্গত করিবেন।৬৩।৬৪ হে দেবি! তখন তিনি এই রাজ্য ধর্ম্মানুসারে পালন করিবেন। তাঁহার পত্নী শ্যামবর্ণা সাধ্বী হইয়া, সততই পার্ব্বতীর আরাধনা করিবেন।৬৫ সেই সতী এক বিনীত রাজতনয় প্রসব করিবেন। হে দেবি! তাহার জন্মদিন হইতে দ্বাদশদিনে স্পর্শাচলে স্পর্শমণির আবির্ভাব হইবে।৬৬ তদ্দ্বারা কামরূপনিবাসী সকলেই ধনশালী হইবে। হে দেবি! তখনি বশিষ্ঠের শাপমোচন হইবে।৬৭ তদনন্তর কামাখ্যার যোনিমণ্ডলে ভূরিতেজের আবির্ভাব হইবে। কলিযুগে তখন কামাখ্যার সন্নিধানে যোনিমণ্ডলে মন্ত্রসিদ্ধি হইবে ৬৮ এবং কামাখ্যায যথোক্তফলপ্রদা হইবেন।৬৯ দেবগণ যাঁহার চরণকমল বন্দনা করেন, সেই কামাখ্যা দেবী ব্রহ্মশাপে তিনশত বৎসর জড়ীভূতা থাকিয়া, আপনি লজ্জিতা হইলেন।৭০ তদনন্তর হে দেবি! সকলই পূর্ব্ববৎ ফলসিদ্ধিপ্রদা হইবে। হে গিরিজে! দেবি! এই আমি তোমাকে কামরূপের পরিত্রাণ

এবং কামপবিত্রাণং সংক্ষেপাৎ কথিতং ময়া। কিং শ্রোতব্যমিতো দেবি গিরিজে কথ্যতা ত্বয়া ॥৭১

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতি সাহস্রে্য দ্বাদশঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ। দেবেশ পরমেশান সর্ব্বজ্ঞ সর্ব্বপূজিত। ক্ক গচ্ছসি মুহুর্নাথ কৃপয়া বদশঙ্কর ॥১

ঈশ্বর উবাচ। কৌচাখ্যানে চ দেশে চ যোনিগর্ত্তসমীপতঃ। সাধ্বী সতী ব্রাহ্মিকা হি রেবতী জনবিশ্রুতা ॥২ ম্লেচ্ছদেহোদ্ভবা যা তু যোগিনী সুন্দরী মতা। তৎকুচৌ কঠিনৌ দ্বন্দ্বৌ যোনৌ তস্যাশ্চ পীনতা ॥৩ ভিক্ষাচারপ্রসঙ্গেন গচ্ছামি চ দিবানিশং। তৎসন্নিধৌ মহেশানি ত্বয়া মে মরণং মহৎ ॥৪

দেব্যুবাচ। কুত্রাসীৎ কিং তপস্তপ্তং কথং প্রাপ্তং মহীতলং। ত্বয়া সার্দ্ধং

কথা সংক্ষেপে কহিলাম, এক্ষণে যদি তোমার আর কোন শ্রোতব্য থাকে, বল।৭১

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে দ্বাদশ পটল।

দেবি কহিলেন, হে পরমেশান! সর্ব্বজ্ঞ, সর্ব্বপূজিত শঙ্কর! তুমি কোথায় কোথায় গমন কর, কৃপা করিয়া তাহা আমাকে বলুন।১

ঈশ্বর কহিলেন, যোনিগর্ত্তের সন্নিধানে কোচনামে দেশ আছে তথায় ব্রাহ্মিকা সাধ্বীসতী জনবিশ্রুতা ম্লেচ্ছদেহোদ্ভবা রেবতী, যোগিনী নামে সুন্দরী রমণী ছিলেন।২ তাহার কুচযুগল কঠিন এবং যোনিমণ্ডল পীন ও মনোহর। আমি ভিক্ষাচার প্রসঙ্গে দিবানিশি তাহার নিকট গমন করি। হে মহেশানি! তবসন্নিধানে আমার এ সকল মহৎমরণ তুল্যবোধ হইতেছে।৩।৪

দেবী কহিলেন, সেই রমণী কোথায় ছিল, সে কিরূপ তপস্যা করিয়াছিল, সে কিরূপে মহীতল প্রাপ্ত হইল? হে দেব! তোমার সহিত যাহার রতিক্রিয়া তাহার তপের ফল অল্প নহে। তাহার প্রতি আপনার মহতী কৃপা

রতির্যস্য নাম্নস্য তপসঃ ফলং ॥৫ তথাপি চ কৃপা তস্যাং লক্ষতে মহতী ময়া। ইদানীং কিমভূৎ সা হি কৃপয়া পরয়া বদ ॥৬

ঈশ্বর উবাচ। নগেন্দ্রতনয়ে বালে শৃণু মৎপ্রাণবল্লভে। তৎ সাধ্বীচরিতং কিঞ্চিৎ কথয়ামি শুচিস্মিতে॥৭ রসক্রীড়া কৃতা সার্দ্ধমেকাম্রকাননে মুদা। বেদাঙ্গসম্ভবা সাধ্বী যোগিনী সা স্মরী মতা ॥৮ নাভূত্তস্যাঃ সুতৃপ্তির্মে মৎক্রিয়ায়াং নগাত্মজে। মামাপ্তু মুৎকটং তপ্তং ত্বিযং মে ক্ষেত্রকামদা ॥৯ একাম্রগহনে দেবি পর্ব্বতে তীর্থসংকুলে। তত্রৈকো ব্রাহ্মণো যাতো ভিক্ষার্থং তামুবাচ হ ॥১০ ন দত্তমুত্তবং তস্মৈ ভিক্ষা তিষ্ঠতু দূবতঃ। ততঃ শশাপ বিপ্রস্তাং ম্লেচ্ছতাং যাহি দুর্ম্মদে ॥১১ ইত্যুক্ত্বা স যযৌ বিপ্রো ম্লেচ্ছত্বমাপ যোগিনী! অতোঽর্থিনং সমর্থশ্চেৎ যাচিতং ন দদাতি চেৎ ॥১২ স দুর্গতি মবাপ্নোতি সমর্থো বিনয়ং চরেৎ। তস্যাস্ত তপসা দেবি ক্রীতোঽহমভবং সদা ॥১৩ অতস্তযা রতির্যাতা মম

দেখিতেছি, এক্ষণে তিনি কি হইযাছেন? হে নাথ! কৃপা প্রকাশ পূর্ব্বক আমাকে বলুন।৫।৬

ঈশ্বর কহিলেন, হে মৎপ্রাণবল্লভে বালে! নগেন্দ্রনন্দিনি! হে শুচি-স্মিতে! সেই সাধ্বীর চরিত কিঞ্চিৎ কহিব, শ্রবণ কর।৭ তিনি হৃষ্টচিত্তে একাম্রকাননে আমার সহিত রসক্রীড়া করিয়াছিলেন।৮ বেদাঙ্গ-সম্ভবা যোগিনী স্মরী ছিলেন। হে নগনন্দিনি! আমার সহিত রতিক্রিয়ায় তাঁহার সুতৃপ্তি হয় নাই। আমার নিমিত্ত তিনি উৎকট তপস্যা করিয়াছিলেন। এই যোগিনী আমার ক্ষেত্রকামদায়িনী ছিলেন।৯ হে দেবি! একাম্রকাননে তীর্থসংকুল পর্ব্বতে তিনি তপোনিরতা আছেন, এমন সময়ে ভিক্ষা করিবার নিমিত্ত এক ব্রাহ্মণ তথায় উপস্থিত হইয়া, তাঁহাকে ভিক্ষা যাচন করিলেন।১০ ভিক্ষা দূরে থাকুক, তিনি তাঁহাকে উত্তর প্রদান করিলেন না। তদনন্তর ঐ বিপ্র তাঁহাকে শাপ প্রদান করিলেন। রে দুর্ম্মতে! তুমি ম্লেচ্ছা হও।১১ ব্রাহ্মণ এই বাক্য বলিয়া চলিয়া গেলেন; যোগিনী ম্লেচ্ছত্ব প্রাপ্ত হইলেন। অতএব হে দেবি! সমর্থ ব্যক্তি যাচিত হইয়া, যদি যাচককে যথাশক্তি দান না করে, সে অবশ্যই দুর্গতি প্রাপ্ত হয়।১২ সমর্থ ব্যক্তি যাচকের প্রতি বিনীতের আচরণ ও করিবেন। হে দেবি! আমি তাঁহার তপস্যায় সততই ক্রীত রহিয়াছি,১৩ এই হেতুই তাঁহার সহিত আমার সর্ব্বদা রতিভাব সম্বন্ধ রহিয়াছে। তাঁহার গর্ভে আমার ঔরসে সিন্ধুসংজ্ঞ নামে এক পুত্র উৎপন্ন

কামিনি সর্ব্বদা। তস্যাঃ পুত্রো বিন্নুসিংহো মদৌরসসমুদ্ভবঃ ॥১৪ একেন জিতবান্ কামান্ সৌমারান্ গৌড়পঞ্চমান্। বিনির্জ্জিত্য নৃপান্ সর্ব্বান্ একঃশ্রীমান্ মহামতিঃ ॥১৫ তস্যাপি বহবঃ পুত্রাঃ পৃথিবীপরিপালকাঃ। কুবাচা ধার্ম্মিকাঃ সর্ব্বে রাজানোযুদ্ধদুর্ম্মদাঃ ॥১৬ তেহপি ত্বং স বিন্নুসিংহো যোগমাশ্রিত্য বিহ্বলে। তিষ্ঠতঃব্যক্তরূপেণ পট্ট আকল্পমম্বিকে ॥১৭ কালাৎ সা মাধবী দেবী মদ্দেহে লীনতাং গতা ॥১৮ যথা জায়া নন্দিমাতা তথেয়ং যোগিনী মতা। যথা পুত্রো-ভৃঙ্গরীটস্তথা বিন্নুর্ম্মমাত্মজঃ ॥১৯ বিন্নুসিংহোঽপি কল্পান্তে পরাং সিদ্ধিমবাপ্স্যতি ॥২০ তদ্বংশজাস্তু রাজানঃ সর্ব্বে কৈলাসবাসিনঃ। ভবিষ্যন্তি মহাত্মানো গণেশাঃ সর্ব্বশালিনঃ ॥২১ রূপযৌবনসম্পন্নৈর্দেবকন্যাগণৈঃ সহ। বিহরন্তি সদা দেবি ক্রীড়ন্তে ভৈরবা যথা ॥২২ যদা যদা ব্রহ্মশাপঃ কামাখ্যায়াং ভবেৎ পুনঃ। তদা তদাবতীর্য্যাসৌ স্বস্য কামস্য পালকঃ। তথা তদ্বংশজাঃ সর্ব্বে ভবেয়ুঃ কামপালকাঃ ॥২৩ কল্পান্তমেবং দেবেশি যাবচ্ছাপো বিমুচ্যতে। তাবদেব মহামায়ে তদ্বীর্য্যে ক্রীড়তি ধ্রুবং ॥২৪ কল্পমেবং মহেশানি কলৌ বর্ষশতত্রয়ং। প্রাণাংশ্চ পরমেশানি ভুঙক্তেশাপং পরাত্মিকা ॥ কামাখ্যা হি মহামায়ে তদন্তে

হয়।১৪ সেই মহামতি বিন্নুসিংহ একাকীই সৌমারগণকে এবং গৌড় পঞ্চমগণকে ও নৃপতি সমুদায়কে পরাজিত করিয়া, এক প্রধান শ্রীমান রাজা হইয়াছিল।১৫ সেই বিন্নুসিংহের পৃথিবীপালক বহু পুত্র উৎপন্ন হয়, তাহাদের মধ্যে কুবাচগণ সকলেই ধার্ম্মিক রাজা ও যুদ্ধদুর্ম্মদ হইয়াছিল।১৬ সেই বিন্নুসিংহ বিহ্বলে যোগাশ্রয় করিয়া, আকল্পপর্য্যন্ত অব্যক্তরূপে অবস্থান করিতেছে।১৭ হে অম্বিকে! সেই মাধবী দেবী কালবশে আমার দেহে লীন হইয়াছিল।১৮ নন্দিমাতা আমার যেরূপ জায়া, এই যোগিনীও সেই-রূপ জানিবে। ভৃঙ্গরীট আমার যেরূপ পুত্র, এই বিন্নুসিংহও সেইরূপ জানিও।১৯ বিন্নুসিংহও কল্পান্তকালে পরমাসিদ্ধি প্রাপ্ত হইবে।২০ তাহার বংশজাত সকলেই কৈলাসবাসী মহাত্মা রাজা এবং সর্ব্বসমৃদ্ধিশালীগণ গণেশ্বর হইবে এবং তাহারা রূপযৌবনসম্পন্ন দেবকন্যাগণের ২১ সহিত ভৈরবদিগের ন্যায় আনন্দে বিহার করিয়া থাকে।২২ যখন যখন কামাখ্যায় ব্রহ্মশাপ হইবে, তখন তখনই ঐ বিন্নুসিংহ অবতার হইয়া আপনার কামরূপ পালন করিবে। তদ্বংশীয়গণ সকলেই কামরূপপালক হইবে।২৩ আর কল্পান্ত পর্য্যন্ত যাবৎ শাপ মোচন না হয়, তাবৎ হে মহামায়ে! তোমারই প্রভাবে তাহারা ক্রীড়া করিবে।২৪ হে মহেশানি! কলিতে তিনশতবৎ-

সকলং ভবেৎ। এবন্তে কথিতং দেবি ব্রহ্মশাপবিমোচনং ॥২৫ কামাখ্যায়া মহেশানি সাকল্যেন যথা ধ্রুবং। তাবদ্যস্ত ব্রহ্মশাপো নিষ্কৃতিস্তস্ত দূরতঃ ॥২৬ তক্ষকেণাপি দষ্টস্ত প্রতিকারোহি তৎক্ষণাৎ। ব্রহ্মশাপপ্রসক্তস্য কল্পান্তে স্যাৎ প্রতিক্রিয়া ॥২৭ নরকান্নিষ্কৃতির্নাস্তি তস্যাভাবান্ন সংশয়ঃ। এবং তদ্বংশজাঃ সর্ব্বে পীড্যন্তেহহর্নিশং প্রিয়ে ॥২৮ নানাবিধমহোৎপাতৈ র্যাবৎ স্যাৎ সাপ্ত-পৌরুষং। তস্মাত্তু ব্রাহ্মণং দেবি নাবমন্যেত কুত্রচিৎ ॥২৯ সর্ব্বদেবময়ো বিপ্রো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ। ব্রহ্মতেজঃসমুদ্ভূতঃ সদা প্রাকৃতিকো দ্বিজঃ ॥৩০ ব্রাহ্মণৈ র্ভুজ্যতে যত্রতত্র ভুঙ্‌ক্তে হরিঃ স্বয়ং। তত্র ব্রহ্মা চ রুদ্রশ্চ খেচরা ঋষয়ো মুনিঃ। পিতরো দেবতাঃ সর্ব্বে ভুঞ্জন্তে নাত্র সংশয়ঃ ॥৩১ সর্ব্বদেবময়োবিপ্র স্তস্মাত্তং নাবমানয়। ব্রাহ্মণঞ্চ কুমারীঞ্চ শক্তি মগ্নিং শ্রুতিঞ্চ গাং। নিত্য মিচ্ছন্তি তে দেবাযজিতুং কর্ম্মভূমিষু ॥৩২ পূজিতৈকা কুমারী চেদদ্বিতীয়ং

সবে এইরূপ কল্প হয়। হে পরমেশ্বরি। মহামায়ে। শঙ্করি। পরমাত্মিকা কামাখ্যা বিপ্রশাপ ভোগ করিতেছেন, শাপান্তে তাঁহার সকলই সফল হইবে। হে দেবি! এই আমি তোমাকে কামাখ্যার শাপবিমোচনবৃত্তান্ত সকলই কহিলাম।২৫ হে ঈশানি। যাহার ব্রহ্মশাপ ঘটিয়াছে, তাহার নিষ্কৃতি দূরে অবস্থিতি করিতেছে।২৬ তক্ষকে দংশন করিলেও তৎক্ষণাৎ তাহার প্রতীকার হইতে পারে, কিন্তু ব্রহ্মশাপগ্রস্ত ব্যক্তির কল্পান্ত না হইলে, প্রতীকার হয় না।২৭ হে দেবি। প্রলয়ব্যতিরেকে তাহার নিষ্কৃতি নাই। হে প্রিয়ে। ব্রহ্মশাপগ্রস্ত ব্যক্তির বংশধরগণ ও সপ্তপুরুষ পর্য্যন্ত বিবিধ উৎপাতে অহর্নিশ প্রপীড়িত হয়।২৮ সেই হেতু হে দেবি। কখনই ব্রাহ্মণের অবমাননা করিবে না।২৯ ব্রাহ্মণ সর্ব্বদেবময় এবং ব্রহ্মবিষ্ণু শিবস্বরূপ। দ্বিজগণ যদিও প্রাকৃতিক অর্থাৎ পঞ্চভূতময়, তথাপি তাহারা ব্রহ্মতেজ হইতে উদ্ভূত হইয়াছেন।৩০ যেখানে ব্রাহ্মণগণ ভোজন করেন, সেখানে স্বয়ং হরি ভোজন করিয়া থাকেন এবং তথায় ব্রহ্মা, রুদ্র, খেচর গণ, ঋষিগণ, মুনিগণ, পিতৃগণ, দেবগণ সকলেই ভোজন করেন, সন্দেহ নাই।৩১ অতএব হে দেবি। ব্রাহ্মণ সর্ব্বদেবময়, অতএব তুমি কদাচই তাঁহাদের অবমাননা করিও না। হে দেবি। দেবগণ সততই কামনা করেন যে, কর্ম্মভূমিতে ব্রাহ্মণ, কুমারী, শক্তি অগ্নি, শ্রুতি এবং গো এই সকলের নিত্য পূজা হউক।৩২ যদি নরগণ একটী কুমারীর পূজা করে,

পূজনং ভবেৎ। কুমারীপূজনফলং ময়া বক্তুং ন শক্যতে ॥৩৩ কুমার্য্যশ্চ শক্তয়শ্চ সর্ব্বমেতচ্চরাচরং। একা চেদ্‌যুবতী দেবি পূজিতা স্বাত্মলোকিতা। সর্ব্বাএব পরাদেব্যাঃ পূজিতা স্যুর্ন সংশয়ঃ ॥৩৪ হুতএকগুণং বহ্নৌ দত্তমেকগুণং দ্বিজে। লভ্যন্তে কোটিগুণিতং বিশ্বাসান্নাত্র সংশয়ঃ। অবিশ্বাসে শতগুণং ফলমেব সুনিশ্চিতং ॥৩৫ গোগ্রাসং পাবনং লোকে সর্ব্বপাপনিকৃন্তন। কুমার্য্যৈ চৈব যদ্দত্তং তথা শক্ত্যৈ মহেশ্বরি ॥৩৬ ননশ্যতিকদাপিতৎ কল্প-কোটিশতাযুতৈঃ। ধর্ম্মযোনির্হি তে দেবা ধর্ম্মো যজ্ঞাদিকো মতঃ ॥৩৭ পরলোকে মহাবন্ধু ধর্ম্মোহত্র ন সংশয়ঃ। কর্ম্মণ্যেব কৃতে দেবি বৈদিকে বহুজন্মনি। ততশ্চাগমিকে ধর্ম্মে ধর্ম্মেণৈব প্রবর্ত্ত[illegible]॥৩৮ তত্র সম্প্রাপ্যতে মুক্তিঃ কর্ম্ম-বন্ধবিনাশিনী। ততস্তু বহুজন্মান্তে জ্ঞানমাসাদ্য মুচ্যতে ॥৩৯ কর্ম্মণা লভতে ভক্তি র্ভক্ত্যা জ্ঞান মুপালভেৎ। জ্ঞানান্মুক্তি মহাদেবি সত্যং সত্যং মায়ে চ্যতে ॥৪০ জ্ঞানভাবে সমুৎপন্নে সংপ্রাপ্য জ্ঞানমুত্তমং। তদা যোগী বিমুক্তঃ স্যাদিত্যাহ ভগবান্ শিবঃ ॥৪১ ন কর্ম্মণঃ সমাবস্থা নৈষ্ফল্যং পুরুষোহশ্নুতে।

তবে তাহার মহৎ ফল হয়। হে দেবি। কুমারী পূজনের ফল আমি ব্যক্ত করিতে অক্ষম।৩৩ হে অম্বিকে! কুমারীগণ ও শক্তিগণ এই অখিল চরা-চরস্বরূপ। হে দেবি! যদি একটী যুবতির পূজা করা যায়, তবে তদ্দ্বারাই সমস্ত দেবীগণই পূজিত হইয়া থাকেন, সন্দেহ নাই।৩৪ বিশ্বাসপূর্ব্বক বহ্নিতে একগুণ হোম এবং বিপ্রগণকে একগুণ দান করিলে, কোটিগুণ ফল লাভ করে, তাহাতে সংশয় নাই। অবিশ্বাস করিয়া হোম ও দান করিলে, শতগুণমাত্র ফলপ্রাপ্ত হয়, ইহা সুনিশ্চিত আছে। হে মহেশ্বরি। ইহলোকে গোগ্রাসদান পরম পবিত্র কর্ম্ম, তদ্দ্বারা সমস্ত পাপ বিনষ্ট হইয়া যায়।৩৬ কুমারীকে ও শক্তিকে যাহা প্রদত্ত হয়, কল্পকোটি শতাযুত বৎসরেও তাহা বিনষ্ট হয় না। দেবগণই ধর্ম্মযোনি, যজ্ঞাদিই ধর্ম্ম, পরলোকে ধর্ম্মই মহাবন্ধু, তাহাতে আর সন্দেহ নাই।৩৭ হে দেবি! বহুজন্ম বৈদিককর্ম্ম করিয়া, তদনন্তর আগমধর্ম্মে প্রবৃত্ত হইবে,৩৮ তাহাতে কর্ম্মবন্ধবিনাশিনী মুক্তি প্রাপ্তি হয়। আগমধর্ম্মে প্রবৃত্ত থাকিয়া বহুজন্মান্তে মুক্তিলাভ হইবে।৩৯

কর্ম্ম দ্বারা ভক্তি, ভক্তি দ্বারা জ্ঞান, জ্ঞান দ্বারা মুক্তিলাভ হয়। হে মহা দেবি! ইহা আমি তোমাকে সত্য সত্যই কহিলাম।৪০ ভগবান্ শিব কহিয়া-ছেন, যখন জ্ঞানভাব উৎপন্ন হয়, তখন যোগিজন উত্তম জ্ঞান লাভ করিয়া মুক্ত হইয়া থাকেন।৪১ কর্ম্ম করিলে পুরুষগণ নিষ্ফলতা লাভ করে না অব-

তস্মাৎ কর্ম্ম মহামায়ে সর্ব্বদা সমুপাচরেৎ ॥৪২ বৈদিকং তান্ত্রিকং বাপি যদি ভাগ্যে ন লভ্যতে। ন বৃথা গময়েৎ কালং দ্যূতক্রীড়াদিনা সুধীঃ ॥৪৩ গময়ে দেবতাপূজাজপযজ্ঞস্তবাদিনা। দ্বিবিধঞ্চৈব তৎ কর্ম্ম বাহ্যান্তরবিভেদতঃ ॥৪৪ বাহ্যঞ্চানিয়মাসক্তং মানসং ন তথা পুনঃ। অশুচির্ব্বা শুচির্ব্বাপি যত্র কুত্র স্থলেঽপি বা। গচ্ছং স্তিষ্ঠন্ স্বপন্ বাপি যদ্বা যদ্বা বরাননে। কুর্য্যাচ্চ মানসং ধর্ম্মং ন দোষো মানসে ক্বচিৎ ॥৪৫।৪৬ সর্ব্বেষাং কর্ম্মণাং শ্রেষ্ঠো জপযজ্ঞো মহেশ্বরি। জপযজ্ঞো মহেশানি মৎস্বরূপো ন সংশয়ঃ ॥৪৭ জপযজ্ঞে হি তিষ্ঠেদ্‌যো বাহ্যে বা চান্তরেঽপি বা। সর্ব্বদা পরমেশানি জীবন্মুক্তো ন সংশয়ঃ ॥৪৮ বৈদিকাস্তান্ত্রিকা যে যে ধর্ম্মাঃ সন্তি মহেশ্বরি। সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীং ॥৪৯ গ্রহভূতপিশাচাদ্যা যক্ষরক্ষোগণাশ্চ যে। ব্যাঘ্রাদ্যাজন্তবো দেবি তথৈব কুপিতান্তরাঃ ॥৫০ ডাকিন্যো গুহ্যকাশ্চৈব গন্ধর্ব্বাশ্চ সরীসৃপাঃ। দানবা ভৈরবাদুষ্টা যে বৈ শ্মশানবাসিনঃ ॥৫১ কেঽপি নেক্ষন্তি তং দেবি

শুই তাহার ফলপ্রাপ্ত হয়। অতএব হে দেবি! সর্ব্বদা কর্ম্ম আচরণ কর্ত্তব্য।৪২ যদি দুর্ভাগ্যবশে বৈদিক বা তান্ত্রিককর্ম্ম করিতে না পারে, তথাপি সুধীগণ দ্যূতকর্ম্মাদি দ্বারা কালাতিপাত করিয়া, বৃথা সময় নষ্ট করিবেন না।৪৩ দেবতাপূজা, জপ যজ্ঞ ও স্তবাদি দ্বারা কালক্ষয় করিবেন। কর্ম্ম দ্বিবিধ, বাহ্য ও আন্তরিক।৪৪ বাহ্যকর্ম্ম অনিয়ম দ্বারা করিতে পারা যায় না; কিন্তু মানসিক বা আন্তরিক কর্ম্ম সেরূপ নহে। অশুচিই হউক বা শুচিই হউক, যে কোনও স্থলেই হউক, অবস্থিতি করিয়াই হউক, চলিতে চলিতেই হউক অথবা যে কোন কর্ম্ম করিতে করিতেই হউক, মানসধর্ম্মের আচরণ করিবে। যেহেতু মানসে কোন দোষ নাই।৪৫।৪৬ হে মহেশ্বরি! জপ যজ্ঞ সকল কর্ম্ম হইতেই শ্রেষ্ঠ, জপযজ্ঞ আমার স্বরূপ তাহাতে সন্দেহ নাই।৪৭ বাহ্যেই হউক বা অন্তরেই হউক, যে নর জপযজ্ঞে নিয়তাসক্ত হয়, তাহাকে জীবন্মুক্ত বলিয়া জানিবে, তাহাতে সংশয় করিও না।৪৮ হে দেবি! বৈদিক বা তান্ত্রিকই হউক, যে যে ধর্ম্ম জগতীতলে বিদ্যমান আছে সেই সকলই জপ যজ্ঞের ষোড়শাংশও হইবে না।৪৯ গ্রহ, ভূত, পিশাচ, যক্ষ ও রক্ষগণ ব্যাঘ্রাদি কুপিতান্তর হিংস্রজন্তুগণ ৫০ ডাকিনীগণ, গুহ্যকগণ, গন্ধর্ব্বগণ, সরীসৃপগণ, দানবগণ, ভৈরবগণ এবং শ্মশাননিবাসী দুষ্টগণ ৫১ সকলেই ভয়বিহ্বল হইয়া জপকারী ব্যক্তিকে দর্শন করিতে পারে না। হে

জাপিনং ভয়বিহ্বলাঃ। ন স্পৃশন্তি চ পাপানি কদাপি সাধকং প্রিয়ে॥৫২ ফলমেতদ্বাচিকস্য জপস্য পরিকীর্ত্তিতং। তস্মাচ্ছতগুণোপাংশুঃ সহস্রো মানসো মতঃ॥৫৩ মন্ত্রমুচ্চারয়েদ্বাচা বাচিকো জপ ঈরিতঃ। কিঞ্চিৎ সুশ্রবণোপেত উপাংশুঃ পরিকীর্ত্তিতঃ॥৫৪ নিজকর্ণাগোচরো যো মানসঃ পরিকীর্ত্তিতঃ। বাচিকস্তু জপো বাহ্যো মানস্যোহভ্যন্তরো মতঃ॥৫৫ উপাংশুর্মিশ্রএব স্যাত্ত্রিবিধোহয়ং জপঃ স্মৃতঃ। জপেন দেবতা নিত্যং স্তূয়মানা প্রসীদতি॥৫৬ প্রসন্না বিপুলান্ কামান্ দদ্যান্মুক্তিঞ্চ শাশ্বতীং। সাধনঞ্চ জপঞ্চৈব ধ্যানঞ্চৈব বরাননে। নাল্পেন তপসা দেবি কেনাপি কুত্র লভ্যতে॥৫৭ যদি ভাগ্যেন দেবেশি বহুজন্মার্জ্জিতেন চ প্রাপ্যতে যত্র তচ্চেত্তু জন্মনাপ্যেকমোক্ষভাক॥৫৮ ব্রহ্মজ্ঞানঞ্চ যৎ প্রোক্তং সমাধিস্তৎ প্রকীর্ত্ত্যতে। ইতোবং কথিতং রম্যং সমাসেন মহেশ্বরিইতঃপরং। মহাদেবি কিং পুনঃ শ্রোতুমিচ্ছসি॥৫৯

ইতি শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতি
সোহস্রে্য ত্রয়োদশঃ পটলঃ।

প্রিয়ে! পাপসকল, সাধক ব্যক্তিকে কদাচই স্পর্শ করিতে পারে না।৫২ আমি তোমাকে বাচিক জপের ফল কহিয়াছি, উপাংশু জপে তাহার শতগুণ মানসিক জপে তাহার সহস্রগুণ ফললাভ হয়।৫৩ উচ্চবাক্য দ্বারা মন্ত্রের উচ্চারণ করিলে তাহাকে বাচিক জপ, কিঞ্চিৎ শ্রবণযোগ্য জপই উপাংশু জপ ৫৪ এবং যাহা নিজের কর্ণগোচর না হয়, তাহাই মানসিক জপ, বাচিক জপই বাহ্যজপ এবং মানসিক জপকে আভ্যন্তর জপ৫৫ এবং উপাংশু জপকে মিশ্র জপ কহে, এইরূপে জপ তিনপ্রকার। জপ দ্বারা স্তূয়মান দেবতাগণ প্রসন্ন হন এবং প্রসন্ন হইয়া বিপুল কাম্যবিষয় এবং পরিশেষে শাশ্বতী মুক্তি প্রদান করিয়া থাকেন।৫৬ হে বরাননে! সাধন জপ ও ধ্যান অল্প তপস্যা দ্বারা কোথাও লভ্য হয় না।৫৭ হে দেবেশি! যদি বহুজন্মার্জ্জিত পুণ্যবলে সেই সকল প্রাপ্ত হয়, তবে একজন্মেই মোক্ষলাভ হইতে পারে।৫৮ যাহা ব্রহ্মজ্ঞান কহিয়াছি, তাহাই সমাধি বলিয়া কীর্ত্তিত হয়। হে মহাদেবি! এই আমি তোমাকে সংক্ষেপে মনোরম গুহ্যবিষয় সকল কহিলাম। অতঃপর আর তোমার কি শুনিতে বাসনা হয় বল।৫৯

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে ত্রয়োদশ পটল।

\ দেব্যুবাচ। ভো দেব পরমানন্দ মহাযোগেশ্বর প্রভো। শুশ্রূষা যত্র মে দেব কৃপয়া কথ্যতাং গুরো ॥১ শ্রুতং বিপ্রস্য চরিতং রেতসস্তে সনাতন। প্লবশ্চ যবনশ্চৈব সৌমারশ্চ মহেশ্বর। তেষাং রেতঃসমুদ্ভূতা ম্লেচ্ছাস্তে কামপালকাঃ। কথং জাতা মহাদেব বদ মে করুণাময় ॥২।৩

ঈশ্বর উবাচ। শাল্বপুত্রাশ্চ বাহ্লীকামৃতাঃ কৌরবসংযুগে। নান্যোবংশধরঃ কশ্চিত্তদ্বংশে তু ত্রিলোচনে ॥৪ তদা বাহ্লীকরমণী কীর্ম্মি গুণবতী শুভা। যুবতী সুন্দরী রম্যা তপঃশীলা মহামতিঃ ॥৫ পুত্রেচ্ছয়াগতাকাশীং তপস্তেপে দিবানিশং। স্থিত্বা বিশ্বেশ্বরাগ্রে তু দ্বারে মে মুক্তিমণ্ডপে ॥৬ তদা বলিসুতো বাণো মহাকালো মহাবলঃ। তদ্দ্বারপালকো দেবি শুশুভে তাং নিরীক্ষ্য চ ॥৭ মদধীকারমাদায় ভৈরবঃ কামমোহিতঃ। কপালমালী মদিরামোদিতোন্মত্তবেশবান্ ॥৮ তপস্বিবেশমাস্থায় নির্লজ্জোরতিনায়কঃ। কীর্ম্মের্জাতা মহাদেবি বন্ধুকা-কামলকাদ্যুতিঃ ॥৯ ভৈরবো বিপুলস্তত্র ততোজাতো মাহাঙ্কুশঃ। কীর্ম্মেঃ সুতো-

---

দেবী কহিলেন, মহাযোগেশ্বর পরমানন্দ দেব প্রভো! আমি যাহা শ্রবণ করিতে বাসনা করি, আপনি কৃপাপ্রকাশ পুরঃসর তাহা কীর্ত্তন করুন।১ হে সনাতন! গুরো! আমি বিপ্রচরিত এবং আপনার বীর্য্যতেজ শ্রবণ করিলাম। প্লব, যবন, সৌমারগণের রেতঃসমুৎপন্ন ম্লেচ্ছগণ কামরূপের পালক, তাহারা কিরূপে কোথা হইতে জন্মগ্রহণ করিল, আপনি করুণা করিয়া তৎসমুদায় বর্ণন করুন।২।৩

ঈশ্বর কহিলেন, হে দেবি! শাল্বপুত্র বাহ্লীকগণ কৌরবসমরে নিহত হইয়াছে। হে ত্রিলোচনে! ঐ বংশে অন্য কেহই বংশধর ছিল না।৪ সেই সময়ে পরম সুন্দরী মনোরমা সুন্দরী যুবতী মহামতি, তপঃশীলা ৫ গুণবতী বাহ্লীকরমণী কল্যাণিনী কীর্ম্মি, পুত্রলাভ কামনায় কাশীতে আগমন করিয়া বিশ্বেশ্বরের অগ্রদ্বারে মুক্তিমণ্ডপে ৬ দিবারাত্র তপস্যা করিতে আরম্ভ করিল। সেই সময়ে বলিপুত্র বাণ এবং মহাবল মহাকাল বিশ্বেশ্বরের দ্বারপালক ছিলেন। তন্মধ্যে আমার অধিকারস্থিত ভৈরব সুশোভিনী কীর্ম্মিকে দর্শন করিয়া কামমোহিত হইল।৭।৮ কপালমালাধারী মদিরামত্ত, উন্মত্ত বেশবান্ নির্লজ্জ রতিনায়ক ভৈরব কীর্ম্মীর সহিত প্রেমাবেশে সহবাস করিল।৯ হে মহাদেবি! তাহাতে কীর্ম্মির মহাঙ্কুশ নামে এক পুত্র জন্মিল। বন্ধুকামলকের ন্যায় ঐ পুত্রের কান্তি দর্শনে কীর্ম্মি অতিশয়

মহাদেবি মহাকালস্য রেতসঃ ॥১০ বাৎসল্যং তত্র দৃষ্ট্বাহং তৎপুত্রোভৈরবস্য চ। তয়ানিশং রতিশ্চাপি মহাঙ্কুশমহাভুজং। রাজ্যাপ্তিং সহ তস্যাপি কীর্ম্মিশ্চেষ্টাঞ্চ শাম্ভবি। কামরূপান্তকঃ শাম্বঃ রাজ্যং প্রাপ্তো মহাঙ্কুশঃ।১১।১২ কীর্ম্মির্যোনিং সমাসাদ্য কুলাচারপরায়ণঃ। সমর্চ্চয়ন্ যথা কাশ্যাং তথা তথাপি সর্ব্বদা ॥১৩ ত্বৎপূজা তত্র মহতী ভবিষ্যতি দিবানিশং। মহাঙ্কুশঃ সমুদ্ভূয় কাশ্যামাস্কন্দনং কুতঃ। ততঃ প্লবেতি নাম্না চ জগাম মণিমণ্ডপং। এবন্তে কথিতং দেবি চরিতং প্লবসম্মতং।১৪।১৫

যাবনং চরিতং কিঞ্চিৎ কথয়ামি শৃণুষ্ব তৎ আসীত্ত্রেতাযুগে রাজা বাহুর্ধর্ম্ম-পরায়ণঃ। মহাধীশো মহাযোদ্ধা সূর্য্যবংশসমুদ্ভবঃ॥১৬ পিতৃশত্রূন্ বিনির্জ্জিত্য সপ্তদ্বীপাং বসুন্ধরাং। বুভুজে পরমং কামং যোগধ্যানং সবিস্মৃতং॥১৭ বহুকালে মহামায়ে ততঃ স্বমদমোহিতঃ। মত্তোধিকোঽধিকো রাজা নাসীদ্ভূমণ্ডলেঽধুনা।

আহ্লাদিতা হইল। মহাকালের বীর্য্যে ঐ কীর্ম্মির পুত্র উৎপন্ন হইল।১০ ভৈরবের সেই পুত্রদর্শনে আমার অত্যন্ত বাৎসল্য জন্মিল। হে শাম্ভবি! মহাভুজশালী মহাঙ্কুশ অত্যন্ত যত্নসহকারে লালিত ও পালিত হইতে লাগিল। কীর্ম্মির তপশ্চর্য্যায় তাহার রাজ্যলাভ হইল। কামরূপান্তক শাম্ব এইপ্রকারে মহাঙ্কুশরূপে রাজ্য প্রাপ্ত হইল।১১।১২ সেই শাম্ব কীর্ম্মির গর্ভে জন্মলাভ করিয়া কুলাচারপরায়ণ হইল এবং সততই কাশীতে অবস্থান করিয়া তোমার অর্চ্চনা করিতে লাগিল।১৩ হে দেবি! তথায় অহর্নিশই তোমার মহতীপূজা হইবে সন্দেহ নাই। মহাঙ্কুশের উৎপত্তির পর আর কাশীতে আক্রমণ ও আস্কন্দনাদি কিছুই নাই। তদনন্তর সে প্লব নামে বিখ্যাত হইয়া মণিমণ্ডপে গমন করিল। হে দেবি! এই আমি তোমার নিকট প্লবচরিত বর্ণন করিলাম।১৪।১৫

হে শাকম্ভরি! কিঞ্চিৎ যবনচরিত বর্ণন করিব শ্রবণ কর। ত্রেতাযুগে বাহুনামে মহাবুদ্ধি মহাযোদ্ধা ধর্ম্মপরায়ণ এক সূর্য্যবংশীয় রাজা ছিলেন। তিনি পিতৃশত্রু সমুদায় পরাজিত করিয়া সপ্তদ্বীপা বসুন্ধরায় পরম ভোগ্য বিষয় সকল সম্ভোগ করিতে লাগিলেন। কিন্তু যোগধ্যানাদি সমস্তই বিস্মৃত হইলেন।১৬।১৭ হে মহামায়ে! তদনন্তর বহুকালে বাহুরাজ নিজমদে মোহিত হইয়া বিবেচনা করিতে লাগিলেন। এক্ষণে অবনীমণ্ডলে আমা অপেক্ষা বলবীর্য্য বৈভবাদি সম্পন্ন নরপতি আর কে আছে? আমি পিতৃশত্রুগণকে

নিপাত্য পিতৃশত্রূন্ যঃ পিতৃশ্রাদ্ধং কৃতং হি যৎ। এবং জাতঃ স্বাহঙ্কারঃ সর্ব্ব নাশকরো হি যৎ ॥১৮।১৯ তস্মাত্তু পাপসঞ্চারো জাতস্তস্য মহীভুজঃ। পাপাত্মা যো ভবদ্রাজা রাজতাং ন কদাচন ॥২০ অহঙ্কারোযুদ্ধচর্য্যঃ সদা নৈবব্যবস্থিতিঃ ॥ মহাপাপানি সর্ব্বাণি সাঙ্গাণ্যেতানি নিশ্চিতং ॥২১ তস্য তেনৈব ভাবেন রাজলক্ষীর্ব্বিনিচ্যুতা। আবির্ভূতো হৈহয়শ্চ তালজঙ্ঘানৃপোত্তমাঃ ॥২২ মন্ত্রয়িত্বা চ রাজানোলঙ্ঘয়িত্বাম্বুধিং তদা। ব্যজিত কবদানস্য প্রাপুরুত্তরকোশলং ॥২৩ আদৌ পরাজিত স্তেভ্যোবাহুমাসেন নিক্রমঃ। জিতরাজ্যো-বাহুরাজঃ সস্ত্রীকো বনমাযযৌ ॥২৪ মমার তদ্বনে বাহুঃ সমস্তং নিষ্প্রভং ভবেৎ। তৎপুত্রঃ সগরোধীরো মহাবীর্য্য পরাক্রমঃ। তেন বিসর্জ্জতৌ ভূপৌ তালজঙ্ঘায়হৈহয়ৌ। অবমানাদ্বশিষ্ঠস্য তত্তয়োরীদৃশী গতিঃ। পুনশ্চ তৌ রাজানৌ যবনৌ প্রাণকাতরৌ ॥২৬ বশিষ্ঠং শরণং যাতৌ রক্ষরক্ষেতি বাদিনৌ। ততস্তান্ যবনান্ বিপ্রো বশিষ্ঠস্ত্বভয়ং দদৌ ॥২৭ এতস্মিন্নন্তরে ভূপঃ সগরঃ ক্রোধমূর্চ্ছিতঃ। তান্ হন্তকামো নৃপতি র্বশিষ্ঠান্তিকমাযযৌ। ততথা

নিপাত করিয়া তবে পিতৃশ্রাদ্ধ করিয়াছি। এইরূপ সর্ব্বনাশকর, অহঙ্কার তাঁহার মানসে উৎপন্ন হইল ১৮।১৯ সেই হেতু সে মহীভুজ মহারাজের পাপসঞ্চার হইল। যে রাজা পাপাত্মা হয়, তাহার রাজত্ব কখনই থাকে না।২০ অহঙ্কার ও নিরন্তরযুদ্ধ, ব্যবস্থিত নহে, এই সকল বীরগণের নিন্দনীয়, বিনাশের হেতু এবং মহাদোষাকর বলিয়া জানিবে।২১ সেই হেতু বাহুরাজের রাজলক্ষ্মী শীঘ্রই বিচ্যুতা হইলেন। অবিলম্বেই তালজঙ্ঘ ও হৈহয় রাজগণ আবির্ভূত হই", ২২ রাজগণ একত্র মিলিত হইয়া মন্ত্রণা পূর্ব্বক সমুদ্র লঙ্ঘন করিয়া বাহুরাজকে পরাজিতানন্তর উত্তরকোশল অধিকার করিয়া লইল।২৩ বাহুরাজ ক্রমশূন্য ছিলেন, অতএব একমাস মধ্যেই পরাজিত হইলেন। হৃতরাজ্য বাহুরাজ সস্ত্রীক হইয়া বনগমন করিলেন।২৪ তথায় তিনি প্রাণত্যাগ করিলেন, তাহাতে সমস্তই নিষ্প্রভ হইল। বাহুর পুত্রসগর, ধীর এবং মহাবীর্য্য ও মহাপরাক্রমশালীছিলেন। তিনি ভুজবলে, তালজঙ্ঘ ও হৈহয়দিগকে রাজ্য হইতে দূরীভূত করিয়া দিলেন।২৫ উঁহারা বশিষ্ঠের অবমাননা করিয়াছিল, সেই হেতুই তাহাদের এইরূপ দুর্দ্দশা ঘটিল। ঐ যবনরাজদ্বয় প্রাণে কাতর হইয়া ২৬ বশিষ্ঠের নিকট আগমন পূর্ব্বক রক্ষ রক্ষ বলিযা আশ্রয় লইল। বশিষ্ঠ ঋষি ঐ যবনগণকে অভয় প্রদান করিলেন।২৭ এই সময়ে সগ রাজ

ভূপমালোক্য বশিষ্ঠো ব্রহ্মসম্ভবঃ। উবাচ সগরং দেবি ধর্ম্মজ্ঞং বাহুনন্দনং ॥২৮
মা হিংসী র্বাহুনন্দন অভয়ং দত্তবানহং। তচ্ছ্রুত্বা স্থগিতো রাজা বাহুজো ভবিতা কৃতী ॥২৯ ব্রহ্মবাক্যং বৃথা ন স্যাৎ প্রতিজ্ঞা মেঽপি পূর্ব্বজা। ইদানীং কিং করোম্যদ্য সঙ্কটং সমুপস্থিতং ॥৩০ ইতি সঞ্চিন্ত্য তৎ সর্ব্বং বশিষ্ঠমভ্যবেদযাৎ। হন্মিতান্ মানুষগণান্ প্রতিজ্ঞা মে কৃতা পুরা ॥৩১ তত্র ত্বদ্বচনং শ্রুত্বাহতোঽস্মি কিং করোম্যতঃ। তদ্বাক্য মন্যথা কর্ত্তুং ময়ানোক্ত সদা মুনে ॥৩২ যদ্যুপায়ং ন করোষি শ্রেয়োমে মরণং তদা। এবং শ্রুত্বা বশিষ্ঠোঽসৌ সত্বরং প্রত্যভাষত ॥৩৩

বশিষ্ঠ উবাচ। মা বিষাদং গচ্ছ সখে কর্ত্তব্যং যচ্ছৃণুষ্ব যে। তবারাতীনিমান্ সর্ব্বান্ মুণ্ডয়িত্বা শিরাংসি তু। বেদাচারবহির্ভূতান্ কারযামাস দূরতঃ ॥৩৪ হিমাদ্রিপশ্চিমে ভাগে দেশে তু যবনোনৃপঃ ইত্থং মে বচনং তিষ্ঠেৎ প্রতিজ্ঞাপি

ক্রোধমূর্চ্ছিত হইয়া তাহাদিগকে বিনাশ করিবার মানসে বশিষ্ঠ সন্নিধানে উপস্থিত হইলেন। ব্রহ্মসম্ভব বশিষ্ঠ ঋষি ধর্ম্মজ্ঞ বাহুনন্দন সগর রাজকে সমাগত দেখিয়া কহিলেন,২৮ হে বীর! বাহুনন্দন! তুমি ইহাদের হিংসা করিও না, আমি ইহাদিগকে অভয় প্রদান করিয়াছি।২৯ তচ্ছ্রবণে বাহুজরাজ কৃতিবরসগর স্থগিত হইয়া বিবেচনা করিলেন আমি পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছি যে কদাচই ব্রহ্মবাক্যের অবমাননা করিব না, এক্ষণে আমি কি করিব, আমার বিষম সঙ্কটস্থল উপস্থিত হইল।৩০ এই সকল চিন্তা করিয়া বশিষ্ঠকে নিবেদন করিলেন, আমি পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছি এই সকল যবনগণকে হনন করিব।৩১ এক্ষণে আপনার বাক্য শ্রবণ করিয়া আমি হতবুদ্ধি হইয়াছি। কি করি কিছুই অবধারণ করিতে পারিতেছি না। হে মুনিবর! আমি আপনার বাক্যেরও অন্যথা করিতে পারিব না ৩২ যদি আপনি ইহার উপায় বিধান না করেন, তবে আমার মরণই শ্রেয়স্কর। এই বাক্য শ্রবণ করিয়া বশিষ্ঠ সত্বরই প্রত্যুত্তর প্রদান করিলেন।৩৩

বশিষ্ঠ কহিলেন, হে সখে! তুমি বিষণ্ণ হইও না, আমার নিকট কর্ত্তব্য শ্রবণ কর। তোমার এই সকল অরাতিগণের শিরোমুণ্ডন এবং ইহাদিগকে বেদাচার বহির্ভূত করিয়া দেশ হইতে দূরে নির্ব্বাসিত করিয়া দাও।৩৪ হিমাচলের পশ্চিমভাগে যবনদেশ, তথায় ইহাদিগকে নির্ব্বাসিত কর। তাহা হইলে তোমার প্রতিজ্ঞারও অন্যথা হইবে না, যেহেতু শির-

চ তে বিভো ॥৩৫ শিরসং কৃন্তনং যদ্ধি মুণ্ডনং তদ্বদেব হি। বেদেঽপি স্থিরমেবং হি সমানং সমুদাহৃতং ॥৩৬

ঈশ্বর উবাচ। ইত্থং তদ্বচনং শ্রুত্বা সগরোঽপি তথাকরোৎ। তেঽপি বৈ ক্ষত্রিয়াঃ সর্ব্বে হৈহয়া স্তালজঙ্ঘকাঃ। বিড়ম্বিতা বিহীনাস্তে সদা মুণ্ডিত-মস্তকাঃ ॥৩৭ সুবল্লমুনি মাশ্রিত্য সদাচারবিবর্জ্জিতঃ। সুবল্লস্যোপদেশাত্তে তপ স্তেপে সদাশ্রিতঃ ॥৩৮ যামাশ্রিত্য মহাদেবি ম্লেচ্ছাচারপরায়ণাঃ। তামসাস্তে মহাদেবি তামসাং ভাবমাশ্রিতাঃ ॥৩৯ সংযোগঞ্চ বিয়োগঞ্চ মন্ত্রণাঞ্চ দ্বিধা গতিঃ। সাত্ত্বিকে রাজসে দেবি সংযোগঃ ফলদায়কঃ। বাহ্যান্তরবিয়োগেন সংযোগোহি অনুত্তমঃ। তামসে তু বিয়োগঃস্যাদ্ বাহ্যসিদ্ধিফলপ্রদঃ ॥৪০ তামসঃ পরলোকস্য বাহ্যস্তদ্ধর্ম্মঈরিতঃ। তেষাস্তেনৈব ভাবেন প্রসাদো মেঽভিজায়তে ॥৪১ ময়া দত্তো বর স্তেভ্যো শৃণু কাময়িতুং বরং। ভুঙ্ক্ষ্বেদানীমিদং রাজ্যং যবন তিষ্ঠ এব চ ॥৪২ কালে তথেন্দ্বষ্টনবান্ গতে শাকে কলৌ যুগে। পুণ্যদেশাধিপায়ূয়ং ভবিষ্যথ সুনিশ্চিতং ॥৪৩ এবমেব মহেশানি কামরূপাধিপঃ শিবে। যবনোমৎ

শ্ছেদন ও শিরোমুণ্ডন একরূপ কার্য্য; বেদে এই উভয় কার্য্যই সমান বলিয়া উক্ত হইয়াছে।৩৫।৩৬

ঈশ্বর কহিলেন,বশিষ্ঠের এই বাক্য শ্রবণ করিয়া সগরও তাহাদের প্রতি সেইরূপ আচরণ করিলেন। ক্ষত্রিয় হৈহয় ও তালজঙ্ঘগণ এইরূপে মুণ্ডিতমস্তক ও বিড়ম্বিত ও হীন হইয়া,৩৭ সুবল্ল মুনির আশ্রয় গ্রহণ পূর্ব্বক সদাচার বর্জ্জিত হইয়া রহিল। অনন্তর সুবল্ল মুনির উপদেশে তাহারা সতত তপস্যা করিতে আরম্ভ করিল।৩৮ হে মহাদেবি! তাহারা ম্লেচ্ছাচার পরায়ণ। অতএব তামস ভাব গ্রহণ পূর্ব্বক, তামসধর্ম্মী হইল। মন্ত্র সকলের গতি সংযোগ ও বিয়োগভেদে দুই প্রকার। হে দেবি! সাত্ত্বিক ও রাজসধর্ম্মে সংযোগ ফলদায়ক এবং বাহ্যান্তর বিয়োগ সহিত সংযোগও উত্তম তামসে বিয়োগ, বাহ্য ও সিদ্ধিফলপ্রদ হয়।৪০ তামস পরলোকে বাহ্যধর্ম্ম বলিয়া উদীরিত হইয়া থাকে। তাহাদের সেই তামসভাব দ্বারাই আমার প্রসন্নতা হয়;৪১ আমি তাহাদিগকে বর প্রদান করিয়াছিলাম, তাহা শ্রবণ কর। হে যবনগণ! তোমরা এক্ষণে এই রাজ্যভোগ করিয়া অবস্থান কর।৪২ আর কলিযুগে ইন্দু অষ্ট নব শাকগত হইলে তোমরা নিশ্চিতই পুণ্যদেশের অধিপতি হইবে।৪৩ হে মহেশ্বরি! শিবে! এইরূপে যবনগণ কামরূপের অধীশ্বর হইয়াছিল, যবনেরা আমার

প্রসাদেব তথান্যপুণ্য ভূমিষু। বহুভূপ সমাকীর্ণঃ কলৌ ভুঙ্‌ক্তে মহীং মুদা ॥৪৪ এবন্তে কথিতং দেবি বৃত্তান্তং যাবনং সদা। ইদানীং শ্রূয়তাং যুদ্ধে সৌমারচরিতং তথা ॥৪৫ একদামররাজস্তু খাণ্ডবং বন মাযযৌ। বিহায দেববাজ্যং চ কৌশঙ্গ্যা সহিতঃ স্বয়ং ॥৪৬ গতেষু বহুকালেষু ক্রীড়য়া দেবভূভুজঃ। তৌর্যত্রিকে সম্যগিচ্ছা জাতা বহুবিধা তথা ॥৪৭ রম্ভাং তিলোত্তমাং কাঞ্চীং কুরঙ্গাক্ষীং মনোহবাং। আদিদেশ সমানীয নৃত্যং কর্ত্তুঞ্চ বস্তয়া ॥৪৮ ততস্তেন বৃতাঃ সর্ব্বাবেশ্যা জগ্মু র্মুদান্বিতাঃ। নানাবিধ বিধানেন ইন্দ্রং তুতোষ মোহিনী ॥৪৯ মোহিতা চাপি কৌশাঙ্গি দেবরাজেন সঙ্গতা। তাসাং নৃত্য প্রগীতেন কামোদ্রেকোঽভবেত্তদা ॥৫০ এতস্মিন্নন্তরে দেবি স্বর্গবেশ্যা মনোহবা। তস্যা রতিং সমকারোৎ দেবেন্দ্রো বল সূদন ॥৫১ ইন্দ্রং তদ্বিধমালোক্য মনো দধে তথা তু সা। কামরূপেষু বিভ্রান্তাঃ স্খলিতা নৃত্যগীতয়োঃ ॥৫২ রতিধৈর্য্যং তবোর্জাতং তস্যাস্তৎস্খলনে পুনঃ ॥৫৩ ততস্তস্যা মনোজ্ঞাত্বা কৌশাঙ্গী ক্রোধমূর্চ্ছিতা।

প্রসাদে কলিকালে অন্যান্য বহুতর পুণ্যভূমির অধীশ্বর হইয়া, বহুতর যবনরাজ প্রফুল্লিত চিত্তে অবনীসম্ভোগ করিবে।৪৪ হে দেবি! এই আমি তোমাকে যাবনিক বৃত্তান্ত কহিলাম। এক্ষণে সৌমারগণের চরিত কথা শ্রবণ কর।৪৫ একদিবস অমররাজ ইন্দ্র দেবরাজ্য পরিহার করিয়া, কৌশাঙ্গীর সহিত ৪৬ খাণ্ডবনে গমন করিলেন। দেবরাজ তথায় বহুকাল ক্রীড়া করিলেন। তদনন্তর তাঁহার তৌর্য্যত্রিকাদি বিষয়ে সম্যক্ বাসনা জন্মিল।৪৭ তদনন্তর, দেবেন্দ্র, রম্ভা, তিলোত্তমা, কাঞ্চী, কুরঙ্গাক্ষী মনোহরা এই সকল স্বর্গকামিনীকে আনয়ন করিয়া নৃত্য করিতে আদেশ করিলেন।৪৮ তাহারা দেবরাজকে বেষ্টন করিয়া নৃত্য আরম্ভ করিল। নানাবিধ বিধান দ্বারা স্বর্গবেশ্যাগণ ইন্দ্রকে সন্তুষ্ট করিল।৪৯ অনন্তর কৌশাঙ্গী মোহিত হইয়া দেবরাজের সহিত সঙ্গতা হইল। তদনন্তর, তাহাদের নৃত্যগীত দ্বারা ইন্দ্রের কাম উদ্দীপিত হইলে।৫০ সেই সমুরাসুরপ্রণম্য, দুর্দ্দান্ত দনুজশাস্তা, বলঘাতন ইন্দ্র, মনোহরা নাম্নী স্বর্গবেশ্যার প্রতি অনুরাগ প্রকাশ করিলেন।৫১ ইন্দ্রকে অনুরক্ত অবলোকন করিয়া, সেই মনোহরা স্বর্গবেশ্যাও ইন্দ্রের প্রতি মনোধারণ করিল। তাহাতে কামাবেশবশে বিভ্রান্তা হইয়া মনোহরার নৃত্যগীত স্খলিত হইতে লাগিল।৫২ তদ্দর্শনে, তাঁহাদের উভয়ের রতি জন্মিয়াছে জানিয়া কৌশাঙ্গী ৫৩ ক্রোধমূর্চ্ছিতা হইয়া নিষ্ঠুরা-

উবাচ নিষ্ঠুরাং বাণীং শৃণু দেবী মনোহরা ॥৫৪ ভূত্বা বেশ্যা মহাদুষ্টা মত্তত্বং দেবযোষিতে। অতঃ প্রচলিতং চিত্তমাবয়োরতিকর্ম্মণি ॥৫৫ অহো যাহি ভুবি বেশ্যে রাজানং পতিমাপ্নুহি। এবমুক্তং দুষ্টশাপং কৌশাঙ্গীমুখনিঃসৃতং ॥ শ্রুত্বা চ মূর্চ্ছিতা ভূত্বা কৌশাঙ্গীচরণেঽপতৎ ॥৫৬ বিললাপ বহুবিধং ধৃত্বা চ চরণে মুহুঃ। ততো জগাদ কৌশাঙ্গীং দ্বাত্রিংশদ্বৎসরং ভুবি ॥ ভুক্ত্বা শাপং মনোহরে পূর্ণং সৌখ্যং গমিষ্যষি ॥৫৭ মন্দাকিন্যাং ত্যক্ততনুং ততস্তাং মানবীশ্রিতাম্। কঙ্কতী মোহিনী রম্যা ধার্ত্তরাষ্ট্রং পতিংগতা ॥৫৮ কৌরবে চ কুরুক্ষেত্রে হতে নারীশতাংমৃতাঃ। তূর্ণঞ্চকঙ্কতী মাগাচ্চন্দ্রচূড়ং গিরিং ভিয়া ॥৫৯ অত্যুচ্চশিখরে তস্থা সা তস্থৌ দুঃখ-দুঃখিতা। প্রাপ্তার্ত্তুঃ স্বর্গবেশ্যা সা দ্বিতীয়দিবসে নিশি। কামবাণে সদা বিদ্ধা মূর্চ্ছিতা তাপমাগতা ॥৬০ ইন্দ্রো রথ সমারূঢ়ঃ যাত্যপশ্যত্তু সুন্দরীং। সালঙ্কারাঞ্চ কুশদ্বীপাৎ স্মৃত্বা তৎপূর্ব্ব কারণং ॥ বোধয়িত্বা চ সর্ব্বাং তাং

স্বরে মনোহরাকে কহিল, মনোহরে! তুমি শ্রবণ কর।৫৪ তুমি মহাদুষ্টা স্বর্গবেশ্যা হইয়াছ, তোমার অতিশয় মত্ততা জন্মিয়াছে, এই হেতু আমাদের রতিকর্ম্মের বিঘ্ন জন্মাইয়া তাহা ভগ্ন করিয়া দিলে।৫৫ অতএব তুমি মর্ত্ত-লোকে গমন করিয়া নরপতিকে পতিলাভ কর। কৌশাঙ্গীর মুখ হইতে নিঃসৃত এইরূপ দুষ্ট শাপ শ্রবণ করিয়া, মনোহরা মূর্চ্ছিতা হইয়া কৌশাঙ্গীর চরণে নিপতিত হইল।৫৬ বারম্বার চরণে ধরিয়া বিলাপ করিতে লাগিল তদ্দর্শনে কৌশাঙ্গীর করুণাসঞ্চার হইলে কহিলেন, তুমি দ্বাত্রিংশদ্বৎসর ভূতলে শাপ ভোগান্তে পুনর্ব্বার সুস্থতা লাভ করিবে।৫৭ তদনন্তর তুমি মন্দাকিনীতে মানবী তনু পরিত্যাগ করিয়া স্বর্গপুরে পুনরাগমন করিবে। সেই মনোহরা মর্ত্ত্যলোকে কঙ্কতী নামে মোহিনী কামিনী হইয়া ধার্ত্তরাষ্ট্রকে পতি লাভ করিল।৫৮ অনন্তর কুরুক্ষেত্র সমরে কৌরবগণ নিহত হইলে শতনারী প্রাণত্যাগ করিল। কঙ্কতী ভীতা হইয়া দ্রুতগমনে চন্দ্রচূড়গিরিতে পলায়ন করিলেন। কঙ্কতী অত্যন্ত দুঃখিতা হইয়া সেই পর্ব্বতের অত্যুচ্চ শিখরে বাস করিতে লাগিলেন।৫৯ একসময়ে সেই স্বর্গবেশ্যা ঋতুমতী হইয়া দ্বিতীয় দিবসে কামসায়কে সবিদ্ধা হইয়া অত্যন্ত সন্তাপিতা হইলেন।৬০ এই কালে দেবরাজ, রথে আরোহণ করিয়া কুশদ্বীপ হইতে গমন করিতে করিতে সালঙ্কারা সেই সুন্দরীকে দেখিতে পাইলেন। তাহার পূর্ব্ব কারণ স্মরণ পূর্ব্বক সেই কামমোহিতা কান্তাকে সমস্ত অবগতি করাইলেন। তদ নন্তর, আসক্ত হইয়া তাহার সহিত সহবাস করিলেন। তাহাতেই গন্ধমাদন

কান্তাং কাম বিমোহিতাং। রতিং ধৃত্বা গতস্তস্যাঃ সুতোঽভূচ্চ অরিন্দম ॥৬১।৬২ কঙ্কত্যাঃ পরমেশানি পর্ব্বতে গন্ধমাদনে। যতো জগ্রাহ তামিন্দ্রো দ্বিতীয়দিবসে ঋতৌ। ততঃ সোঽরিন্দমশ্চাভূন্ ম্লেচ্ছাচারপরায়ণঃ। ব্যাধবৃত্তিরতো ঘোরঃ সর্ব্বদা প্রাণিহিংসকঃ ॥ সর্ব্বমাংসাদনো দেবি কিরাতো ঘটিতো যথা।সর্ব্বপুণ্য-বহির্ভূতঃ সর্ব্বপাপসমাকুলঃ ॥ মদ্যমাংসভগামোদী কদাচরপরায়ণঃ। ঈদৃশন্তং সুতং দৃষ্ট্বা কঙ্কতী ভৃশদুঃখিতা ॥৬৩।৬৬ তপস্তেপেঽতিগাঢ়ঞ্চ সারাৎসারাং পরাৎপং। ততস্তাং দেবরাজোঽসাবুবাচ তৎপুরস্থিতঃ ॥৬৭

ইন্দ্র-উবাচ। কথং তপ্তং তপোবাচং ত্বয়া কঙ্কতি মে বদ। তপসা তেঽতি-সন্তুষ্টো যদীচ্ছসি দদামি চ ॥৬৮

কঙ্কত্যুবাচ। সুতস্তে ঈদৃশো জাতঃ সদাপাপপরায়ণঃ। দ্রষ্টুং ন শক্তা দেবেশ যথেচ্ছসি তথা কুরু ॥৬৯ দেবাধিদেব দেবেশ সুতস্তেঽয়ং সুরাধিপ। ভবেৎ সত্যং ন সন্দেহ স্বয়ন্তু চ নরাধমঃ ॥৭০ অতস্ত্বং দেবতানাথ পিতুশ্চায়ং সুতস্তব। যথেচ্ছসি কুরু তথা মাং তু নয় দ্রুতং প্রভো ॥৭১ কিঙ্করীং ত্বৎ-

---

পর্ব্বতে কঙ্কতীর অরিন্দম নামে এক পুত্র জন্মিল।৬১।৬২ ইন্দ্র, ঋতুর দ্বিতীয় দিবসে তাহার সহিত সহবাস করিয়াছিলেন সেই হেতু অরিন্দম ম্লেচ্ছাচার পরায়ণ, ব্যাধবৃত্তি নিরত, ঘোরতর সর্ব্ব প্রাণীর হিংসক, মদ্যমাংস সম্ভোগে আমোদী এবং কিরাতের ন্যায় সর্ব্বমাংস ভক্ষক, কদাচারপরায়ণ ও সর্ব্বপ্রকার পাপে আসক্ত হইয়া উঠিল। কঙ্কতী, পুত্রের এইরূপ আচ-রণ দর্শনে অত্যন্ত দুঃখিনী হইয়া ৬৩-৬৬ ঘোরতর তপ আরম্ভ করিল। তদনন্তর দেবরাজ, ত. দে সম্মুখে উপনীত হইয়া কহিলেন।৬৭

ইন্দ্র কহিলেন, হে কঙ্কতি! তুমি তপস্যাচরণ করিতেছ কেন? আমাকে বল, আমি তোমার তপে সাতিশয় সন্তুষ্ট হইয়াছি যাহা ইচ্ছা করিবে তাহাই প্রদান করিব।৬৮

কঙ্কতী কহিল, আমার গর্ভে তোমার যে সন্তান জন্মিয়াছে, সে সর্ব্বদাই পাপাচারে নিরত, হে দেব! আমি তাহার পাপাচার দর্শনে সমর্থা নহি, আপনি এ বিষয়ে যাহা উত্তম হয়, তাহাই করুন।৬৯. হে দেবাধিদেব! দেবেশ! তোমার এই পুত্র নরাধম হইবে তাহাতে সন্দেহ নাই।৭০ হে ইন্দ্র! আপনি, দেবতাদিগের অধিনাথ, তোমার পুত্র এরূপ নরাধম হইল এবিষয়ে আপনার যাহা ইচ্ছা হয় করুন।৭১ আমাকে সত্বরই

পার্শ্বদেশে কিঙ্করীত্বে নিযোজয । দেবাধীশ এষ কাম্যো নাঁন্যঃ কাম্যঃ কদাচন ॥৭২

ইন্দ্র-উবাচ । শৃণু প্রেয়সি মদ্বাক্যং শাপকালো গতস্তব । ত্বরিতো নেষ্যাম্যধুনা ত্বামহং সুস্থিরা ভব ॥৭৩ পুত্রস্য পাপযোগেন বংশনাশকরোঽভবৎ । অতঃ শতাষ্টবিংশে চ পুরুষে ক্ষয়িতে সতি ॥ সৌমরবাসিনো ভূত্বা বংশা মে রাজপুঙ্গবাঃ । ন্যায়বুদ্ধিমহোৎসাহাদেববিপ্রপরায়ণাঃ । ভবিষ্যন্তি ন সন্দেহো-ব্রহ্মতত্ত্বজ্ঞ যথাধুনা ॥ গচ্ছন্তি চাপি বৈকুণ্ঠে সর্ব্বে স্যুর্বিষ্ণুবল্লভাঃ । লয়মেষ্যন্তি তত্রৈব যাবদাভূতসংপ্লবং ॥৭৪।৭৭

ঈশ্বর-উবাচ । ততস্তাস্তু সমাদায়াগচ্ছদিন্দ্রো নিজালয়ং । তথা কালে তু সৌমারঃ কামরূপাধিপোভবেৎ ॥৭৮ পূর্ব্বভাগে চ সৌমারঃ কুবাচঃ পশ্চিমে তথা । দক্ষিণে যবনস্তদ্বদুত্তরে প্লবএব চ ॥৭৯ এবমেব মহাদেবি তে সর্ব্বে কামপালকাঃ । এবন্তে কথিতং দেবি সৌমারচরিতং হি তৎ ॥৮০ ইতঃ কিমিচ্ছসি শ্রোতুং যত্ত্বয়া কোঽপি ন শ্রুতং ॥৮১

যথায ইচ্ছা লইযা চলুন । এই কিঙ্করীকে লইযা কিঙ্করীকার্য্যে নিয়োজিত করুন । হে দেবাধিপ ! এই আমার কামনা, অন্য কামনা আমার নাই ।৭২

ইন্দ্র কহিলেন, হে প্রেয়সি ! শ্রবণ কর, তোমার শাপকাল গত হই-য়াছে, তোমাকে শীঘ্রই লইযা যাইব স্থির হও ।৭৩ পুত্রের পাপযোগে বংশ নাশ হয় ; অতএব একশত অষ্টাবিংশতি পুরুষ ক্ষয় পাইলে তদীয় গর্ভজ মদ্বংশ্যগণ সৌমরদেশে বসতি করিয়া রাজশ্রেষ্ঠ হইবে । তাহারা সকলই পুণ্যশ্লোক, ধর্ম্মরত, সদাচার পরায়ণ, ন্যায়বুদ্ধিসম্পন্ন, মহোৎসাহশালী, ব্রহ্ম তত্ত্বজ্ঞ ও দেবদ্বিজপরায়ণ হইবে সন্দেহ নাই । আর সকলেই বিষ্ণুভক্তি পরায়ণ হইয়া বৈকুণ্ঠে গমন করিবে । তদনন্তর যখন প্রলয় হইবে তখন তাহারা লয়প্রাপ্ত হইবে জানিও ।৭৪-৭৭

ঈশ্বর কহিলেন, তদনন্তর ইন্দ্র সেই কঙ্কতীকে নিজালয়ে লইযা গমন করিলেন । যথাকালে কঙ্কতীগর্ভজ সৌমারগণ কামরূপের অধীশ্বর হইল ।৭৮ পূর্ব্বভাগে সৌমার, পশ্চিমে কুবাচ, দক্ষিণে যবন ও উত্তরে প্লবগণ রাজত্ব করিয়াছিল ।৭৯ হে মহাদেবি ! এই সকলেই কামরূপের পালক হইয়াছি । হে দেবি ! এই আমি তোমাকে সেই সৌমার চরিত কহিলাম, অতঃপর যাহা কখন শ্রবণ কর নাই, এরূপ আর কি শুনিতে বাসনা হয বল ।৮১ ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্দ্দশ পটল ।

শ্রীদেব্যুবাচ। গুপ্তেন ত্বামহং পৃচ্ছে কামাখ্যা কা বদস্ব মে।

ঈশ্বর উবাচ। যা কালী পরমা বিদ্যা ব্রহ্মরূপা সনাতনী। কামাখ্যা সৈব দেবেশি সর্ব্বসিদ্ধিবিনোদিনী ॥১।২

শ্রীদেব্যুবাচ। কথং কালী ব্রহ্মরূপা কামাখ্যামাভূন্মহেশ্বর। সর্ব্বং মে কৃপয়া নাথ বদস্ব চন্দ্রশেখর ।৩

ঈশ্বর উবাচ। যদা সৃষ্টিঃ কৃতা ধাতা স্বয়মেব স্বয়ম্ভুবা। তদহঙ্কারদোষেণ প্রবিতোঽসৌ পিতামহঃ ॥৪ অহঙ্কারঃ সর্ব্বনাশকরঃ সর্ব্বস্য চেশ্বরি। তমহঙ্কারমাদায় স্থিতোব্রহ্মা জগদ্বিধিঃ ॥৫ বিস্মৃতঃ সর্ব্ববৃত্তান্তং কালিকোক্তং পুরা। কেবলাহঙ্কারবৃতো ধাতা ভূতোহি সর্ব্বদা। ৬ সর্ব্বকামালয়ং বিশ্বং কস্য বা কিং কৃতং ভবেৎ। তথাপি মায়য়া দেবি ব্রহ্মাহঙ্কারমোহিতং ॥৭ তন্তথাভূতমালোক্য ব্রাহ্মণং পরমেশ্বরী। তদ্দেহাৎ কল্পয়ামাস তদহঙ্কারতঃ শিবে ॥৮ দৈত্যং পরমদুর্দ্ধর্ষং কেশিনামানমুদ্যতং। নিঃসৃত্য ব্রহ্মণো দেহা দ্দৈত্যঃ পরমদারুণঃ ॥৯ ধাবতিস্ম তদা দেবি ব্রহ্মাণং গ্রাসিতুং ততঃ। ততঃ

দেবী কহিলেন, আমি আপনাকে গোপনে জিজ্ঞাসা করিতেছি, হে দেব। কামাখ্যা কিন্তু তা, তাহা আমাকে বলুন।

ঈশ্বর কহিলেন, হে দেবেশি। যিনি ব্রহ্মরূপা সনাতনী মহাবিদ্যা পরমেশ্বরী কালী তিনিই সর্ব্বসিদ্ধিবিনোদিনী কামাখ্যা ।১।২

দেবী কহিলেন, হে নাথ। মহেশ্বর। চন্দ্রশেখর। ব্রহ্মরূপা কালী কিরূপে কামাখ্যা হইলেন, করুণা প্রকাশপূর্ব্বক তাহা আমাকে বলুন ।৩

ঈশ্বর কহিলেন, হে দেবি। স্বয়ম্ভু বিধাতা যখন সৃষ্টি করেন তখন সেই পিতামহ, অহঙ্কার দোষে পরিপূরিত হইলেন ৪ হে ঈশ্বরি। অহঙ্কার সকলেরই বিনাশকর। জগন্নিধি ব্রহ্মা সেই অহঙ্কার লইয়াই অবস্থিত-ছিলেন, ৫ পূর্ব্বে মহাকালী যাহা বলিয়াছিলেন, তৎসমুদায় বিস্মৃত হইয়া রহিলন। বিধাতা কেবল অহঙ্কারেই মত্ত রহিলেন ৬ সর্ব্বকামভোগালয় বিশ্ব কাহার? কার বা কি হইতেছে, এসকলের কিছুই তত্ত্বাবধারণ করিলেন না, কেবল মায়াবশে অহঙ্কার পরিপূরিত হইয়াই রহিলেন, হে শিবে। পরমেশ্বরী কালী, ব্রহ্মাকে অহঙ্কার মগ্ন নিরীক্ষণ করিয়া, ব্রহ্মার দেহস্থিত অহঙ্কার হইতেই পরম দুর্দ্ধর্ষ কেশিনামক এক দৈত্যকে সৃষ্টি করিলেন ।৮ ৷ দৈত্য ব্রহ্মাকে গ্রাস করিবার নিমিত্ত ধাবতি হইল, তদ্দর্শনে ব্রহ্মা বিষ্ণুর

পলায়নঞ্চক্রে বিষ্ণুনা প্রপিতামহঃ ॥১০ ততঃ কেশী মহাদৈত্যঃ পুরঞ্চক্রে চ ভাস্বতম্। কেশিপুরমিদং খ্যাতং তত্র স্থিত্বা হি দানবঃ ॥১১ বুভুজে সকলং ধাম ভূর্ভুবঃস্বশ্চরাচরম্। ব্রহ্মানং অভিশব্দশ্চ সদা ব্রহ্মাণ্ডমণ্ডলে ॥১২ ততো ব্রহ্মা জগদ্ধাতা বিষ্ণুনা নিরহঙ্কৃতঃ। অস্তৌষীজ্জগতাং মাতাং কালীং বিঘ্ন-বিনাশিনী ॥১৩ ব্রহ্মাবিষ্ণু উচতুঃ। নমঃ পরমকল্যানীং প্রণবাত্মান্ মীশ্বরীং। নিজবীস্বরূপাঞ্চ কামবীজস্বরূপিণীং ॥১৪ মুণ্ডমালাবলীরম্যাং ললজ্জিহ্বাং সনাতনীং। মায়াবীজস্বরূপাঞ্চ কূর্চ্চবীজস্বরূপিণীং ॥১৫ বন্দেহহং জগতাং মাতাং কালীং কমললোচনাং। ঘোররাবাং শিবাশব্দাং মুক্তকেশীং দিগম্বরীং ॥১৬ নমামি কালিকাং মাতাং মহাবিঘ্নবিনাশিনীং। প্রণমামি সদা হৃদগাং তাং মাতাং ত্রিভুবনেশ্বরীং ॥১৭

ঈশ্বর উবাচ। এবং স্তুতা ততো দেবি ব্রহ্মণা বিষ্ণুনাপি চ। সহসাকাশবাণীং বৈ কিমিচ্ছসি পিতামহ। ভো বিষ্ণো ত্বং মহাবাহো কিমিচ্ছসি চ তদ্বদ ॥১৮ ব্রহ্মবিষ্ণু উচতুঃ। জাতো দৈত্যবরশ্চৈকঃ কেশিনামা মহাসুরঃ। আবয়োঃ সকলং নীতং নিত্যং তং তেন মণ্ডলং ॥১৯ হত্বেদানীং তমসুরমাবাং স্থাপয় পূর্ব্ববৎ। দেহি দাস্যং পদাম্ভোজে মম ত্বেতন্নিবেদনং ॥২০

সহিত পলায়নপর হইলেন।১০ তদনন্তর কেশিদৈত্য ভাবতে এক পুর নির্ম্মাণ করিল। ইহা কেশিপুর নামে বিখ্যাত। ঐ মহা দানব তথায় অবস্থানপূর্ব্বক ভূর্ভুবঃস্বঃ আদি, অখিল চরাচর ভোগ করিতে লাগিল।১১ ব্রহ্মাকে বধকর এই শব্দ ব্রহ্মাণ্ডমণ্ডলে নিয়তই উত্থিত হইতে লাগিল।১২ জগদ্বিধাতা ব্রহ্মা এক্ষণে অহঙ্কারশূন্য হইয়া বিষ্ণুর সহিত জগন্মাতা বিঘ্ন বিনাশিনী কালীর স্তব করিতে আরম্ভ করিলেন।১৩

ব্রহ্মা বিষ্ণু কহিতে লাগিলেন, পরম কল্যাণী প্রণবাত্মা ঈশ্বরীকে নমস্কার। যিনি নিজবীজ স্বরূপা ও কামবীজ স্বরূপিনী সেই মুণ্ডমালাবলি-দ্বারা মনোরমা মহাকালীকে নমস্কার। যিনি, মায়াবীজ স্বরূপা ও কূর্চ্চ-বীজস্বরূপিনী, সেই ললজ্জিহ্বা সনাতনী জগন্মাতা কমললোচনা কালী-মাতাকে বন্দনা করি। যিনি ঘোররাবা, অখিল শিবা যাঁহার সঙ্গিনী, যিনি মুক্তকেশী ও দিগম্বরা, সেই মহাবিঘ্নবিনাশিনী কালিকা মাতাকে নমস্কার করি। যিনি, ভুবনেশ্বরী সেই বিশ্বজননী মহাকালীকে ভক্তিপূর্ব্বক প্রণাম করিতেছি।১৪ ১৭

শ্রীকাল্যুবাচ। শৃণু ব্রহ্মন্নহোবাক্য মহস্কারো গতস্তব। ইদানীং পরিসম্পূষ্ট তচ্ছায়াতি তবান্তিকং ॥২১ সর্ব্বমায়াময়ং বিশ্বং কিন্তে বান্যস্য পঙ্কজ। অহঙ্কারাপ্ত মীক্ষিত্বা বিঘ্নং দত্তং দুরাসদং ॥২২ ময়া তুভ্যং জগদ্ধাতস্তবাহঙ্কারনির্ম্মিতং। কেশিদৈত্যস্বরূপোহি হন্মি তস্ত স্থিতোভব। মা ভয়ং কুরু ভো বিষ্ণো স্থিরো ভব মহামতে ॥২৩

ঈশ্বর উবাচ। এবমাসদ্য আশ্বাস্য ব্রহ্মবিষ্ণুপরাত্মিকা। হুঙ্কারেণৈব তং ভস্ম চকার দানবোত্তমং। কেশিমহাসুরং কালী বিধিমাহ ততস্ত সা ॥২৪

কাল্যুবাচ। অহঙ্কারাৎ পাতকং তে জাতং ব্রহ্মন্ মহত্তরং। তৎপাপস্যা-

---

ঈশ্বর কহিলেন, ব্রহ্মা ও বিষ্ণু এইরূপে মহাকালীর স্তব করিলে, সহসা আকাশবাণী হইল হে পিতামহ! তুমি কি কামনা করিতেছ, ভো বিষ্ণো! তুমিই বা কি বাসনা করিতেছ? বল।

ব্রহ্মা বিষ্ণু কহিলেন, কেশিনামক এক দৈত্যবর মহাসুর আমাদের অখিল জগন্মণ্ডল হরণ করিয়াছে, এক্ষণে সেই অসুরকে হনন করিয়া আমাদিগকে পূর্ব্বের ন্যায় স্থাপন করুন। হে দেবি! আপনার পদাম্বুজে আমাদের এই নিবেদন।১৮।২০

কালী কহিলেন, অহো ব্রহ্মন্! শ্রবণকর, তোমার অহঙ্কার বিগত হইয়াছে, এক্ষণে তাহা অবগত হইলাম, সেই জগৎ ও তোমার অধিকৃত হইবে।২১ এই মায়াময়বিশ্ব অন্যের নহে। হে পদ্মজ! তোমার অহঙ্কার দর্শন করিয়া তোমার প্রতি দুর্দ্ধর্ষ বিঘ্ন প্রদান করিয়াছিলাম, হে জগদ্বিধাতঃ, ঐ বিঘ্ন তোমারাই অহঙ্কার নির্ম্মিত কেশি দৈত্যস্বরূপ, যাহা হউক আমি তাহাকে হনন করিব, তুমি স্থির হও। ভো মহামতে! বিষ্ণো! তুমি ভয় করিও না স্থির হও।২২।২৩

ঈশ্বর কহিলেন, পরাত্মিকা মহাকালী এইরূপে ব্রহ্মা ও বিষ্ণুকে আশ্বাস করিয়া হুঙ্কার দ্বারাই সেই দানবেন্দ্র মহাসুর কেশিকে সংহার করিলেন। তদনন্তর দনুজকুলবিঘাতিনী উগ্রতন্বী মহাকালী জীবকুলের জনয়িতা পিতামহ ব্রহ্মাকে স্নেহময়, প্রীতময়, মঙ্গলময় উদারবাক্যে কহিতে লাগিলেন।২৪

মহেশ্বরী কহিলেন, হে ব্রহ্মন্! অহঙ্কারহেতুক তোমার মহত্তর পাপ উৎপন্ন হইয়াছে, অতএব ত্বদীয় উপার্জ্জিত সেই পাপরাশির অপনোদনের নিমিত্ত কেশিদৈত্যের ভস্ম দ্বারা একটী তৃণলতাপূর্ণ পর্ব্বতের সৃষ্টি কর,

পনোদায় ক্রিয়তাং পর্ব্বতোত্তমঃ। কেশিদৈত্যং ভস্মনা চ গোগ্রাসংবহুনা ধৃতং। তদগ্রাসভস্মনা নিত্যং গৌস্তে পাপং ক্ষয়িষ্যতি ॥২৫।২৬

ঈশ্বর উবাচ। একীকৃত্য চ তদ্‌ভস্ম কেশিদৈত্যশরীরজং। কমণ্ডলুজলক্ষেপাচ্চকার পর্ব্বতং বিধিঃ ॥২৭ নাত্যুচ্ছ্রিতং নাতিনিম্নং গোগ্রাসং বহুনাবৃতং। তদ্‌গ্রাসভস্মনা গৌশ্চ তুষ্টঃ পুষ্টোভবেদ্‌ধ্রুবং ॥২৮ অতো গোবর্দ্ধনং নাম পর্ব্বতায় দদৌ বিধিঃ। যথা যথা স্নাতি গৌশ্চ তদ্‌গ্রাসং পর্ব্বতোত্তমে। তথা তথা ক্ষয়ং যাতি পাতকং ব্রহ্মণং শিবে। তাবন্ন নিষ্কৃতিধাতুর্য্যাবদ্‌গোবর্দ্ধনো গিরিঃ। ততস্তে নিষ্কৃতিস্তস্য ব্রহ্মণঃ শবমেশ্বরি ।২৯।৩০ এবমেবাপরাধস্তে প্রাধান্যে যদি জায়তে। তৎফলং পীড়নন্তস্য সর্ব্বেষাঞ্চ ত্রিলোচনে ॥৩১ ততোব্রহ্মা জগদ্ধাতা বিষ্ণুশ্চ জগতাং পতিঃ। পুনশ্চ তৎক্রমেণৈব অস্তৌষীৎ পরমেশ্বরীং ॥৩২ ততঃ কালী জগন্মাতা তামুবাচ কিমিচ্ছথ। দদামি বৎসৌ তৎ সর্ব্বং ভবন্তৌ কাতরৌ কথং ॥৩৩ ব্রহ্মবিষ্ণূ উচতুঃ। অবয়োর্জগতাঞ্চৈব মঙ্গলায় পদাম্বুজং। মহামুক্তিপ্রদঞ্চৈব ত্বদীয়মতিনির্ম্মলং ॥৩৪ অদৃশ্যমপি গোপ্যং হি মাতুবাকাববর্জ্জিতং।

ঐ পর্ব্বত বহুতর গোগ্রাস ধারণ করিবে, গোগণ তৃণলতারূপ সেই গ্রাস ভক্ষণ করিলে, তোমার পাপ ক্ষয় হইবে।২৫.২৬

ঈশ্বর কহিলেন, বিধাতা, কেশিদৈত্যের শরীরজাত ভস্ম সমূহ একত্র করিয়া কমণ্ডলু জলক্ষেপণ দ্বারা পর্ব্বত সৃষ্টি করিলেন।২৭ ঐ পর্ব্বত অতিশয় উচ্চও নয় এবং অতিশয় নিম্নও নয়। উহা বহুতর গোগ্রাস ধারণ করিয়া থাকে। সেই ভস্মজাত গোগ্রাস দ্বারা গোগণ হৃষ্ট পুষ্ট হইতে লাগল।২৮ এই হেতু বিধাতা ঐ পর্ব্বতের নাম গোবর্দ্ধন রাখিলেন। হে শিবে গোগণ যে পরিমাণে গ্রাস ভক্ষণ করিতে লাগিল, ব্রহ্মার ও সেই পরিমাণে পাপক্ষয় হইতে লাগিল। এইরূপে গোবর্দ্ধন গিরিদ্বারা ব্রহ্মা সমস্ত পাপ হইতে নিষ্কৃতি পাইলেন।২৯.৩০ হে শিবে! যদি এইরূপে প্রধান ব্যক্তির নিকট তোমার কোন অপরাধ হয়, তবে এইরূপে গোগ্রাস দ্বারা সেই পাপের পীড়ন হইতে পারে।৩১ তদনন্তর জগদ্বিধাতা ব্রহ্মা ও জগৎপতি বিষ্ণু পুনর্ব্বার সেইরূপে পরমেশ্বরি কালীর স্তব করিলে ৩২ জগন্মাতা তাঁহাদিগকে কহিলেন, হে বৎসদ্বয়! তোমারা কি ইচ্ছা করিতছ? বল, আমি তোমাদিগকে তাহা প্রদান করিতেছি, কাতর হইও না।৩৩

ব্রহ্মা ও বিষ্ণু কহিলেন, হে মাতঃ আমাদের এবং জগতের মঙ্গলের নিমিত্ত আপনার মহামুক্তিপ্রদ, অতি নির্ম্মল, অদৃশ্য, আকার বর্জ্জিত, গোপ্য ও

কথন্তৎ পূজযিষ্যাবঃ সর্ব্বমঙ্গলদায়কং ॥৩৫ ভূমৌ স্থানং কল্পযস্ব যজিতুং তৎ পদাম্বুজং। সর্ব্বদা পূজযিষ্যাবো মহামঙ্গলকারণং। আবযোশ্চৈব সর্ব্বেষাং মহামুক্তিফলায চ। তদাবযোর্দানবাদ্যৈরশুভৈঃ কিং করিষ্যতি ॥৩৬ অবশ্যং নৌ তরিষ্যাবোদুস্তরাত্তৎপদার্চ্চনাৎ ॥৩৮

কাল্যুবাচ। শৃণু বৎস মহাবিষ্ণো বচনং পরমং মহৎ। যেন হুঙ্কারবীজেন চকার ভস্ম দানবং। কেশিমন্ত্রং মহাবীজং শব্দব্রহ্মস্বরূপকং। মহাতেজোময়ং বিদ্ধি তদ্বীজং পরমং পদং ॥৩৮ কেশিপুরে চ তদ্বীজং কেশীং হত্বা ব্যবস্থিতং। আপাতালং ক্রোশমাত্রং তদ্বীজং তেজসাবৃতং ॥৩৯ অতোহি পূজ্যং তৎস্থানং মহাতেজোময়ং ধ্রুবং। তৎস্থানং ত্বং সমাদায মাং পূজয যথেপ্সিতং ॥৫০ অতি সংগুপ্তভাবেন ইপ্সিতং প্রাপ্যতে ফলং। দেববদানবগন্ধর্ব্বৈরন্যৈরপি মহামতে ॥৪১ যথা ন জ্ঞাযতে কৈশ্চিৎ তথাচ্চনং কুরুষ মে। সর্ব্বাপদ্ভ্যঃ পরিত্রাণং ত্বাং করিষ্যামি সর্ব্বদা ॥৪২ ক্রীড়াস্থানমিদং বিষ্ণো উক্তং তুভ্যমিদং সদা। ইচ্ছাশক্তিস্তু যা দত্তা যক্ষেব মাযযা পুরা। মহালক্ষ্মীস্বরূপেণ সেবতে

মঙ্গলদায়ক অচ্যুতপদ আমরা কিরূপে পূজা করিব।৩৫ আপনি ত্বৎপদাম্বুজের পূজানার্থ ভূমিতলে স্থান কল্পনা করুন, সেইস্থানে আমরা, মহামঙ্গলের কারণস্বরূপ মহামুক্তি ফলপ্রদ আপনার পাদপদ্ম পূজা করিব।৩৬ ইহাদ্বারা আমাদের দৈত্যগণের এবং অখিল জীবগণের মঙ্গল সাধন হইবে। তাহা হইলে অশুভকর দানবাদি সকল আমাদের কি করিতে পারিবে? আমরা আপনার চরণার্চ্চন হেতু দুস্তর হইতেও নিস্তার পাইব সন্দেহ নাই।৩৭

কালী কহিলেন, হে বৎস মহাবিষ্ণো। আমার পরম মহৎ বচন শ্রবণ কর। জলহুংকারবীজ দ্বারা দানবকে ভস্ম করিযাছি। কেশিমন্ত্র মহাবীজ ও শব্দব্রহ্মস্বরূপ। সেই বীজ মহাতেজোময ও পরমপদ৩৮ কেশীকে হনন করিয়া কেশিপুরে সেইবীজ ব্যবস্থাপিত করিযাছি। এবং তাহা ক্রোশমাত্র পাতাল পর্য্যন্ত তেজোদ্বারা ধৃত হইয়াছে,৩৯ এইহেতু সেই স্থান পূজ্য এবং নিশ্চিতই মহাতেজোময়। তুমি সেইস্থানে গমন করিযা যথেচ্ছরূপে আমার পূজা কর।৪০ তথায় অতিশয় সংগুপ্তভাবে পূজা করিলে অভিলষিত ফললাভ হয়। হে মহামতে! দেবতাগণ, দানবগণ, গন্ধর্ব্বগণ, ও অন্যান্য সকলেই পূজা করিলে সেইরূপ ফল পাইবে সন্দেহ নাই।৪১ য হাতে অন্যে জানিতে না পারে সেইরূপেই আমার পূজা করিবে। তাহাতে আমি তোমাকে সর্ব্ববিধ আপদ্ হইতে সর্ব্বদাই পরিত্রাণ করিব৪২ এইস্থান

ব্রহ্মসংস্থিতা । সৈব বৃন্দাস্বরূপেণ পুরেহত্র সম্ভবিষ্যতি ॥৪৩।৪৪ কেশিযুব সমা-
বাপে ততো বৃন্দাবনাভিধং । কেশিপুরেচ ভবিতা তথা ত্বৎক্রীড়নং ধ্রুবং ।
ভূত্বা বৃন্দাতরুর্লক্ষ্মী যত্র স্থাস্যতি সর্ব্বদা । দৈত্যবিঘ্নী হি ভবিতা সর্ব্বদৈত্য-
নিসূদনী । ভো ব্রহ্মন্ শৃণু বৎসৈতদ্বচনং মে শুভোদয়ং । কেশিদৈত্যবধার্থায়
যত্র মে পূজনং কৃতনং ॥৪৫ যুবাভ্যাং তত্র পশ্য ত্বং জাতং মে যোনিমণ্ডলং ।
মম তেজঃসমুদ্ভূতজানীহিং যোনিমণ্ডলং । সর্ব্বেষামুদ্ভবস্থানং যোনিবেবং ন
সংশয়ঃ । জানীহি প্রকৃতিং দেব যোনিং মে যাস্তু মামকীং ।৪৬।৪৭ সংপূজ্য
যোনিং দেবেশ সৃষ্টিং কুরু যথার্থতঃ । সদ্যো হপিচ ভয়ং ন স্যাত্তব ক্কাপি পিতা-
মহ ॥৪৮ অধিষ্ঠানমস্তি মম তত্র পীঠে ন সংশয়ঃ । জানীহি তদধিষ্ঠাতৃরূপং
মেঽতিসুশোভনং ।।৪৯ নিত্যং পূজয় তদ্রূপং কামাখ্যাযোনি মণ্ডলে । যোনি-
মণ্ডলমাসাদ্য কামাখ্যাং যস্তু পূজয়েৎ । সর্ব্বসিদ্ধীশ্বরো ভূত্বা পরত্রেহ চ মোদতে ।
ন ভয়ন্তস্য কুত্রাপি কস্মাদপি প্রজায়তে ।৫০।৫১ তবান্যেষাং হিতার্থায়

বিষ্ণুর ক্রীড়াস্থান, ইহা আমি তোমাকে নিশ্চিতরূপে কহিলাম। আমি
পূর্ব্বে বিষ্ণুকে ইচ্ছাশক্তি প্রদান করিয়াছি, সেই ব্রহ্মসংস্থিতা শক্তিই মহা-
লক্ষ্মীরূপে বিষ্ণুবক্ষসেবা করিবে। তিনিই বৃন্দাস্বরূপে এই পুরে অবস্থান
করিবেন। ৪৩।৪৪ বৃন্দাকেশি পুরে অবস্থিত হইলে তাহার নাম বৃন্দাবন
হইবে। কেশিপুরে বৃন্দার সহিত তোমার বিহার হইবে। লক্ষ্মী, বৃন্দা
তরুর রূপে এই স্থানে নিরন্তর অবস্থান করিবেন। তথায় দৈত্যবিঘ্নও
ঘটিবে বটে, কিন্তু আমি সকল দৈত্যের বিনাশ করিব।৪৫ ভো ব্রহ্মন্!
তুমি আমার শুভকর বাক্য শ্রবণ কর। কেশিদৈত্যের বিনাশার্থ যে স্থানে
আমার পূজা করিবে, তোমরা চাহিয়া দেখ সেই স্থানে আমার যোনিমণ্ডল
উৎপন্ন হইয়াছে। এই যোনিমণ্ডল আমার তেজঃ সমুৎপন্ন, ইহা সকলেরই
উদ্ভব স্থান জানিও।৪৬।৪৭ আমার যে প্রকৃতি, তাহাই যোনিমণ্ডল। এই
যোনিমণ্ডলের পূজা করিয়া তুমি সৃষ্টি কর। হে পিতামহ! তোমার কোথাও
ভয় নাই।৪৮ সেই পীঠে আমার অধিষ্ঠান আছে, সন্দেহ নাই, সেই অধি-
ষ্ঠাতৃস্বরূপ আমার সুশোভন রূপ যোনিমণ্ডলে৪৯ নিত্য নিত্য পূজা কর।
যোনিমণ্ডলে গমন করিয়া যে ব্যক্তি কামাখ্যার পূজা করে, সে সর্ব্বসিদ্ধির
ঈশ্বর হইয়া ইহকালে ও পরকালে আনন্দ লাভ করে। তাহার কোথাও,
কাহা হইতেও ভয় হয় না।৫০।৫১ তোমার এবং অন্য সকলের কল্যাণের
নিমিত্ত এই যোনিমণ্ডল স্থাপিত হইয়াছে। এই মহাস্থান কামরূপ নামে

স্থাপিতং যোনিমণ্ডলং। পৃথিব্যাং ভারতে বর্ষে কামরূপং মহাফলং ॥৫২ নবযোনিসমাকীর্ণং মহামুক্তিফলপ্রদং। নবযোন্যাত্মকে ব্রহ্মন্ কামরূপে মনোহরং। কামাখ্যাতেজসা দেবি দীপ্যতে যোনিমণ্ডলং। কিন্ত্বিদানীং ভবংপাপং নপশ্যামি কথঞ্চন।৫৩।৫৪ অহঙ্কারাৎ সমুৎপন্নং ত্রিবিধং পাতকং তব। কায়িকং বাচিকঞ্চৈব মানসঞ্চ তথা পুনঃ ॥৫৫ তৎপাপাদ্ যোনিপীঠং মে ন পশ্যসি কদাচন। তৎপাপধ্যানধারাভিরন্ধীভূতং দিবা-নিশং ॥৫৬ তত্র বাচনিকং পাপং গোবৰ্দ্ধনাৎ প্রশাম্যতি। তদ্দ্বয়স্য প্রশমনং বদামি তচ্ছৃণুষ্ব মে ॥৫৭ নক্ষত্রলোকান্নক্ষত্রমেকন্তত্র নিপাত্য চ। শ্রেষ্ঠস্তু-জ্জ্যোতিষা দেব দৃষ্ট্বা পীঠং তপঃ কুরু ॥৫৮ যাবদ্রক্ষসি জ্যোতিস্তু মিলিতে যোনিতেজসি। তাবৎ কুরু তপোঘোরং তদন্তে পাতকদ্বয়ং। প্রশাম্যতি ন সন্দেহো বসতিং কুরু সত্বরং। তত্র তপোবশত্তত্তু কেনাপি ন হি বীক্ষ্যতে।৫৯।৬০ অপরাধাৎ শ্রেয়সস্তু ভবেদ্বৈ গতিরীদৃশী। নক্ষত্রস্থাপনাত্তত্র পৃথগ্জাতিষু বারিতঃ। স্থানন্তদ্গম্যতে বৎস সৰ্ব্বলোকনিরন্তরং। ইত্যুক্ত্বা

পৃথিবীতলে ভারতবর্ষে অবস্থিত।৫২ এই মহালয় নবযোনি সমাকীর্ণ এবং মহাফলপ্রদ। হে ব্রহ্মন্! নবযোন্যাত্মক কামরূপে কামাখ্যাতেজে ঐ মনোহর যোনিমণ্ডল দীপ্তি পাইতেছে। কিন্তু এক্ষণে তোমার পাপ দর্শন করিতেছি, ৫৩।৫৪ অহঙ্কার হইতে তোমার কায়িক বাচিক ও মানসিক এই ত্রিবিধ পাপ উৎপন্ন হইয়াছে।৫৫ সেই পাপ হেতু তুমি আমার যোনিপীঠ দেখিতে পাইতেছ না। সেই পাপের ধ্যানধারায় দিবানিশ অন্ধীভূত হইয়া রহিয়াছ।৫৬ তথায় গোবৰ্দ্ধন হইতেই বাচনিক পাপ প্রশমিত হয়। অন্য-পাপ দ্বয়ের প্রশমন কহিতেছি শ্রবণ কর।৫৭ নক্ষত্রলোক হইতে ধ্যানযোগে একটি নক্ষত্র তথায় নিপাতিত করিয়া যোনিপীঠকে উৎকৃষ্ট জ্যোতিঃসম্পন্ন দর্শন করিয়া সেখানে তপস্যাচরণ কর।৫৮ যে পর্য্যন্ত না যোনিতেজে সেই জ্যোতি মিলিত হইয়াছে দেখিবে, সেইপর্য্যন্ত ঘোরতর তপস্যা করিবে; তদন-ন্তর সেই পাপদ্বয় বিনষ্ট হইবে, সন্দেহ নাই। অতএব সত্বর তথায় গিয়া বাস কর। তথায় তপোবলে তাহা কেহ দেখিতে পায় না;৫৯।৬০ অপরাধের পর শ্রেয়োলাভের উপায় এইরূপ জানিবে। তথায় নক্ষত্র স্থাপন অন্যান্য জাতির মধ্যে নিষিদ্ধ। হে বৎস! অন্য সকল স্থানেই অন্যলোক সকল গমন করিতে পারে। পরাত্মিকা গগনস্থিতা কালী এই সকল কহিয়া

বিরবামাসৌ গগনস্থা পরাত্মিকা ।৬১।৬২ কালীং পরমকল্যাণীং তাং নত্বা বিধিকেশবৌ। বিস্ময়াবিষ্টমনসৌ রাজ্যং তচ্চক্রতুস্তু তৌ ॥৬৩ ইত্যেবং কথিতং গুহ্যং যৎ পৃষ্টং গিরিসম্ভবে। প্রাচীনমতিগোপ্যং হি বৃত্তান্তং কুলনায়িকে ॥৬৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্বিংশতিসাহস্র্যে পঞ্চদশঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ। শ্রুতং হি পূর্ব্ববৃত্তান্তং সর্ব্বেষামপ্যগোচরং। ইদানীং শ্রোতুমিচ্ছামি কালীরূপা ভবেৎ কথং ॥১ ঈশ্বর উবাচ। শৃণু দেবি পরং গুহ্যং ব্রহ্মাদীনামগোচরং। সারাৎসারতরং দেবি ভুক্তিমুক্তিপ্রদায়কং ॥২ একদা ব্রহ্মবিষ্ণূ তৌ বিরোধন্তৌ পরস্পরং। ঈশ্বরোঽহমীশ্বরোঽহমুক্তবন্তৌ জলার্ণবে ॥৩ তয়োঃ শান্ত্যৈ মহেশানি প্রাদুর্ভূতং জলার্ণবে। অপ্রমেয়ং মহালিঙ্গং মদীয়ং পাবনং পরং ॥৪ জ্ঞানাজ্ঞানময়ং দিব্যং দুর্নিরীক্ষ্যং

বিরত হইলেন ।৬১।৬২ অনন্তর, কেশব ও বিধাতা পরমকল্যাণী মহা কালীকে নমস্কার করিয়া, বিস্ময়াবিষ্ট মানসে উভয়ে বিশ্বরাজ্যে রাজত্ব কবিতে লাগিলেন ।৬৩ হে গিবিববাত্মজে কুলনায়িকে! এই আমি তোমাকে পুবাতন, অতিগোপ্য, গুহ্যবৃত্তান্ত কহিলাম ।৬৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে পঞ্চদশ পটল।

দেবী কহিলেন, হে ত্রিলোচন! সকলেরই অগোচর পুবাতন বৃত্তান্ত শ্রবণ করিলাম; এক্ষণে কালীরূপা কিরূপে হইলেন, তাহা শ্রবণ করিতে বাসনা করি ।১

ঈশ্বর কহিলেন, হে দেবি! ব্রহ্মাদিরও অগোচর সারাৎসার ভোগমোক্ষ প্রদ পরম ও গুহ্যবিষয় কহিতেছি শ্রবণ কর ।২ এক সময়ে জলার্ণবে ব্রহ্মা ও বিষ্ণু 'আমি ঈশ্বর আমি ঈশ্বর' এই বলিয়া উভয়ে বিরোধ আরম্ভ কবিয়াছেন ।৩ হে মহেশ্বরি! তাঁহাদের বিবাদ শান্তির নিমিত্ত আমার অপ্রমেয়, জ্ঞানাজ্ঞানময় দিব্য দুর্নিরীক্ষ্য ভয়ঙ্কর পরম পাবন মহালিঙ্গ জলার্ণব হইতে উত্থিত হইল ।৪ আমি রুদ্ররূপ ও বৃষভবাহন হইয়া তন্মধ্যে ভ্রমণ কবিতে লাগিলাম। তদ্দর্শনে তাঁহাবা উভয়ে ভয়ে কম্পিত হইতে লাগিলেন

ভয়ঙ্করং। তন্মধ্যেঽহং রুদ্ররূপে বিভ্রাম বৃষবাহনঃ ॥৫ দৃষ্ট্বা তু তৌ তদাশ্চর্য্যং ভয়কল্পিতবিগ্রহৌ। স্তুত্বা চ বিবিধৈস্তোত্রৈরূচতুর্ম্মাং পুনশ্চ তৌ ॥৬ ব্রহ্মাবিষ্ণু উচতুঃ। কস্ত্বং বদ ভীমরূপ! উত্থিতোঽসি জলার্ণবে ॥৭

রুদ্ররূপ উবাচ। পরস্পরং বিরুদ্ধন্তৌ যুবাং দৃষ্ট্বাত্র জলার্ণবে। উত্থিতোঽহং চ ভবতোরীশ্বরত্বং পরীক্ষিতুং ॥৮ ইত্যুদীরিতমাকর্ণ্য স্থগিতৌ ব্রহ্মকেশবৌ। নিগূঢ়ং ধ্যানতোজ্ঞাত্বা সন্তোষো মাধবোভবৎ ॥৯ উদ্বিগ্ন চেতসা ব্রহ্মা ধ্যাত্বা সজ্ঞানমাপ্তবান্। কেবলং রুদ্ররূপং মাং জ্ঞাত্বাসৌ কমলাসনঃ ॥১০ বিচিকিৎসাপরো ভূত্বা বিষ্ণুমাহ তদা বিধিঃ ॥১১

ব্রহ্মো-উবাচ। ভো বিষ্ণো মৎকপালাদ্‌যোজাতোরুদ্রোঽপ্যসত্তমঃ ॥১২

ঈশ্বর-উবাচ। একমুক্ত্বা চোপহাসং কৃত্বা ধাত্রা বিগর্হিতং। চকার বহুধা দেবি বিঘ্নং দত্তং সুদারুণং ॥ ময়া তস্মৈ ব্রহ্মণে তদ্বিগর্হিতবিনির্ম্মিতং। অদ্বিঘ্নমসুরোভূত্বা মধ্যাহ্নসময়োরবিঃ। জাতোদেহাৎ স ত্রিপুরনাম্না চ দানবঃ শিবে ॥১৩।১৪ সর্ব্বেষাং সকলং নীতমিন্দ্রাদীনাং মহেশ্বরি। তেন দৈত্যেন

এবং বহুবিধ স্তোত্র দ্বারা আমার স্তব করিয়া, পুনর্ব্বার আমাকে বলিতে আরম্ভ করিলেন।৫।৬

ব্রহ্মাবিষ্ণু কহিলেন, হে ভীমরূপ! জলার্ণব হইতে উত্থিত হইতেছ, তুমি কে বল? ।৭

রুদ্ররূপী কহিলেন, তোমাদের পরস্পর বিবাদ দর্শন করিয়া তোমাদের ঈশ্বরত্ব পরীক্ষা করিবার নিমিত্ত, এই স্থানে আবির্ভূত হইলাম।৮ বিরিঞ্চি ও কেশব এই বাক্য শ্রবণ করিয়া স্থগিত হইলেন। তদনন্তর মাধব, ধ্যানযোগে নিগূঢ়তত্ত্ব অবগত হইয়া সন্তোষ প্রাপ্ত হইলেন।৯ ব্রহ্মা উদ্বিগ্নচিত্তে ধ্যান করিয়া আমাকে বিশেষরূপে জানিতে পারিলেন না, কেবল রুদ্ররূপ অবগত হইয়া ১০ বিচিকিৎসানিবৃত হইলেন অর্থাৎ যথার্থ তত্ত্ব অবগতি করিতে না পারিয়া বিষ্ণুকে কহিতে লাগিলেন।১১ হে বিষ্ণো! আমার কপালবশে এই অসত্তম রুদ্র আবির্ভূত হইয়াছে।১২

ঈশ্বর কহিলেন, এইরূপে বিধাতা উপহাস ও বহুতর নিন্দা করিতে লাগিলেন। হে দেবি! তখন আমি নিদারুণ বিঘ্ন প্রদান করিলাম।১৩ সেই বিঘ্ন, মধ্যাহ্ন মার্ত্তণ্ডতুল্য মহাসুররূপে আবির্ভূত হইল; ঐ দানবের নাম ত্রিপুর।১৪ সে মদীয় দেহ হইতে সঞ্জাত হইয়া ইন্দ্রের ইন্দ্রত্ব, অধিক

দেবেশি ততোবিষ্ণোর্হিতং জগৎ ॥১৫ গরুড়ঞ্চ বিনা লক্ষ্মীমন্যৎ সর্ব্বং হৃতং বলাৎ। হৃতস্তেনৈব দৈত্যেন ব্রহ্মণঃ কমলাসনং ॥১৬ ততঃ পলায়িতা দেবা ব্রহ্মবিষ্ণুপুরোগমাঃ। হিমালয়ং সমাসাদ্য বিষ্ণুরাহ তদা বিধিং ॥১৭ বিষ্ণুরুবাচ। শিবনিন্দা কৃতা ধাত স্ত্বয়া পূর্ব্বং জলার্ণবে। তেনৈব চাপবাধেন বয়ং সর্ব্বে প্রপীড়িতাঃ ॥১৮ ততস্তু পরমেশানং তোষ্যাম্যত্র গিরৌ পুনঃ। তদেব মঙ্গলং লেভে ভূয়ো মে রোচতে হৃদি ॥১৯ ঈশ্বর উবাচ। সমাশ্রিত্য তপস্তেপু র্ব্রহ্মবিষ্ণুপুরোগমাঃ। হিমালয়ে তদা দেবাঃ প্রসাদোমে ভবেত্তদা ॥২০ পৃথিবীঞ্চ রথং কৃত্বা চক্রে চন্দ্রদিবাকরৌ। ব্রহ্মাণং সারথিং কৃত্বা বেদান্ রজ্জূং স্তথৈব চ। দেবান্ কৃত্বা রথাঙ্গানি অশ্বশ্চৈব রথা পুনঃ। ধনুঃ কৃত্বা সুমেরুঞ্চ জ্যাঞ্চ কৃত্বা তু বাসুকিং বিশ্বঞ্চ সকলং কৃত্বা রথস্থং যচ্চরাচরং। বাণং বিষ্ণুং বিধায়ৈব ত্রিপুরং ভস্মসাৎ কৃতং।২১।২৩ চরাচরেণ সহিতং দেবদৈত্যাদিভিঃ সহ। ময়া তত্র মহেশানি পুনং সৃষ্টিঃ কৃতা ততঃ ॥২৪ যত্র ভস্ম কৃতং দেবি জগদেতচ্চরাচরং। মহৎ শ্মশানন্তু

কি কহিব সকলেরই সকল অধিকার অপহরণ করিয়া লইল।১৫ সেই দৈত্য বিষ্ণুর গরুড় ও লক্ষ্মী ব্যতিরেকে অখিল জগৎ বলে অপহরণ করিল।১৬ সেই দৈত্য ব্রহ্মার কমলাসন হরণ করিলে, ব্রহ্মা বিষ্ণু ইন্দ্রাদি সমস্ত দেবগণ পলায়নপুরঃসর আমার আলয়ে উপস্থিত হইলেন এবং মাধব আমার সমক্ষে বিধাতাকে কহিতে লাগিলেন।১৭

বিষ্ণু কহিলেন, হে বিধাতঃ! তুমি পুর্ব্বে জলার্ণবে শিবনিন্দা করিয়াছ, সেই অপরাধেই আমরা সকলেই প্রপীড়িত হইতেছি।১৮ তবে আইস, আমরা এই কৈলাসাচলে তাঁহার সন্তোষ সাধন করি। আমার হৃদয়ে বোধ হইতেছে যে তাহাই আমাদের মঙ্গলকর হইবে।১৯

ঈশ্বর কহিলেন, হে দেবগণ! তোমরা সকলে মিলিত হইয়া তপস্যা কর, তদন্তে হৈমাচলে আমার প্রসাদ লাভ করিতে সমর্থ হইবে।২৯ হে দেবি! তদনন্তর আমি পৃথিবীকে রথ, চন্দ্রসূর্য্যকে চক্র, ব্রহ্মাকে সারথি বেদসকলকে রজ্জু, দেবগণকে অন্যান্য রথাঙ্গ ও অশ্ব, সুমেরুকে শরাসন, বাসুকিকে গুণ, সচরাচর অখিল বিশ্বকে রথস্থ এবং বিষ্ণুকে বাণ করিয়া চরাচর ও দেবদৈত্যাদির সহিত ত্রিপুরাসুরকে ভস্মসাৎ করিলাম।২১-২৩ হে মহেশানি! তদনন্তর আমি তথায় পুনর্ব্বার সৃষ্টি করিলাম।২৪ যে স্থানে এই চরাচর, ভস্মীভূত হইল, সেই স্থান অখিলের লয়কারণ মহাশ্মশান

বিদ্ধি সর্ব্বেষাং লয়কারণং ॥২৫ মৃতানাং সর্ব্বদেবানাং তেজস্তত্র ব্যবস্থিতং ॥২৬ পঞ্চক্রোশাত্মকং ভূত্বা তেজসা জগতাং তথা। নির্ম্মায় মায়য়া দেহংত্রৈপুরং তস্য বক্ষসি ॥২৭ তত্র মৃত্যুচ্ছলেনাহং তুষ্টাব পরমেশ্বরীং। তত্তেজসি মহাকলং পরাং চৈতন্যরূপিণীং। ততস্তেজসি সা কালী প্রাদুর্ভূতা পরা কলা। মহাদীপপ্রমাণস্তু তেজঃ কালীতি কীর্ত্তিতং।২৮।২৯ মুখমাত্রং সমাদৃষ্টং মহাকাল্যাস্তু তেজসি। অতো গিরিমুখং নাম মুনিভিঃ পরিগীয়তে ॥৩০ তদ্দৃষ্ট্বা পরমেশানি আনন্দোমেব জায়তে। আনন্দ কাননং তস্মাদ্ গীয়তে বেদবাদিভিঃ ॥৩১ কালীময়ং হি তত্তেজঃ সকলং সংবভূব হ ॥৩২ যথা তু সাগরে গচ্ছন্ শীকরঃ সাগরো ভবেৎ। তথা সূর্য্যাদি-তেজোহি কালীচেজোবভূব হ ॥৩৩ যথা নানাজলং দেবি গঙ্গায়াং পতিতং যদি। গঙ্গৈব জায়তে সর্ব্বং তথা তেজঃ সুরেশ্বরি ॥৩৪ সর্ব্বং কাল্যভবৎ পূর্ণং নাস্তি ভেদো মহেশ্বরি। সর্ব্বং তদমৃতং দেবি জানীহি সুরসুন্দরি ॥৩৫ তামসামনিশং দেবি শিরসা ধারয়াম্যহং। ততোহি সঙ্করত্বং মে নিশ্চতং

জানিবে।২৫ তথায় সমস্ত মৃত দেবগণের তেজঃ নিহিত আছে সেই স্থানের উপরিভাগে জগতের তেজঃ ২৬ ও মায়া দ্বারা পঞ্চক্রোশাত্মক ত্রৈপুর দেহ নির্ম্মাণ করিয়া২৭ তথায় আমি মৃত্যুস্থলে, পরমা চৈতন্যরূপিণী পরমেশ্বরী মহাকালীর স্তব করিতে আরম্ভ করিলাম। পরমাকলা মহাকালীর সেই তেজঃ মহাদ্বীপ প্রমাণ, তাহা কালী এই নামে কীর্ত্তিত হইয়া থাকে।২৮।২৯ সেই তেজে মহাকালীর মুখমাত্র দৃষ্ট হইয়া থাকে, এইহেতু মুনিগণ সেই স্থানের 'গিরিমুখ' এই আখ্যা প্রদান করিয়াছেন।৩০ হে পরমেশানি! তাহা দর্শন করিলে দর্শকের মনে অতুলানন্দের সম্ভব হয়। সেই নিমিত্ত বেদবাদিগণ তাহার "আনন্দ কানন" এই নাম প্রদান করিয়াছেন।৩১ সেই তেজ সকলই কালীময়, হইল। যেরূপ বারিবিন্দুও সাগরে পতিত হইয়া সাগররূপে পরিগণিত হয়, সেইরূপ সূর্য্যাদির তেজও কালীতেজ হইল।৩২ যেমন অন্যান্য বহুবিধ জল গঙ্গায় পতিত হইয়া গঙ্গাই হইয়া থাকে, হে সুরেশ্বরি! সেইরূপ অন্য সকল তেজও কালীময় হইয়া থাকে, সন্দেহ নাই।৩৩।৩৪ কালীই পূর্ণস্বরূপা, হে মহেশ্বরি! তাঁহার ভেদ দৃষ্ট হয় না। হে দেবি সতি! সেই সমস্তই অমৃত বলিয়া অবগতি করিবে।৩৫ হে দেবি! আমি তাঁহাকে নিরন্তর শিরে ধারণ করিয়া

সত্যমেব হি ॥৩৬ তাং কালীং শিরসাধায় পঞ্চক্রোশময়ীং সদা। অহর্নিশং পূজয়ামি পরমানন্দবৃংহিতঃ ॥৩৭ অতো বিশ্বেশ্বরত্বং মে সদৈব নাত্র সংশয়ঃ। ব্রহ্মবিষ্ণ্বাদিকানাঞ্চ ঈশ্বরো যঃ সুরেশ্বরি ॥৩৮ বিশ্বেশ্বরঃ স এব স্যান্নাপরঃ পরমেশ্বরি। কেবলানন্দবান্ ভূত্বা পূজয়ামি পরং সদা। তত্র তস্যাঃ কৃপা জাতা বাগ্‌ভবা যা শরীরিণী ॥৩৯

শ্রীকাল্যুবাচ। ভো দেব পরমানন্দ মমানন্দঃ কৃতস্ত্বয়া। অতঃ কাশ্যাং মৃতানাংত্বমানন্দং দেহি সর্ব্বদা ॥৪০

ঈশ্বর উবাচ। ইতি শ্রুত্বা বচস্তস্যা মগ্নোহমমৃতার্ণবে। দদামি পরমং ব্রহ্ম মুমূর্ষোঃ কর্ণগোচরে ॥৪১ বারাণস্যাং সদা দেবি স্থিত্বা ধ্যানপরঃ শিবে। জলে স্থলে চান্তরীক্ষে বারাণস্যাং মৃতাশ্চ যে ॥৪২ দদামি পরমং ব্রহ্ম তেষাং হি কর্ণগোচরে। হিত্বা হি সকলং কর্ম্ম সুকৃতং দুষ্কৃতং হি তে। ভবেচ্চ ব্রহ্ম নির্ব্বাণং মমোপদেশতঃ ক্ষণাৎ ॥৪৩ তৎসর্ব্বং সুকৃতং কর্ম্ম দুষ্কৃতং বা মহে-

---

আছি; সেই হেতুই আমার শঙ্করত্ব সত্য সত্যই নিশ্চিত হইয়াছে।৩৬ সেই পঞ্চক্রোশময়ী সেই কালীকে শিরে ধারণপূর্ব্বক পরমানন্দে সম্বর্দ্ধিত হইয়া, আমি অহর্নিশ তাঁহার পূজা করি, ৩৭ এই কারণেই আমিই বিশ্বেশ্বর হইয়াছি, সন্দেহ নাই। হে সুরেশি! পরমেশ্বরি! সেই বিশ্বেশ্বরই ব্রহ্মা বিষ্ণু প্রভৃতির ঈশ্বর, অপর কেহই ঈশ্বর নহে।৩৮ আমি কেবলানন্দময় হইয়া সততই সেই মহাকালীর পূজা করিয়া থাকি। তিনি তথায় আমাকে অশরীরিণী বাক্যদ্বারা করুণাপ্রকাশ করিলেন।৩৯

কালী কহিলেন,"ভো পরমানন্দদায়িনী দেবি! তুমি আমার আনন্দবর্দ্ধন করিলে, অতএব তুমি কাশীতে মৃত ব্যক্তিগণকে সর্ব্বদাই অনন্দপ্রদান করিবে।"৪০

ঈশ্বর কহিলেন, মহাকালীর এই বাক্য শ্রবণ করিয়া, হে শিবে! আমি অমৃতার্ণবে মগ্ন হইলাম। হে দেবি! আমি বারানসীতে নিয়তই ধ্যানপর হইয়া অবস্থিতিপূর্ব্বক মুমূর্ষুগণের কর্ণগোচরে পরম ব্রহ্মজ্ঞান প্রদান করিয়া থাকি।৪১ যে যে ব্যক্তিগণ, বারানসীতে জলে, স্থলে বা অন্তরীক্ষে প্রাণপরিহার করে, আমি তাহাদিগের কর্ণগোচরে পরমব্রহ্ম প্রদান করি।৪২ সেই মানবগণ সমস্ত সুকৃত ও দুষ্কৃতকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক আমার উপদেশে তৎক্ষণাৎ ব্রহ্মনির্ব্বাণ লাভ করিয়া থাকে।৪৩ হে মহেশ্বরি! সেই সমস্ত

শ্বরি। ভবেত্তস্য মহাকাল্যাঃ প্রসাদাজ্জ্ঞানযোগতঃ ॥৪৪ কাশীলগ্নং হি যৎ-কিঞ্চিৎ কাশী ভবতি তৎক্ষণাৎ। কাশীস্পর্শনমাত্রাৎ তু পাপরাশির্বিনশ্যতি ॥৪৫ শূলী কর্ম্ম দহেৎ কালীতেজঃ স্পর্শাৎ ক্ষণাত্তথা। তূলরাশিং দহেত্ত্বগ্নিঃ কিঞ্চিৎ-কালাদ্যথা শিবে ॥৪৬ তথা দহেৎ কর্ম্মরাশিং কাশীজন্মৈকতো নৃণাং। কাশী-স্থানং পুণ্যচয়ং কিং বাহং কথয়ামি তে ॥৪৭ অপি চেৎ ত্বৎসমা নারী মৎসমঃ পুরুষোঽস্তি চেৎ। তদা কাশীফলং কিঞ্চিৎ দেবি বক্তুং ক্ষমো ভবেৎ ॥৪৮ অণ্ডজা উষ্মজাশ্চৈব উদ্ভিজ্জাশ্চ জরায়ুজাঃ। তে সর্ব্বে মুক্তি মায়ান্তি কাশ্যা-ঞ্চেদ্ভাগ্যতোমৃতাঃ ॥৪৯ ইযং বারাণসী দেব মহাতেজোময়ী শুভা। যুগ-ভেদাজ্জনৈরেব দৃশ্যতেহি চতুর্ব্বিধা ॥৫০ কৃতেরত্নময়ী কাশী ত্রেতায়াং স্বর্ণজা স্মৃতা। দ্বাপরে সা শিলারূপা কলৌ ভূমিময়ী শুভা ॥৫১ নাতঃপরতরং ক্ষেত্রং ত্রিষু লোকেষু বিদ্যতে। সত্যং সত্যং মহাদেবি শপথেন বদামি তে ॥৫২ সংসারবর্ত্মনা দেবি মুক্তিমিচ্ছতি যঃ পুনঃ। পাষাণ সদৃশোভূত্বা তিষ্ঠেৎ কাশ্যাং

সুকৃত ও দুষ্কৃত মহাকালীর প্রসাদলব্ধ জ্ঞানাগ্নিদ্বারা ভস্মীভূত হইয়া যায়।৪৪ যাহা কিছু কাশীতে লগ্ন হয়,তাহাই কাশীর স্বরূপ হয়। কাশীর স্পর্শমাত্রেই পাপরাশি বিনাশ পায়।৪৫ কালীর তেজঃস্পর্শহেতু শূলীমহাদেব ক্ষণমাত্রেই কর্ম্ম দহন করে। হে শিবে! অগ্নি যেমন স্পর্শমাত্রেই ক্ষণমধ্যেই তুলারাশি দাহ করে, সেইরূপ কাশী মানবের একজন্মেই সর্ব্বজন্মের কর্ম্মরাশি দহন করেন।৪৬ কাশীস্থান পুণ্যরাশিসম্পন্ন, হে দেবি! পুণ্যরাশি কাশীর কথা, আমি তোমাকে আর কি বলিব?৪৭ যদি তোমার সমান নারী এবং আমার সমান পুরুষ হয়,তবে কাশীর কিঞ্চিৎ ফলবর্ণন করিতে সমর্থ হয়,তাহা অন্যের অনির্ব্বচনীয়।৪৮ অণ্ডজ, উষ্মজ, উদ্ভিজ্জ ও জরায়ুজ, এই চতুর্ব্বিধ জীবই যদি ভাগ্যবশে কাশীতে জীবন বিসর্জ্জন করে, তবে সেই সকলেই মুক্তিপ্রাপ্ত হয়, সন্দেহ নাই।৪৯ হে দেবি! এই বারানসী মহাতেজোময়ী ও কল্যাণ-দায়িনী। সত্যযুগে রত্নময়ী, ত্রেতায় স্বর্ণময়ী, দ্বাপরে শিলাময়ী ও কলি-যুগে মৃণ্ময়ী, যুগভেদে কাশী এই চতুর্ব্বিধা দৃষ্ট হইয়া থাকেন।৫০ কাশী সত্যযুগে রত্নময়ী, ত্রেতায় স্বর্ণময়ী, দ্বাপরে শিলারূপা কলিতে ভূমিময়ী জানিবে।৫১ হে মহাদেবি! কাশী অপেক্ষা শ্রেষ্ঠতম ক্ষেত্র ত্রিলোক মধ্যে আর নাই, ইহা আমি তোমাকে সত্য সত্যই শপথ করিয়া বলিতে পারি,৫২ যে ব্যক্তি সংসারবর্ত্মে অবস্থিত হইয়া মুক্তিলাভের কামনা করে, সে পাষাণ-

সযন্ত্রিতঃ ॥৫৩ স এব পণ্ডিতো জ্ঞানী স এব কুলপাবনঃ। প্রাণান্তেঽপি মহাদেবি কাশীং ন নিস্ত্যজেদ্বুধঃ ॥৫৪ স এব পরমোমূর্খঃ স এব কুলনাশকঃ বৃথৈব মূর্খলোকেন কাশীংপ্রাপ্য সমুজ্ঝিতঃ ॥৫৫ বহুভির্জন্মভিঃ পুণ্যৈর্যদি কাশীং লভেৎ পুনঃ। তদা নৈব ত্যজেৎ কাশীং প্রাণান্তেঽপি কদাচন ॥৫৬ অনায়াসেন সংসারসাগরং যস্তিতীর্ষতি। স গচ্ছেদপি যত্নেন মম বারাণসীং পুরীং ॥৫৭ অন্নং দদ্যাদন্নপূর্ণা জ্ঞানং দদ্যাৎ সরস্বতী। প্রাণান্তে মুক্তিদাতাহং কাশ্যাং স্থিত্বা সদৈব হি ॥৫৮ এবন্তে কথিতং দেবি যৎ পৃষ্টং গিরিজে ময়ি। পরমং পাবনং মোক্ষং কিমিতঃ শ্রোতুমিচ্ছসি ॥৫৯

ইতি শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্রে্য ষোড়শঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ। গুরু স্ত্বং সর্ব্বলোকানাং পরমেশ পুরাতন। জগদূর্দ্ধকলাধীশ বদ কোলানিপাতনং ॥১

সদৃশ হইয়া মনঃসংযমপূর্ব্বক কাশীতে অবস্থান করিবেক।৫৩ হে মহাদেবি! যে ব্যক্তি প্রাণান্তেও কাশী পরিত্যাগ না করে, সেই ব্যক্তি পণ্ডিত, জ্ঞানী, কুলপাবন ও বোধবান্,সন্দেহ নাই।৫৪ যে নর কাশীপ্রাপ্ত হইয়া পরিত্যাগ করে, তাহার তুল্য পরম মূর্খ ও কুলনাশক আর নাই। মূর্খলোকেই কাশী প্রাপ্ত হইয়া পরিত্যাগ করে।৩৫ বহুজন্মের পুণ্যফলে যদি কাশী লাভ হয়, তবে প্রাণান্তেও তাহা পরিত্যাগ কর্ত্তব্য নহে।৫৬ যে বুদ্ধিমান্ মানব অনায়াসে সংসারসাগর পার হইবার বাসনা করে, সে যত্নপূর্ব্বক আমার বারাণসীপুরে গমন করিবে।৫৭ তথায় অন্নপূর্ণা অন্নদান করেন, সরস্বতী জ্ঞানদান করেন এবং আমি সততই অবস্থিতি করিয়া প্রাণান্তকালে মুক্তিদান করিয়া থাকি।৫৮ হে গিরিজে! দেবি! তুমি যাহা জিজ্ঞাসা করিলে, সেই পরমপাবন মোক্ষবিষয় আমি তোমাকে কহিলাম, অতঃপর আর কি শুনিতে ইচ্ছা কর।৫৯

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে ষোড়শ পটলঃ।

দেবী কহিলেন,হে পুরাতন! পরমেশ! আপনি সর্ব্বলোকগুরু। হে জগতের উর্দ্ধকলাধীশ্বর। এক্ষণে কোলানিপাতন বর্ণন করুন।

ঈশ্বর কহিলেন, দেবি। কোলাসুরনিপাতন কহিতেছি, শ্রবণ কর।১

ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি কোলাসুরনিপাতনং। মহাকালীপ্রসঙ্গেন বৃত্তান্ত মিদমদ্ভুতং ॥২ পাপং জাতং ব্রহ্মশাপাদ্ বিষ্ণোরতুলতেজসঃ। পীড়িতস্তেন পাপেন তপশ্চক্রে স সর্ব্ববিৎ ॥৩ হিমালয়ান্তিকে গত্বা তৎপাপক্ষয়াত্মকং। অষ্টাক্ষরীং মহাবিদ্যাং মহাকাল্যাঃ সদা জপন্ ॥৪ দশবর্ষসহস্রান্তে তত্তোষস্ত মহেশ্বরি। তস্যাঃ সন্তোষমাত্রেণ বিষ্ণোর্হৃদয়পঙ্কজাৎ। কোলানামাসুরো ভূত্বা নির্গতঃ সহসা হি সঃ ॥৫ তেন দৈত্যেন বলিনা সর্ব্বং নীতং দুরাত্মনা। ইন্দ্রাদিসকলান্ দেবান্ বিনির্জ্জিত্য মহাসুরঃ। কৃত্বা চ বৈষ্ণবং ধাম ব্রহ্মণঃ কমলাসনং ॥৬ ততোবিষ্ণ্বাদয়ো দেবাঃ কালীং গত্বা সনাতনীং। তুষ্টুবুর্ভক্তিযোগেন, রক্ষ রক্ষেতি বাদিনঃ ॥৭

শ্রীকাল্যুবাচ। ইদানীং রে বৎস বিষ্ণো হন্মি কোলান্ সবান্ধবান্। কোলানগরমাস্থায় কুমারীরূপমাস্থিতা ॥৮

ঈশ্বর উবাচ। এবং শ্রুত্বা কালবাণীংব্রহ্মবিষ্ণ্বাদয়ঃ সুরাঃ। আনন্দজলধৌ মগ্নাঃ শিখিবন্ননৃতুর্ঘনাৎ ॥৯ অতঃকালী করালাস্যা দ্বিজবালাস্বরূপতঃ। গত্বা

মহাকালীরপ্রসঙ্গে এই বৃত্তান্ত পরম অদ্ভুত।২ ব্রহ্মশাপবলে অতুল তেজস্বী বিষ্ণুর পাপ উৎপন্ন হইল। সেই সর্ব্বজ্ঞদেব সেই পাপে পীড়িত হইয়া, তপস্যা করিতে লাগিলেন।৩ তিনি হেমাচলসন্নিধানে গমন করিয়া, সেই পাপের ক্ষয়করী মহাকালীর অষ্টাক্ষরী মহাবিদ্যা সততই জপ করিতে আরম্ভ করিলেন।৪ হে মহেশ্বরি! দশসহস্র বৎসরান্তে মহাকালীর সন্তোষ হইল। তাহার সন্তোষমাত্রই বিষ্ণুর হৃদয়পঙ্কজ হইতে কোলানামক মহাসুর সহসা নির্গত হইল।৫ সেই দুরাত্মা বলবান্ দৈত্য ইন্দ্রাদি দেবতাগণকে পরাজিত করিয়া, অখিল মণ্ডল, বিষ্ণুর বৈকুণ্ঠ, ব্রহ্মার কমলাসন প্রভৃতি সকলই জয় করিয়া লইল। অনন্তর বিষ্ণু প্রভৃতি দেবগণ, সনাতনী কালীর নিকট গমন করিয়া, "রক্ষ রক্ষ" ইত্যাদি বাক্যে ভক্তিপূর্ব্বক তাঁহার স্তব করিতে লাগিলেন। রে বৎস! বিষ্ণো! এক্ষণে আমি কুমারীরূপ ধারণ করিয়া, কোলানগরী গমনপূর্ব্বক সেই অসুরকুলবর্ব্বর কোলাসুরকে সবান্ধবে হনন করিব।৬-৭-৮

ঈশ্বর কহিলেন, ব্রহ্মাবিষ্ণু প্রভৃতি দেবতাগণ মহাকালীর এইরূপ বচনপরম্পরা শ্রবণপূর্ব্বক আনন্দসাগরে নিমগ্ন হইয়া, ময়ূরতুল্য নৃত্য করিতে লাগিলেন।৯ তদনন্তর করালবদনী মহাকালী বিপ্রকুমারীর রূপ ধারণ

কোলাপুরং দেবি কোলাসুরসমীপতঃ। তমযাচততত্ভক্ষং কুমারী দৈত্য-পুঙ্গবং ॥১০

কাল্যুবাচ। মাতৃতাতবিহীনাহং সহায়পরিবর্জ্জিতা। ক্ষুধিতাহং মহা-রাজ ভোজ্যং মহ্যং প্রদীয়তাং ॥১১

ঈশ্বর উবাচ। ততঃ কোলাসুরো দেবি মায়য়া পবিমোহিতঃ। দয়য়া তাং করে ধৃত্বা বিবেশান্তঃপুরে স্বয়ম্‌ ॥১২ উবাচ ভোজ্যং দাস্যামি তুভ্যং যত্তে স্বভীপ্সিতং। অত্রোপবিশ বালে ত্বং আসনে মণিরঞ্জিতে ॥১৩ ইত্যুক্ত্বাসৌ দদৌ ভোজ্যং নানাবিধমনেকশঃ। ভুক্ত্বা সা সকলং দেবী পুনর্দ্দেহীতি কাদিনী। পুনর্দ্দদৌ বহুতরং তচ্চাপি বুভুজে স্বয়ম্‌। নাহং তৃপ্তা বদন্তীং তাং কোলোবাচ তদাসুরঃ ॥১৪ যথা তৃপ্তির্ভবে দ্বালে তাবচ্চ তত্তথা কুরু। ইত্যু-দীরিতমাকর্ণ্য কালী বালাস্বরূপিণী ॥১৫ কোষং হয়ং হস্তিনঞ্চ রথং সৈন্যং সবান্ধবং। ক্ষণেন বুভুজে কালী কোলাসুরং মহাবলং ॥১৬ কালরুদ্রো যথা

পূর্ব্বক কোলপুরে কোলাসুর সন্নিধানে গমন করিয়া, সেই দৈত্যরাজকে কিঞ্চিৎ ভক্ষ্যদ্রব্য যাচ্ঞা করিলেন।১০

কালী কহিলেন, আমি মাতৃতাতবিহীনা, সহায়বিহীনা, হে মহারাজ! আমাকে কিঞ্চিৎ খাদ্যদ্রব্য প্রদান করুন।১১

ঈশ্বর কহিলেন, হে দেবি! তদনন্তর কোলাসুর মায়ায় মোহিত হইয়া, কৃপাপ্রকাশপুরঃসর সেই কুমারীর করে ধারণপূর্ব্বক স্বয়ং তাহাকে অন্তঃপুরে প্রবেশ করাইলেন ১২ এবং কহিলেন, যাহা ইচ্ছা আমি সেই ভোজ্যই তোমাকে প্রদান করিব। হে বালিকে! তুমি এই মণিরঞ্জিত আসনে উপবেশন কর। এই বলিয়া ঐ দৈত্য বহুবার বহুবিধ ভোজ্যদ্রব্য তাঁহাকে প্রদান করিল। বালিকা সেই সমস্তই ভক্ষণ করিয়া বলিলেন, ইহাতে আমার তৃপ্তি হইল না, পুনর্ব্বার ভোজ্য আনয়ন কর।১৩ দৈত্যরাজ পুনর্ব্বার বহুতর খাদ্য প্রদান করিলে, সে সকলও ভক্ষণ করিয়া কহিলেন, আমার ইহাতে পরিতৃপ্ত হইল না। তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া, কোলাসুর কহিল, ১৪ হে বালে! যাহাতে তোমার তৃপ্তি হয়, তুমি তাহাই কর। বালারূপিণী কালী কোলার এই বাক্য শ্রবণ করিয়া, ১৫ তাহার কোষ, অশ্ব, হস্তী, রথ, সৈন্য, বান্ধব এই সকল ভক্ষণ করিয়া, মহাবল কালাসুরকে ভোজন করিলেন।১৬ হে শিবে! যেমন কালরুদ্র ক্ষণমধ্যে যুগত্রয়কে মহাকালমধ্যে আনয়ন করে, সেইরূপ মহাকালী ক্ষণমধ্যেই কোলাপুর

কালে ক্ষণাদ্যুগত্রয়ং নয়েৎ॥ তথা কোলাপুরং শূন্যং কৃতং কাল্যা ক্ষণাচ্ছিবে॥১৭ হতারয়স্ততোদেবা ব্রহ্মবিষ্ণুমুখাস্তথা। নিরন্তরং পুষ্পবৃষ্টিং চক্রুস্তে ননৃতঃ পরং॥১৮ জগুঃ সুললিতং গীতং দেবগন্ধর্ব্বকিন্নরাঃ। বিদ্যাধরীদেপপত্নীকিন্নরীভিঃ সমন্ততঃ॥১৯ পূজিতা স্তৈঃ কুমারী সা কুসুমৈর্নন্দনোদ্ভবৈঃ। সর্ব্বলোকৈঃ পূজিতা চ কুমারী সা গৃহে গৃহে॥২০ ততঃ সান্তর্হিতা দেবী কুমারী ব্রহ্মবিগ্রহা। এবং তেহদ্য ময়া প্রোক্তং কোলাসুরনিসূদনং॥২১ ব্রহ্মশাপো ভবাধর্ষঃ ভ্রমতোহপি ম চাচরেৎ। বাগ্‌বজ্রঞ্চ ব্রাহ্মণানাং সদা জানীহি কামানি॥২২ অতোহবিদ্যঃ সবিদ্যো ঞ্চ বিপ্রঃপূজ্যঃসদা ভবেৎ। সন্তুষ্য ব্রহ্মণান্ দেবি তুষ্টাবয়ং সদা সুরাঃ॥২৩ বিতুষ্টে ব্রাহ্মণে দেবি বিতুষ্টাবয় মেব হি॥২৪ যদ্যকার্য্যশতং দেবি ব্রাহ্মণঃ স্বমুপাচরেৎ। আত্মনোহিতকামেন তথাপি তং ন চোৎসৃজেৎ॥২৫ নাপমানঞ্চ কর্ত্তব্যং সর্ব্বদা সুরপুঙ্গবে। ব্রাহ্মণঃ সর্ব্বদেবাত্মা মোক্ষতেজঃসমোহি সঃ॥২৬ অপ্রসূতিশ্চ সা কালী কুমারীরূপধারিণী। ততঃপ্রভৃতি দেবেশি কুমারী পূজ্যতে সুরৈঃ॥২৭ ব্রহ্মাবিষ্ণুমহেশাদ্যৈঃ কুমারী

শূন্য করিয়া ফেলিলেন।১৭ তদনন্তর বিষ্ণুপ্রমুখ দেবতাগণ অরি সকল হত হইল দেখিয়া, পুষ্পবৃষ্টি করিতে আরম্ভ করিলেন। দেব গন্ধর্ব্ব কিন্নরগণ এবং বিদ্যাধরী কিন্নরী ও দেবপত্নীগণ হর্ষভরে নৃত্যগীত আরম্ভ করিলেন।১৮-১৯ তদনন্তর সকলেই মিলিত হইয়া, কুসুমচন্দনভারে সেই কুমারীর পূজা করিলেন। তৎপরে সমস্ত লোক আপনাদের গৃহে গৃহে কুমারীপূজা করিতে লাগিল।২০ তদনন্তর সেই ব্রহ্মরূপিণী কুমারী অন্তর্হিতা হইলেন। হে দেবি! এই আমি তোমাকে কোলানিপাতন কহিলাম।২১ হে কুলবতি! ব্রহ্মশাপ দুর্দ্ধর্ব, ভ্রমেও ব্রহ্মশাপের কার্য্য করিবেন না। ব্রাহ্মণের অভিশাপ বাক্য বজ্রস্বরূপ জানিবে।২২ এই হেতু ব্রাহ্মণ বিদ্বান্ বা অবিদ্বান্ হইলেও সে দেবতুল্য। ব্রাহ্মণ সন্তুষ্ট থাকিলেই আমরা সকল দেববর্গই সন্তুষ্ট থাকি।২৩ হে দেবি! ব্রাহ্মণ বিতুষ্ট হইলে, আমরাও বিতুষ্ট।২৪ ব্রাহ্মণ যদিও শত শত অকার্য্য করেন, তথাপি তাহাকে পরিত্যাগ বা তাঁহার অপমান কর্ত্তব্য নয়।২৫ হে সুরবরে! ব্রাহ্মণ সর্ব্বদেবময় এবং মোক্ষতেজঃসমান জানিবে।২৬

সেই কালী অপ্রসূতি কুমারীরূপধারিণী হইয়াছিলেন; সেই হেতু তদবধি দেবগণ কুমারীপূজা আরম্ভ করিলেন।২৭ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাদি সকলেই এবং তদনন্তর ব্রহ্মাণ্ডতলনিবাসী সর্ব্বলোকেই কুমারী পূজা করিতে লাগি-

পূজয়েৎ সদা। অন্যৈঃ সর্ব্বৈঃ প্রপূজ্যেত ব্রহ্মাণ্ডতল গোচরৈঃ ॥২৮ কুমারী পূজনফলং বক্তুং নার্হামি সুন্দরি। জিহ্বাকোটিসহস্রৈস্তু বক্ত্রকোটিশতৈরপি ॥২৯ তস্মাচ্চ পূজয়েদ্বালাং সর্ব্বজাতিসমুদ্ভবাং॥ জাতিভেদো-ন কর্ত্তব্যঃ কুমারীপূজনে শিবে ॥৩০ জাতিভেদান্মহেশানি নরকান্ন নিবর্ত্ততে। বিচিকিৎসাপরোমন্ত্রী ধ্রুবঞ্চ পাতকী ভবেৎ ॥৩১ দেবী বুদ্ধ্যা মহাভক্ত্যা তস্মাত্তাং পরিপূজয়েৎ। সর্ব্ববিদ্যাস্বরূপা হি কুমারী নাত্র সংশয়ঃ ॥৩২ একা হি পূজিতা বালা সর্ব্বং হি পূজনং ভবেৎ ॥৩৩ যদি ভাগ্যবশাদ্দেবি বেশ্যাকুলসমুদ্ভবাং। কুমারীং লভতে কান্তে সর্ব্বস্বেনাপি সাধকঃ॥ যত্নতঃ পূজয়েত্তাস্তু স্বর্ণরৌপ্যাদিভির্মুদা ॥৩৪ তদা তস্য মহাসিদ্ধি র্জায়তে নাত্র সংশয়ঃ। মহাসিদ্ধির্ভবেদস্য স এব শ্রীসদাশিব ॥৩৫ লক্ষণং তস্য বক্ষ্যামি তচ্ছৃণুষ্ব প্রিয়ম্বদে। বপুস্তস্য মহেশানি কাঞ্চনং পরিজায়তে ॥ সর্ব্বসিদ্ধিযুতোভূত্বা ক্রীড়তে ভৈরবো যথা ॥৩৬ স্বর্গে মর্ত্ত্যে চ পাতালে গতিস্তস্য সুনিশ্চিতং। হঠাত্তু জায়তে সর্ব্বং যদ্যন্মনসি বর্ত্ততে ॥৩৭ কায়ব্যূহঃ সমাসাদ্য সর্ব্বত্র ব্যাপকো ভবেৎ।

যেন।২৮ হে সুন্দরি। আমি কোটিসহস্র জিহ্বা ও মুখদ্বারাও কুমারীপূজার ফল বর্ণন করিতে অক্ষম।২৯ হে মহেশানি। সেই হেতু সর্ব্বজাতীয়া কুমারীগণের পূজা কর্ত্তব্য, হে শিবে। কুমারীপূজায় জাতিভেদ নাই,৩০ ইহাতে জাতিভেদ বিচার করিলে, নরকে পতিত হইয়া আর পুনরাগমন করিতে পারে না। মন্ত্রবান্ ব্যক্তি অবিচারিত কর্ম্ম করিলে পাতকী হয়।৩১ অতএব মহাভক্তি ধারণ করিয়া, দেবীবোধে কুমারীর পূজা কর্ত্তব্য। কুমারী সর্ব্ববিদ্যারস্বরূপা সন্দেহ নাই।৩২ একটী কুমারীর পূজা করিলে, সর্ব্বদেবদেবীর পূজা করা হয়।৩৩ হে দেবি। যদি ভাগ্যবশে বেশ্যাকুলসমুদ্ভবা কুমারী প্রাপ্ত হওয়া যায়, তবে সাধক ব্যক্তি তাহাকে স্বর্ণরৌপ্যাদি সর্ব্বস্ব প্রদানপূর্ব্বক ও যত্নপূর্ব্বক পূজা করিবে।৩৪ এইরূপ করিলে সাধকের মহাসিদ্ধি হয় এবং সে সদাশিব তুল্য সিদ্ধ হয়, সন্দেহ নাই।৩৫ কুমারীসাধকের লক্ষণ কহিতেছি, হে প্রিয়ম্বদে। তুমি তাহা শ্রবণ কর। তাহার বপুঃকাঞ্চনকান্তি হয়, এবং সে ব্যক্তি সর্ব্ববিধ সিদ্ধিযুক্ত হইয়া, ভৈরবের ন্যায় বিহার করিয়া থাকে।৩৬ সে স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল সর্ব্বত্রই গমন করিতে পারে। যখনি যাহা মনে হয়, অমনি তদ্রূপ ধারণ করিতে পারে।৩৭ কায়া বিস্তারপ্রাপ্ত হইয়া, তৎক্ষণাৎ সর্ব্বত্রই ব্যাপক হইবার সামর্থ্য হয়। পুরন্দরের ন্যায় সর্ব্বত্রই তাহার আজ্ঞা

অব্যাহত্যজ্ঞঃ সর্ব্বত্র যথা পুরন্দরঃ শিবে ॥৩৮ দেব-দানব-গন্ধর্ব্ব-নাগ-কিন্নর-কামিনী। বিদ্যাধরী রাজনারী সেবতে তং দিবানিশম্ ॥৩৯ অন্তে চ প্রাপ্যতে তেন পরং নির্ব্বাণ মুক্তমং ॥ কুমারী পূজনে কালে সাধকঃ শিবতাং ব্রজেৎ ॥৪০ কুমারী পূদ্যতে যত্র স দেশঃ ক্ষিতিপাবনঃ। মহাপুণ্যতমোভূয়াৎ সমন্তাৎ ক্রোশপঞ্চকং ॥৫১ কুমারী পূজনং যত্র কুর্য্যাচ্চ পরমেশ্বরি। স্ফুরত্যেব মহৎ জ্যোতিঃ প্রত্যক্ষং ভারতে ভুবি ॥৪২ বিশ্বম্ভরোনাম রাজা চৈত্রবংশসমুদ্ভব্য। অপূজয়ৎ কুমারীং তাং বেশ্যাকুলসমুদ্ভবাং ॥ কাঞ্চীনাম্নীং কৃষ্ণবর্ণাং সর্ব্বলক্ষণ-পূরিতাং ॥৪৩ পূজাকালে মহাদেবী কাঞ্চী ভবেৎ স্ফুরৎপ্রভা। তৎপ্রভা-পটলাচ্ছন্নো রাজা মোক্ষমব্যপ্তবান্ ॥৪৪ সম্যক প্রপূরিতা ন স্যাৎ কাঞ্চী জ্যোতি-র্ম্ময়ী প্রভা। ভুত্বা নিত্যা হি তৎস্থানে গৃহ্ণাতি পূজনং সদা ॥৪৫ কাঞ্চীনাম্নী পূরীজাতা তৎস্থানন্ত মহাফলা। মোক্ষদা সা পুরী জ্ঞেয়া পঞ্চক্রোশময়ী শুভা ॥৪৬ গৃহব্যাপারদিকঞ্চ তত্র যদ্যৎকৃতং ভবেৎ। তৎসর্ব্বং পূজনং তস্যা শ্চিত্রমেতন্নগেন্দ্রজে ॥৪৭ অতঃ কাঞ্চীপুরী দেবি যুতাবারাণসী শুভা। এবস্তু

আব্যাহত।৩৮ দেব, দানব, গন্ধর্ব্ব, নাগ কিন্নরগণের কামিনীগণ এবং বিদ্যাধরী ও রাজনারীগণ সকলে সততই তাহার সেবা করিয়া থাকে ৩৯ এবং সেই সাধক অন্তকালে পরম নির্ব্বাণ প্রাপ্ত হয়। কুমারী পূজাকালে সাধক শিবত্ব লাভ করে।৪০ যে স্থানে কুমারী পূজা হয়, সেই স্থান ক্ষিতির মধ্যে পবিত্র; সেই স্থান চারিদিকে পঞ্চক্রোশ সহিত পুণ্যময় হয়।৪১ এই ভারতমণ্ডলে কুমারীর পূজা করিলে, ঐ কুমারীর দেহ হইতে প্রত্যক্ষরূপে প্রভা প্রস্ফুরিত হয়।৫২ বিশ্বম্ভর নামে এক চৈত্রবংশীয় রাজা বেশ্যাকুলসমুদ্ভবা এক কুমারীর পূজা করিয়াছিলেন।৪৩ হে মহাদেবি ঐ কুমারীর নাম কাঞ্চী, সে সর্ব্বসুল-ক্ষণসম্পন্না ও কৃষ্ণবর্ণা। পূজাকালে ঐ কুমারীর কৃষ্ণবর্ণ দেহ হইতে প্রভা-মণ্ডল প্রস্ফুরিত হইতে লাগিল। রাজা সেই মহাপ্রভামণ্ডলে আচ্ছন্ন হইয়া মোক্ষপ্রাপ্ত হইল।৪৪ ঐ কুমারী কাঞ্চী প্রভাপূর্ণা ছিল না, কিন্তু সে তদবধি জ্যোতির্ম্ময়ী হইয়া, সেই স্থানে পূজা গ্রহণ করিতে লাগিল।৪৫ হে দেবি! সেই স্থানে কাঞ্চীনাম্নী এক মহাফলদায়িনী পুরী হইল। চারিদিকে পঞ্চক্রোশসহিতা সেই পুরী কল্যাণপ্রদা ও মোক্ষদায়িনী।৪৬ হে নগেন্দ্র-নন্দিনি! সেখানে গৃহকর্ম্মাদি যাহা যাহা করা যায়, তদ্দ্বারাই তাহার পূজা হয়। হে দেবি! ইহা অতি বিচিত্র।৪৭ হে মহেশানি! এই হেতু কাঞ্চীপুরী বারাণসীর

পূজিতা বালা কাম্পিল্লেন মহাত্মনা।৪৮ কাম্পিল্লে নগরে পূর্ব্বং তামুক্তং তাং ববাননে। অদ্যাপি দৃশ্যতে লোকে শিলারূপেণ তিষ্ঠতা ॥৪৯ সর্ব্ব পুণ্যতমো-বাসং সর্ব্বতীর্থসমাকুল-। সর্ব্বযজ্ঞযুতং দেবি মহর্ষীণাঞ্চ বেষ্টিতং ॥৫০ সর্ব্বা-শ্চর্য্যসমাক্রান্তং কাম্পিল্লে নগরে পরং। যে বসন্তি মহাদেবি কাম্পিল্লনগরে পুরে। ইহ ভুক্ত্বা বরান্ ভোগান্ মম তুষ্টি প্রদায়কান্॥ সর্ব্ব সম্পৎ-সমাকীর্ণানন্তে দেব্যাঃ প্রদাসতঃ॥ উল্লঙ্ঘ্য ব্রহ্মলোকং বৈ দেব্যাঃ স্থানং সমা-প্নুয়ুঃ ॥৫১।৫২ যদি কামী ভবেৎ কোঽপি বৈকুণ্ঠং পরমং ব্রজেৎ। মল্লোকং বা মহেশানি যথা মে মণিমন্দিরং ॥৫৩ এবং তেঽদ্য ময়া প্রোক্তং কুমারী-চরিতং শিবে। কিঞ্চিদেব মহামায়ে পুনঃ কিং পরিকথ্যতে ॥৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে

সপ্তদশঃ পটলঃ॥

শ্রীদেব্যুবাচ। শ্রুতং কুমারীচরিতং পূর্ব্বং হি দেবাবাঞ্ছিতং। ইদানীং

ন্যায় কল্যাণদায়িনী জানিবে। পূর্ব্বে মহাত্মা কম্পিল্ল এইরূপে কুমারীপূজা করিয়াছিলেন।৪৮ হে বরাননে! পূর্ব্বে কাম্পিল্লনামক নগরে কুমারীদেবীর পূজা হয়, অদ্যাপিও সেই কুমারী শিলারূপে তথায় অবস্থিতি করিতেছেন।৪৯ সেই স্থান পরম পুণ্যতম বসতিস্থান, উহা সর্ব্বযজ্ঞযুত ও সর্ব্বতীর্থসমাকুল, ঋষিগণসেবিত ও সর্ব্বাশ্চর্য্যময়।৫০ হে দেবি! সে ব্যক্তি কাম্পিল্লনগরে বাস করে, সে দেবীর প্রসাদে ইহলোকে সর্ব্ববিধ উৎকৃষ্ট তুষ্টিপ্রদ ভোগ্য উপ-ভোগবান্ এবং সর্ব্বসম্পত্তিমান্ হয়; পরকালে ব্রহ্মলোক উল্লঙ্ঘনপূর্ব্বক দেবীর স্থান প্রাপ্ত হয়।৫১।৫২ যদি কোন ব্যক্তি কামী হয়, তবে সে বৈকুণ্ঠ-পুরে গমন করিয়া থাকে অথবা আমার লোকে মণিমন্দিরে বাস করে।৫৩ হে শিবে! এই আমি তোমাকে অদ্য কিঞ্চিৎ কুমারীচরিত কহিলাম। হে মহামায়ে! আর কি কহিব, বল।৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতি

সাহস্র্যে সপ্তদশ পটল।

দেবী কহিলেন, হে মহাদেব! দেবতাবাঞ্ছিত পুরাতন কুমারীচরিত শ্রবণ

শ্রোতু মিচ্ছামি কহোলচরিতং পরং ॥১ আজ্ঞাপয় মহাদেব কৃপয়া পরমা হিতং হিতং হ সর্ব্বলোকানাং যোগিনাং হৃদয়ার্থদং ॥২

ঈশ্বর উবাচ। বেদবেদান্তবেদাঙ্গসর্ব্বশাস্ত্রস্বরূপভাক্। সর্ব্বযোগী সর্ব্বতীর্থপূতঃ সর্ব্বাঘবর্জ্জিতঃ ॥৩ সর্ব্ববিদ্যাসর্ব্বমন্ত্রকৃত সিদ্ধির্ঋষীশ্বরঃ। সর্ব্ববর্য্যঋষিশ্রেষ্ঠঃ পরিবভ্রাম মেদিনীং ॥৪ চিন্তামবাপ মহতীমতীবোদ্বিগ্নমানসঃ। সহস্রসূর্য্যসঙ্কাশঃ স এবাসীৎ পুরা শিবে ॥৫ চিন্তয়া পরয়া সোঽভূৎ প্রদীপ ইব চাপরে। তদাকাশসমুদ্ভূতা শ্রুতা বাণী মহর্ষিণা ॥৬ কহোলয়াহি পূর্ব্বং ত্বং শঙ্করং দেবশঙ্করং। স গুরুঃ সর্ব্বসত্ত্বানাং সকলং তে করিষ্যতি। শ্রুত্বা তাং গাগনীং বাণীং পরমানন্দসংপ্লুতঃ। গত্বোবাচ কহোলো মে বৃত্তান্তং সকলং হি তৎ।৭।৮ ততস্তস্মৈ ময়া দত্তা বিদ্যা কালী পরাকলা। চন্দ্রাক্ষরী সর্ব্বজ্ঞানভাবনী চিন্ময়ী শুভা। দত্তশ্চ পরমাচারঃ শ্রীমদাগমসম্মতঃ। কথিতঞ্চ ময়া তস্মৈ কহোল পুত্র তচ্ছৃণু ॥৯ অনেনাচারযোগেন

করিলাম, এক্ষণে পরমোৎকৃষ্ট কহোলচরিত শ্রবণ করিতে বাসনা হইতেছে ;১ আপনি কৃপা করিয়া সেই সর্ব্বলোকহিতকর, যোগিগণের হৃদয়ার্থপ্রদ সেই সাধুচরিত কীর্ত্তন করুন।২

ঈশ্বর কহিলেন, বেদবেদান্ত বেদাঙ্গতত্ত্বজ্ঞ ও সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বগ্রাহী, সর্ব্বযজ্ঞকারী, সর্ব্বতীর্থসম্পূত, সর্ব্বপাপবিবর্জ্জিত, ৩ সর্ব্ববিদ্যা ও মন্ত্র দ্বারা কৃতসিদ্ধি, ঋষিগণের বরণীয়, ঋষিশ্রেষ্ঠ, ঋষীশ্বর কহোল মেদিনীমণ্ডল পরিভ্রমণ করিতে লাগিলেন।৪ সেইকালে তিনি এক মহতী চিন্তা প্রাপ্ত হইলেন ; তদ্দ্বারা তিনি অতীব উদ্বিগ্নমনা হইয়া পড়িলেন। পূর্ব্বে তিনি সহস্রসূর্য্যপ্রভ ছিলেন,৫ এক্ষণে মহতী চিন্তায় প্রদীপশিখার ন্যায় ক্ষীণ হইয়া পড়িলেন। তদনন্তর মহর্ষি এক আকাশবাণী শ্রবণ করিলেন।৬ "অহে কহোল! তুমি পূর্ব্বদিকে কল্যাণকর শঙ্করদেবের নিকট গমন কর। তিনি সর্ব্বজীবের গুরু, তিনিই তোমার সর্ব্বচিন্তা দূর করিয়া সর্ব্বকার্য্য সম্পাদন করিয়া দিবেন।" সেই আকাশবাণী শ্রবণ করিয়া আনন্দনীরে পরিপ্লুত হইয়া, পূর্ব্বদিকে গমনপূর্ব্বক আমার নিকট সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন।৭-৮ তদনন্তর আমি তাঁহাকে পরমাকলা কালীবিদ্যা অর্পণ করিলাম। ঐ বিদ্যা চন্দ্রাক্ষরী এবং সর্ব্বজ্ঞানদায়িনী চিন্ময়ী ও কল্যাণপ্রদা। আর তাঁহাকে শ্রীমদাগমসম্মিত পরম সদাচারও প্রদান করিয়া কহিলাম, হে বৎস কহোল! শ্রবণ কর।৯ এই আচারযোগে বারাণসীতে দিগম্বরী কালীর নিকট গমন করিয়া, সেই সর্ব্বজ্ঞানবিভাবিনীর

গত্বা কালীং দিগম্বরীং। ভাবয়িত্বা পূজয়েদ্‌যঃ সর্ব্বাজ্ঞানবিনাশিনীং ॥১০ ততস্তে সংশয়ো নষ্টো ভবেযুর্ভুবনেশ্বরে ॥১১ ইত্যাজ্ঞপ্তঃ কহোলঃ স ঋষির্ব্বেদবিশারদঃ। গত্বা কাশীং খজেৎ কালীং পঞ্চাচারযুতোমুদা ॥১২ ততস্তে সংশয়াবিঘ্নাঃ পলায়ন্তে দিনি দিনে। ঋষেস্তস্য কহোলস্য বেদমূর্ত্তের্ম্মহামতে ॥১৩ ততস্তস্মিন্ কৃপা জাতা মহাকাল্যা ঋষেঃ শুভাঃ। তথাচ কৃপয়া-প্রাপ্য কহোলঋষিসত্তমঃ ॥১৪ আত্মানং কালিকারূপং পরংব্রহ্ম সনাতনং। জ্ঞানমায়াবিনির্ধূর্ত মদ্বৈতং পরমং শিবে ॥১৫ সর্ব্বমায়াবিনির্ম্মুক্তোজাতঃ স ঋসিরুত্তমঃ। সর্ব্বং ব্রহ্মময়ং পশ্যেজ্জগদেতচ্চরাচরং ॥১৬ আত্মদেহাদিকং কিঞ্চিজ্জানাতি ন চ কর্হি চিৎ! তেনৈব ব্রহ্মজ্ঞানেন দেহকর্ম্মাদিকং খলু। ভস্মীভূতং মহেশানি ঋষেস্তস্য মহাত্মনঃ ॥১৭ ব্রহ্মভূতঃ কহোলর্ষির্ম্মহাকাল্যাঃ প্রসাদতঃ ॥১৮ অত্যাচারেষু সর্ব্বেষু রতঃ স্যাৎ স্ফূরতে হি সঃ। এবমেব মহাকালী কহোলঋষিমানিতা ॥১৯ চকার লীনং ত মৃষিং স্বীযদেহে তু কাবণে ॥২০ যং যং ভাব মুপাশ্রিত্য যজেৎ কালীং হি সাধকঃ। প্রাপ্নুযাদচিবাদেষ মহাকাল্যাঃ প্রসাদতঃ ॥২১

পূজা কবিবে।১০ তাহাতে ভুবনেশ্বর সন্নিধানে তোমার সর্ব্বসংশয বিনষ্ট হইবে।১১ সেই বেদবিশাবদ ঋষি কহোল আমার দ্বারা এইরূপ আদিষ্ট হইয়া কাশী গমন করিযা, পঞ্চোপচারে কালীব পূজা করিল।১২ তদনন্তর তাহাতে মহামতি বেদমূর্ত্তি ঋষির সংশয়বিঘ্নসকল দিনে দিনে পলাযন করিতে লাগিল।১৩ তদনন্তর সেই ঋষির প্রতি মহাকালীর কৃপা হইল। কালীর কৃপায় কহোল-ঋষি ১৪ আত্মস্বরূপ পরব্রহ্ম সনাতন মায়াবিরহিত জ্ঞাননির্ধৌত অদ্বৈত পবম কালীরূপ প্রাপ্ত হইলেন।১৫ তদনন্তর তিনি সর্ব্বমায়া হইতে নির্ম্মুক্ত ও সংশয়শূন্য হইয়া, এই অখিল চরাচর ব্রহ্মময় অবলোকন করিতে লাগিলেন।১৬ তিনি আত্মদেহাদি কিছুই জানিতে পারিলেন না। ব্রহ্মজ্ঞান দ্বারা সেই মহাত্মা ঋষির দেহকর্ম্মাদি সমস্তই ভস্মীভূত হইয়া গেল।১৭ মহাকালীব প্রসাদে সেই কহোলঋষি ব্রহ্মস্বরূপ হইলেন।১৮ তদনন্তর তিনি সর্ব্বপ্রকার অত্যাচারে স্ফূর্ত্তি পাইতে লাগিলেন। এইরূপে মহাকালী কহোলঋবি কর্ত্তৃক পূজিতা হইয়া, সেই মহর্ষিকে স্বীয় কারণদেহে লীন করিয়া লইলেন।১৯-২০ যে সাধক যে ভাব অবলম্বন করিযা কালীর আরাধনা করে, সে মহাকালীর প্রসাদে অচিরেই তাহা প্রাপ্ত হয়।২১

দেবী কহিলেন, হে প্রভো ' আমি দেব-অসুব মুনিঋষিগণেরও বিস্ময়কর.

শ্রীদেব্যুবাচ। শ্রুতং কহোলচরিতং পূর্ব্বং বিস্ময়কারকং। দেবাসুর মুনীন্দ্রাণা মৃষীণাং ভাবিতাত্মনাং। ইদানীং শ্রোতুমিচ্ছামি গঙ্গাং ত্রৈলোক্যপাবনীং। কাং বিদ্যাং প্রাপ্য সা জাতা তাং বদস্ব মম প্রভো ॥২২

ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি যস্মাং ত্বং পরিপৃচ্ছসি। শ্রবণাৎ সর্ব্ব-পাপানি নাশমায়াস্তি নান্যথা ॥২৩ মন্ত্রমাদৌ প্রবক্ষ্যামি ত্রৈলোক্যপাবনাভিধং মহাদেব্যা মহাকাল্যা মহাদেবেন ভাবিতং ॥২৪ নিজবীজং সমুদ্ধৃত্য সম্বোধন পদদ্বয়ং। পুনশ্চ নিজবীজং হি বিদ্যাযশস্করী পরা ॥২৫ এনাং বিদ্যাং সমারাধ্য গঙ্গা ত্রৈলোক্যপাবনী। মম জটাতটে স্থিত্বা জপেদ্বিদ্যা মহ-র্নিশং ॥২৬ তেন সা পাবনী গঙ্গা মোক্ষদা সর্ব্বদেহিনাং। সিদ্ধমন্ত্রপ্রভাবেন কালীতেজোপবৃংহিতা ॥২৭ অতঃ সা পাবনী ভূত্বা মোক্ষদা সদাশিবে। অতো হি সর্ব্বতীর্থানাং সা বিদ্যা সর্ব্বপূজিতা ॥২৮ মাহাত্ম্যং কিমু বক্ষ্যামি গঙ্গায়াশ্চ সুরেশ্বরি। যন্নামস্মরণাদেব পাপিনো মুক্তিভাগিনঃ ॥২৯ গঙ্গা গঙ্গেতি যো

পুরাতন কহোলচরিত শ্রবণ করিলাম, এক্ষণে ত্রৈলোক্যপাবনী গঙ্গার বিষয় শ্রবণ করিতে বাসনা হইয়াছে এবং তিনি কোন্ বিদ্যা প্রাপ্ত হইয়া, জন্মগ্রহণ করিলেন, তাহা আমার নিকট সবিস্তরে কীর্ত্তন করুন।২২

ঈশ্বর কহিলেন, হে দেবি! যাহা তুমি জিজ্ঞাসা করিতেছ, তাহা শ্রবণ কর। ইহার শ্রবণে সর্ব্বপাপ বিনষ্ট হইয়া যায়।২৩ প্রথমে, মহাদেবভাবিত মহাদেবী মহাকালীর ত্রৈল্যোক্যপাবন নামক মন্ত্র বলিব।২৪ নিজবীজ উদ্ধার করিয়া সম্বোধন পদদ্বয় উদ্ধারপূর্ব্বক তৎপরে পুনশ্চ নিজবীজ উদ্ধারান্তে যশস্করী পরাবিদ্যা উচ্চারিত করিবে।২৫ ত্রৈলোক্যপাবনী গঙ্গা এই বিদ্যার আরাধনা করিয়া আমার জটাতটে অবস্থান পূর্ব্বক অহর্নিশ ঐ বিদ্যা জপ করিতে লাগিলেন।২৬ সেই মন্ত্রপ্রভাবে পাবনী গঙ্গা সর্ব্বদেহির মোক্ষদায়িনী হইলেন। সিদ্ধ মন্ত্রের প্রভাবে কালীতেজে সম্বর্দ্ধিতা হইয়াই তিনি সর্ব্বদাই পাবনী ও মুক্তিপ্রদা হইয়াছেন।২৭ হে শিবে! এই হেতুই সেই বিদ্যা সর্ব্বতীর্থ মধ্যে সম্পূজিতা হন,২৮ হে সুরেশি! গঙ্গার মাহাত্ম্য কি বলিব, যাঁহার নাম স্মরণমাত্রেই পাপিগণ মুক্তিলাভ করে।২৯ পাপিগণের মধ্যেও পাতকী এবং অতি পাতকী হইয়াও যে ব্যক্তি গঙ্গা গঙ্গা বলিয়া ডাকিয়া থাকে, তাহার সমস্ত পাপ বিধ্বস্ত হইয়া যায় এবং সে বিষ্ণুলোকে গমন

ব্রযাং পাপিনামপি পাতকী। তেষাঞ্চ পাতকং হিত্বা স গচ্ছেদ্বৈষ্ণবী পুরীং ॥৩০ যানি কানি চ পাপানি প্রোক্তানি তে মহেশ্বরি। প্রায়শ্চিত্তবিহীনানি প্রায়শ্চিত্তপরাণ্যপি। তানি সর্ব্বাণি নশ্যন্তি গঙ্গাজলাভিষেকতঃ। নগরী বা পুরাদ্যম্বুপাত্রাদগঙ্গাং প্রবাহয়েৎ।৩১।৩২ সর্ব্বং গঙ্গা ভবত্যেব মন্ত্রমাহাত্ম্যতঃ শিবে ॥৩৩ যত্র দেশে বসদ্‌গঙ্গা স দেশঃ পুণ্যভাজনঃ ॥৩৪ পুণ্যক্ষেত্রং সমুদ্দিষ্টং পবিত্রং যোজনদ্বয়ং। তত্র যৎ ক্রিয়তে কর্ম্ম গঙ্গাযাং নাত্র সংশয়ঃ ॥৩৫ গঙ্গায়াং যৎ কৃতং দেবি তদক্ষয়ফলং লভেৎ। সাঙ্গং বা বিহীনং বাপি কথিতং শম্ভুবল্লভে ॥৩৬ তত্রস্থাঃ প্রাণিনঃ সর্ব্বে দেবলোকবিনিঃসৃতাঃ। ভুক্ত্বা চ বিবিধান্ ভোগান্ কৃত্বা চ সুকৃতিং সদা। অনায়াসেন যান্তি স্থানং পরম দুর্ল্লভং ॥৩৭ যত্র লোকানশোচন্তি দেবর্ষিগণসংস্তুত। গঙ্গাযাং ত্যজতে প্রাণান্ যস্ত পুণ্যস্বভাবতঃ। জ্ঞানতো মোক্ষ মাপ্নোতি বৈকুণ্ঠং তদভাবতঃ। স্বর্লোকাদ্যামহেশানি গঙ্গাপাপবিনির্জ্জিতাঃ।৩৮।৩৯ গঙ্গামুদ্দিশ্য ব্রজতঃ পথি প্রাণান্ বিমুঞ্চতি। বিষ্ণুলোকং বহুগুণং পাপী চেৎ সোঽপি গচ্ছতি।৪০

করে।৩০ হে মহেশ্বরি। যে পাপের প্রায়শ্চিত্ত আছে বা যাহার প্রায়শ্চিত্ত নাই, এবম্বিধ সমস্ত পাপই গঙ্গাস্নানে বিনষ্ট হয়। নগরী পুরী বা অন্যান্য স্থান হইতে প্রবাহিত বারিরাশি গঙ্গায় পতিত হইলেও ৩১।৩২ মন্ত্রমাহাত্ম্যে তাহা গঙ্গাই জানিবে।৩৩ যে দেশে গঙ্গাদেবী প্রবাহিত হন, সেই দেশ পুণ্যভাজন।৩৪ গঙ্গার দুই যোজনদূর পর্য্যন্ত ভূমি পবিত্র পুণ্যক্ষেত্র বলিয়া নির্দ্দিষ্ট আছে।৩৫ তথায় কোনও কার্য্য করিলে গঙ্গাতেই সেই কার্য্য করা হয়, সন্দেহ নাই। গঙ্গায় সাঙ্গ বা হীনরূপে যাহা কিছু করা যায়, তাহাই অক্ষয়ফলপ্রদ হইয়া থাকে।৩৬ হে শম্ভুবল্লভে! গঙ্গাস্থিত সকল প্রাণীই দেবলোক হইতে বিনিঃসৃত হইয়া গঙ্গাবাসী হইয়াছে। গঙ্গাবাসিগণ, বিবিধ ভোগ উপভোগ পূর্ব্বক সততই সুকৃতি সাধন পূর্ব্বক, অনায়াসেই শোকাদিশূন্য পরমদুর্লভ স্থানে গমন করিয়া থাকে।৩৭ হে দেবর্ষিগণ-সংস্তুতে দেবি! যে ব্যক্তি জ্ঞানপূর্ব্বক গঙ্গায় প্রাণত্যাগ করে, সে মোক্ষ প্রাপ্ত হয়, অজ্ঞানে মরিলে বৈকুণ্ঠলাভ হইয়া থাকে। হে মহেশ্বরি! স্বর্গাদি-লোক সকল গঙ্গা দ্বারাই নির্ধৌত কল্মষ হইয়াই পবিত্রস্থান হইয়াছে।৩৮।৩৯ গঙ্গার উদ্দেশে গমন করিয়া পথিমধ্যে প্রাণত্যাগ করিলে, যদি সে পাপীও হয়, তথাপি বহুগুণ বিষ্ণুলোক প্রাপ্ত হয়।৪০ যে ব্যক্তি ন্যায় বা অন্যায়েই হউক, গঙ্গাতীরে প্রাণত্যাগ করে, তাহা হইলে সে সর্ব্বফলসমন্বিত স্বর্গলাভ

ভত্তীরে যস্ত্যজেৎ প্রাণান্ জ্ঞায়তোঽজ্ঞায়তোঽপি বা। সোঽপি স্বর্গমবাপ্নোতি সর্ব্বসদ্‌ভাবসযুতং ॥৪১ যাবদস্থীনি গঙ্গায়াং নিক্ষিপ্যন্তে মৃতস্য চ। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥৪২ গঙ্গাজলসমাযোগান্ম্রিয়তে যত্র কুত্রচিৎ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে ॥৪৩ গঙ্গাতীরে চতুর্হস্তে পিণ্ডং দদ্যাৎ সমাহিতঃ। পিতৃণাং নিষ্কৃতিং কৃত্বা বিষ্ণুলোকে বসেন্নরঃ ॥৪৪ গঙ্গায়াং তর্পণং দেবি পুণ্যবান্ যঃ সমাচরেৎ। মহাতৃপ্তির্ভবেৎ সত্যং পিতৃণাঞ্চ শতাব্দিকং ॥৪৫ ঋষীণাং দেবতানাঞ্চ তথৈব সমুদাহৃতং দিবা বা যদি বা রাত্রৌ সন্ধ্যায়াং বা মহানিশি। স্নানং দানং তপোহোমং তর্পণং পূজনং শিবে। সর্ব্বং কুর্য্যাত্তু গঙ্গায়াং কালভেদং ন চাচরেৎ ।৪৬।৪৭ কালভেদং সমাচর্য্য যদি কর্ম্ম ত্যজেৎ শিবে। ততস্তু স্থাবরো ভূয়াদরণ্যে তদনন্তরে। দাবাগ্নীন্যং শিখা তস্য দগ্ধা মৃতস্ত্বনেকধা। তদন্তে পরমেশানি চাণ্ডালোনিত্যদুঃখিতঃ ।৪৮।৪৯ জায়তে সপ্তজন্মানি তদন্তে রজকো ভবেৎ। জন্মত্রয়ং মহেশানি তদন্তে শূদ্রযোনিষু। দশজন্ম মহেশানি ততোবৈশ্যত্ব মাপ্নয়াৎ। চতুর্জ্জন্মব্যতীতে তু ক্ষত্রিয়ত্বং দ্বিজন্মতঃ। ব্রাহ্মণত্বং

করে।৪১ গঙ্গায় মৃতের যাবৎ অস্থি নিক্ষিপ্ত হয়, তাবৎ সহস্র পরিমিত বৎসর ঐ ব্যক্তি স্বর্গলোকে পূজা প্রাপ্ত হয়।৪২ যে কোনও ব্যক্তি যে কোন স্থানে গঙ্গাজল সংযোগে প্রাণত্যাগ করিলে, সে সর্ব্ববিধ পাপ হইতে বিমুক্ত হইয়া বিষ্ণুলোকে পরিপূজিত হয়।৪৩ গঙ্গাতীরে, গঙ্গা প্রবাহের চারিহস্ত দূরে, সমাহিতচিত্তে পিতৃগণের পিণ্ড প্রদান করিলে পিতৃগণ নিষ্কৃতি প্রাপ্ত হন এবং পিণ্ডপ্রদ ব্যক্তি বিষ্ণুলোকে বাস করে।৪৪ যে পুণ্যবান্ ব্যক্তি গঙ্গায় পিতৃতর্পণ করে, তাঁহার পিতৃগণ শতবৎসর মহাতৃপ্তি প্রাপ্ত হইয়া থাকেন; ঋষি ও দেবতাগণেরও সেইরূপ তৃপ্তি হয়।৪৫ হে দেবি! দিবা বা রাত্রি, সন্ধ্যাকাল, মহানিশা এইরূপ সকল কালেই গঙ্গায় স্নান, দান, তপঃ, হোম, তর্পণ, পূজা প্রভৃতি সর্ব্ব কার্য্যই সম্পাদন করিবে, তাহাতে কালভেদ বিচার কর্ত্তব্য নয়।৪৬।৪৭ হে শিবে! যদি কালভেদ সমাচরণ পূর্ব্বক গঙ্গায় কর্ম্মত্যাগ করে, তবে সে স্থাবর হইয়া অরণ্যে জন্মগ্রহণ করে, তদনন্তর দাবাগ্নিশিখা বা অন্য বহু প্রকারে বিনষ্ট হয়। হে পরমেশ্বরি! তারপর সেই ব্যক্তি সপ্তজন্ম নিত্যদুঃখী চাণ্ডাল হইয়া জন্মিয়া থাকে।৪৮।৪৯ তৎপরে তিনজন্ম রজক হয়। তদনন্তর শূদ্র যোনিতে দশজন্ম যাপন করিয়া চারিজন্ম বৈশ্য হয়। তৎপরে তিনজন্ম ক্ষত্রিয়, তদনন্তর ব্রাহ্মণত্ব প্রাপ্ত

ততঃ প্রাপ্য লভেৎ পুণ্যগতিং নতঃ।৫০।৫১ গঙ্গায়াং হরতে যোহি যৎ-কিঞ্চিৎ পরমেশ্বরি। তস্য মোহান্ধতমসৌ রৌরবান্নাস্তি নিষ্কৃতিঃ॥৫২ আভূতং সংপ্লবং দেবি কথিতং তে সুরেশ্বরি। গঙ্গাতীরে চ গঙ্গায়াং প্রতি-গৃহ্লাতি যো-নরঃ। স্বপচো জায়তে নিত্যং দশজন্মনি কামিনি॥৫৩ ততো দারিদ্রদোষেণ পবিভ্রমতি মেদিনীং। সপ্ত জন্ম মহাদেবি তদন্তে নিষ্কৃতিং লভেৎ॥৫৪ এবন্তে কথিতং তস্যা মন্ত্রমাহাত্ম্যমুত্তমং। কালিকায়া মহেশানি গঙ্গামাহাত্ম্যকারণং॥৫৫

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে অষ্টাদশঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ। ভো দেব পরমানন্দ করুণাময়বারিধে। অপারে ঘোর-সংসারে পতিতানাং মহার্ণবে। আমৃতে কঃ সমুদ্ধর্ত্তা চাস্তে ব্রহ্মাণ্ডমণ্ডলে॥১ গুরুস্ত্বং সর্ব্বসত্বানাং ব্রহ্মাদীনাং যতোভবান্। পৃচ্ছামি ত্বামতোনাথ কৃপয়া পবয়া বদ॥২ শ্রুতং সর্ব্বং জগন্নাথ তন্মুখাম্ভোজনির্গতং। ইদানীং শ্রোতুমিচ্ছামি

হইয়া পুণ্যগতি লাভ করিতে পারে।৫০।৫১ হে পরমেশ্বরি! হে সুরেশ্বরি! যদি কোন মানব, গঙ্গায় কিঞ্চিন্মাত্র দ্রব্যও হরণ করে, তবে সেই ব্যক্তি প্রলয়কাল পর্য্যন্ত মোহান্ধতমস ও রৌরব নরকে পতিত হয়, কিছুতেই নিস্তার পায় না।৫২ হে কুলকামিনি! যে নর, গঙ্গাতীরে বা গঙ্গায় প্রতিগ্রহ করে, সে শ্বপচ যোনিতে জন্ম গ্রহণ করিয়া দশজন্ম যাপন করে।৫৩ তদনন্তর দারিদ্র্যদোষে সম্পীড়িত হইয়া সাতজন্ম মেদিনীমণ্ডলে ভ্রমণ করিয়া থাকে, তদনন্তর নিষ্কৃতি প্রাপ্ত হয়।৫৪ হে মহেশানি! এই আমি তোমাকে গঙ্গা-মাহাত্ম্যের কারণ কালিকার উত্তম মন্ত্রমাহাত্ম্য কহিলাম।৫৫

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে অষ্টাদশ পটল।

শ্রীদেবী কহিলেন, হে পরমানন্দ দেব! করুণাসিন্ধো! অপার এবং ঘোরতর সংসারার্ণবে পতিত মানবগণের উদ্ধারকর্ত্তা! আপনি ব্যতিরেকে ব্রহ্মাণ্ডমণ্ডলে আর কে আছে;১ আপনিই ব্রহ্মাদি সমুদায় জীবগণের গুরু। হে নাথ! জগন্নাথ! এই হেতুই আপনাকে জিজ্ঞাসা করিতেছি, কৃপা প্রকাশ পূর্ব্বক বলুন।২ হে দেব! আপনার মুখপদ্ম বিনির্গত সকলি শ্রবণ

যত্র মে মানসং গতং ॥৩ কাং বিদ্যাং সমুপাশ্রিত্য করালভৈরবঃ স্বয়ং। ক্রোধবক্ত্রো ভৈরবোঽভূৎ সর্ব্বসত্বভয়প্রদঃ ॥৪ বিদ্রবন্তি ভয়ার্ত্তা বৈ যস্মাদ্দেবাসুরাদয়ঃ। স্বাং স্বাং শ্রিয়ঞ্চ সত্বঞ্চ পালায়ন্তে ইতস্ততঃ ॥৫ তাং বিদ্যাং শ্রোতু মিচ্ছামি বদ নাথ দিগম্বর ॥৬

ঈশ্বর-উবাচ। অতি গুহ্যা মহাবিদ্যা গুহ্যাদ্গুহ্যতরা হি সা। ব্রহ্মবিষ্ণু-শিবাদীনাং সর্ব্বস্বং জীবনাবধি ॥ কথিতুং নৈব শক্নোমি তাং বিদ্যাং পরমেশ্বরি। কথ্যতে নামমাত্রং হি জ্ঞায়তাং কুলভৈরবি ॥৭।৮ যত্র বৈ পরমেশানি সুন্দরী বরদায়িনী। বিদ্যারাজ্ঞী ঘোরকালী অনিরুদ্ধসরস্বতী ॥৯ গৃহীত্বা তাং মহা-বিদ্যামাদিনাথঃ স ভৈরবঃ। মহাকালভৈরবাদ্যৈর্যদ্গুরোঃ শ্রীমুখাচ্ছিবে ॥ প্রাপ্তিমাত্রাম্মহাদেবী করালভৈরবো বলোঃ। অকরোৎ পূতমাত্মানঃ সর্ব্বস্মাদ-ধিকঃ স্বয়ং। সর্বসংসারনির্ম্মুক্তো ব্রহ্মাদিসুরবন্দিতঃ ॥১০।১১ স তুদয়াচলং পূর্ব্বং তপস্তেপেঽতিদুস্করং। ভূধার্দ্ধচরণোদেবি বর্ষাণাং নিযুতদ্বয়ং ॥ হিমা-চলঞ্চৈকলক্ষঃ লক্ষঞ্চ মন্দরাচলে। কনকাশ্রমে তথা লক্ষংমুক্তিয়ানে দ্বিলক্ষকং ॥

করিলাম। এক্ষণে আমার মনোগত শ্রবণ করিতে বাসনা হয়।৩ করালভৈরব কোন্ বিদ্যা অবলম্বন করিয়া সর্ব্বজীবের ভয়প্রদ ক্রোধবক্ত্র ভৈরব হই-লেন ?৪ যাঁহাকে দর্শন পূর্ব্বক ভয়কাতর হইয়া দেব ও অসুরাদি সকলেই স্ব স্ব ঐশ্বর্য্য সত্ব প্রভৃতি পরিহার করিয়া পলায়ন করে।৫ হে নাথ! দিগম্বর! আমি সেই বিদ্যা শ্রবণ করিতে অভিলাষ করি।৬

ঈশ্বর কহিলেন, হে পরমেশ্বরি! সেই মহাবিদ্যা গুহ্যাৎ গুহ্যতরা, অতি গুহ্যা, তাহা ব্রহ্মা বিষ্ণু মহাদেবাদির জীবন সর্ব্বস্ব; অতএব আমি সেই বিদ্যা কহিতে সমর্থ হইতেছি না। হে কুলভৈরবি! নাম মাত্র কহিতেছি, তুমি জানিয়া লও।৭।৮ হে পরমেশানি! আদিনাথ সেই ভৈরব, মহাকাল ভৈরবাদি সদ্গুরুর শ্রীমুখ হইতে, সুন্দরী, বরপ্রদা ঘোরকালী অনিরুদ্ধ সরস্বতী নামে শ্রেষ্ঠ বিদ্যা প্রাপ্ত হন।৯ করালভৈরব, সে মহাবিদ্যার প্রাপ্তি মাত্র আপন আত্মাকে পবিত্র করিয়া স্বয়ং ব্রহ্মাদি সুরগণের বন্দিত এবং সর্ব্বসংসার হইতে নির্ম্মুক্ত হইয়া সকলের হইতে শ্রেষ্ঠ হইলেন।১০।১১ তিনি পূর্ব্বদিকে উদয়াচলে গমন করিয়া দুষ্কর তপশ্চরণ করিতে লাগিলেন। তিনি ঊর্দ্ধপদে দুই নিযুত বৎসর তপস্যা করিয়াছিলেন। হিমাচলে একলক্ষ, মন্দরাচলে লক্ষ, কনকাশ্রমে লক্ষ বৎসর এবং উড্ডীয়ানে দ্বিলক্ষ, জালন্ধরে পঞ্চবিংশতিলক্ষ, পুণ্যশৈলে পঞ্চবিংশতিলক্ষ, কামাখ্যা যোনিমণ্ডলে পঞ্চবিংশতি

পঞ্চবিংশতিলক্ষঞ্চ তথা জালন্ধরে শিবে। পুণ্যশৈলে তথা লক্ষং পঞ্চবিংশতি-মানতঃ ॥ পঞ্চবিংশতিলক্ষঞ্চ কামাখ্যাযোনিমণ্ডলে। এবং তপ্তং তপোহ্যেবং কোটিবর্ষং সুদুস্করং ॥১২-১৫ কষ্টেন মহতা দেবি করালভৈরবেণ তে। তথাপি তং প্রতি প্রীতা মাভুৎ কালী কদাচন ॥১৬ ততঃ স-ভৈরবোদেবি গুবোরন্তিক মব্বণাৎ। নিবেদয়ামাস তথা বৃত্তান্তং তপসঃ শিবে ॥১৭ শ্রুত্বা শ্রীমদাদিনাথো মহাকালো মহেশ্বরঃ। মন্নাথঃ পরমেশানি ভাবনাবশতাং গতঃ ॥১৮ বিনা চ পরমাচারং ন হি সিদ্ধির্ভবেৎ কিল। কথং ত্বাং পরমাচারং কথয়ামি সমা-সতঃ ॥১৯ স এব পরমাচারঃ কালীহৃদয়সঙ্গতঃ। গুহ্যাতি গুহ্যগুহ্যেতি ব্রহ্মা-দীনামগোচরঃ ॥২০ পরমুক্তিপ্রদঃ সাক্ষাৎ সর্ব্বসিদ্ধিবরপ্রদঃ। কালীপ্রতক্ষে-বীজোহয়ং মম সর্ব্বস্ব মেব চ ॥২১ কেবলং কথিতং সর্ব্বঃ শিবেন মৎসমো-ভবেৎ। সতুশান্তো মহাযোগী গোপিতস্তেন যত্নতঃ ॥২২ আচারার্থ স্বীযপাদং কালরুদ্রে সমর্পিতং। মম স্বস্বপদং শম্ভূর্নিরুদ্বেগোহপ্যচেতসঃ ॥ পরং সঙ্গো প্যনেনৈব তথাচাবং সমাচবেৎ ॥২১ সদাচারস্য নিগূঢ়ং তত্ত্বজ্ঞানং মহামতিঃ। সর্ব্বেষা-মধিপো ভুতো বিশ্ববন্দ্যঃ সদাশিবঃ ॥ অজবামরতাং প্রাপ্তোমহাশান্তঃ পরেশ্বরঃ ॥২৪ তদাচাররতং নিত্যং শান্তং দৃষ্ট্বা ময়া পুনঃ। পদং মদীয়ং

লক্ষ ১২।১৫ এইরূপে কোটিবৎসর করালভৈরব মহৎকষ্টে সুদুষ্কর তপস্যা করিযাছিলেন। তথাপি কালী, তাঁহার প্রতি প্রীতা হইলেন না।১৬ তদনন্তব করাল ভৈবব, গুরুর নিকটে গমন করিয়া, তপস্যার সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন।১৭ হে শিবে! দেবি তাহা শ্রবণ করিয়া মদীযনাথ শ্রীমদাদিনাথ, মহেশ্বর মহাকাল চিন্তা করিতে লাগিলেন, ১৮ যে পরমাচার ব্যতিরেকে তাহা সিদ্ধি হইবার নহে, আমি কিরূপে পরমাচার কহিব ১৯ তাহা মহাকালীর হৃদয়গত রহিযাছে। তাহা গুহ্যাতিগুহ্য, ব্রহ্মাদিরও অগোচর ২০ এবং সর্ব্বসিদ্ধি বরপ্রদ ও সাক্ষাৎ মুক্তিপ্রদ। ইহা কালীর প্রত্যক্ষবীজ এবং আমার সর্ব্বস্ব ;২১ ইহা কেবল কথিত হইলেই তচ্ছ্রবণে শিবতুল্য ও সত্ব শান্ত মহাযোগী হয়, সেই হেতু যত্নপূর্ব্বক গোপিত রহিয়াছে।২২ আচারেব নিমিত্ত ইহার পাদাংশ কালরুদ্রে প্রদত্ত হইয়াছে, ইহা আমার সর্ব্বস্ব। ইহা প্রাপ্ত হইয়াই আমি নিরুদ্বেগ ও স্বস্থচিত্ত রহিয়াছি। অতি সংগোপনে যত্ন-পূর্ব্বক এই আচারের অনুষ্ঠান করিতে হয়।২৩ সদাচারের নিগূঢ় তত্ত্বজ্ঞান প্রাপ্ত হইলে সে বা ক্ত সকলের অধীশ্বর, মহামতি, বিশ্ববন্দ্য ও সদাশিব, মহ শ স্ত ও পবমেশ্বর হইযা২৪ অজরত্ব ও অমরত্ব প্রাপ্ত হয়। তদাচাবনিবত

গুরুতাং দত্ত্বা তস্মৈ সমাসতঃ ॥ অহন্তু তস্য দেহে বৈ তিষ্ঠামি সর্ব্বদা মুদা। সর্ব্বেষান্তু সহস্রারে-তিষ্ঠামি কমলে পরে ॥২৫।২৬ শিবস্থ সকলং প্রাপ্য তিষ্ঠামি সর্ব্বদা হ্ঃহং। শিবঃ শিবোঽহন্তু শিবো ন ভেদঃ কুত্রচিৎ সদা ॥২৭ ব্রহ্মবিষ্ণু-শিবাদীনাং গুরুর্যত্র ততঃ শিবঃ। সোঽপি শান্তো মহাযোগী আচারক্ষম- এব স ॥২৮ নান্যঃ কশ্চিৎ ক্ষমঃ ক্বাপি তদাচারং কদাচন। শিবস্থ কৃপযা চৈব কেবলং সাধকঃ ক্ষমঃ ॥২৯ ক্ষমা সা গিরিজা দেবী নান্যঃ কশ্চিৎ কদাচন। উগ্রভাবো ভীমকর্ম্মা করালভৈরবঃ সদা ॥৩০ তমেব পরমাচারং কথং গোপ্তুং ক্ষমোভবেৎ। যথা মে কালিকারাধ্যা তথাচারোঽয়মেব হি ॥৩১ বিদ্যা রাজ্ঞীং সমারাধ্যাং দাতুং যোগ্যঃ কদাপ্যহং। যোগ্যোন পরমাচারং দাতুং কালীহৃদঙ্গমং॥ ইতি সম্ভাব্য মন্নাথঃ করালভৈরবং প্রতি। আজ্ঞাপয়া-মাস গচ্ছ পুত্র ত্রিলোচনং প্রতি ॥৩২।৩৩ দেবী শিবং সমারুহ্য তথাপি করুণা-ময়ী। য়াতা স্নাতুঃ কালিকায়াস্ততঃ স ভৈরবঃ স্বয়ং ॥৩৪ ত্যক্ত্বা তপস্তু

নিত্যশান্ত ব্যক্তিকে দর্শন করিয়া আমি মদীয় পদ ও গুরুত্ব প্রদান করিয়া থাকি। আমি তাহার দেহে নিয়তই আনন্দে বাস করি। আমি সকলের সহস্রারকমলে বাস করি।২৫।২৬ আমি তথায় শিবত্বময় হইয়া সর্ব্বদাই অব-স্থিতি করি। আমি শিব,আমি শিব,আমি শিব, আমার কোথাও কোনকালে প্রভেদ নাই,২৭ যেথানে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাদির গুরু,সেই থানেই শিব। এই-রূপ চিন্তাশীল সেই ব্যক্তিই শান্ত ও মহাযোগী এবং তিনিই আচারক্ষম।২৮ অন্য কোন ব্যক্তি সেই আচারে সমর্থ নয়। সাধক ব্যক্তি শিবের কৃপাবলেই তাহাতে সক্ষম হয়, এবং সেই গিরিসুতা দেবী, সমর্থা হন ২৯ অন্য কেহই নহে। এই ভীমকর্ম্মা করাল ভৈরব সততই উগ্রভাব, তবে সেই পরমাচার গোপন করিতে কিরূপে সমর্থ হইবে?৩০ কালিকা আমার যেরূপ আরাধ্যা, এই আচারও তদ্রূপ।৩১ আরাধ্যা বিদ্যারাজ্ঞী প্রদানে আমি কদাচিৎ যোগ্য, কিন্তু কালীর হৃদয়গত পরমাচার প্রদান করিতে কদাচিৎ যোগ্য নহি। শ্রীমান্ আদিনাথ এইরূপ ভাবনা করিয়া করাল ভৈরবকে আজ্ঞা করিলেন, হে পুত্র! তুমি ত্রিলোচন সন্নিধানে গমন কর।৩২।৩৩ তথায় করুণাময়ী কালী শিবোপরি আরোহণ করিয়া অবস্থিত আছেন। তদনন্তর ভৈরব মাতার নিকট গমন করিলেন।৩৪ তপস্যা ত্যাগ করিয়া অন্তরাত্মার সহিত যাহা যাহা জপ করিলেন, তৎসমস্তই

সকলং ভাবয়ন্নন্তরাত্মনা। যদ্‌যজ্জপ্তং তপোহ্যেবং যাতু যাতু বৃথা হি তৎ ॥৩৫ মম ভাগ্যবশাৎ সা হি গুর্ব্বাজ্ঞা বিফলা ভবেৎ। অতঃ শরীরং ত্যক্ষ্যামি ন বক্ষ্যামি কদাচন ॥৩৬ প্রতিজ্ঞা মীদৃশীং কৃত্বা দেহং সংত্যক্তু, মদ্যতঃ। তদা কাপি সমুদ্ভূতা বাণী সেয়ং সমীরিতা ॥৩৭ শ্রুত্বা তেন করালেন ভৈরবেণ মহাত্মনা। তামাজ্ঞাং কথয়ামীশে শ্রুত্বা কর্ণেহবতংসয় ॥৩৮ গুর্ব্বাজ্ঞা বিফলা যাতু তব বৈ ভৈরবোত্তম। বিনাচারে তপস্তপ্তং ত্বয়াত্মজ্ঞানতঃ সদা ॥৩৯ কথং তুভ্যং ন চাসিদ্ধিং দর্শনং বা দদাম্যহং। পুনর্যাহি মহাকালভৈরবং ভবনাশনং আদিনাথং তব গুরুং বৃত্তান্তং কথয়েদৃশং। তদাবশ্যং মহাচারং তুভ্যং স তু প্রদাস্যতি ॥৪০।৪১ তেনৈবাচ'রতো দেব মমারাধনসুব্রত। অচিরাত্তং প্রদাস্যামি যদ্‌যন্মনসি বর্ত্ততে ॥৪২ কালীতারামহামন্ত্রং হি তন্ মন্ত্রঞ্চ বৈ ধ্রুবং। কুলাচারং বিনা যোহি জপেৎ স নারকী ভবেৎ ॥৪৩ কথং সিদ্ধির্ভবেৎ সোহি মুক্তিস্তিষ্ঠতি দূরতঃ ॥৪৪ এবমাজ্ঞাং মহাকাল্যা লব্ধা স ভৈরবোত্তমঃ। পুনর্গত্বা চ শ্রীনাথং আদিনাথং মহাপ্রভুং। মহাকালং মহাদেবং শূন্যরূপং

তপের ন্যায় বিফল হইল।৩৫ ভৈরব মনে মনে চিন্তা করিলেন, আমার ভাগ্যবশে গুরুর আজ্ঞাও বিফল হইল; অতএব আমি এই শরীর পরিত্যাগ করিব, কদাচ এই দেহভার আর বহন করিব না।৩৬ এইরূপ প্রতিজ্ঞা করিয়া তিনি শরীর পরিত্যাগে উদ্যত হইলেন। সেই আকাশবাণী হইল ৩৭ ভৈরব তাহা শ্রবণ করিতে লাগিলেন। হে ভৈরবোত্তম! তুমি শ্রবণ কর।৩৮ তোমার গুরু আজ্ঞা বিফলা হইবার কারণ এই যে, তুমি আচার ব্যতিরেকে কেবল আত্মজ্ঞানানুসারে তপশ্চরণ করিয়াছ, ৩৯ আমি তোমাকে কিরূপে দর্শন দিব, সুতরাং তোমার অসিদ্ধি ঘটিয়াছে। তুমি পুনর্ব্বার সেই আদিনাথ, ভবনাশন মহাকাল ভৈরব গুরুর নিকট গমন কর, তিনি তোমাকে অবশ্যই মহাচার প্রদান করিবেন।৪০।৪১ হে সুব্রত! তুমি সেই আচরণে আমার আরাধনা কর, তাহা হইলে তোমার মনে যাহা যাহা আছে, তৎসমস্তই প্রদান করিব।৪২ কুলাচার ব্যতিরেকে যে ব্যক্তি কালীতারা-মহামন্ত্র জপ করে, সে নারকী হয়।৪৩ তাহার সিদ্ধি হয় না এবং মুক্তি দূরে অবস্থান করে।৪৪ সেই ভৈরবোত্তম, মহাকালীর এইরূপ আজ্ঞালাভ করিয়া পুনর্ব্বার গমনপূর্ব্বক মহাকালী যে যে বাক্য কহিলেন, সেই সেই বাক্য, শ্রীনাথ মহাপ্রভু, মহাকাল, মহাদেব, শূন্যরূপ,

জগদ্‌গুরুম্। নিবেদয়ামাস তদা যদ্‌যদ্বাচং সমীরিতং ॥৪৫।৪৬ মাতা কৃপা মহাকাল্যা করালভৈরবোঽধুনা। ইতি মত্বানিন্দিতঃ স গুরুণা শূন্যরূপিণী ॥৪৭ তদা নিয়মপূর্ব্বং হি করালভৈরবো বদেৎ ॥৪৮ কুলাচারং পরং গুপ্তং কালীতান্ত্রাদিতো হি যৎ। মহাকালো জগন্নাথোঽভিষিক্তং তঞ্চকার হ ॥৪৯ শাক্তাভিষেকরিধিনা পূর্ণাভিষেকতস্তথা। দদৌ নাম করালায় ক্রোধবক্ত্রেতিবিশ্রুতঃ ॥৫০ দিব্যভাবং শ্রাবয়িত্বা বীরভাবং তদন্তরং। সমদিরামৎস্যমুদ্রান্ত পাত্রং কারণপূরিতং ॥ দদৌ তস্মৈ মহাকালঃ শূন্যরূপী গুরুঃ স্বয়ং ॥৫১ তদানীং শুশুভে সর্ব্বং জগদেতচ্চরাচরং। ক্রোধবক্ত্রোঽপি নত্বা শ্রীমহাকালী পদাম্বুজং ॥৫২ মহাকালী তদা দেবি স্মৃত্বা শ্রীগুরুপাদুকাং। গুর্ব্বাজ্ঞয়া ভাবযুক্তঃ স্বীকৃত্য কারণং পরং ॥৫৩ সবুদ্ধিমাংশ্চ তেজস্বী পরমানন্দপূরিতঃ। আনন্দজলধৌ দেবি নিমগ্নঃ ক্রোধভূপতিঃ ॥ শক্তিপাদে মহেশানি ভূয়ো নত্বা গুরোঃ পদং। অস্তৌষীৎ পরয়া ভক্ত্যা সংসারসাগরে স্থিতঃ ॥৫৪।৫৫

ক্রোধবক্ত্র ভৈরব-উবাচ। নমামি নাথং সুরকল্পবৃক্ষং গুরুং চিতানন্দমহাবতারং। নিত্যং হি বিজ্ঞানমানন্দ রূপং পরাৎপরং ব্রহ্ম শিবস্বরূপং। ৫৬

জগ্‌দগুরু আদিনাথকে নিবেদন করিলেন।৪৫।৪৬ করাল ভৈরবের প্রতি মহাকালী মাতার কৃপা হইয়াছে,এই ভাবিয়া শূন্যরূপী জগ্‌দগুরুর আনন্দোদয় হইল।৪৭ তখন নিয়মপূর্ব্বক, কালীতন্ত্রোদিত পরমগুপ্ত কুলাচার কহিলেন।৪৮ মহাকাল জগন্নাথ, শাক্তাভিষেক ও পূর্ণাভিষেক বিধিদ্বারা তাহাকে অভিষিক্ত করিলেন।৪৯ এবং করালবক্ত্র ভৈরবকে, ক্রোধবক্ত্র ভৈরব এই নাম প্রদান করিলেন।৫০ সেই শূন্যরূপী স্বয়ং গুরু মহাকাল, তাহাকে দিব্যভাব ও বীরভাব প্রদানান্তর, মদিরা মৎস্য ও মুদ্রা সহিত কারণ পূরিত পাত্রের উপদেশ প্রদান করিলেন।৫১ তখন, চরাচর জগৎ শোভা পাইতে লাগিল। ক্রোধবক্ত্র ভৈরব শ্রীমহাকালীর পদাম্বুজে নমস্কার পূর্ব্বক ৫২ মহাকালীকে ও গুরুপাদুকায় স্মরণ করিয়া, গুরুর আজ্ঞায় ভাবযুক্ত হইয়া কারণ স্বীকার করিলেন।৫৩ অনন্তর ক্রোধবক্ত্র ভৈরব, আনন্দ সমুদ্রে নিমগ্ন হইয়া শক্তিপদে বারম্বার প্রণামানন্তর, গুরুর পদ বন্দনা করিয়া, সংসারে অবস্থান পূর্ব্বক, পরমভক্তি সহকারে গুরুর স্তব করিতে লাগিলেন।৫৪।৫৫

ক্রোধবক্ত্র ভৈরব কহিলেন, যিনি চিদানন্দের মহাবতার, সুরকল্প বৃক্ষ, শ্রীনাথ গুরু, বিজ্ঞানস্বরূপ, আনন্দময়, নিত্য, শিবব্রহ্মস্বরূপ, পরাৎপর৫৬

জগন্নিবাসং জগদাদিমূলমজ্ঞাতমেকং পরমাক্ষসঙ্গং। তেজোময়ং নিষ্কলতত্ত্ব-ভাবং ক্রিয়াবিহীনং পরমং নিরঞ্জন।৷৫৭ প্রপঞ্চহীনং পরিপূর্ণভাব মাদ্যান্তবজ্র প্রকৃতেঃ পরস্তাৎ। অরূপরূপং স্ফুটমেব সত্যং কৃপাবতারং খলু শূন্যরূপং। অনাদিংসসারবিনাশবীজং পরং পবিত্রঞ্চ হৃগোচরং গুরুম্। শিবাহ্বদাং কেবল নামযন্ত্রাৎ প্রকাশভাবং প্রণমামি নিত্য॥৫৯ অণোরণীয়া-ন্মহতো মহীয়ান্ প্রপশ্যতি ত্বাদিবিদেব বর্যাঃ। যজজ্ঞানজং লোচনমেব সত্যং স চ প্রবিষ্ট স্তযি নাথ সত্যং॥৬০ অসারসংসারসমুদ্রতারং বন্দেঽহমাদ্যং পুরুষং পুরাণং। তমেব কালীং পরমার্থবীজং নমাম্যহং তচ্চরণারবিন্দং॥৬১ স্তোত্রেনানেণ যোভক্ত্যা ত্বাং স্তোষ্যাতি চ সাধকঃ। প্রাতর্মধ্যাহ্নসায়াহ্নে তেষাং মুক্তিপ্রদা ভব॥৬২

মহাকালভৈরব-উবাচ। স্তোত্রেণানেন সন্তুষ্টঃ সদাহং তব পুত্রক। গচ্ছ শীঘ্রং যোনিপীঠং দেবীশিখরমাশ্রিতঃ॥ ভজকালীং কুলাচারভাববেশ্যাপরা-যণঃ। অচিরদ্বাঞ্ছিতসিদ্ধির্ভবিতা তে ন সংশয়॥৬৩।৬৪ বেশ্যামধ্যগতং বীরং

জগদাদি মূল, জগন্নিবাস, অজ্ঞাত, এক, পরমা, অসঙ্গ, তেজোময়, নিষ্কল তত্ত্বভাব, ক্রিয়াবিহীন, পরম নিরঞ্জন৫৭ প্রপঞ্চবিহীন, পরিপূর্ণভাব,অনাদ্যন্ত, প্রকৃতির পূরবর্ত্তী, অরূপরূপ,সত্যস্বরূপ,কৃপাবতার, শূন্যরূপ৫৮ অনাদিসংসার বিনাশবীজ সেই পরম পবিত্র গুরুকে প্রণাম করি। যিনি শিবময়, কেবল নামমন্ত্রেই যাঁহার প্রকাশভাব, সেই গুরুকে নমস্কার করি।৫৯ হে নাথ! হে গুরো! আদিবিদ্ বরণীয়গণ যাঁহাকে অণু হইতেও অণীয়ান্ এবং মহৎ হইতেও মহান্ অবলোকন করেন এবং যাঁহার জ্ঞানজ লোচনই সত্য,৬০ তিনিই আপনাতে প্রবিষ্ট আছেন; সেই অসার সংসার সমুদ্রের তারক সেই আদ্য পুরাতন পুরুষকে আমি নমস্কার করি। পরমার্থের বীজস্বরূপ মহা-কালীকে নমস্কার।৬১ যে সাধকোত্তম প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকালে এই স্তোত্র দ্বারা স্তব করিবে, তাহাকে মুক্তি প্রদান কর।৬২

মহাকালভৈরব কহিলেন, হে পুত্র! তোমার এই স্তোত্র দ্বারা আমি সন্তুষ্ট হইলাম। তুমি সত্বর যোনিপীঠে গমনপূর্ব্বক দেবীশিখরে আশ্রয় করিয়া কুলাচারভাবে বেশ্যাপরায়ণ হইয়া কালীর ভজনা কর, তাহা হইলেই অচিরে সিদ্ধিলাভ করিতে পারিবে, সন্দেহ নাই।৬৩।৬৪ কালী কহিয়া থাকেন যে, "বীরসাধককে কখন্ আমি বেশ্যমধ্যগত দেখিব?" অতএব বীরসাধনে

কদা পশ্যামি সাধকং। এবং বদতি সা কালী তস্মাদ্বেশ্যাপরো ভব ॥৬৫ মন্ত্রাচারে হি সর্ব্বত্র ন হি দোষঃ কদাচন। তস্মাদ্ভ্রান্তিঃ পরিত্যজ্য কুলধর্ম্মং সমাশ্রয় ॥৬৬ ভ্রান্তিস্তত্র ন কর্ত্তব্যা সিদ্ধিহানির্যতোভবেৎ। বিশুদ্ধচিত্তো ভূত্বা-চ্চেৎ সিদ্ধিঃ স্যাদপরার্দ্ধগা ॥৬৮

ঈশ্বর-উবাচ। ততোনত্বা মহাকালীং গুরুং বহুবিধং মুদা। যোনিপ্রীঠং সমাসাদ্য দেবীশিখরমাশ্রিতঃ॥ উর্ব্বশীমেনকারম্ভাপঞ্চচূড়াতিলোত্তমাঃ। পঞ্চ বেশ্যারতো ভূত্বা কুলাচারপরায়ণঃ॥ ভাবশুদ্ধাং মহাবিদ্যাং জজাপ ক্রোধ-ভূপতিঃ ॥৬৮।৬৯ বিদ্যারাজ্ঞীং ঘোরকালীং অনিরুদ্ধসরস্বতীং। অষ্টোত্তরশত নৈব তস্য প্রত্যক্ষতামিয়াৎ ॥৭০ কালী করালবদনা তেজোরূপা সনাতনী। তেজসা পরিসংচ্ছাদ্য ব্রহ্মাণ্ডমণ্ডলং সদা ॥৭১ তদ্দৃষ্ট্বা সুমহত্তেজো ভৈরবো-ভয়বিহ্বলঃ। অনুপায়ো মূর্চ্ছিতঃ সন পততে পর্ব্বতাদ্ ভুবি ॥৭২ ততঃ কালী জগন্মাতা কৃপাসাগরসঞ্চয়া। আশ্বাস্যোবাচ তং ক্রোধং বাচামৃতসমানয়া ॥৭৩

শ্রীঈশ্বর-উবাচ। সমুত্থায় ততোদেবীং ভৈববঃ পুলকান্বিতঃ।

বেশ্যাপরায়ণ হইবে।৬৫ মন্ত্রাচারে সর্ব্বত্রই বেশ্যাদোষজনিকা হয় না; অতএব ভ্রান্তিপরিহার পূর্ব্বক কুলধর্ম্মের আশ্রয় কর।৬৬ সাধনবিষয়ে ভ্রান্তি সিদ্ধি হানি করে; অতএব ভ্রান্তি পরিত্যাগ করিবে। যদি বিশুদ্ধচিত্ত হয়, তবে সিদ্ধি নিকটবর্ত্তিনী।৬৭

ঈশ্বর কহিলেন, তদনন্তর ভৈরব, মহাকালী ও গুরুকে বহুবার নমস্কার করিয়া যোনীপীঠ আশ্রয় পূর্ব্বক উর্ব্বশী, রম্ভা, মেনকা, পঞ্চচূড়া ও তিলোত্তমা এই পঞ্চবেশ্যায় নিরত হইয়া কুলাচারপরায়ণ হইলেন। অনন্তর ক্রোধ-ভৈরব, বিদ্যারাজ্ঞী ঘোরকালী ও অনিরুদ্ধ সরস্বতী, ভাবশুদ্ধা মহাবিদ্যা মন্ত্র জপ করিতে লাগিলেন।৬৮।৬৯ অষ্টোত্তর শত বার জপ দ্বারা তাহার প্রত্যক্ষতা লাভ করিলেন।৭০ করালবদনা, তেজোরূপা, সনাতনী কালী, তেজোদ্বারা ব্রহ্মাণ্ডমণ্ডল আচ্ছাদন করিয়া রহিয়াছেন।৭১ সেই সুমহৎ তেজ দর্শন করিয়া ভৈরব ভয়বিহ্বল, মূর্চ্ছিত ও অনুপায় হইয়া পর্ব্বত হইতে ভূতলে পতিত হইলেন।৭২ তদনন্তর কৃপাসাগরসঞ্চয়া জগন্মাতা কালী বচনামৃত দ্বারা অভিষিক্ত করিয়া সেই ক্রোধ ভূপতিকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।৭৩

ঈশ্বর কহিলেন, তদনন্তর ভৈরব পুলকিত হইয়া গাত্রোত্থানপূর্ব্বক

অস্তৌষীৎ পরয়া ভক্ত্যা নানাবিধবিধানতঃ॥ মুহুর্মুহুর্ননামাসৌ ততঃ কালী মুবাচ হ॥৭৪

ক্রোধবক্ত্র উবাচ। পরংব্রহ্ম পরংধাম পরমাত্মা সনাতনী। মমোঽভীষ্টং প্রযচ্ছ ত্বং সর্ব্বদা মে মনোন্মযি॥৭৫

শ্রীকাল্যুবাচ। ব্রহ্মবিষ্ণ্বাদিকানাঞ্চ ব্রহ্মাণ্ডেতরবাসিনাং। নিত্যং নিগ্রাহক স্তং হি ভব ভৈরবসত্তম॥৭৬ কুলাচারেণ যঃ কোঽপি মামর্চ্চযতি পুত্রক। স মে পুত্রত্বমাগচ্ছেৎ সত্যং সত্যং ন সংশয়॥৭৭ গৃহ্ণাতু বক্ত্রং দাস্যামি ব্রহ্মাণ্ডভয়দোভবান্। বক্ত্রং কালরূপং সর্ব্বনিগ্রাহকং পরং॥৭৮

ঈশ্বর উবাচ। তব বক্ত্রং দত্বা ভৈরবায় ক্ষণাৎ শান্তিমগাৎ শিবে। মহাকালী ভৈরবোঽপি বজ্রপাণির্ব্বভূব সঃ॥৭৯ কবালভৈরবং রূপং ক্রোধবক্ত্রো বভুব সঃ। বজ্রপাণির্ম্মহাকালীপ্রসাদাদীশ্বরাভিধঃ॥৮০ ইতি শ্রীযোগিনীতন্ত্রে পূর্ব্বার্দ্ধে কথিতংময়া। গোপনীয়ং সদা ভদ্রে যোনিং পরনরে যথা॥৮১

শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে ঊনবিংশতিঃ পটলঃ॥

পরম ভক্তিসহকারে নানাবিধবিধানে কালিকার স্তব করিতে লাগিলেন এবং তৎপরে পুনঃ পুনঃ প্রণাম করিয়া মহাকালীকে কহিলেন।৭৪

ক্রোধবক্ত্র কহিলেন, হে মনোন্ময়ি মহাকালি! আপনি পরব্রহ্ম, পরম-ধাম, পরমাত্মা ও সনাতনী, আপনি আমাকে মনোঽভীষ্ট প্রদান করুন।৭৫

কালী কহিলেন, হে ভৈববসত্তম! তুমি ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতির এবং ব্রহ্মাণ্ডেতরবাসী সকলেরই নিত্য নিগ্রাহক হও।৭৬ যে কুলাচার দ্বারা আমাব অর্চ্চনা করে, সে সত্য সত্যই আমার পুত্র হয়।৭৭ আমি তোমাকে ব্রহ্মাণ্ডমণ্ডলেব ভয়প্রদ বক্ত্র প্রদান করিতেছি, তোমার এই বক্ত্র কালরূপ এবং সকলেরই নিগ্রাহক হইবে।৭৮

ঈশ্বর কহিলেন,হে শিবে! ভৈরবকে বক্ত্র প্রদান করিয়া মহাকালী ক্ষণ-কালের নিমিত্ত শান্তিপ্রাপ্ত হইলেন; সেই ভৈরবও বজ্রপাণি হইল।৭৯ সেই কবাল ভৈরবরূপ ক্রোধবক্ত্র হইল। মহাকালীর প্রসাদে ঐ বজ্রপাণি ভৈরব ঈশ্বর নামে কথিত হইয়াছেন।৮০ এই আমি যোগিনীতন্ত্রে পূর্ব্বার্দ্ধে পরম বিষয় সকল কীর্ত্তন করিলাম,হে ভদ্রে! ইহা পরনরে যোনির ন্যায় নিয়তই গোপন করিবে।৮১ ইতি শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে ঊনবিংশ পটল।

ইতি যোগিনীতন্ত্রে পূর্ব্বার্দ্ধ সম্পূর্ণ।

উত্তরখণ্ডম্ ।

ওঁ নমো কামাখ্যায়ৈঃ ।

প্রধানসাধারবিকল্পসত্তাস্বভাবভাবাদ্ভুবনত্রয়স্য । সা বিদ্যয়া ব্যক্তমপীহ মায়া জ্যোতিঃপরা পাতু জগন্তি নিত্যং ॥১

শ্রীদেব্যুবাচ। উড্ডীয়ানাদিকং পীঠং শ্রুতোঽহং প্রাণবল্লভ। ইদানীং শ্রোতু-মিচ্ছামি কামরূপস্য নির্ণয়ং ॥২ যদুক্তংতত্তথা নাথ ঘোরপাপবিনাশকং। কামাখ্যাসংজ্ঞকং পীঠং প্রকাশং কলিযুগে মতং ॥৩ কলিসর্পস্য দংষ্ট্রাণাং বিচিত্রাণাং চিকিৎসকং। ভেষজং পরমং দেব কিং মে তৎ কথ্যতাং বিভো ॥৪

শ্রীভগবানুবাচ। উড্ডীযানস্য দেবেশি প্রাদুর্ভাবঃ কৃতে যুগে। পূর্ণ শৈলস্য সংভূতিস্ত্রেতাযুগমুখে হ্যভবৎ ॥৫ দ্বাপরে জালশৈলস্য কামাখ্যাস্য কলৌ যুগে। ঘোরস্য কলিপাপস্য বিনাশায় মহেশ্বরি ॥ প্রতিবর্ষে তব পীঠ যুপপীঠং যুগং যুগং। ত্রয়ং ত্রয়ং মহাক্ষেত্রং পুণ্যারণ্যং ত্রয়ং ত্রয়ং ॥৬।৭ প্রতি

যিনি প্রকৃতি ও আধার সহিত বিকল্পসত্বার স্বভাবভাবে এবং বিদ্যা দ্বারা ত্রিজগৎ ব্যক্ত করিয়াছেন, সেই মায়াময়ী পরমাজ্যোতিঃ নিয়তই জগৎ পালন করুন ।১

দেবী কহিলেন, হে প্রাণবল্লভ! উড্ডয়নাদিপীঠ শ্রবণ করিলাম, এক্ষণে কামরূপের নির্ণয় শ্রবণ করিতে বাসনা হয়; হে নাথ! যাহার কীর্ত্তনে ঘোর পাপ বিনাশ পায়, সেই কামাখ্যানামক পীঠ কলিযুগে পুণ্যময় বলিয়া প্রথিত ।৩ হে দেব! তবে কলিসর্পদষ্ট্র বিচিত্র মানবগণের চিকিৎসক পরম ভেষজ কি, তাহা আমার নিকট কীর্ত্তন করুন ।৪

ভগবান্ কহিলেন, হে দেবেশি! সত্যযুগে উড্ডীয়ান, ত্রেতাযুগমুখে পূর্ণশৈল, দ্বাপরে জালশৈল এবং কলিযুগে কামাখ্যা প্রাদুর্ভূত হন ।৫ হে মহেশ্বরি! ঘোরতর কলি পাপের বিনাশ নিমিত্ত প্রতিবর্ষে তোমার যুগল যুগল পীঠ ও উপপীঠ, তিন তিন মহাক্ষেত্র এবং তিন তিন পুণ্যক্ষেত্র রহি-য়াছে ।৬-৭ প্রতিপীঠেই মহাদেব, প্রতিপীঠেই চতুর্ভুজ, প্রতিপীঠেই গঙ্গা

পীঠে মহাদেবঃ প্রতিপীঠে চতুর্ভুজঃ। প্রতিপীঠে স্থিতা গঙ্গা পার্ব্বতী প্রতিপীঠকে ॥৮।৯ প্রতিপীঠং প্রতিক্ষেত্রং পুণ্যারণ্যন্ত পীঠকে। কলৌ গৃহাৎ সুদূরে চ তীর্থবুদ্ধিঃ প্রজায়তে ॥১০ কিন্তু তীর্থানি বৈ সন্তি ভাবনাসিদ্ধিরিষ্যতে প্রতিপীঠে পৃথগ্‌ধর্ম্ম আচারশ্চ পৃথক্ পৃথক্ ॥১১ দেশে দেশে কুলাচারো মন্তব্যানি চ হেতুভিঃ। পৃথক পূজা পৃথক্ মন্ত্রো মর্ত্ত্যে চ তীরপীঠকং ॥১২ ভদ্রপীঠং দাক্ষিণাত্যে মধ্যদেশস্য পার্ব্বতি। জালন্ধরন্তু পাশ্চাত্যেং পূর্ণপীঠন্তু পূর্ব্বতঃ ॥১৩ ঐশান্যাং পূর্ব্বভাগে চ কামরূপং বিজানীহি। জালন্ধরন্তু বায়ব্যে কোলাপুরন্তু উত্তরে॥ ঈশানে চৈব বিহারং মহেন্দ্র-উত্তরে কিয়ৎ। শ্রীহট্টমপি পূর্ব্বে চ উপপীঠান্যথো শৃণু ॥১৪।১৫ নৌকাযানেন দেবেশি অষ্টষষ্টিস্ত যোজনৈঃ। প্রস্তারে ওড্রপীঠস্য আযামেতি গুণং ভবেৎ ॥১৬ শকটাকারকং পীঠং চতুষ্কোণং সপীঠকং। চতুর্দ্বারসমাযুক্তং বায়ুবিম্বেন চিহ্নিতং ॥১৭ তীর্থকোটিদ্বয়যুতং সিন্ধুভদ্রকপীঠকং। যত্র সোমেশ্বরং লিঙ্গমাদি পীঠং তথাপরং ॥১৮ কামধেনুশ্চ যত্রৈব যত্র চক্রেশ্বরো হরঃ। ক্ষেত্রং বিরজসংজ্ঞঞ্চ একাম্রং তদনন্তরং ॥১৯ ভাস্করস্য মহাক্ষেত্রং যত্র মাতঙ্গশঙ্করঃ। কুশস্থলী মহাপুণ্যা দণ্ডকস্য বনন্তথা ॥২০ সুমন্তশ্চ তথাবণ্যং শিবযূপশ্চ পূর্ব্বতঃ। পশ্চিমে

অংস্থিতা এবং প্রতিপীঠে পার্ব্বতী বিদ্যমানা আছেন।৮-৯ প্রতিপীঠ, প্রতিক্ষেত্র, প্রতি পুণ্যারণ্যই তীর্থ। কলিযুগে গৃহ হইতে দূরদেশে তীর্থবুদ্ধি হয়;১০ কিন্তু তীর্থ সকল ভাবনাসিদ্ধ বলিয়াই কথিত। প্রতি পীঠে ধর্ম্ম ও আচার পৃথক্ পৃথক্।১১ দেশভেদে কুলাচার হেতুদ্বারা ভিন্ন ভিন্ন হয়। মর্ত্ত্যে তীরপীঠে পূজা ও মন্ত্র পৃথক্ পৃথক্।১২ হে পার্ব্বতি! মধ্যদেশের দাক্ষিণাত্যে ভদ্রপীঠ, পশ্চিমে জালন্ধর, পূর্ব্বে পূর্ণপীঠ,১৩ ঈশানকোণে পূর্ব্বভাগে কামরূপ জানিও। বায়ুকোণে জালন্ধর, উত্তরে কোলাপুর, ঈশানে বিহার, কিয়দ্দূর উত্তরে মহেন্দ্র ও পূর্ব্বে শ্রীহট্ট। অনন্তর উপপীঠ সকল শ্রবণ কর।১৪।১৫ হে দেবেশি! নৌকাযানদ্বারা অষ্টষষ্টিযোজন বিস্তারবিশিষ্ট ওড্রপীঠ, ইহার আয়াম বিস্তারের বহুগুণ।১৬ শকটাকারপীঠ, পীঠযুক্ত ও চতুষ্কোণ। চতুর্দ্বারবিশিষ্ট, বায়ুবিম্বদ্বারা চিহ্নিত,১৭ এই স্থানে দুইকোটি তীর্থযুক্ত সিন্ধুভদ্রকপীঠ, আদিপীঠ, সোমেশ্বরলিঙ্গ,১৮ কামধেনু এবং চক্রেশ্বর হর অবস্থিত আছেন। তদনন্তর বিরজক্ষেত্র, তৎপরেই একাম্র,১৯ ভাস্করের মহাক্ষেত্র মাতঙ্গশঙ্কর। তদনন্তর মহাপুণ্যা কুশস্থলী ও দণ্ডকবন;২০ সুমন্তারণ্য

ধেনুকারণ্যং উত্তরে তু গয়াশিরঃ ॥২১ দক্ষিণে চন্দ্রভাগা চ ওড্রপীঠং বরাননে। ত্রিংশদ্‌যোজনবিস্তীর্ণমায়ামে শতযোজনং ॥২২ যত্র কামেশ্বরী দেবী যোনিমুদ্রা-স্বরূপিণী। ভূগোলপীঠকঃ নাম যত্র বৈ গোলকেশ্বরঃ। ধর্ম্মপীঠং মহাপীঠং যত্র কামেশ্বরোহরঃ ॥২৩।২৪ অবিমুক্তং মহাক্ষেত্রং হংসপ্রপতনস্তথা। ব্রহ্ম-যূপস্ত যত্রৈব যত্র শ্বেতবটঃ স্থিতঃ ॥২৫ কুরুক্ষেত্রস্ত তত্রৈব যত্র মায়াস্বনা নদী। অযোধ্যারণ্যকং পুণ্যং ধর্ম্মারণ্যং তথাপরং ॥২৬ কচাত্মকং মহারণ্যং যত্র পাতালশঙ্করঃ। গণ্ডকী চ নদী পূর্ব্বে বিষ্ণুযূপশ্চ পশ্চিমে। দক্ষিণে বৃষভং লিঙ্গং উত্তরে কদলীবনং। এতন্মধ্যতমং পীঠং চাপাকারং মনোরমে।২৭।২৮ আনামাহং তথা পদ্মং রক্তবর্ণং বিভাবয়েৎ। একাদশশতায়ামং যোজনানাং তথা নব। অশীত্যষ্টৌ চ প্রস্তারে ত্রিকোণং পীঠমুত্তমং। প্রবরং পীঠকং তত্র পীঠঞ্চাশোকমেব চ। সীতায়াশ্চ মহাক্ষেত্রং অগস্ত্যস্যাশ্রমস্তথা।২৯।৩০ হরস্য পরমং ক্ষেত্রং ক্ষেত্রত্রয়মিদং প্রিয়ে। মাধবারণ্যকং ক্ষেত্রং হরস্যারণ্যকস্তথা ॥৩১ অরণ্যঞ্চৈব ভর্গস্য এতদারণ্যকং ত্রয়ং ॥৩২ উত্তরে ব্রহ্মক্ষেত্রঞ্চ দক্ষিণে সাগরা-

---

এবং পূর্ব্বদিকে শিবযূপ, পশ্চিমে ধেনুকারণ্য, উত্তরে গয়াশিরঃ, ২১ দক্ষিণে চন্দ্রভাগা ও ওড্রপীঠ, উহা বিস্তারে ত্রিংশদ্‌যোজন ও দৈর্ঘ্যে শতযোজন।২২ এই স্থানেই যোনিমুদ্রাস্বরূপিণী কামেশ্বরীদেবী অবস্থিত আছেন এবং তথায় ভূগোলপীঠকে গোলোকেশ্বর বিদ্যমান আছেন। তৎপরে ধর্ম্মপীঠ ও মহা-পীঠ, এইস্থানে কামেশ্বর হর অবস্থিত।২৩-২৪ তদনন্তর অবিমুক্তনামে মহাক্ষেত্র ও হংসপ্রপতন; তথায় ব্রহ্মযূপ ও শ্বেতবট বিদ্যমান আছে।২৫ সেই স্থানেই কুরুক্ষেত্র ও মায়াস্বনানদী। তদনন্তর পুণ্যময় অযোধ্যারণ্যক ধর্ম্মারণ্য২৬ ও কচাত্মক মহারণ্য। এই স্থানে পাতালশঙ্কর অবস্থিত আছেন। অনন্তর পূর্ব্বে গণ্ডকী নদী ও পশ্চিমে বিষ্ণুযূপ, দক্ষিণে বৃষভলিঙ্গ এবং উত্তরে কদলীবন; হে মনোরমে! ইহাই চাপাকার মধ্যপীঠ।২৭।২৮ এখানে পদ্ম রক্তবর্ণ বিভাবিত হয়। তদনন্তর দৈর্ঘ্যে একাদশশত নবযোজন ও বিস্তারে অষ্টাশীতি যোজন ত্রিকোণনামক উত্তম পীঠ, তথায় প্রবরপীঠ ও অশোকপীঠ বিদ্যমান আছে। হে প্রিয়ে! তদনন্তর সীতার মহাক্ষেত্র ও অগস্ত্যাশ্রম ২৯-৩০ এবং হরের মহাক্ষেত্র, এই তিনক্ষেত্র বিদ্যমান আছে। তৎপরে মাধবারণ্যকক্ষেত্র ও হরারণ্যক এবং ভর্গারণ্য এই তিনটী অরণ্য বিদ্য-মান আছে।৩১-৩২ উত্তরে ব্রহ্মক্ষেত্র, দক্ষিণে সাগর, পূর্ব্বে উদয়কূট ও পশ্চিমে

বধি। পূর্ব্বতোদয়কূটঞ্চ পশ্চাৎ শ্রীপব্বতং প্রিয়ে ॥৩৩ এতন্মধ্যাতমং পীঠং পুণ্যাখ্যং নাম নামতঃ। পাদাৎ পাদান্তরং যাবন্মধ্যহস্তদ্বয়ান্তরং। শিবরাত্রৌ চ গমনা সৌরমাসেন মাসকং। কামরূপং বিজানীয়াৎ ষট্‌কোণাপ্রপ্র গর্ভকং ।৩৪।৩৫ তৎ পুণ্যং তৎসমং বেথ নবব্যূহং ত্রিমণ্ডলং পর্ব্বতৈর্দশভির্যুক্তং বেদিমধ্যং প্রকীর্ত্তিতং ॥৩৬ মধ্যপীঠং মহাপীঠং যত্র কামেশ্বরো ভবেৎ তত্র পীঠে হি দিবেশি যত্র চম্পাবতী নদী৩৭ কন্যাশ্রমং মহাক্ষেত্রং যত্র রুদ্র পদদ্বয়ং। একাস্রকং পরং ক্ষেত্রং যত্র নাগাস্কশঙ্করঃ ॥৩৮ মানসং ক্ষেত্রকঞ্চৈব যত্র বিশ্বেশ্বরো হরঃ। নাটকারণ্যকঞ্চৈব চম্পকারণ্যকস্তথা ॥৩৯ পিচ্ছিলা বা দক্ষিণতো গৌতমস্য মহাফলা পূর্ব্বে স্বর্ণনদীং যাবৎ করতোয়া চ পশ্চিমে। দক্ষিণে মন্দশৈলশ্চ উত্তরে বিহগাচলঃ। প্রস্তারে চৈব মাসার্দ্ধং যোজনানাঞ্চ পঞ্চকং ।৪০।৪১ অযুতত্রয়ঞ্চ ত্রিস্রোতঃ পঞ্চোস্তবং তথা দশ। অষ্টকোণঞ্চ সৌমারং যত্র দিক্‌করবাসিনী। তস্মিন্ বসতি সা দেবী জ্ঞানাদ্ধ্যানাদ্ভবোঽপি বা ত্বেপি দেব্যাঃ প্রসাদেন স্থিতিং গচ্ছন্তি নান্যথা ।৪২।৪৩ অথোদয়ো নবং পীঠং

শ্রীপর্ব্বত, ৩৩ এই সকলের মধ্যগতপীঠ পুণ্যাখ্যানামে প্রথিত। তথায় শিবরাত্রিতে সৌরমানে একমাস, মধ্যভাগে একপাদ হইতে পাদান্তব, হস্তদ্বয় অন্ত'র অন্তরে গমন করিতে হয়। কামরূপ,ষট্‌কোণ ও প্রকৃষ্টগর্ভক ।৩৪।৩৫ তাহাতে কামরূপ সমানই পুণ্যজনক নয়টী ব্যূহ ও তিনটী মণ্ডল আছে। তাহার বেদিমধ্য দশটী পর্ব্বতযুক্ত বলিয়া পরিকীর্ত্তিত হয় ।৩৬ তথায় মধ্যপীঠ ও মহাপীঠ আছে, সেই পীঠে কামেশ্বর বিদ্যমান আছেন; হে দেবি! সেই স্থানেই চম্পাবতীনদী প্রবাহমানা ।৩৭ তৎপরে মহাক্ষেত্র কন্যাশ্রম, তথায় রুদ্রপদদ্বয় বিদ্যমান আছে। সেই স্থানেই একাস্রকক্ষেত্র, তথায় নাগাখ্যশঙ্কর বিদ্যমান আছেন ৩৮ এবং সেখানে মানসক্ষেত্র, সেই ক্ষেত্রে বিশ্বেশ্বর হর বিদ্যমান আছেন। তৎপরে নাটকারণ্য ও চম্পকারণ্যক ।৩৯ দক্ষিণদিকে গৌতমের মহাফলা পিচ্ছিলা নদী রহিয়াছে। পূর্ব্বে স্বর্ণনদী পশ্চিমে করতোয়া, দক্ষিণে মন্দশৈল ও উত্তরে বিহগাচল ।৪০-৪১ বিস্তারে যোজনার্দ্ধ এবং দৈর্ঘ্যে পঞ্চযোজন ত্রিস্রোত ও পঞ্চোস্তব। তদনন্তর অষ্টকোণ তথায় দিক্‌করবাসিনীদেবী বাস করেন; তথায় জ্ঞানযোগে ধ্যান করিলে, মুক্তিলাভ হয় ।৪২-৪৩ তত্রনিবাসী জনগণ দেবীর প্রসাদে সুখে অবস্থিতি করে। অনন্তর যেখানে দিক্করবাসিনী বাস করেন, সেই সৌমার

সৌমারাভ্যাস্ত কথ্যতে। বসত্যজয়ং প্রত্যক্ষং যত্র দিক্করবাসিনী ॥৪৪ দিক্ক-বস্থ বায়ব্যে চ নীলপীঠং সুদুর্লভং। যত্র কামেশ্বরী দেবী যোনিমুদ্রা-স্বরূপিণী ॥৪৫ পারিজাতং মহাক্ষেত্রং যত্রাদিত্যস্ত শঙ্করঃ। কৌষেয়স্থ পুরুং ক্ষেত্রং তথা চামরকণ্টকং ॥৪৬ আরণ্য মাশ্বিনঞ্চৈব গৌতমারণ্যকং শিবং। অবণ্যং শিবিনাথস্থ শৃণু পীঠাবধি প্রিয়ে ॥৪৭ পূর্ব্বে সৌরশিলারণ্যং পশ্চিমে স্বর্ণদী শুভা। দক্ষিণে ব্রহ্মযুপস্ত উত্তরে মানসং সরঃ ॥৪৮ এতন্মধ্যগতং পীঠং ভুক্তিমুক্তিপ্রদায়কং। সৌমারাখ্যং মহাপীঠং ষট্‌কোণস্ত ত্রিমণ্ডলং ॥৪৯ সহস্র যোজনব্যামং হয় তাম্রঞ্চ পঞ্চমং। প্রস্তারে তু ব্যামহীনং কোলাপীঠং প্রকীর্ত্তিতং ॥৫০ সৌমারাখ্যং মহাপীঠং বিশতন্ত্রঞ্চ পীঠকং। বক্রশৈবেশ্বরং লিঙ্গং যত্র বৈ কমলা শিলা ॥৫১ কেদারক্ষেত্রং প্রথমং যত্র কেদারশঙ্করঃ। যত্র পিণ্ড-করং ক্ষেত্রং অরুণো যত্র তিষ্ঠতি ॥৫২ দুর্গারুণ্যং সোমারণ্যং ভদ্রারণ্যং তথৈব চ। অশীতিযোজনং ক্ষেত্রং ষট্‌ত্রিংশদ্‌যোজনায়ুতং। চৌহারাখ্যং মহাক্ষেত্রং যত্র গত্বা ন শোচতি ॥৫৩ ব্রহ্মক্ষেত্রং কলাক্ষেত্রং রঘুক্ষেত্রং তথৈব চ। নন্দনং পারিজাতঞ্চ শিবারণ্যং তথাপরং ॥৫৪ দেশারণ্যং ততঃ প্রোক্তং সপ্তপীঠাবিধি

হইতে আরম্ভ করিয়া নবপীঠ কথিত হইতেছে।৪৪ কিঙ্করের বায়ুকোণে সুদুর্লভ নীলপীঠ তথায় যোনিমুদ্রাস্বরূপিণী কামেশ্বরী দেবী ৪৫ এবং পারি-জাত মহাক্ষেত্র ও আদিত্যশঙ্কর অধিষ্ঠিত আছেন। তদনন্তর কৌষেয়ের পুব ও ক্ষেত্র এবং চামরকণ্টক ৪৬ আশ্বিনারণ্য ও মঙ্গলপ্রদ গৌতমারণ্য। তদনন্তর শিবনাথের অরণ্য, হে প্রিয়ে! তাহা পীঠাদি হইতে শ্রবণ কর।৪৭ পূর্ব্বে শৌরশিলারণ্য, পশ্চিমে শুভঙ্করী স্বর্ণদী, দক্ষিণে ব্রহ্মযূপ, উত্তরে মানস সরোবর ৪৮ এই সকলের মধ্যগতস্থান, ভোগমোক্ষ প্রদায়ক। সৌমারাখ্য মহাপীঠ ষট্‌কোণ ও ত্রিমণ্ডল।৪৯ হয়তাম্রাখ্য পঞ্চম, সহস্রযোজন ব্যারাম-বিশিষ্ট। কোলাপীঠ ব্যারামহীন।৫০ তদনন্তর সৌমারাখ্য মহাপীঠ ও শিবতন্ত্রপীঠ। তৎপরে বক্রশৈবেশ্বর লিঙ্গ তথায় কমলাশিলা অবস্থিত।৫১ অনন্তর কেদারক্ষেত্র প্রথম, সেখানে কেদারশঙ্কর শিব আছেন। তৎসন্নি-ধানে পিণ্ডকরক্ষেত্র তথায় অরুণ অবস্থিত আছেন।৫২ তদনন্তর দুর্গারণ্য সোমারণ্য ও ভদ্রারণ্য। তারপর অশীতি যোজন বিস্তীর্ণ এবং ত্রিংশৎ অযুতযোজন আ[illegible]শিষ্ট চৌহারাখ্যা মহাক্ষেত্র, তথায় গমন করিলে শোক পাইতে হয় না।৫৩ তদনন্তর ব্রহ্মক্ষেত্র, কলাক্ষেত্র, রঘুক্ষেত্র ও নন্দন, পারিজাত, শিবারণ্য,৫৪ দেশারণ্য এই সপ্তপীঠ অবস্থিত আছে।

প্রিয়ে। পূর্ব্বে তু হীরিকানাম নদী পুণ্যতমা স্মৃতা ॥৫৫ পশ্চিমে নাথকং লিঙ্গং উত্তরে কিলিপর্ব্বতঃ। দক্ষিণে নাথবৃক্ষস্তু পীঠন্তু পরিকীর্ত্তিতং ॥৫৬ গোযানেন ত্রিভির্মাসৈস্তথা চৈব দিনত্রয়ং। মাসহীনস্তু প্রস্তাবে ত্রিপীঠন্নাম নামতঃ ॥৫৭ বারহী প্রথমং পীঠং দ্বিতীয়ং কোলপীঠকং। কুমারক্ষেত্রং প্রথমং দ্বিতীয়ং নন্দনাহ্বয়ং। তৃতীয়ং শাশ্বতীক্ষেত্রং মাতঙ্গং প্রথমং বনং। সিদ্ধারণ্য দ্বিতীয়ন্তু তৃতীয়ং বিপুলং বনং।৫৮।৫৯ কোটিকোটিযুতং লিঙ্গং কোটিকোটিগণৈর্বৃতং। পঞ্চতীর্থং ভবেৎ পূর্ব্বে পশ্চিমে ধনদা নদী ॥৬০ পঞ্চাখ্যা দক্ষিণে চৈব ঈত্তরে কুরুবকা বনম্। এতন্মধ্যগতং দেবি শ্রীপীঠং নামনামতঃ ॥৬১

ইতি যোগিনীতন্ত্রে দ্বাবিংশতিসাহস্র্যো কামরূপপীঠাধিকারে প্রথমতমে দ্বিতীয়ভাগে প্রথমঃ পটলঃ।

শ্রীভগবানুবাচ। নিত্যং নির্ব্বর্ত্য স্বগৃহে পিতৄন্নান্দীমুখানপি। অভ্যর্চ্চ্য বিধিবদ্ভক্ত্যা পশ্চাদ্যাত্রাং সমাচরেৎ ॥১ উত্তরস্থগতে শুক্রে সানুকূলে শুভে

পূর্ব্বদিকে পুণ্যতমা হীরিকানদী ৫৫ পশ্চিমে নাথকলিঙ্গ, উত্তরে কিলিপর্ব্বত দক্ষিণে নাথবৃক্ষপীঠ পরিকীর্ত্তিত হইয়াছে।৫৬ গোযান দ্বারা তিনমাস তিন দিন এবং প্রস্তার (নৌকা) দ্বারা মাসহীন অর্থাৎ দুই মাস তিনদিনে ত্রিপীঠে ভ্রমণ সম্পন্ন হয়।৫৭ বারাহী প্রথম পীঠ, কোল দ্বিতীয় পীঠ। কুমারক্ষেত্র প্রথম, নন্দন দ্বিতীয়, শাশ্বতীক্ষেত্র তৃতীয়। মাতঙ্গ প্রথমবন, সিদ্ধারণ্য দ্বিতীয়, বিপুলবন তৃতীয়, এই সকল কোটি কোটী লিঙ্গ ও কোটি কোটি গণে পরিবৃত।৫৮।৫৯ পূর্ব্বে পঞ্চতীর্থ, পশ্চিমে ধনদা নদী৬০ দক্ষিণে পত্রাখ্যা বন এবং উতরে কুরুবকাবন। হে দেবি! এই সকলের মধ্যগত স্থান শ্রীপীঠ নামে বিখ্যাত।৬১

ইতি যোগিনীতন্ত্রে কামরূপ পীঠিকাধিকারে দ্বিতীয়ভাগে প্রথম পটল।

শ্রীভগবান্ কহিলেন, নিজগৃহে নিত্যকর্ম্ম সমাপন পূর্ব্বক পিতৃগণের অর্চ্চনা ও নান্দীমুখাদিমুখ সমাপন পূর্ব্বক, ভক্তি স[illegible] হইয়া তদনন্তর যথাবিধি যাত্রা করিবে।১ শুক্র উত্তরে অবস্থিত হইলে এবং শুভগ্রহ সকল সানুকূল হইলে, গুরু এবং পিতা মাতাদির ও বিশেষতঃ ব্রাহ্মণগণের অনু-

গ্রলে ॥ গুরুপিত্রো রনুজ্ঞাপ্য ব্রাহ্মণানাং বিশেষতঃ। ভোজয়িত্বা দ্বিজান্ সপ্ত ততোযাত্রাং সমাচরেৎ ॥২ সিংহে ধনুষি মেষে চ নাগচ্ছেৎ পূর্ব্বপীঠকং। তুলায়াং কুম্ভে মীনে চ ন গচ্ছেৎ পশ্চিমং বুধঃ ॥৩ বৃষেহঙ্গনায়াং মকরে ন গচ্ছেদ্দক্ষিণালয়ং। কর্কটে কীটমীনে চ ন গচ্ছেদুত্তরং সুধীঃ ॥৪ চাপে গব্যঙ্গনায়াঞ্চ ন গচ্ছেদ্বহ্নিকোণকং। মকরে কর্কটে মীনে নৈঋর্ত্যাং পবিবর্জয়েৎ ॥৫ বায়ব্যাং কুম্ভমেষে চ চাপে চৈব বিবর্জয়েৎ। সিংহে মীনে কর্কটে চ ঐশান্যাং তু ন চিন্তয়েৎ ॥৬ এতৎ স্থূলং বিজানীয়াদ্ যোগিনীং শৃণু শঙ্করি। ন গচ্ছেন্মন্দবারে চ পূর্ব্বদেশং মম প্রিয়ে ॥৭ পশ্চিমং সবিতুর্ব্বারে দক্ষিণং বুধবাসরে। কুজবারে চোত্তরঞ্চ বুধোবাপি দিশং ভজেৎ ॥৮ জীববারে তু নৈঋর্ত্যাং বায়ব্যাং ভৃগুবাসরে। শনিবারে তথৈশান্যাং সোমে চৈব বিশেষতঃ ॥৯ পূর্ব্বদেশং মহেশানি প্রতিপন্নবমী তথা। ন গচ্ছেদ্যাত্রিকো যাত্রাং যোগিনী সম্মুখা যতঃ ॥১০ চতুর্দ্দশী তথা ষষ্ঠী পশ্চিমন্তু বিবর্জয়েৎ। ত্রয়োদশী পঞ্চমী চ ন গচ্ছেদ্দক্ষিণাং দিষং ॥১১ দ্বিতীয়া দশমী চৈব বর্জযেদ্রাক্ষসীন্দিশং। পূর্ণিমা সপ্তমী চৈব বায়ব্যাং সর্ব্বগা ত্যজেৎ ॥১২ ন গচ্ছেচ্চৈব

মতি গ্রহণপূর্ব্বক সপ্তর্ষিপ্রবরকে ভোজন করাইয়া তদনন্তর যাত্রা করা কর্ত্তব্য।২ বুধগণ, সিংহ, ধনুঃ ও মেষ রাশিতে পূর্ব্বদিকে, তুলা, মিথুন ও কুম্ভরাশিতে পশ্চিমদিকে, ৩ বৃষ, কন্যা ও মকরে দক্ষিণদিকে, কর্কট, বৃশ্চিক ও মীনে উত্তরদিকে গমন করিবেন না।৪ সুধীগণ, ধনুঃ, বৃষ ও কন্যায় বহ্নিকোণে, মকর, কর্কট ও মীনে নৈঋর্তকোণে ৫ কুম্ভ, মেষ ও ধনুরাশিতে বায়ুকোণে, সিংহ, মীন ও কর্কটে ঈশানকোণে গমন করিবেন না।৬ এই সকল স্থূলরূপে অবগতি করিও। হে শঙ্করি! যোগিনী শ্রবণ কর। হে প্রিয়ে মন্দবারে অর্থাৎ শনৈশ্চরে পূর্ব্বদেশ,৭ রবিবারে পশ্চিমদেশ, বুধবারে দক্ষিণদেশ, মঙ্গলবারে উত্তরদেশে গমন করিবেন না।৮ বৃহস্পতি বারে নৈঋর্তকোণে, শুক্রবারে বায়ুকোণে, শনিবারে বিশেষতঃ সোমবারে ঈশানকোণে যাত্রা করিবেন না।৯ হে মহেশানি! যাত্রিকগণ, প্রতিপদ্ ও নবমীতে পূর্ব্বদিকে যাত্রা করিবে না যে হেতু উহাতে সম্মুখযোগিনী হয়।১০ চতুর্দ্দশী ও ষষ্ঠীতে পশ্চিমদিক্, ত্রয়োদশী ও পঞ্চমীতে দক্ষিণাদিক্,১১ দ্বিতীয়া ও দশমীতে নৈঋর্তদিক্ পূর্ণিমা ও সপ্তমীতে বায়ব্যদিক্ ১২ এবং অমাবস্যা ও অষ্টমীতে ঈশানদিক্ পরিত্যাগ করিবে

ঐশান্যামমাবাস্যাস্তথাষ্টমীং। বিষ্কম্ভঃ প্রীতিরায়ুষ্মান্ প্রতিপৎসু বিবর্জয়েৎ ॥১৩ সৌভাগ্যং শোভনঞ্চৈব দ্বিতীযাঞ্চাতিগণ্ডকে। সুকর্ম্মা বৈধৃতিশ্চৈব তৃতীয়ায়াং বিজানীহি ॥১৪ গণ্ডোবৃদ্ধির্ধ্রুবশ্চৈব ব্যাঘাতশ্চ তথৈব চ। চতুর্থ্যাং বর্জযেদ্দেবি পঞ্চম্যাং হর্ষণস্তথা ॥১৫ বজ্রঃ সিদ্ধির্ব্যতীপাতৌ ষষ্ঠ্যাং জানীহি শঙ্করি। বরীয়ান্ পরিঘশ্চৈব সপ্তম্যাং পরিবর্জয়েৎ ॥১৬ শিবঃ সিদ্ধিশ্চ সাধ্যঞ্চ বর্জ্জয়েদষ্টমীতিথৌ। নবম্যাং শুভশুক্লশ্চ দশম্যাং ব্রহ্মমেব বা ॥১৭ একাদশ্যাং তথেন্দ্রস্তু দ্বাদশ্যাং বৈধৃতিং ত্যজেৎ। উত্তরাত্রয়ং ত্রয়োদশ্যাং বিশাখন্তু চতুর্দ্দশীং ॥১৮ মঘার্দ্রাং ভবণীঞ্চৈব পৌর্ণমাস্যাং বিবর্জযেৎ। প্রতিপৎকৃত্তিকায়াস্তু দ্বিতীয়ায়াস্তু জ্যেষ্ঠকে। ন যাত্রিকে চ নক্ষত্রে প্রস্থানে ন কদাচন ॥১৯ যাত্রায়াস্তু ন দুষ্টে তু করণস্য বিচিন্তনং। জন্মমাসে জন্মদিনে জন্মনক্ষত্রকে তথা। অষ্টম্যাত্র নবম্যাঞ্চ সদাকালেষু বর্জয়েৎ ॥২০ আপৎকালে চ যাত্রায়াং উষাসম্পত্তিঃ পশ্চিমে। গোধূলিসময়ে চৈব পূর্ব্বদেশে বিজানীহি ॥২১ মধ্যাহ্নে দক্ষিণে চৈব অপরাহ্ণে তথোত্তবে। ঐশান্যাঞ্চ তথা রাত্রৌ নৈর্ঋত্যাং সন্ধ্যয়োর্দ্বয়োঃ ॥২২ মধ্যন্দিনে তথাগ্নেযে বায়ব্যাং প্রাতবেব হি। বারুণাদিষু যোগেষু যথাকালে সমাচবেৎ ॥২৩ বিনা জাতং দিনং তত্র অষ্টমীং নবমীং বিনা। প্রাচীদিশং

প্রতিপদে, বিষ্কম্ভ প্রীতি ও আয়ুষ্মান্ যোগ বর্জ্জন কর্ত্তব্য ১৩ দ্বিতীয়ায় সৌভাগ্য, শোভন ও অতিগণ্ডক বর্জ্জনীয়। তৃতীয়ায় সুকর্ম্মা বৈধৃতি ১৪ চতুর্থীতে গণ্ডবৃদ্ধি ধ্রুব ও ব্যাঘাত; পঞ্চমীতে হর্ষণ ১৫ ষষ্ঠীতে বজ্র, সিদ্ধি ও ব্যতিপাত; সপ্তমীতে বরীয়ান্ ও পরিঘযোগ পরিবর্জ্জন করিবে।১৬ অষ্টমীতে শিব, সিদ্ধি ও সাধ্য; নবমীতে শুভশুক্র; দশমীতে ব্রহ্ম ১৭ একাদশীতে ইন্দ্র; দ্বাদশীতে বৈধৃতি ত্রযোদশীতে উত্তরফাল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, চতুর্দ্দশীতে বিশখা,১৮ পৌর্ণমাসীতে মঘা, আর্দ্রা ও ভরণী পরিবর্জ্জন কর্ত্তব্য। প্রতিপদে কৃত্তিকা, ও দ্বিতীয়ায় জ্যেষ্ঠা এই সকল যাত্রায় বা প্রস্থানে প্রশস্ত নয়।১৯ যাত্রাকালে করণ বিচার কর্ত্তব্য নহে। জন্মমাস জন্মদিন ও জন্মনক্ষত্রে, অষ্টমী ও নবমীতে সদাকালই যাত্রাদি বর্জ্জনীয়।২০ আপৎ কালের যাত্রায়, পশ্চিমে উষায়, গোধূলি সময়ে পূর্ব্বদিকে ২১ মধ্যাহ্নে দক্ষিণে, অপরাহ্নকালে উত্তরে, রাত্রিকালে ঈশানকোণে, সন্ধ্যাদ্বয়ে নৈর্ঋতকোণে ২২ মধ্যন্দিনে অগ্নিকোণে, প্রাতঃকালে বায়ুকোণে এবং বারুণাদি যোগে যথাকালে যাত্রা করিবে।২৩ তাহাতে জন্মদিন, অষ্টমী ও নবমী

সমাগচ্ছেৎ মাত্রাং কুর্য্যাদুদঙ্মুখঃ ॥২৪ পশ্চিমে প্রাঙ্মুখঃ কুর্য্যাদ্ দক্ষিণে পশ্চিমামুখঃ। উত্তরে দক্ষিণামুখোযাত্রাং কুর্য্যাৎ সুসিদ্ধয়ে ॥২৫ কুসুমা যাবকঃ শঙ্খোভেরীবাদ্যেন ভূমিপঃ। গাবঃ শতং রথং যানং দক্ষিণে শুভগাঃ স্মৃতাঃ ॥২৬ সিদ্ধান্নং মাংসপিণ্ডঞ্চ ভক্তং ভাজনভঙ্গুরং। মৎস্যপিণ্ডং পরাহারাঃ সর্ব্বাশ্চ দক্ষিণে শুভাঃ ॥২৭ কন্যা বৈ মিথুনং বেশ্যা পূর্ণকুম্ভাঃ স্ত্রিয়স্তথা। চরন্তঃ পশুপক্ষাশ্চ বামতঃ শুভকারকাঃ ॥২৮ অগ্রে দধিফলং যাত্রা শুভদা পরিকীর্ত্তিতা। তথা ক্রৌঞ্চময়ূরাশ্চ যুগ্মং গচ্ছন্তি গচ্ছতঃ। তদা সিদ্ধিং বিজানীয়া দন্যথা বিঘ্নমাদিশেৎ ॥২৯ গৃধ্রঃ শ্যেনাশ্চ চিল্লাশ্চ পার্শ্বং গচ্ছন্তি বৈ যদা। ন কুর্য্যাদ্যাত্রিকোযাত্রাং বায়সে বনসংস্থিতে ॥৩০ চ্যূতে নিষ্ঠুরসম্ভাষং গৃহগোধাকৃতং তথা। ক্রন্দনং কলহংশ্রুত্বা ন গচ্ছেত্তু কদাচন ॥৩১ গুর্ব্বাদিত্যে গুরৌ সিংহে শুক্রে চাস্ত মুপাগতে। দেবতাদর্শনং যাত্রাং প্রতিষ্ঠাং নৈব কারয়েৎ ॥৩২ ব্রতারম্ভং তথোদ্বাহং গৃহপ্রসাদিকন্তথা ॥৩৩ বাপিকূপতড়াগানি যন্ত্রস্যারম্ভকন্তথা। আরোপয়েদ্যজ্ঞবৃক্ষস্য আরামকরণন্তথা। দেবব্রতবৃষোৎসর্গং যজ্ঞস্যারম্ভকন্তথা। কর্ণবেধঞ্চ বৃদ্ধা চ

ব্যতিরেকে যাত্রা কর্ত্তব্য। উত্তরমুখ হইয়া পূর্ব্বদিকে ২৪ পূর্ব্বমুখ হইয়া পশ্চিমদিকে, পশ্চিমমুখ হইয়া দক্ষিণদিকে, দক্ষিণমুখ হইয়া উত্তরদিকে যাত্রা করিলে কার্য্যসিদ্ধি হয়।২৫ যাত্রাকালে দক্ষিণভাগে কুসুম, যাবক, শঙ্খ, ভেরী, দেবতা ভূমিপতি, গোশত, রথ, ও যান ২৬ এবং সিদ্ধান্ন, মাংসপিণ্ড, ভক্ত, ভঙ্গুরভাজন, ও উৎকৃষ্ট আহার ও দক্ষিণভাগে শুভকর হয়।২৭ বামভাগে, কন্যা দম্পতী, (স্ত্রীপুরুষ) বেশ্যা ও পূর্ণকুম্ভ, স্ত্রী এবং চরণশীল পশুপক্ষিসকল শুভকর জানিবে।২৮ অগ্রভাগে দধি ও ফল শুভপ্রদ। আর গমনকালে যুগল যুগল ক্রৌঞ্চ ও ময়ূর গমন করিলে শুভফল প্রদান করে, নতুবা বিঘ্নাচরণ করে।২৯ যাত্রাকালে পার্শ্বদেশে যদি গৃধ, শ্যেন ও চিল্ল গমন করে, তবে যাত্রা কর্ত্তব্য নয়। যদি বায়স বনসংস্থিত ৩০ বা চূতবৃক্ষস্থিত হইয়া নিষ্ঠুর ভাষণ করিতে থাকে, তবে এবং গৃহগোধাব শব্দ শুনিয়া গমন কর্ত্তব্য নয়। ক্রন্দন ও কলহ শুনিয়া যাত্রা অকর্ত্তব্য।৩১ গুর্ব্বাদিত্য যোগে এবং সিংহরাশিতে শুক্র উপগত হইলে দেবতা দর্শন, যাত্রা ও প্রতিষ্ঠা ৩২ ব্রতারম্ভ, উদ্বাহ, গৃহ ও প্রাসাদাদি ৩৩ বাপীকূপ তড়াগাদি খনন, যন্ত্রারম্ভ, যক্ষবৃক্ষা রোপণ, আরামকরণ, দেবব্রত,

স্ত্রীণামানয়ন ত্যজেৎ।৩৪।৩৫ প্রাগ্দর্শঞ্চ দেবানাং বৈ ন কুর্ব্বীত কদাচন। প্রাগারম্ভং ব্রতানাঞ্চ যাত্রাং সম্বৎসরাৎ পরং॥৩৬ তথা ব্যালব্রতং যত্ত্ব-তথা নিত্যং ব্রজেচ্চ বৈ। ন কালনিয়মস্তত্র তথা চ রোহিণীব্রতে। শিবরাত্রিব্রতে চৈব প্রয়াগস্য চ মুণ্ডনে। দেশদাহে গ্রহাণাঞ্চ বিশুভং কর্ম্ম আরভেৎ।৩৭।৩৮ উজ্জয়িন্যামর্কশুদ্ধি র্ম্মধ্যদেশে বিধোঃ শুভং। কুজশুদ্ধি স্তনে পানে অরণ্যাস্তু বুধস্য চ॥৩৯ গৌড়ে চান্ধ্রে গুরোঃ শুদ্ধিঃ কামরূপে ভৃগোঃ স্মৃতা। মথুরায়া মর্কজস্য রাহোরঙ্গে তু বঙ্গকে॥৪০ ধনুর্ব্বাণং তথা তদ্বদ্ ওড্রপীঠে ব্যবস্থিতং। জালন্ধরে চতুর্হস্তং ঊর্ম্মিকং হস্তপূর্ণকে। পংক্তিহস্তং কামরূপে সৌমারে তারহস্তকং। কোল্বপীঠে তুর্য্যহস্তং চৌহারে দ্বিগুণং ভবেৎ॥৪১।৪২ মহেন্দ্রে তু কলাহস্তং শ্রীহট্টে বহ্নিহস্তকং। উপপীঠে তু পাতালে হস্তমেব বিজানীহি॥ রত্নপীঠে তু ষড়্হস্তং লোহিত্যা চৈব উত্তরে। বলদেবাশ্রমে চৈব তথা কন্যাশ্রমেষু চ। ন যোগিনীমুখং গচ্ছেৎ স্নানধ্যানং বিবর্জ্জয়েৎ॥৪৩ যানেনার্দ্ধফলং বিন্দ্যাত্তথা ছত্রে চ পাদুকে। তীর্থযাত্রা ফলং হন্তি ব্যায়ামে মাংসভক্ষণে॥৪৪ তীর্থং প্রাপ্যানুষঙ্গেন তীর্থস্য চ ফলং ভবেৎ। জ্ঞানেন

বৃষোৎসর্গ, যজ্ঞারম্ভ, কর্ণবেধ বৃত্তা, স্ত্রীগণের আনয়ন করিবে না।৩৪।৩৫ দেবগণের প্রথমদর্শনও তাহাতে কর্ত্তব্য নয়। ব্রতের প্রথমারম্ভ, সম্বৎসরের পর যাত্রা ৩৬ ব্যালব্রত ও নিত্যব্রত কর্ত্তব্য, তাহাতে কাল নিয়ম নাই। আর রোহিণীব্রত, শিবরাত্রিব্রত, প্রয়াগে মস্তকমুণ্ডন ও দেশদাহ এই সকল বিষয়ে গ্রহাদি অশুভ থাকিলেও কর্ম্মারম্ভ করিবে।৩৭।৩৮ উজ্জয়িনীতে অর্কশুদ্ধি, মধ্যদেশে চন্দ্রশুদ্ধি, জনস্থানে কুজশুদ্ধি, অরণ্যে বুধশুদ্ধি৩৯ গৌড় ও অন্ধ্রদেশে গুরুশুদ্ধি, কামরূপে শুক্রশুদ্ধি, মথুরায় শনৈশ্চরশুদ্ধি, অঙ্গ ও বঙ্গদেশে রাহুশুদ্ধি শুভকর হয়।৪০ ওড্রপীঠে ধনুর্ব্বাণ ব্যবস্থিত আছে। জালন্ধরে চারিহস্ত ঊর্ম্মিকে পূর্ণহস্ত, কামরূপে পংক্তিহস্ত, সৌলারে তারহস্ত, কোল্বপীঠে তুর্য্য হস্ত চৌহারে দ্বিগুণ ব্যবস্থিত আছে।৪১।৪২ মহেন্দ্রে কলাহস্ত, শ্রীহস্তে বহ্নিহস্তক এবং উপপীঠে ও পাতালে একহস্ত জানিবে রত্নপীঠে, লোহিতীর উত্তরে বলদেবাশ্রমে ও কন্যাশ্রমে ষড়হস্ত ব্যবস্থিত। যোগিনীমুখে গমন ও স্নান এবং ধ্যান বর্জ্জন করিবে।৪৩ যানদ্বারা তীর্থ গমনে বা ছত্র পাদুকা যোগে তীর্থ গমনে অর্দ্ধফললাভ হয়। ব্যায়াম ও মাংসভক্ষণে তীর্থ যাত্রার ফল, বিনষ্ট হয়।৪৪ অনুগঙ্গক্রমে তীর্থ প্রাপ্ত হইলে তীর্থ ফললাভ হয়; জ্ঞানপূর্ব্বক তাহা ঘটিলেই সেই ফললাভ হয়, নতুবা নিষ্ফল হয়।৪৫ তীর্থে আচমন ও

তু তদাপ্নোতি জ্ঞানহীনে তু নিষ্ফলং ॥৪৫ তীর্থে চাচমনং বর্জ্জেৎ পাদ-প্রক্ষালনন্তথা। শৌচমানঞ্চৈব অন্যতীর্থপ্রশংসনং ॥৪৬ অন্যতীর্থরতিঞ্চৈব সদা তীর্থেষু দূষণম্। ন মলং নির্ব্বপেত্তীর্থে ন কেশং নির্ব্বপেৎ কচিৎ ॥৪৭ ন তীর্থতীরে নিবসেদ্ দক্ষিণে তু বিশেষতঃ। দক্ষিণে চৈব তীর্থস্য ন স্নায়াদ্ধি কদাচন ॥৪৮ তীর্থে চোত্তরে ভাগে চ অষ্টকোটিসহস্রশঃ। বসন্তি তত্র তীর্থানি পুণ্যান্যায়তনানি চ। দক্ষিণে কুণ্ডতীর্থস্য সরিতাং বামতঃ প্রিয়ে ॥৪৯ তীর্থেষু ব্রাহ্মণং নৈব পরীক্ষেচ্চ কদাচন ॥৫০ যত্তীর্থে যস্য দেবস্য তত্তীর্থস্য দ্বিজস্য চ। বন্দিতব্যাশ্চ পূজ্যাশ্চ তেষাং বাক্যেন পূততা ॥৫১ ন কালনিয়মঃ শ্রাদ্ধে পিণ্ডে তু বর্জয়েন্মধু। তীর্থং গত্বা ন দূরাত্তু বসেত্তীরে বিচক্ষণঃ ॥৫২ গ্রহণে চৈব তীর্থে চ তথা চ পিতৃবাসরে। যজ্ঞারম্ভে সমাপ্তৌ চ ভূকম্পে তু বিশেষতঃ ॥ ব্রাহ্মণে দানযোগ্যা ন শ্রাদ্ধযোগ্যা ন তত্তবেৎ। যদ্দীয়তে মহাদানং নিষ্ফলং পরিকীর্ত্তিতং ॥৫৩।৫৪ নাবাহনং ন চার্ঘ্যঞ্চ ন চাগ্নৌ হবনন্তথা ॥৫৫ পবিত্রসেচনেনৈব তথাক্ষয্যাবধারণং ॥ তীর্থশ্রাদ্ধে ন কুর্ব্বীত বাসঃসূত্রপ্রদাপনং। ততঃ সপ্তদশান পিণ্ডান্ পিণ্ড-কালেষু নির্ব্বপেৎ ॥৫৬।৫৭ শ্রাদ্ধং সমাপ্যেতৎ পিণ্ডং ন দদ্যাচ্চ কদাচন। মজ্জনং প্রতিকুণ্ডে চ প্রতিতীর্থে চ মজ্জনং ॥৫৮ দিবসে দশ চাষ্টৌ চ

পাদ প্রক্ষালন, শৌচ ও অন্যতীর্থ প্রশংসা কর্ত্তব্য নয়।৪৬ এক তীর্থে গমন করিয়া অন্য তীর্থে রতি অকর্ত্তব্য। তীর্থে মলত্যাগ ও কেশ কর্ত্তন অক, র্ত্তব্য।৪৭ তীর্থতীরে ও তীর্থের দক্ষিণে নিবাস করিবে না। তীর্থের দক্ষিণে স্নান কদাচ কর্ত্তব্য নহে।৪৮ তীর্থের উত্তরভাগে, কুণ্ডতীর্থের দক্ষিণে ও নদীর বামভাগে অষ্টকোটিসহস্র তীর্থ ও পুণ্যায়তন অধিষ্ঠিত।৪৯ তীর্থমধ্যে ব্রাহ্মণ পরীক্ষা কর্ত্তব্য নয়।৫০ যে তীর্থে যে যে দেবতা ও দ্বিজ বাস করেন, তাঁহারাই বন্দনীয় ও পূজনীয়। ঐ দ্বিজগণের বাক্যানুসারে কর্ম্ম করিলেই পবিত্র হয়।৫১ শ্রাদ্ধে কালনিয়ম নাই; পিণ্ডে মধু বর্জ্জন করিবে। তীর্থে গমন করিয়া বিচক্ষণ ব্যক্তি তীর্থের দূরতীরে বাস করিবে না।৫২ তীর্থস্থলে গ্রহণে পিতৃবাসরে, যজ্ঞারম্ভে, যজ্ঞসমাপনে বিশেষতঃ ভূমিকম্পে ব্রাহ্মণগণ শ্রাদ্ধাদির দানযোগ্য নহেন; যদি মহাদানপ করে, তাহাও নিষ্ফল হয়।৫৩।৫৪ আবাহন, অর্ঘ্যদান, অনলে হবন, ৫৫ পবিত্রসেচন, অক্ষয্যাবধারণ, বাসসূত্রপ্রদাপন, তীর্থশ্রাদ্ধে কর্ত্তব্য নয়। তীর্থশ্রাদ্ধকালে সপ্তদশ পিণ্ডপ্রদান করিবে।৫৬।৫৭ শ্রাদ্ধ সমাপন করিয়া এই পিণ্ড কদাচ প্রদান করিবে না। প্রতি তীর্থে ও

পঞ্চসপ্তত্রযস্তথা। অতঃ কৃত্বাভিষেকঞ্চ তীর্থে চ প্রতিপূজয়েৎ ॥৫৯ লৌহিত্যে চৈব শোণে চ গয়ায়াং বিরজেষু চ। কন্যাশ্রমেম্বগস্ত্যে চ পারিপাত্রে তথৈব চ। মুকুরাঙ্গে চ একাম্রে মণ্ডনঞ্চ বিবর্জয়েৎ ॥৬০ পাপরাশিস্তু কেশাগ্রে প্রপলাজ্যং প্রতিষ্ঠতি। তস্মাৎ শিখাং পরিত্যজ্য কর্ণমূলে চ স্থাপয়েৎ ॥৬১ ঘাটান্তে চৈব মাসান্তে ষণ্মাসান্তে চ বৎসরে। অষ্টাবষ্টৌ সমান্তে বা মুণ্ডনঞ্চ পুনশ্চরেৎ ॥৬৩ ততঃ কুশময়ং বিপ্রং কৃত্বা তীর্থে নিধায় চ। উত্তরাভিমুখোভূত্বা বান্ধবান্ স্নাপয়েদ্বুধঃ ॥৬৩ কুশোনিদ্বিতি মন্ত্রেণ ত্রিবারং স্নাপয়েৎ কুশৈঃ। তত্তীর্থস্য তুরীয়াঙ্গং ফলং প্রাপ্য ন সংশয়ঃ। গৃহীত্বা তু দ্বিজক্রোড়ে নামোচ্চারণমজ্জনং। কৃত্বা তীর্থফলস্যার্দ্ধং ব্রাহ্মণস্য বিধীয়তে ॥৬৪।৬৫ বরং বিক্রয়ণং মাতুর্ব্বরং বিক্রয়ণং পিতুঃ। ন স্নাপযেচ্চাসগোত্রং ন তীর্থে তু প্রতিগ্রহং ॥৬৬ সিদ্ধক্ষেত্রেযু তীর্থেষু নাশীঃ কুর্য্যাৎ পরস্য ন। যায়েদিতোঽন্যত্র হি বৈ তিলং গাঞ্চ বিশেষতঃ ॥ ন গৃহ্ণীয়াত্তু শূদ্রস্য যজ্ঞে পাত্রী ভবেৎ ক্বচিৎ। যস্য যজ্ঞস্য যৎ পাত্রং তস্য পাপেন লিপ্যতি। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পরযজ্ঞং বিবর্জয়েৎ ॥৬৭।৬৮

প্রতি কুণ্ডে দশ, অষ্ট, পঞ্চ, সপ্ত বা তিনবার মজ্জন কর্ত্তব্য।৫৮ অতঃপর অভিষেক করিয়া তীর্থে পূজা করিবে।৫৯ লৌহিত্যতীর্থে, শোণে, গয়ায়, বিরজে, কন্যাশ্রমে, অগস্ত্যে, পারিপাত্রে, মুকুরাঙ্গে, ও একাম্রে মণ্ডনবর্জ্জন কর্ত্তব্য। পাপরাশি কেশাগ্রে অবস্থান করে, সেই হেতু শিখা পরিত্যাগ করিয়া কর্ণমূলে ৬০।৬১ ঘাটান্তে স্থাপিত করিবে। মাসান্তে, ষণ্মাসান্তে বা বৎসরান্তে বা অষ্ট অষ্ট বৎসরান্তে পুনর্মণ্ডন বিধেয়।৬২ বুধগণ কুশময বিপ্র নির্ম্মাণ করিয়া তীর্থে রক্ষণ পূর্ব্বক উত্তরাভিমুখ হইয়া বান্ধবগণকে স্নান করাইবেন।৬৩ 'কুশোনিদ্ধু' এই মন্ত্রে তিনবার কুশ দ্বারা স্নান করাইলে সেই তীর্থস্নানের তুরীয়াঙ্গ অর্থাৎ পাদভল হইবে, সন্দেহ নাই। দ্বিজক্রোড়ে গ্রহণপূর্ব্বক নমোচ্চারণ করিয়া মজ্জন করিলে ব্রাহ্মণের অর্দ্ধ ফল হয়।৬৪ ৬৫ মাতার ও পিতার বিক্রয়ও বরং ভাল, তথাপি অসগোত্রের তীর্থস্নান করাইবে না এবং প্রতিগ্রহও করিবে না।৬৬ সিদ্ধিক্ষেত্রে ও তীর্থে পরের আশীর্ব্বাদ কর্ত্তব্য নয়। একস্থান হইতে অন্যত্র গমন করিবে,তথাপি শূদ্রের তিল ও গোগ্রহণ করিবে না; যেহেতু তাহা যজ্ঞে গৃহীতব্য হয় না। যে যজ্ঞের যে পাত্র তাহাই হইলে পাপস্পৃষ্ট হয় না,অতএব সর্ব্বপ্রযত্নে পরযজ্ঞবর্জ্জন করিবে।৬৭।৬৮

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বিতীয়ভাগে দ্বিতীয় পটল।

শ্রীভগবানুবাচ। কামরূপং মহাপীঠং গুহ্যাদ্গুহ্যতমং পরং। সদা চ সংস্থিত স্তত্র পার্ব্বত্যা সহ শঙ্করঃ ॥১ ন চিরাৎ পূজিতোদেব স্তস্মিন্ পীঠে প্রসীদতি॥ তত্তু পীঠং প্রবক্ষ্যামি শৃণু তং সাম্প্রতং প্রিয়ে॥২ নদীশতং যাত্রাকালং লিঙ্গকোটিগণাবৃতং। বায়ুকূটস্য চরমে ধনুর্হস্তপ্রমাণতঃ॥৩ বায়ুরূপঃ স্থিতস্তত্র তস্মান্নিঃসৃত্য মারুতঃ। তস্ত বায়ুং সমভ্যর্চ্চ্য বায়ুলোক মবাপ্নুয়াৎ। পূর্ব্বং বায়ুগিরেঃ শৈলশ্চন্দ্রকূটইতি স্মৃতঃ। মধ্যত শ্চৈব গোদন্তঃ ক্রান্তস্ত দক্ষিণে।৪।৫ মাধবশ্চন্দ্রকূটে তু গোদন্তে চ জটাধরঃ। ষণ্মু-খশ্চ জয়ন্তশ্চ অশ্বক্রান্তে জনার্দ্দনঃ ॥৬ তত্তদ্বীজেন মন্ত্রেণ পূজয়েন্মধুপায়সৈঃ॥৭ যোবসেদ্বায়ুকূটে তু ধনানামধিপো ভবেৎ ॥৮ চন্দ্রশৈলে নিবাসস্ত ক্ষয়ী ভবতি নান্যথা। পাপী ভবতি গোদন্তে অশ্বক্রান্তে তু মুক্তিদঃ ॥৯ চন্দ্রশৈলস্য পূর্ব্বে তু কিঞ্চিদাগ্নেয়গোচরে। লৌহিত্যমধ্যে দেবেশি ধনুস্ত্রিংশৎপ্রমাণতঃ। ইন্দ্রশৈল ইতি খ্যাত স্তত্র বামে মহাফলং ॥১০ ইন্দ্রশৈলস্য মধ্যে তু কিঞ্চিদ্দক্ষিণগোচরে। উত্তরে চন্দ্রশৈলস্য ত্যজেৎ ষোঢ়া ধনুর্ব্বুধঃ ॥১১ ধনুস্ত্রয়ঞ্চ প্রস্তারে ধনুষঃ শতকং মতং। পঞ্চবিংশতিদৈর্ঘ্যেণ চন্দ্রকুণ্ডাহ্বয়ং সরঃ। তত্র পীত্বা চ স্নাত্বা

শ্রীভগবান্ কহিলেন, কামরূপ মহাপীঠ, তাহা গুহ্য হইতেও পরম গুহ্যতম। তথায় মহাদেব পার্ব্বতীর সহিত নিত্যবাস করেন।১ সেই দেবদেব সেই পীঠে পূজিত হইয়া অচিরাৎ প্রসন্ন হন। হে প্রিয়ে! সম্প্রতি সেই পীঠ বলিব, শ্রবণ কর।২ বায়ু কূটের চরমভাগে ধনুর্হস্ত প্রমাণ কোটিলিঙ্গ সমাবৃত, নদীশত সংযুক্ত যাত্রাকাল।৩ তথায় বায়ুরূপ অব-স্থিত। তাহা হইতে বায়ু নিঃসৃত হয়। সেই বায়ুর অর্চ্চনা করিলে বায়ুলোক প্রাপ্ত হয়। বায়ু গিরির পূর্ব্বে চন্দ্রকূটশৈল, মধ্যভাগে গোদন্ত, দক্ষিণে অশ্বক্রান্ত।৪।৫ চন্দ্রকূটে মাধব, গোদন্তে জটাধর, ষন্মুখ ও জয়ন্ত অশ্বক্রান্তে জনার্দ্দন অবস্থিত আছেন।৬ সেই সেই বীজমন্ত্র দ্বারা মধু-পায়সে ৭ তাঁহাদের পূজা করিবে। যে বায়ুকূটে বাস করে, সে ধনাধিপ হয়।৮ চন্দ্রকূটে বাস করিলে ক্ষয়ী এবং গোদন্তে পাপী হয়। অশ্বক্রান্তে বাস করিলে মুক্তিপ্রাপ্ত হয়।৯ চন্দ্রশৈলের মধ্যে, কিঞ্চিৎ আগ্নেয়কোণ বিভাগে লৌহিত্য মধ্যে বামভাগে ত্রিংশৎধনুঃ প্রমাণ ইন্দ্রশৈল, তথায় গমন করিলে মহাফল হয়।১০ বুধগণ ইন্দ্রশৈলের মধ্যে কিঞ্চিৎ দক্ষিণ-দিকে, চন্দ্রশৈলের উত্তরে ষোঢ়া (ছয়) ধনুঃ পরিত্যাগ করিবেন।১১ বিস্তারে ধনুস্ত্রয়, দৈর্ঘ্যে একশত পঞ্চবিংশতি ধনু প্রমাণ চন্দ্রকুণ্ড নামক সরোবর;

চ নরঃ কৈবল্যমশ্নুতে ॥১২ চন্দ্রতীর্থং মহাতীর্থং তীর্থং পিণ্ডারকং সমং। স্নাত্বা চানেন মন্ত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥১৩ সুধীশবংশসম্ভূত মাধবপ্রীতি-দায়ক। সুধীশ্রবণমাহ্লাদ পাপং হর নমোহস্তু তে। ভৃগুঃ প্রায়ঃ সর্গযুতং আদিপংক্তিসমন্বিতং। তদূর্দ্ধে চ ভৃগুর্দ্দণ্ডী জান্তংশক্তিসুরান্বিতং। নাদবিন্দু-সমাযুক্তং পুনর্জান্তং সুভাবিকং। অষ্টাক্ষরঞ্চ কোকোলংমান্তসার্ঘ্যং সমাপয়েৎ।১৪।১৫ মেষে মীনে পৌর্ণমাস্যাং জপন্ কামমনুং নিশি। স্নাত্বা ব্রহ্মত্ব মাপ্নোতি দুর্গতিঞ্চ ন বিন্দতি ॥১৭ স্নানঞ্চ দিবসে কুর্য্যান্মহাপাতকনাশনং। ইতানেন তু মন্ত্রেণ যঃ স্নায়াশ্চন্দ্রপাথসি। অবিচ্ছিন্না মন্ত্রভিস্ত যাবত্তিষ্ঠতি মেদিনী। সএব চন্দ্রভবনং ধীরোযাতি পরং পদং।১৮।১৯ তস্য দক্ষিণদিগ্-ভাগে চতুর্ধনুঃপ্রমাণতঃ। মানসং নাম তত্তীর্থং সর্ব্বপাপপ্রনাশনং।২০ কার্ত্তিকে শুক্লপক্ষে তু স্নানং তত্র সমাচরেৎ। বিষ্ণুলোকমবাপ্নোতি মন্ত্রেণ পরমেশ্বরি ॥২১ তস্মান্ন সংশয়স্তীর্থঃ বিষ্ণুতুষ্টি প্রদায়কঃ। যোগজ্ঞানাপ্তয়ে তুষ্টিং

নরগণ, তথায় স্নান, পান করিলে কৈবল্যলাভ করে।১২ চন্দ্রতীর্থ মহাতীর্থ, তাহা পিণ্ডারক তীর্থের তুল্য, (চন্দ্রতীর্থং মহাতীর্থং তীর্থং পিণ্ডারকং সমং) এই মন্ত্রে স্নান করিলে ব্রহ্মহত্যা পাপ বিনষ্ট হইয়া যায়।১৩"সুধী-শবংশসম্ভূত মাধব প্রীতিদায়ক। সুধী শ্রবণ আহ্লাদ পাপংহর নমো-হস্ততে।" ভৃগুপ্রায় সর্গযুক্ত ও আদি পংক্তি সংযুত, তাহার উর্দ্ধে ভৃগু ও দণ্ডী এবং শক্তি সুরান্বিত জান্ত। তদনন্তর পুনর্ব্বার নাদেবিন্দু সংযুক্ত সুভাবিত জান্তে অষ্টাক্ষর মন্ত্র জপ করিয়া অর্ঘ্য সমাপন করিবে।১৪।১৬ মেষে, মীনে, পৌর্ণমাসীতে, উপযুক্ত পরিমাণে জপ এবং স্নান করিলে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়। কদাচ দুর্গতি প্রাপ্ত হয় না।১৭ দিবসেই স্নান কর্ত্তব্য; দিবসস্নানে মহাপাতক নাশ হয়। ঐ মন্ত্র দ্বারা যে মানব চন্দ্রপাথে স্নান করে, সেই বীরব্যক্তি যত দিন বসুন্ধরা বিদ্যমান থাকিবেন ততদিন অবি-চ্ছিন্নরূপে পরমস্থান চন্দ্রভবনে অবস্থান করিবে সন্দেহ নাই।১৮।১৯ তাহার দক্ষিণদিগ্ভাগে চারিধনুপ্রমাণ সর্ব্বপাপবিনাশন মানস তীর্থ২০ কার্ত্তিক শুক্লপক্ষে তথায় মন্ত্রদ্বারা স্নান করিলে বিষ্ণুলোক প্রাপ্ত হয়।২১ হে পরমে-শ্বরি! এই তীর্থ যে বিষ্ণুর তুষ্টিদায়ক, তাহাতে সংশয় নাই ॥ যোগজ্ঞান প্রাপ্তির নিমিত্ত, হরিৎপতির সন্তোষার্থ অর্ঘ্য প্রদান কর্ত্তব্য। তাহার দক্ষিণদিগ্ভাগে অষ্টাবিংশতি ধনুঃ পরিমিত অমৃত নামক সরোবর, তথায়

অর্ঘ্যং হব সরিৎপতে ॥২২ তস্ত দক্ষিণদিগ্‌ভাগে অষ্টাবিংশধনুর্মিতং। অযুতাখ্যং সরস্তত্র স্নাত্বাচ্যুতপদং ব্রজেৎ ॥২৩ বর্ষাসু চতুরোমাসান্ যস্তত্র স্নানমাচরেৎ। স যাতি ব্রহ্মসদনং মধ্যাহ্নে যদি শঙ্করি ॥২৪ মন্ত্রেণ স্নানং কুর্য্যাত্তু অর্ঘ্যভাবেন সাধকঃ। অমৃতাখ্যং মহাপিণ্ডং সিদ্ধিং দেবাভিবন্দিতং। অমৃতাধিবাসং সর্ব্বং প্রাণিনাং কিল্বিষাৎ পরং ॥২৫ তদ্দক্ষিণে দশধনুঃ ঋণামোচনকং সরঃ। গত্বা ঋণত্রয়ান্মুক্তো ভববন্ধং ন জায়তে ॥২৬ ভাদ্রে ললিতসপ্তম্যাং তত্র স্নাত্বা দিবং ব্রজেৎ। মাঘে মাসি চতুর্দ্দশ্যাং স্নাত্বা মুক্তিঞ্চ বিন্দতি ॥২৭ ঋণগ্রস্তনরাঃ সর্ব্বে বিবিধাৎকর্ম্মবন্ধনাৎ। ঋণত্রয়াম্মোচয়িত্বা ঋণমোচনকং সরঃ ॥২৮ দক্ষিণে অশ্বক্রান্তস্থ কিঞ্চিদাগ্নেয়গোচরে। ধনুরর্কপ্রমাণেন অশ্বক্রান্তাহ্বয়ং সরঃ ॥২৯ নাগলোকাদুত্থিতশ্চ কল্কিরূপী জনার্দ্দনঃ। স্নাত্বা তত্রৈব বিবজে অশ্বতীর্থং চকার হ ॥৩০ উত্তরে মার্গস্থ তস্ত অর্ঘ্যং বাপি সমাহবেৎ। গন্ধতোয়েন ক্ষীরেণ মন্ত্রেণানেন যত্নতঃ ॥৩১ ব্রাহ্মণাসেবিতে পুণ্যে বারাণস্যাঃ কলাধিকে। গৃহাণার্ঘ্যং সক্ষীরঞ্চ মুক্তিং তত্র ভজাম্যহং। অশ্বক্রমেণ সম্ভূত-

---

স্নান করিলে অচ্যুতপদ প্রাপ্তি হয়।২২ যে ব্যক্তি বর্ষাকালে চারিমাস মধ্যাহ্ন সময়ে তথায় স্নানকরে সে ব্রহ্ম নিকেতনে গমন করিয়া থাকে।২৩।২৪ হে শঙ্করি! সাধকোত্তমগণ, মন্ত্রদ্বারা স্নান করিয়া অর্ঘ্য প্রদান করিবে। তদনন্তর অমৃতাখ্যপিণ্ড প্রদান করিলে সিদ্ধিলাভ ও দেবলোকে পূজা প্রাপ্ত হয়। অমৃততীর্থে অধিবাস করিলে প্রাণিগণ পাপ হইতে পরিত্রাণ পায়।২৫ তাহার দশধনু দক্ষিণে ঋণামাচনক সরোবর, তথায় গমন করিলে নরগণ পিতৃঋণ ঋষিঋণ ও দেবঋণ এই ঋণত্রয় হইতে মুক্ত হইয়া ভববন্ধন হইতে মুক্তিলাভ করে।২৬ ভাদ্রমাসে ললিতসপ্তমীতে তথায় স্নান করিলে স্বর্গলাভ এবং মাঘমাসের চতুর্দ্দশীতে স্নান করিলে মুক্তিলাভ হয়।২৭ এই ঋণামোচনক সরোবর এইরূপে নরগণকে বিবিধ কর্ম্ম বন্ধন ও ঋণত্রয় হইতে মুক্ত করিয়া থাকে।২৮ অশ্বক্রান্তের দক্ষিণে, কিঞ্চিৎ আগ্নেয় কোণবিভাগে দ্বাদশধনুঃপ্রমাণ অশ্বক্রান্ত নামক সরোবর ২৯ কল্কিরূপি জনার্দ্দন, নাগলোক হইতে উত্থিত হইয়া সেই বিরজে স্নান করিয়া অশ্বতীর্থ করিয়াছিলেন।৩০ তথায় মার্গের উত্তরে অর্ঘ্য সমাহরণ পূর্ব্বক গন্ধতোয় ও ক্ষীরদ্বারা এই মন্ত্রদ্বারা যত্ন পূর্ব্বক পূজা কর্ত্তব্য।৩১ "ব্রাহ্মণ্য সেবিতে পুণ্যে বারাণস্যাঃ কলাধিকে। গৃহাণার্ঘ্যং সক্ষীরঞ্চতত্র মুক্তিং ভজাম্যহং। অশ্বক্রমেণ সম্ভূত পাপবিচ্যুতিকারক। অযুতৈকনি-

পাপবিচ্যুতিকারক। অশ্বকান্তিনিদানায় অশ্বক্রান্তায় তে নমঃ॥৩২ ইত্যনেন তু মন্ত্রেণ স্নাত্বা যজ্ঞফলং লভেৎ। অশ্বমেধাধিকং পুণ্যং মৌষল স্নানমাত্রতঃ॥৩৩ বিধিবৎ স্নানমাত্রেণ রাজসূয়ফলং লভেৎ। দানমক্ষয়তাং যাতি পিতৃণাং তর্পণং তথা। বিশাখস্থো যদা ভানুঃ কৃত্তিকাসু চ পূর্ণিমা। স যোগঃ পদ্মকো নাম অশ্বক্রান্তে সুদুর্লভঃ। অশ্বকান্তাদ্দেবতীর্থে ততঃ পৈতামহে শুভে। স্নানং যে তত্র করিষ্যন্তি তেষাং লোকা মহোদয়াঃ।৩৪।৩৬ ন স্পৃহা পুণ্যপাপাভ্যাং কৃতজ্ঞানাং কৃতাত্মনাম্‌ চ। কথয়ন্তি মহেশানি সত্যমেতদুদাহৃতং। তীর্থানাং পরমং তীর্থং লোকেঽস্মিন্ ত্রিষু পদ্যতে। কার্ত্তিকী তু বিশেষেণ পুণ্যপাপহরা পরা। মন্ত্রৈর্দানৈস্তপোভিশ্চ যৎ কৃত্যং জায়তে দ্বিজৈঃ। যদা তু স্নানমাত্রেণ শুভৈরপি সুভাবিতৈঃ। দর্শনাৎ সুবিনিষ্ক্রান্তঃ মহাপাতকিনঃ প্রিয়ে। উপপাতকসংসর্গাঃ স্বয়ং যান্তি মুমুক্ষবে।৩৭-৪০ তত্রোপবাসী যক্ষস্য পুণ্ডরীকস্য যৎ ফলং। তৎ প্রাপ্নোতি নরঃ ক্ষিপ্রমনায়াসে চ শঙ্করি॥৪১ মাঘে স্নাত্বা তিলান্ যস্তু প্রযচ্ছতি চ সদ্দ্বিজে। যথাশক্ত্যা চ ভক্ত্যা চ স

দানয় অশ্বক্রান্তায় তে নমঃ।৩২ এই মন্ত্রদ্বারা স্নান করিলে যজ্ঞফললাভ হয়। মৌষলতীর্থে স্নান মাত্রেই অশ্বমেধের অধিক ফল লাভ এবং বিধিবৎ স্নান করিলে রাজসূয়যজ্ঞের ফললাভ হইয়া থাকে,৩৩ এবং পিতৃতর্পণ ও দান করিলে তাহা অক্ষয় হয়। দিনকর বিশাখানক্ষত্রস্থিত হইলে এবং কৃত্তিকায় পূর্ণিমা যোগ হইলে তাহাকে পদ্মকযোগ কহে অশ্বক্রান্তে এই যোগ অত্যন্ত দুর্লভ। অশ্বক্রান্তের অন্তর্গত দেবতীর্থ, তদনন্তর শুভদায়ক পৈতামহ তীর্থ, যাহারা এই তীর্থে স্নানকরে তাহাদের মহৎলোক লাভ হয়।৩৪।৩৬ হে মহেশানি! সজ্জনগণ কহিয়া থাকেন, যে তথায় পুণ্যাপুণ্যের স্পৃহা কর্ত্তব্য নয়। এই তীর্থ সকল ত্রিলোকমধ্যে পরমোৎকৃষ্ট পাপপুণ্যহারিণী কার্ত্তিকী তীর্থ বিশেষরূপে শ্রেষ্ঠতম জানিবে, তথায়,মন্ত্র দান ও তপস্যা দ্বারা সুকৃতিলাভ এবং স্নানমাত্র মঙ্গলকর পুণ্যলাভ হয় এবং তাহা দর্শন করিলে মহাপাতকী পাপ হইতে পরিত্রাণ পায়। হে প্রিয়ে! শঙ্করি! উপপাতকিগণ, তথায় গমন করিলে মুক্তিলাভ করে।৩৭।৪০ উপবাসী পুণ্ডরীক যক্ষ যে ফললাভ করিয়াছিল, তথায় উপবাস করিলে অনায়াসেই সেই ফললাভ করিতে পারে ৪১ যে মানব তথায় মাঘমাসে স্নান করিয়া সদ্বিপ্রগণকে, ভক্তিপূর্ব্বক যথাশক্তি তিলদান করে সে বিষ্ণুভবনে

বিভোর্ভূবনে বসেৎ ॥৪২ তত্রোপবাসং স্নানঞ্চ তদ্বৈ গব্যাশনন্তথা। যঃ করোতি নরঃ সোঽপি মৃতে স্বর্গমবাপ্নুযাৎ ॥৪৩ বসন্তি তৎসমীপস্থা যে চ তৎনরজাতয়ঃ। তেঽপি তস্যানুভাবেন স্বর্গং যান্তি ন সংশয়ঃ ॥৪৪ যে যচ্ছন্তি দ্বিজেঽপ্যর্থং পূজনং ব্রহ্মশান্তিতঃ। তে মৃতাসনমারূঢ়াঃ পদ্মাসনচতুর্ভুজাঃ। ব্রহ্মণা সহ সাযুজ্যং প্রাপ্নুবন্ত্যপুনর্ভবং ॥৪৫ প্রায়োপবেশং যে তত্র প্রকুর্ব্বন্তি নরোত্তমাঃ। তে হংসযানেন নরা দিবং যান্ত্যকুতোভয়াঃ ॥৪৬ নৃত্যন্তি পিতরস্তেষাং তুষ্টাশ্চৈব পিতামহাঃ। লভন্তে তর্পণাত্তৃপ্তিং পিতুর্দানাৎ ত্রিপিষ্টপং ॥৪৭ স্পৃষ্টা তু পাপিন স্তত্র মুচ্যতে ভববন্ধনাৎ। অস্যগ্রাহণা ব্রহ্মণঃ ভবত্যনুচারঃ সদা ॥৪৮ অশ্বক্রান্ত মনুপ্রাপ্য ন স্নানেন মনঃ ক্বচিৎ। ভুক্তে বা যদি বাহভুক্তে দিবা বা যদি বা নিশি। তত্তীর্থং সর্ব্বতীর্থানাং সএব প্রবরং মতং। পাপঘ্নং পুণ্যজননংপ্রাণিনাং পরিকীর্ত্তিতং।৪৯-৫০যে পুনর্ভবিতাত্মান স্তত্র স্নাত্বা জনার্দ্দনং। পূজয়ন্তি যথাশক্ত্যা তে প্রযান্তি ত্রিপিষ্টপং ॥৫১ ব্রহ্মা বিষ্ণু স্তথা রুদ্রো নিত্যং সান্নিহিতা স্বয়ঃ। অশ্বতীর্থে মহেশানি নাস্ত্যৎ পুণ্যতমং ভুবি ॥৫২ বিরজমম-

বাস করিয়া থাকে।৪২ যে নর তথায় উপবাস স্নান ও গব্যাশন করে, সে পরলোকে স্বর্গপ্রাপ্ত হয়।৪৩ তাহার সমীপে যে যে নরজাতি বাস করে, সেই তীর্থের প্রভাবে তাহারা পাপিগণের অগম্য, পুণ্যবান্‌দিগের অভীপ্সিত স্বর্গভূমি লাভ করে,সন্দেহ নাই।৪৪ য নর ব্রহ্মশান্তিতে দ্বিজগণকে অর্থ দান করে এবং তথায় পূজা করে, সে অন্তকালে পদ্মাসনে আরোহণ পূর্ব্বক চতুর্ভুজ হইয়া ব্রহ্মের সহিত সাযুজ্যপ্রাপ্ত হয়' আর তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না।৪৫ যে নরোত্তমগণ তথায় প্রায়োপবেশন করে, সে হংসযানে আরোহণ করিয়া অকুতোভয়ে স্বর্গগমন করে।৪৬ তাহার পিতৃপিতামহগণ তুষ্ট হইয়া হর্ষভরে নৃত্য করিতে থাকেন। তথায় তর্পণ করিলে পিতৃগণ পরিতুষ্ট এবং দান করিলে স্বর্গগামী হয়েন।৪৭ পাপিগণ সেই স্থান স্পর্শ করিলে ভববন্ধন হইতে মুক্ত হয়। তথায় দান করিলে ব্রহ্মার অনুচর হইয়া থাকে।৪৮ দিবায় বা নিশাতে ভুক্ত বা অভুক্ত থাকিয়া অশ্বক্রান্তে স্নান করিলে মন নির্ম্মল হয়, সুতরাং জ্ঞানপ্রাপ্ত হইয়া মোক্ষ লাভ করে। সেই তীর্থ সকল তীর্থ অপেক্ষা পাপঘ্ন, পুণ্যজনন ও শ্রেষ্ঠ।৪৯।৫০ যে সকল মানব সংযত হইয়া তথায় স্নানান্তে জনার্দ্দনের পূজা করে সে স্বর্গপ্রাপ্ত হয়৫১ এবং ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর নিয়তই তাহার সন্নিহিত থাকেন। হে মহেশানি! অশ্বতীর্থ অপেক্ষা পুণ্যতম তীর্থ ভূতলে আর নাই।৫২ বিরজনামক অমল

লন্ত্যোয়ং ত্রিষু লোকেষু বিশ্রুতং। ব্রহ্মলোকস্য যৎ স্থানং ধন্যাঃ পশ্যন্তি তীর্থকং॥৫৩ যস্তু বর্ষশতং সাগ্ন্যং অগ্নিহোত্রমুপাসতে। কার্ত্তিকীং বামদেশৈকাং তীর্থস্তে সমমেব তৎ॥৫৪ সর্ব্বযজ্ঞফলং তুল্যং সর্ব্বতীর্থফলপ্রদং অন্যোন্যাঞ্চৈব বেদানাং সমাপ্তিস্তেন বৈ কৃতা॥৫৫ যৈর্গত্বা অশ্বক্রান্তে চ সন্ধ্যাচ সমুপাসিতা। সপত্নীহস্তদণ্ডেন অশ্বক্রান্তজলেন তু। ভৃঙ্গারেণ করঙ্গেণ মৃণ্ময়েণাপি শঙ্করি। আনীয় তৎ জলং পুণ্যং সন্ধ্যোপাস্তে বিচক্ষণৈঃ। সমাধিনা সমাধেয়া সপ্রাণায়ামপূর্ব্বকা। তস্যাং কৃতায়াং যৎ পুণ্যং তৎ শৃণুষ্ব বরাননে।৫৬-৫৮ তেন দ্বাদশ বর্ষাণি ভবেৎ সন্ধ্যা সুবন্দিতা। অশ্বমেধফলং স্নানে পানে দশগুণন্তথা। উপবাসে হ্যপ্যনন্তঞ্চ প্রাপ্নোতি সুমহৎ ফলং। তীর্থান্তরে গবাং কোটিং বিধিবদ্ যঃ প্রয়চ্ছতি। একাহং যোবসেত্তীর্থে সসর্ব্বং তৎফলং লভেৎ।৫৯-৬০ অর্দ্ধপাদপ্রমাণেন যস্তু স্বর্ণং প্রয়চ্ছতি। স্বর্ণমানফলং তস্মৈ তস্মাদ্দদাত্যতঃপরম্॥৬১ চন্দ্রশৈলং স্পৃশা ধারা জাহ্নবী সা প্রকীর্ত্তিতা। অশ্বতীর্থস্পৃশা ধারা মজ্জনেত্যভিধীয়তে॥৬২ ইন্দ্রশৈলাস্পৃশা ধারা সা বিজ্ঞেয়া সরস্বতী॥৬৩ অশ্বক্রান্তে সঙ্গমস্তু বর্ষাসু চ প্রদৃশ্যতে। প্রয়াগস্তং তদ্বিজানীয়াৎ কার্ত্তিকেষু বিশেষতঃ॥৬৪ যস্তত্র মুণ্ডনং কুর্য্যাৎ প্রয়াগে মুণ্ডনং ফলং।

তীর্থ তিন লোকে বিখ্যাত। তথায় গমন করিলে ব্রহ্মলোকের স্থান সকল প্রাপ্ত হয়।৫৩ এক শত বৎসর সাগ্নিক হইয়া অগ্নিহোত্রের অনুষ্ঠান করিলে যে ফল লাভ হয়, কার্ত্তিকী পূর্ণিমায় সেই তীর্থে বাস করিলে তাহার সমান ফল হয়৫৪ এবং সেই ব্যক্তি সর্ব্বযজ্ঞের, সর্ব্বতীর্থের, এবং সর্ব্ববেদপাঠ সমাপনের ফল প্রাপ্ত হয় সন্দেহ নাই।৫৫ যে ব্যক্তি অশ্বক্রান্তে গমন করিয়া সন্ধ্যোপাসনা করে, অথবা যে ব্যক্তি ভৃঙ্গার, করঙ্গ বা মৃণ্ময়পাত্র দ্বারা তথা হইতে জল আনয়ন পূর্ব্বক সমাধি দ্বারা প্রাণায়ামপূর্ব্বক সন্ধ্যোপাসনা করে, তাহার ফল শ্রবণ কর।৫৬।৫৮ হে বরাননে! তদ্দ্বারা দ্বাদশবর্ষ সন্ধ্যোপাসনার ফল লাভ হয়। তাহাতে স্নান ও তাহার জল পান করিলে দশ গুণ ফল লাভ এবং তথায় উপবাস করিলে সুমহৎ অনন্ত ফল লাভ হয়। তীর্থান্তরে গোকোটি দান করিলে যে ফল হয়, সেই তীর্থে একাহ বাস করিলে সেই ফল লাভ হইয়া থাকে।৫৯।৬০ তথায় অর্দ্ধপাদ স্বর্ণদান করিলে পূর্ণপাদ স্বর্ণদানের ফল প্রাপ্ত হয়।৬১ যে ধারা চন্দ্রশৈল স্পর্শ করে, তাহাকে সরস্বতী কহে।৬৩ বর্ষাকালে বিশেষতঃ কার্ত্তিকে অশ্বক্রান্তে সঙ্গম দৃষ্ট হয়; তাহাকে প্রয়াগ কহে।৬৪ যে মানব তথায় মুণ্ডন করে, তাহার প্রয়াগ

অদ্যাপি দৃশ্যতে দেবি গয়াকুণ্ডে দ্বিধারকং ॥৬৫ ইহ লোকে দরিদ্রো যো ভ্রষ্ট-রাজ্যোহথবা পুনঃ। অশ্বক্রান্তে জলে গত্বা মন্ত্রংবৈষ্ণবকং জপেৎ কৃত্বা পূজোপহারঞ্চ দেবানাং পিতৃপর্পণং।৬৬ কৃত্বা পিণ্ডপ্রদানন্ত সোহচিরাজ্জন্ম-বর্জ্জিতঃ। একচক্রোভবেদ্রাজা সত্যমেতন্ন সংশয়ঃ ॥৬৭ ইহ জন্মনি সৌভাগ্যং ধনং ধান্যং বরস্ত্রিয়ঃ। ভবন্তি বিবিধাস্তস্য যৈর্যাত্রা কার্ত্তিকে কৃতা ॥৬৮ ইদং যাত্রাবিধানে যঃ কুরুতে কারয়েৎ ত্বরা। শৃণোতি বা স পাপেভ্য সর্ব্বেরের প্রমুচ্যতে ॥৬৯ অগস্ত্যাগমনং যেন কৃতং যান্তীহ মানবাঃ। ব্রহ্মক্রিয়াপ্রলা-ভেন বহুবর্ষশতেন চ। যাত্রাং চৈত্রীং তথা কুর্য্যাদ্দেবসংস্কার মাপ্নুয়াৎ ॥৭০ কিমন্যৎ বহুনোক্তেন ন তদস্তীতি ভাবিনি। প্রাপ্যং সংপ্রাপ্যতে তেন পাপং বা যন্ন পশ্যতি। সর্ব্বযজ্ঞফলং তুল্যং সর্ব্বতীর্থফলপ্রদং। সর্ব্বেষাঞ্চৈব দেবানাং সগষ্টি স্তেন বৈ কৃতা। যৈর্গত্বা অশ্বতীর্থে তু স্নাত্বা সকৃদ্ যথাবিধি। পুত্রিণ্যা বৈ দুহিত্রা বা বসুভিঃ সহিতাঃ কুলে। শিখরিণীঞ্চ প্রদাতৃণাং যুবতীনাং ন সংশয়ঃ। মোদতে তৎ তস্য তু বৈ সর্ব্বাঙ্গং পরিপূরিতং।৭১-৭৫ কাশীবাসং দিনৈকং পুরুষোত্তমে। তদেব কোটিগুণিতং বিরজামুখদর্শনে।

মুণ্ডনের তুল্য ফল লাভ হয়। হে দেবি! অদ্যাবধি গয়াকুণ্ডে দ্বিধারা দৃষ্ট হয়।৬৫ যে নরগণ ইহলোকে দরিদ্র বা রাজ্যভ্রষ্ট হয়, তাহারা অশ্বক্রান্তজলে গমন পূর্ব্বক বৈষ্ণবমন্ত্র জপ করিয়া৬৬ পূজা, উপহার ও দেবতাতর্পণ, পিতৃ-তর্পণ ও পিণ্ড দান করিলে, চক্রবর্ত্তী রাজা হয়, তাহাতে সন্দেহ নাই।৬৭ যাহারা কার্ত্তিকে যাত্রা করে, তাহারা ইহজন্মে সৌভাগ্য, ধন ধান্য ও দিব্যা-ঙ্গনা প্রাপ্ত হয়।৬৮ এই যাত্রাবিধানে যে কিছু কার্য্য করা যায়, বা করান যায় বা শ্রবণ করা যায়, তাহাতেই সর্ব্ববিধ পাপ হইতে মুক্তি লাভ হইয়া থাকে।৬৯ যে মানব তথায় অগস্ত্যাগমন যাত্রা করে, সে বহুশতবর্ষ ব্রহ্ম-ক্রিয়ানুষ্ঠানের ফল প্রাপ্ত হয়। সেই স্থানে চৈত্রীযাত্রা করিলে দেবসংস্কার প্রাপ্ত হয়।৭০ হে ভাবিনি! বহুবাক্য ব্যয়ে কি ফল, যাহা কিছু প্রাপ্যবিষয় থাকে, তৎসমস্তই প্রাপ্ত হওয়া যায় এবং পাপের দর্শনপর্য্যন্তও হয় না। ইহাতে সর্ব্বযজ্ঞফল, সর্ব্বতীর্থফল, সর্ব্বদেবপূজনফল প্রাপ্ত হওয়া যায়। যে মানব অশ্বতীর্থে গমন করিয়া বিধিক্রমে স্নান করে, সে পুত্রকন্যাগণে ও বহুধনে বর্দ্ধিত হইয়া কুলে বাস করে এবং সে দাতৃপ্রবর হয় ও যুবতীগণের সহিত সর্ব্বাঙ্গে পরিপূরিত হইয়া সুখে বাস করে সন্দেহ নাই।৭১-৭৫ অষ্ট

তৎসদৃশং গু।ং বিন্দ্যাদশ্বতীর্থে ক্ষণে ক্ষণে ॥৭৬ তদ্দর্শনেন হি বিবাজতে বাজ স্যয়ঃ স্নানং জসে দশগুণং তব বাজপেযাৎ। গণ্ডূষমাত্র মপি চার্হতি চাশ্বমেধঃ সর্ব্বক্রতোবধিকমপ্যধিকং ভবাস্তঃ ॥৭৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বাবিংশতিসাহস্র্যে উপবিতমে দ্বিতীয়ভাগে তৃতীয়ঃ পটলঃ।

দেব্যুবাচ। যদি প্রসন্নোমে নাথ ববার্হা যদি বা তব। তমেকং মে বদ বিভো কস্মিন্ স্থানে ভবনামিতঃ ॥১ কেষু কেষু চ হোমেষ্ ত্বাং পশ্যন্তি সদা দ্বিজাঃ। নাম্না চ কতমং স্থানং শোভতে ধরণীতলে ॥২

ভগবানুবাচ। পুষ্করেঽহং সুবেশানো গযাযাং বৈ সুশর্ম্মদঃ। কান্যকুব্জে বেদগর্ভো ভৃগুকচ্ছে পিতামহঃ ॥৩ কৌবের্য্যাং সৃষ্টিকর্ত্তা চ নন্দিপূর্য্যাং বৃহস্পতিঃ। প্রভাসে পদ্মজন্মা চ স্বর্গনদ্যাং সুরপ্রিয়ঃ ॥৪. দ্বাববত্যাস্তু বাগ্‌দেবো

যুগ কাশীবাস ও এক দিন পুরুষোত্তমবাসে যে ফল হয়, বিরজামুখ দর্শন কবিলে তাহাব কোটিগুণ ফল লাভ হইয়া থাকে। অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে তৎসদৃশ ফল প্রাপ্ত হয।৭৬ অশ্বতীর্থেব দর্শনে রাজসূয় যজ্ঞেব ফল, তথাব স্নান কবিলে বাজপেয যজ্ঞের দশগুণ এবং গণ্ডূষমাত্র পান কবিলে অশ্বমেধ ফল এবং সর্ব্বযজ্ঞেব অধিক ফল প্রাপ্ত হইয়া ভববন্ধন হইতে মুক্তি লাভ করে।৭৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপপীঠাধিকারে দ্বিতীয়ভাগে তৃতীয় পটল।

দেবী কহিলেন, হে নাথ! যদি আমার প্রতি আপনি প্রসাদভাব সম্পন্ন এবং আমি যদি আপনার বরার্হ ও বল্লভা হই, তবে হে বিভো! আপনার কোথায় কি নাম তাহা কীর্ত্তন করুন।১। কোন্ কোন্ স্থানে দ্বিজগণ আপনারে দর্শন করেন, আপনি কোন্ কোন্ নামে কোন্ স্থানে অবস্থান করিয়া তথায় ধরণীতলের শোভা সম্পাদন করেন, তাহা কীর্ত্তন করিয়া আমার কৌতূহল চরিতার্থ করুন।২

ভগবান্ কহিলেন, আমি পুষ্করতীর্থে সুবেশান, গয়ায় সুশর্ম্মদ, কান্যকুব্জে বেদগর্ভ, ভৃগুকচ্ছে পিতামহ,৩ কৌবেরীতে সৃষ্টিকর্ত্তা, নন্দিপুরীতে বৃহস্পতি, প্রভাসে পদ্মজন্মা, স্বর্গনদীতে সুরপ্রিয় ৪ দ্বারবতীতে বাগ্‌দেব,

নাটকে নাটকেশ্বরঃ। নীলাচলে চ কামেশঃ পিঙ্গলো হস্তিপর্ব্বতে ॥৫ কুশাবর্ত্তে তু বিজয়ো জয়ন্তঃ পুষ্করাচলে। ভস্মাচলে ভবানন্দশ্চন্দ্রকূটে চ মাধবঃ ॥৬ অন্তর্গৃহে পদ্মহস্তো মঙ্গলায়াঞ্চ ত্র্যম্বকঃ। ভদ্রপীঠে চ দিব্যেশো অশ্বক্রান্তে জনার্দ্দনঃ ॥৭ অহিচ্ছত্রে তুল্যানন্দঃ শ্রীশৈলে তু জগৎপ্রিয়ঃ। পদ্মপাণিঃ কুশহস্তে মানশৈলে মুনীশ্বরঃ ॥৮ শ্রীকণ্ঠে শ্রীনিবাসশ্চন্দ্রয়তাং প্রাণবল্লভে। কন্যাশ্রমে ভবেদ্রুদ্রো মৈনাকে বিশ্বনাদকঃ ॥৯ এমাম্রে চৈব নাগেশো বিবজাযাং মহেশ্বরঃ। মূলিকাখ্যে তথা বিষ্ণুর্মহেন্দ্রে ভার্গবস্তথা ॥১০ কৌশিক্যান্তু তথা বোধিবযোধ্যাযান্তু ভার্গবঃ। মণিকূটে হয়গ্রীবো ববাহোবিন্দুপর্ব্বতে ॥১১ জটাধবস্তু গোদন্তে গোমন্তে জাঙ্গলেশ্বরঃ। পবমেষ্ঠী ব্রহ্মপুত্রে বিশ্বশৈলে তু গহ্ববঃ ॥১২ চিত্রশৈলে তু চিত্রেশো দেবিকাযাঞ্চতুর্ভুজঃ। বৃন্দাবনে পদ্মপাণিঃ কুশহস্তস্তু নৈমিষে ॥১৩ মন্দবে চ মহাবোধির্গোপীন্দ্রো হনুপর্ব্বতে। ভাগীবথ্যাং পদ্মগর্ভঃ কাম্পিল্লে কনকাপ্রিযঃ ॥১৪ কবণে চৈব কামীবঃ কাপোতেঽব্যবাহনঃ।বশিষ্ঠশ্চার্ব্বুদে চৈব শ্বেতনদ্যাং মনোভবঃ ॥১৫ ধবলযোং পিনাকী চ পিচ্ছিলাযাং ত্রিবিক্রমঃ। যজ্ঞগর্ভস্তু আগস্ত্যে উর্ব্বশ্যাং মধুসূদনঃ ॥১৬ রুক্মিণীশে হবিশ্চৈব পৈত্রিকে তু রুচিস্তথা। বামনশ্চ গোমন্তে চ কাশ্যাং বিশ্বেশ্ববাস্ববঃ ॥১৭ প্রজাপতিঃ প্রযাগে চ বিদর্ভাযাং দ্বিজপ্রিযঃ। গঙ্গাধবো মদ্রপীঠে

নাটকে নাটকেশ্বর, নীলাচলে কামেশ, হস্তিপর্ব্বতে পিঙ্গল, ৫ কুশাবর্ত্তে বিজয়, পুষ্কবাচলে জয়ন্ত; ভস্মাচলে ভবানন্দ, চন্দ্রকটে মাধব, অন্তগ্রহে পদ্মহস্ত, মঙ্গলায় ত্র্যম্বক, ভদ্রপীঠে দিব্যেশ, অশ্বক্রান্তে জনার্দ্দন ৭ অহিচ্ছত্রে তুলানন্দ, শ্রীশৈলে জগৎপ্রিয়, কুশহস্তে পদ্মপানি, মানশৈলে মুনীশ্বর ৮ শ্রীকণ্ঠে শ্রীনিবাস, কন্যাশ্রমে রুদ্র, মৈনাকে বিশ্বনাদক ৯ একাম্রে নাগেশ, বিবজায় মহেশ্বব, মূলিকাখ্যে বিষ্ণু, মহেন্দ্রে ভার্গব ১০ কৌশিকীতে বোধি, অযোধ্যায় ভার্গব, মণিকূটে হয়গ্রীব, বিন্দুপর্ব্বতে ববাহ ১১ গোদন্তে জটাধব গোমন্তে জাঙ্গলেশ্বর, ব্রহ্মপুত্রে পরমেষ্ঠী, বিশ্বশৈলে গহ্বব ১২ চিত্রশৈলে চিত্রেশ দেবিকায় চতুর্ভুজ, বৃন্দাবনে পদ্মপানি, নৈমিষে কুশহস্ত ১৩ মন্দরে মহাবোধি, হনুপর্ব্বতে গোপীন্দ্র, ভাগীরথীতে পদ্মগর্ভ, কাম্পিল্লে কনকাপ্রিয় ১৪ কবণে কামীর, কপোতে হব্যবাহন, অর্ব্বুদে বশিষ্ঠ, শ্বেতনদীতে মনোভব ১৫ ধবলায় পিণাকী, পিচ্ছিলায় ত্রিবিক্রম আগস্ত্যে যজ্ঞগর্ভ, উর্ব্বশীতে মধুসূদন ১৬ রুক্মিনীশে, হরি; পৈত্রিকে রুচি, গোমন্তে বামন, কাশীতে বিশ্বেশ্বর ১৭ প্রয়াগে প্রজাপতি বিদর্ভায় দ্বিজপ্রিয়, মদ্রপীঠে

মাতঙ্গে চৈব ত্র্যম্বকঃ ॥১৮ ত্রিপুরারির্নন্দশৈলে পাণ্ডুশৈলে ত্রিলোচনঃ। গঙ্গা হ্রদে ত্রিলোকেশো ভিত্তিপূর্য্যাং দিবাকরঃ ॥১৯ বমটে মিঙ্গিলানাথো দারুশৃঙ্গে কলানিধিঃ। দারুবনে মহালিঙ্গঃ অশোকে তু বিনাশকঃ ॥২০ হরিসেনশ্চুল্লু-কায়াং পর্ণাটে তু অনন্তকঃ। মার্কণ্ডেয়োবটে চৈব ইক্ষুদ্বারে দিবাকরঃ ॥২১ গোকর্ণে চ বিকর্ণাখ্যো মন্দারে মধুসূদনঃ। অষ্টোত্তরশতং স্থানং ময়া তে পরি-কীর্ত্তিতং ॥২২ যত্র বৈ মম সান্নিধ্যং নিত্যন্তু তব সুব্রতে। এতেষামপি যস্ত্বেকং পশ্যেৎ স ভক্তিমান্নরঃ। স্নানং বিরজঃ সংলব্ধ্বা মোদন্তে শাশ্বতীঃ সমাঃ ॥২৩ মানসং বাচিকঞ্চৈব কায়িকং যচ্চ দুষ্কৃতং। তৎ সর্ব্বং বৈ শমং যাতি নাত্র কার্য্যা বিচারণা ॥২৫ যানি তানি চ সর্ব্বাণি গত্বা মাং পশ্যতে নরঃ। ভবতে মোক্ষমার্গী চ যত্রাহং তত্র সংস্থিতঃ ॥২৫ পুষ্পোপহারৈর্ধূপৈশ্চ ব্রাহ্মণা-নাঞ্চ তর্পণৈঃ। ধ্যানেন চ স্থিরেণাশু প্রাপ্যতে পরমেশ্বরি ॥২৬ অশ্বক্রান্ত-স্যোত্তরতঃ ঋণমোচনপশ্চিমে। দ্বারি শতিধনুর্ম্মানং ক্ষেত্রং পরমদুর্ল্লভম্ ॥২৭ ক্ষেত্রং দ্বিপঞ্চকং নাম সর্ব্বদেবনমস্কৃতম্। পূজয়িত্বা তত্র রুদ্রং জ্যোযিষ্টোমফলং

গঙ্গাধর, মাতঙ্গে ত্র্যম্বক ১৮ নন্দশৈলে ত্রিপুরারি, পাণ্ডুশৈলে ত্রিলোচন, গঙ্গাহ্রদে ত্রিলোকেশ, ভিত্তিপুরীতে দিবাকর ১৯ বমটে মিঙ্গিলানাথ, দারুশৃঙ্গে কলানিধি, দারুবনে মহালিঙ্গ, অশোকে বিনাশক, ২০ চুল্লুকায় হরিসেন, পর্ণাটে অনন্ত, বটে মার্কণ্ডেয়, ইক্ষুদ্বারে দিবাকর।২১ গোকর্ণে বিকর্ণ, মন্দারে মধুসূদন। এই আমি তোমাকে অষ্টোত্তর শতস্থান কহি-লাম।২২ এই সকল স্থানে আমার ও তোমার নিত্য সান্নিধ্য আছে। হে সুব্রতে! নরগণ ভক্তিমান্ হইয়া যদি ইহার একটি ও দর্শন করে অথবা একটিতে ও স্নান করে, তবে সে বিরজঃভবন প্রাপ্ত হইয়া নিত্যকাল নিত্য-সুখে অবস্থিতি করে সন্দেহ নাই, ২৩ এবং মানসিক, বাচিক ও কায়িক যাহাকিছু দুষ্কৃত, তৎসমস্তই প্রশমিত হইয়া যায়, তাহাতে বিচারণার বিষয় কিছুই নাই।২৪ নরগণ যে যে তীর্থে গমন করিয়া আমাকে দর্শন করে, সেই সেই তীর্থেই আমি সন্নিহিত থাকিয়া তাহাদিগকে মোক্ষ প্রদান করি।২৫ পুষ্পবলি উপহার, ধূপদান ও ব্রাহ্মণ তৃপ্তি এবং অচলধ্যান দ্বারা আমাকে প্রাপ্ত হয়।২৬ হে পরমেশ্বরি! অশ্বক্রান্তের উত্তরে এবং ঋণামোচনের পশ্চিমে দ্বাবিংশতি ধনুঃ পরিমিত সর্ব্বদেবনমস্কৃত দ্বিপঞ্চক নামে এক পরম দুর্ল্লভ ক্ষেত্র আছে।২৭ তথায় রুদ্রদেবের পূজা করিলে

ল্ভেৎ ॥২৮ ষণ্মাসান্নিয়তাহারো ব্রহ্মচর্য্যাসমাহিতঃ। উষিত্ব তত্র দেবেশি প্রাপ্স্যতি পরমং পদং। কৃতে যুগে পুষ্করাণি ত্রেতায়াং নৈমিষং মতং। দ্বাপরে তু কুরুক্ষেত্রং অশ্বতীর্থং কলৌ যুগে ॥২৯ তস্মাত্তদুত্তরে তীরে সাধয়েন্মানসেপ্সিতং। দ্বাপরে তু কুরুক্ষেত্রং তত্রদানেঽক্ষয়ংফলং ॥৩০ দুষ্করং পঞ্চকে দানং পঞ্চকে সর্ব্বদুষ্করং। যদন্যত্র কৃতং পাপং তীর্থে যাতি চ লাঘবং। তত্তীর্থে কৃতেঽন্যত্র কচিদন্যো ব্যপোহতি ॥৩১ দ্বাদশাহং দশাহম্বা মাসার্দ্ধং দশচৈব বা ॥৩২ রুদ্রস্যার্দ্ধাসনগতা মেরুপৃষ্ঠে যশস্বিনী। মহাদেবং ততোদেবী প্রণতা পরিপৃচ্ছতি ॥৩৩

দেব্যুবাচ। জন্মান্তরসহস্রেষু যৎ পাপং পূর্ব্বসঞ্চিতং। কথন্তৎ ক্ষয়মাপ্নোতি তন্মামাচক্ষ্ব শঙ্কর ॥৩৪

ভগবানুবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যমনুত্তমং। সর্ব্বতীর্থেষু বিখ্যাতমশ্বক্রান্তমতঃপরং ॥৩৫ যস্যোত্তরে তু যৎ ক্ষেত্রং ময়া যুক্তং বিমুক্তকং। এতদেব পরং জ্ঞানমেতদেব পরন্তপঃ ॥৩৬ এতদেব পরং ব্রহ্ম এতদেব পরং-

---

জ্যোতিষ্টোমের ফললাভ হয় ।২৮ হে দেবেশি! তথায় নিয়তাহার, ব্রহ্মচার্য্যাবলম্বন পূর্ব্বক ছয়মাস বাস করিলে পরমপদ প্রাপ্ত হয়। সত্যযুগে পুষ্কর, ত্রেতায় নৈমিষ, দ্বাপরে কুরুক্ষেত্রে, কলিযুগে অশ্বতীর্থ শ্রেষ্ঠতম জানিবে, ২৯ অতএব তাহার উত্তর তীরে মনোভিলাষ সাধন করিবে। দ্বাপরে কুরুক্ষেত্রে শ্রেষ্ঠ তীর্থ, তথায় দান করিলে অক্ষয় ফললাভ হয়, ৩০ পঞ্চক তীর্থে দান দুষ্কর, পঞ্চকে সকলি দুষ্কর জানিবে। অন্যস্থানে কৃতপাপ তীর্থে বিনষ্ট হয়, সেই তীর্থে পাপ করিলে, অন্যত্র কোথাও বিনষ্ট হয় না ৩১

অনন্তর যশস্বিনী পার্ব্বতী, দশাহ, দ্বাদশাহ মাসার্দ্ধ ৩২ ইত্যাদিরূপে মেরুপৃষ্ঠে বাস করিতে করিতে রুদ্রের আসনার্দ্ধে উপবেশনপূর্ব্বক প্রণতা হইয়া মহাদেবকে জিজ্ঞাসা করিলেন ।৩৩

দেবী কহিলেন, সহস্রজন্মান্তরে পূর্ব্বসঞ্চিত যে পাপ, তাহা কিরূপে ক্ষয় প্রাপ্ত হয়, হে শঙ্কর তাহা আমাকে বলুন ।৩৪

ভগবান্ কহিলেন, হে দেবি! পরম গুহ্যতম বিষয় কহিতেছি শ্রবণ কর। দেবাভিষিলত অশ্বক্রান্ত তীর্থ সর্ব্বতীর্থ অপেক্ষা বিখ্যাত ।৩৫ ইহার উত্তরে যে সকল ক্ষেত্র আছে, তাহা আমি তোমাকে কহিয়াছি। এই অশ্বক্রান্তই পরমজ্ঞান, ইহাই পরম তপস্যা ।৩৬ ইহাই পরমব্রহ্ম ও ইহাই পরমপদ। যেমন দেবগণের মধ্যে পুরুষোত্তম নারায়ণ শ্রেষ্ঠ এবং ঈশ্বর-

পদং। যথা নারায়ণঃ শ্রেষ্ঠোদেবানাং পুরুষোত্তমঃ। যথেশ্বরাণাং গিরিশঃ স্থানানামেতদুত্তমং ॥৩৭ দত্তং জপ্তং হুতং শেষং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ। ধ্যান মধ্যয়নং জ্ঞানং সর্ব্বং ভবতি চাক্ষয়ং ॥৩৮ অশ্বক্রান্তে পরোযোগ অশ্বক্রান্তে পরা গতিঃ। অশ্বক্রান্তে পরোমোক্ষস্তীর্থং নৈবাস্তি তাদৃশং ॥৩৯ মেরুমন্দর-তুল্যোঽপি রাশিঃ পাপস্য সর্ব্বশঃ। অশ্বক্রান্তং সমাসাদ্য সর্ব্বোব্রজতি সংক্ষয়ং ॥৪০ অশ্বক্রান্তস্থিতাঃস্পৃষ্টাঃ পাংশুভির্ব্বায়ুনেরিতৈঃ। যদি দুষ্কৃতকর্ম্মা ণোযান্তি পরমাং গতিং ॥৪১ ন সা গতিঃ কুরুক্ষেত্রে গয়াদ্বারে চ পুষ্করে। যা গতি র্ব্বিহিতা পুংসাং অশ্বক্রান্তনিবাসিনাং ॥৪২ ন দানৈর্ন তপোভির্ন যজ্ঞৈর্নাপি চ বিদ্যয়া। প্রাপ্যতে গতিরুৎকৃষ্টা অশ্বতীর্থে স লভ্যতে ॥৪৩ সংসর্গাচ্চ ভবেন্মোক্ষ ইতবাসৎপরিগ্রহাৎ। আগস্ত্যাদপি চাগ্ন্যাদি ইদমেব মহত্তরং ॥৪৪ ব্রহ্মহাপ্যতি যোগচ্ছেদশ্বক্রান্তং কদাচন। অশ্বক্ষেত্রস্য মহাত্ম্যাং ব্রহ্মহত্যা নিবর্ত্ততে। ন তস্য পুনরাবৃত্তিঃ কদাচিদপি দৃশ্যতে ॥৪৫ উত্তরং দক্ষিণং বাপি অন্যদ্বারং বিচিন্তয়েৎ ॥৪৬ সর্ব্বোঽপ্যস্য শুভঃ কালঃ অশ্বক্রান্তে

গণেরমধ্যে গিরিশ শ্রেষ্ঠ, সেইরূপ স্থান সকলের মধ্যে এই অশ্বক্রান্তই শ্রেষ্ঠ।৩৭ তথায় দান, জপ, হোম, তপ, ধ্যান,অধ্যয়ন জ্ঞানাদি যাহা কিছু অনুষ্ঠিত হয়, সেই সমস্তই অক্ষয় হয়।৩৮ অশ্বক্রান্তে পরমযোগ, অশ্বক্রান্তে পরমাগতি, অশ্বক্রান্তে পরম মোক্ষপ্রাপ্ত হওয়া যায়, অতএব ইহার তুল্য তীর্থ আর নাই।৩৯ অশ্বক্রান্তে গমন করিলে মেরুমন্দরাচলতুল্য পাপরাশি সমস্তই সংক্ষয় প্রাপ্ত হয়।৪০ মানব যদি পরম পাতকীও হয়, তথাপি অশ্বক্রান্তে বায়ুচালিত পাংশুদ্বারা পৃষ্ট হইয়া ও পরমাগতি প্রাপ্ত হইয়া থাকে সন্দেহ নাই।৪১ অশ্বক্রান্ত নিবাসিজনগণ যেরূপ গতিলাভ করে, কুরুক্ষেত্রে, গয়াদ্বারে ও পুষ্করতীর্থেও সেইরূপ গতি প্রাপ্ত হয় না।৪২ অশ্বতীর্থে যেরূপ উৎকৃষ্ট গতিলাভ হয়, দান, তপস্যা, যজ্ঞ, বিদ্যাদ্বারা ও সেরূপ গতি-লাভ হয় না।৪৩ অশ্বতীর্থের সংসর্গে মোক্ষলাভ, সৎপরিগ্রহে পবিত্র গতি-লাভ হইয়া থাকে। আগস্ত্যাদি তীর্থ হইতে ও এই তীর্থ মহত্তর।৪৪ ব্রহ্মঘাতী নরও যদি অশ্বক্রান্তে যোগ করে, তবে সে তাহার মহাত্মবলে ব্রহ্মহত্যা পাপ হইতে নিষ্কৃতি লাভ করিতে সমর্থ হয় এবং তাহাকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না।৪৫ হে বরাননে! উত্তর বা দক্ষিণ অথবা অন্য যে কোন দ্বার ৪৬ বা যে কোন কাল অশ্বক্রান্ত তীর্থ শুভকর হয়।

ববাননে। মহাদানেন তল্লাভো যৎফলং লভতে নরঃ॥৪৭ অশ্বতীর্থে তু কাকিন্যাং দত্তায়াং লভতে হক্ষয়ং। একাহমুপবাসং যঃ করোতীহ মম প্রিয়ে। ফলং বর্ষসহস্রস্ত লভতে মৎপরায়ণঃ॥৪৮ তীর্থান্তরে গবাং কোটিং বিধবদ্যঃ প্রয়চ্ছতি। একাহঞ্চ বসেচ্চাত্র তয়োস্তুল্যং ফলং ভবেৎ॥৪৯ প্রয়াগে মাঘমাসে তু সম্যক্ স্নানেন যৎ ফলং। তৎফলং কোটিগুণিতং অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে॥৫০ ষষ্টিকোটিসহস্রাণি ষষ্টিকোটিশতানি চ। সেবনাদ্বৈচ্ছ মধ্যাহ্নে অপরাহ্নে চ শঙ্করি॥৫১ মেরুমন্দরতুল্যোহি রাশিঃ পাপস্য সর্ব্বশঃ। অশ্বক্রান্তং সমাসাদ্য সর্ব্বোব্রজতি সংক্ষয়ং॥৫২ কীটাঃ পতঙ্গামশকাশ্চ বৃক্ষা-জলে স্থলে যে বিচরন্তি জীবাঃ। মণ্ডূক মৎস্যাঃ ক্রমশোঽশ্বক্রান্তে ত্যক্ত্বা শরীরং শিবমাপ্নুবন্তি॥৫৩ যোবসেৎ পঞ্চকে নিত্যং স গচ্ছেৎ পরমাং গতিং॥৫৪ সর্ব্বেষামেব লোকানাং ব্রহ্মলোকোপরিস্থিতঃ। যদীচ্ছেৎ তৎপদং গন্তুং স বসেদত্র দুস্করং॥৫৫ যথা সুরাণাং সর্ব্বেষামাদিস্তু মধুসূদনঃ॥ তথৈব সর্ব্ব-ক্ষেত্রাণাং মাদিঃ পঞ্চকমুচ্যতে॥৫৬ অনুলোমবিলোমাভ্যাং তথা ব্যস্তসম-

---

অন্যতীর্থে নরগণ মহাদান দ্বারা যে ফল লাভ করে ৪৭ এই অশ্বতীর্থে কাকিনীমাত্র দান করিয়া সেইরূপ অক্ষয় ফললাভ করিতে পারে। হে প্রিয়ে! মৎপরায়ণ ব্যক্তি এইস্থানে একদিবস মাত্র উপবাস করিলে সহস্র বৎসর উপবাসের ফললাভ করিতে সমর্থ হয়।৪৮ তীর্থান্তরে বিধি-পূর্ব্বক কোটিসংখ্যক গোদান করিলে যে ফল হয়, অশ্বক্রান্তে একাহ উপ-বাস করিলে সেই ফললাভ হইতে পারে।৪৯ প্রয়াগে মাঘমাসে সম্যক-রূপে স্নান করিলে যে ফল হয়, অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে তাহার কোটি কোটি গুণফল লাভ হয়।৫০ হে শঙ্করি! মধ্যাহ্ন বা অপরাহ্নকালে অশ্বতীর্থ সেবা করিলে তীর্থান্তর সেবনে ষষ্টিকোটি সহস্র ও ষষ্টিকোটি শতগুণফল প্রাপ্ত হওয়া যায়।৫১ অশ্বক্রান্ত তীর্থ সেবায় মেরুমন্দর তুল্য পাপরাশি সমস্তই সংক্ষয় প্রাপ্ত হয়।৫১ কীট, পতঙ্গ, মশক, বৃক্ষ এবং মৎস্য মণ্ডু-কাদি যে যে জীব তথায় জলে বা স্থলে বিচরণ করে, তাহারা অশ্বতীর্থে দেহ বিসর্জ্জন করিয়া শিবত্ব প্রাপ্ত হয়।৫৩ যে ব্যক্তি পঞ্চকতীর্থে নিত্য বাস করে; সে পরমাগতি প্রাপ্ত হয়।৫৪ সর্ব্বলোকের উপরিভাগে ব্রহ্মলোক অবস্থিত পঞ্চক নিবাসিজগগণ, অভিলাষ করিলে সেই ব্রহ্মপদ প্রাপ্ত হইতে পাবে।৫৫ যেরূপ মধুসূদন সকল দেবতাগণের আদিম, সেইরূপ পঞ্চকতীর্থ সর্ব্বগণের আদি বলিয়া উক্ত হয়।৫৬ হে বরাননে।

স্তয়োঃ। স্নাতব্যং পঞ্চকং যচ্চ অশ্বতীর্থং বরাননে ॥৫৭ তথৈবোত্তরমারুণ্যাং তদেব ফলমশ্নুতে। বিধিবদ্‌গম্যমানেষু সর্ব্বতীর্থেষু যৎফল॥ পঞ্চকালোকনাদেব নরঃ প্রাপ্নোতি তৎফলং ॥৫৮ দশকোটি সহস্রাণি তীর্থনাং বৈ মহীতলে সান্নিধ্যে মশ্বতীর্থে চ মুক্তিদ্বারসমীপতঃ ॥৫৯ যাবত্তিষ্ঠন্তি গিরয়ো যাবত্তিষ্ঠন্তি সাগরাঃ। তাবৎ পঞ্চকমৃত্যূনাং ব্রহ্মলোকে মহীয়তে ॥৬০ জন্মান্তরসহস্রেশ্চ আজন্ম মরণান্তিকং। নির্দ্দহেৎ পাতকং সর্ব্বং সকৃৎ স্নাত্বা তু শঙ্করি ॥৬১ যোগাভ্যাসেন যস্তিষ্ঠেৎ সম্যগ্‌বর্ষত্রয়ং নরং। একেন জন্মনা মুক্তিযোগংস্মোক্ষঞ্চ বিন্দতি ॥৬২ ঋণমোচনান্তং দেবেশি সমন্তাৎ পঞ্চকং স্মৃত। ব্রহ্মণঃ সদনং ভদ্রে প্রসহ্য মপি সর্ব্বতঃ ॥৬৩ যত্র স্নানং জপোহোমঃ শ্রাদ্ধং দানাদিকং স্মৃতং একৈকশো মহেশানি পুনাতি সপ্তমং কুলং ॥৬৪ অশ্বতীর্থ সমক্ষে তৎকিঞ্চিৎ পশ্চিমগোচবে। ধনুরষ্টপ্রমাণেন সিদ্ধকুণ্ডমিহোচ্যতে ॥৬৫ অত্র সাত্বোদকং পীত্বা মুচ্যতে সর্ব্বপাতকৈঃ। ত্রিরাত্রো পোষিতেনাত্র এক বাত্রোষিতেন

পঞ্চকতীর্থে ও অশ্বতীর্থে অনুলোক বিলোম ক্রমে অর্থাৎ একটি হইতে অপবটি, এবং অপবটি হইতে প্রথমটি এইরূপে এবং ব্যস্ত সমস্ত ক্রমে স্নান করা বিধেয়।৫৭ তাহাব উত্তরারণ্য গমন করিয়া তত্তুল্য ফল প্রাপ্ত হয়। বিধিপূর্ব্বক গম্যমান সমস্ত তীর্থেব যে ফল, এক পঞ্চকতীর্থ দর্শনেই নরগণ সেই ফল লাভ কবিতে পারে।৫৮ মহীতলে দশ কোটি সহস্র তীর্থস্থান আছে, অশ্বক্রান্ত তীর্থে মুক্তিদ্বার সমীপে তৎসমুদায়েরই সান্নিধ্য আছে।৫৯ যে পর্য্যন্ত অচলসকল ও সাগরসকল অবস্থিত আছে, তাবৎ পঞ্চক মৃত মানবগণের ব্রহ্মলোক লাভ হইবে সন্দেহ নাই।৬০ হে শঙ্করি! পঞ্চকতীর্থে একবার স্নান করিলে জন্মান্তরসহস্র ও জন্মাবধি মরণ পর্য্যন্ত যে পাপ সঞ্চিত হইয়াছে, তৎসমুদায়ই ভস্মীভূত হইয়া যায়।৬২ যে মানব পঞ্চকতীর্থে তিন বৎসর যোগাভ্যাস করিয়া অবস্থান করে,তাহার যোগাভ্যাস হেতু একজন্মেই মোক্ষলাভ হয়।৬২ হে দেবেশি! ঋণামোচনক তীর্থের চারিদিকে পঞ্চকতীর্থ অবস্থিত এবং তাহার সর্ব্বদিকেই ব্রহ্মসদন।৬৩ ঐ স্থানে স্নান, জপ, হোম, শ্রাদ্ধ ও দানাদি কবিলে, তাহার এক একটাই সপ্তমকুলপর্য্যন্ত উদ্ধার করিয়া থাকে।৬৪ অশ্বতীর্থের সন্নিধানে কিঞ্চিৎ পশ্চিমদিকে অষ্টধনুঃপ্রমাণ সিদ্ধকুণ্ড, তথায় স্নান ও উদকপান করিলে, সর্ব্ববিধ পাতক হইতে মুক্ত হয়।৬৫ দ্বিজগণ ত্রিবাত্র বা একবাত্র উপবাস কবিয়া এই সকল তীর্থের সেবা

বা ॥৬৬ দ্বিজাতিনান্তু কথিতং তীর্থানামিহ সেবনং। যস্ত বায়ু বশী ভদ্রে লস্ত পাদৌ চ সংযতৌ। অনুলেপ্য ব্রহ্মচারী তীর্থানাং ফলমাপ্নুয়াৎ ॥৬৭ সিদ্ধ-কুণ্ডং মহাভোগং দেবতাভিঃ সংস্কৃতম্। পুনাহি সর্ব্বপাপেভ্য স্তীর্থবর্য্য নমোহস্তু তে ॥৬৮ ইত্যনেন তু মন্ত্রেণ বৈশাখে কৃষ্ণপক্ষকে। ত্রয়োদশ্যাং স্নান-মাত্রে পুনাত্যুভয়তঃ কুলং ॥৬৯ পশ্চিমে তস্য তীর্থস্য কিঞ্চিৎবায়ব্য গোচরে। চতুঃষষ্টি ধনুর্ম্মাণং তীর্থং ব্রহ্মসরঃ স্মৃতং ॥৭০ তত্র স্নাত্বা পিতৄন্ ভক্ত্যা তর্প-যিত্বা যথাবিধি। পাপকর্ত্তৃনপি পিতন্ তারয়েন্মাত্র সংশয় ॥৭১ স্নাত্বা যাতি দ্বিজঃ সম্যক্ ততঃ সংস্কারতাং ব্রজেৎ। স্বয়ন্তু ব্রহ্মণা ঘট্টং ঈশ্বরঃ প্রিয়কাম্যয়া। স্বয়ন্তু ব্রহ্মণা স্নাত স্তস্মাৎ পাবয় পারতঃ ॥৭২ ইত্যনেন তু মন্ত্রেণ স্নানং কৃত্বা যথাবিধি ॥ মাঘে সাসি চতুর্দ্দশ্যাং শুক্লপক্ষে বিশেষতঃ। দত্বা দানঞ্চ বিধিবৎ ব্রহ্মলোকে মহীয়তে ॥৭৩।৭৪ ইন্দ্রকূটস্য কৌরবে ধম্বুরশীতি প্রমাণতঃ। রাম ক্ষেত্রং বিজানীয়াৎ তস্য কুণ্ডং কূলে প্রিয়ে ॥৭৫ বিল্লকুন্দপ্রমাণন্তু স্নাত্বাভ্যর্চ্চ পিতৄনপি। তীর্থেভ্যঃ পরমং তীর্থং রামতীর্থং বরাননে ॥৭৬ ব্রাহ্মণানর্চ্চয়িত্বা তু ব্রহ্মলোকে মহীয়তে ॥৭৭ তস্য তীরে মহাভাগে শ্রীরামেণ মহাত্মনা। পিতৃণ

করিবে।৬৬ হে ভদ্রে! যাহার প্রাণ পবনবশীভূত এবং যাহার হস্তপদ সংযত এবং যে ব্যক্তি অনুলেপ্য অর্থাৎ তিলকাদিধারী ও ব্রহ্মচারী, সেই ব্যক্তিই তীর্থফল লাভ করিতে সমর্থ হয়।৬৭ "সিদ্ধকুণ্ডং মহাভোগং দেবাতাভিঃ সুসংস্কৃতম্। পুনাহি সর্ব্বপাপেভ্য স্তীর্থবর্য্য নমোঽস্তুতে"।৬৮ এই মন্ত্র দ্বারা বৈশাখ মাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশীতে স্নানমাত্র করিলেই, উভয়কুলই পবিত্র করিয়া থাকে।৬৯ কিঞ্চিৎ বায়ুকোণে সেই তীর্থের পশ্চিমে চতুঃ-ষষ্টি ধনুপরিমাণ ব্রহ্মসরোবর৭০ তথায় স্নান করিলে এবং ভক্তিপূর্ব্বক যথাবিধি পিতৃগণের তর্পণ করিলে, পাপকারি পিতৃগণেরও সদ্গতি লাভ হয়, তাহাতে সংশয় নাই।৭১ "স্নাত্বাযাদি দ্বিজঃ সম্যক্ ততঃ সংস্কারতাং ব্রজেৎ। স্বয়ন্তু ব্রহ্মণাঘট্টং ঈশ্বরং প্রিয়কাম্যয়া। স্বয়ন্তু ব্রহ্মণাস্নাত স্তস্মাৎ পাবয়পারতঃ।"৭২ এই মন্ত্রদ্বারা যথাবিধি স্নান করিলে, বিশেষতঃ মাঘমাসে শুক্লপক্ষের চতু-র্দ্দশীতে বিধিপূর্ব্বক দান করিলে, ব্রহ্মলোকে পূজা প্রাপ্ত হয়।৭৩ ৭৪ ইন্দ্র-কূটের উত্তরে অশীতিধনুঃপ্রমাণ রামক্ষেত্র, তাহার কূলে বিন্দুকুন্দপ্রমাণ তৎকুণ্ড অবস্থিত।৭৫ তাহাতে স্নান ও অর্চ্চনা করিলে ব্রহ্মলোকে গমন করে। হে বরাননে। রামতীর্থ তীর্থগণের মধ্যে উত্তম।৭৬ তথায় ব্রাহ্মণ-গণের অর্চ্চনা করিলে ব্রহ্মলোকে পূজা প্রাপ্ত হয়।৭৭ "তবতীরে মহাভাগে

স্তর্পিতাঃ সর্ব্বে তীর্থবর্য্য নমোহস্তু তে ॥৭৮ ইত্যনেন তু মন্ত্রেণ বৈশাখে কৃষ্ণ পক্ষকে। একাদশ্যাং স্নানমাত্রে পুনাত্যুভয়তঃ কুলং॥ তস্য পূর্ব্বে নর্বধনুঃ সীতাতীর্থং বরাননে। তত্র স্নাত্বা দিবংযান্তি সশরীরা দ্বিজাতয়ঃ॥৭৯ ক্রৌঞ্চ-ঞ্চাপি মহাশ্রাদ্ধে অক্ষযং সমুদাহৃতং। সীতয়া রামভদ্রেণ নির্ম্মিতং তীর্থ মুত্তমং ॥৮০ তস্মাৎ পুনীহি মাং পাপাৎমোক্ষং কুরু সুরার্চ্চিতে॥৮১ মৌনী ভূত্বা ত্রয়োদশ্যাং তত্র স্নাত্বা মহাফলং। মন্ত্রেণানেন স্নাত্বা তু রত্নৈনার্ঘ্যং প্রদা-পযেৎ। মুচ্যতে সর্ব্বপাপেভ্যো ব্রহ্মলোকে বসেন্মৃতঃ॥৮২ দক্ষিণে চৈব সীতাযা ধনুর্দ্দশপ্রমাণতঃ। তত্রাভিষেকমাত্রঞ্চ বিজযী সর্ব্বদা ভবেৎ।৮৩ তীর্থানাং পবমং তীর্থং বিজযন্নাম শোভিতং। তত্র লিঙ্গং মহেশস্য বিজযন্নাম-বিশ্রুতং॥৮৪ ষণ্মাসান্নিয়তাহারো ব্রহ্মচারী সমাহিতঃ। উষিত্বা তত্র দেবেশি মূচ্যতে সর্ব্বপাতকাৎ॥৮৫ তীর্থাণাং পবমং তীর্থং যোগতীর্থেতি বিশ্রুতং। সর্ব্বপাপহরং শম্ভো র্নিবাসঃ পরমেষ্ঠিনঃ।৮৬ দৃষ্ট্বা লিঙ্গন্তু দেবস্য যোগীশং নামবিশ্রুতং। ঈপ্সিতান্ লভতে কামন্ রুদ্রস্য দযিতো ভবেৎ।৮৭ দ্বাবিং-

---

শ্রীরামেণ মহাত্মনা। পিতবস্তপিতাঃ সর্ব্বে তীর্থবর্যনমোহস্তুতে।৭৮" এই মন্ত্রদ্বারা, বৈশাখমাসের শুক্লপক্ষ একাদশীতে স্নানমাত্র করিলে উভয় কুল-পবিত্র হয়। সেই তীর্থের নবধনুঃ অন্তরে সতাতীর্থ তথায় স্নান করিলে দ্বিজ-গণ স্বশরীরে স্বর্গগমন করে।৭৯ ক্রৌঞ্চঞ্চাপী মহাশ্রাদ্ধে অক্ষয়ং স মুদা-হৃতং। সীতয়ারামভদ্রেণ নির্ম্মিতং তীর্থমুত্তমং।৮০ তস্মাৎ পুনীহিমাম্ পাপৈঃ মোক্ষং কুরু সুরার্চ্চিতে।"৮১ এই মন্ত্রে ত্রয়োদশীতে মৌনী হইয়া তথায় স্নানানন্তর রত্নদ্বারা অর্ঘ্য প্রদান করিলে, পরলোকে পাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মলোকে বাস করে।৮২ সীতাতীর্থের দক্ষিণে দশধনুঃপরিমিত বিজয়নামক সুশোভিত তীর্থ আছে; সেই তীর্থ, তীর্থগণের মধ্যে উত্তম. তাহাতে স্নান-করিলে, নিযতই বিজয়প্রাপ্ত হয়।৮৩ তথায় বিজয় নামে বিখ্যাত মহেশ-লিঙ্গ আছে।৮৪ সেই স্থানে ছয়মাস নিয়তাহারী ব্রহ্মাচারী ও সমাহিত হইয়া বাস করিলে সর্ব্বপাতক হইতে মুক্ত হয়।৮৫ তদনন্তর, যোগিতীর্থ-নামে বিখ্যাত এক উত্তমতীর্থ আছে, সেইস্থানে ব্রহ্ম ও মহাদেব বসতি কবেন।৮৬ তাথায় যোগীশনামে মহাদেবের লিঙ্গ দর্শন করিলে অভিলষিত-সকল প্রাপ্ত হইযা রুদ্রদেবের প্রিয় হয়।৮৭ তদনন্তর দ্বাবিংশধনুঃ পরিমিত মুক্তিতীর্থ। "মোক্ষাভিকাঙ্ক্ষিভির্যুক্তৈর্বন্দ্যসে পূজ্যসেঽনিশং। যোগ-কুণ্ডং মহাভাগে মাংপুনাত্যমবার্চ্চিতা"। এই মন্ত্রে মুক্তিতীর্থে স্নানা-

শম্ভু ধনুর্মানং মুক্তিতীর্থং বিজানীহি। বক্ষ্যমাণেন মন্ত্রেণ স্নাত্বার্ঘ্যং বিনিবেদয়েৎ ॥৮৮ মোক্ষাভিকাঙ্ক্ষিভির্যুক্তৈর্ব্বন্দ্যসে পূজ্যসেঽনিশং। যোগকুণ্ডং মহাভাগে মাং পুনাত্যমরার্চ্চিতা ॥৮৯ তস্যাতিদূরে লোকস্য বৃত্তং কুণ্ডমনুত্তমং। তত্রাপি স্নাত্বা বিধিবৎ সন্তর্প্য পিতৃদেবতাঃ। ব্রাহ্মণেভ্যঃ প্রদায়াথ দানানি বিবিধানি চ। স্নাত্বা কোলেন বীজেন তত্ত্বেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥৯০।৯১ পশ্চাৎ কোলেশ্বরং দৃষ্ট্বা মুচ্যতে ভববন্ধাৎ ॥৯২ তিথিহস্তমিতং কুণ্ডং দেব গন্ধর্ব্বসেবিতং। কুণ্ডে সিততৃতীয়ায়াং গ্রামং ধান্যং ধনং লভেৎ ॥৯৩ ইন্দ্রশৈলস্য যাম্যে তু ধনুর্দ্দ্বাদশ মানতঃ। সূর্য্যতীর্থমিতি খ্যাতং তীর্থানাং তীর্থমুত্তমং ॥৯৪ অদৃশ্যমূর্ত্তির্ভগবান্ সপ্তসপ্তরথেরিতঃ। আস্তে লোকহিতার্থায় ব্যাপী যোগতনুঃ স্বয়ং ॥৯৫ যদা হরশ্চ নিয়তং নিবাসং কৃতবানিহ। তত্রৈব দেবতাঃ সর্ব্বাস্তস্যাং সেব্যাঃ সমাগতাঃ ॥৯৬ ভানুবীজেন স্নাত্বা তু অর্ঘ্যং তারেণ দাপয়েৎ। রামক্ষেত্রং ততোগচ্ছেৎ সাধকঃ সিদ্ধিমানসঃ ॥৯৭ দুর্গকূপদ্বয়স্তত্র ব্রাহ্মযূপশ্চ তিষ্ঠতি। দুর্গকূপোদকং পীত্বা মাঘে মাসি চতুর্দ্দশী ॥৯৮ ভবেদ্ভক্ত্যা গর্ভধরা মন্ত্রাণামযুতং জপন্। যূপং প্রদক্ষিণীকৃত্য যস্তু

নন্তর অর্ঘ্য নিবেদন করিবে।৮৮-৮৯ লোকবৃত্তনামক অত্যুত্তম কুণ্ড তাহার অতি দূরে অবস্থিত; তথায় স্নানানন্তর বিধিপূর্ব্বক পিতৃদেবতাগণের তর্পণ করিয়া ব্রাহ্মণগণকে বিবিধ দান প্রদানপূর্ব্বক কোলবীজ মন্ত্র দ্বারা স্নানান্তর তত্ত্ব দ্বারা অর্ঘ্য নিবেদন করিবে।৯০।৯১ তদনন্তর কোলেশ্বরকে দর্শন করিলে ভববন্ধন হইতে মুক্তি লাভ করে।৯২ তাহার পঞ্চদশ হস্ত পরিমিত গন্ধর্ব্বসেবত কুণ্ড আছে, তথায় শুক্লপক্ষের তৃতীয়ায় স্নান করিলে গ্রাম, ধান ও ধন লাভ হয়।৯৩ ইন্দ্রশৈলের দক্ষিণে দ্বাদশধনুঃ পরিমিত সূর্য্যতীর্থ নামে বিখ্যাত এক তীর্থোত্তম আছে।৯৪ তথায় যোগতনু, অদৃশ্যমূর্ত্তিব্যাপী ভগবান্ স্বয়ং সপ্তসপ্তি (সূর্য্যদেব) লোকহিতের নিমিত্ত স্বয়ং অবস্থিত আছেন।৯৫ যখন দেবদেব মহাদেব এই স্থানে নিয়ত বাস করেন, তখন সমস্ত দেবগণ তথায় সেব্যরূপে আগমন করেন।৯৬ তথায় ভানুবীজে স্নান ও তারামন্ত্রে অর্ঘ্য প্রদান কর্ত্তব্য। তদনন্তর সিদ্ধির নিমিত্ত সাধকগণ রামক্ষেত্র গমন করিবে।৯৭ তথায় দুর্গকূপদ্বয় ও ব্রহ্মযূপ অবস্থিত; মাঘমাসের চতুর্দ্দশীতে ভক্তিপূর্ব্বক দুর্গকূপোদক পান করিয়া,৯৮ অযুত মন্ত্র জপ করিলে এবং তত্রস্থ যূপ প্রদক্ষিণপূর্ব্বক শ্রাদ্ধ করিলে, পিতৃগণের উদ্ধার করিয়া

শ্রাদ্ধং প্রকল্পয়েৎ। পিতৃংশ্চ তারয়েত্তেন ব্রহ্মলোকে মহীয়তে।৯৯।১০০ কাকিনীঞ্চ ন্যসেৎ কূপে সুবর্ণং রজতন্তথা। যস্য মিত্রস্য যদ্বিত্তং শোধয়েৎ পূর্ব্বজন্মনি॥১০১ ততোগচ্ছেদিন্দ্রশৈলং দক্ষিণাভিমুখেন তু। মণীশ্বরং ততঃ পশ্যেন্নির্গতাচ্চ প্রমুচ্যতে॥১০২ বধবন্ধনযুক্তোঽপি যুক্তোবাপ্যুপপাতকৈঃ। ইন্দ্রকূটস্থিতং দৃষ্ট্বা মণিনাথং সবায়ুনা। ক্ষণেন মুচ্যতে দেবি নাত্র কার্য্যা বিচারণা॥১০৩ চরমে লোমতীর্থস্য ধনুঃপঞ্চপ্রমাণতঃ। নাগতীর্থং ততোজাতং পৃথিব্যাং খ্যাতিমাগতং॥১০৪ নাগকুণ্ডেতি বৈকুণ্ঠঃ স্নাত্বা নাগান সমর্চ্চয়েৎ। পুণ্যন্তং সর্ব্বতীর্থেষু সপাণাং বিষনাশনং॥১০৫ স্নানং কুর্ব্বন্তি যে মর্ত্ত্যা ভক্ত্যা শ্রাবণপঞ্চমীং। ন তেষাং তৎকলে পীড়াং কুর্ব্বন্তি কর্হিচিৎ॥১০৬ শ্রাদ্ধং পিতৃণাং যে তত্র করিষ্যন্তি নরাভুবি। ব্রহ্মা তুষ্টঃ পরং স্থানং দাস্যতে নাত্র সংশয়ঃ॥১০৭ চন্দ্রাদুত্তরতঃ শৈলশ্চতুঃষষ্টিপ্রমাণতঃ। তত্র জলে গয়াকুণ্ডং ক্ষেত্রং তীরে তদুচ্যতে॥১০৮ গয়াশীর্ষং পূর্ব্ব ভাগে ধনুর্দ্বাবিংশমানত। যাবল্লৌহিত্যপর্য্যন্তমুত্তরে ব্রহ্মযোনিকং॥১০৯ গয়াতীর্থং পরং গুহ্যং পিতৃণাঞ্চাতিবল্লভং। কৃত্বা পিণ্ডপ্রদানন্তু ন ভূয়ো জায়তে নরঃ॥১১০ আগস্ত্যে-

---

ব্রহ্মলোকে পূজাপ্রাপ্ত হয়।৯৯।১০০ সেই কূপে কাকিনী (কড়ি) সুবর্ণ ও রজত নিক্ষেপ করিলে, পূর্ব্বজন্মের মিত্রঋণাদি শোধ হয়।১০১ তদনন্তর দক্ষিণাভিমুখে ইন্দ্রশৈলে গমনান্তর মনীশ্বর দর্শন করিলে, পাপ হইতে পরিমুক্ত হয়।১০২ হে দেবি! ভববন্ধনযুক্ত বা উপপাতকবিশিষ্টই হউক, ইন্দ্রকূটস্থিত মণিনাথকে বায়ুসহিত দর্শন করিলে, ক্ষণমাত্রেই মুক্তিলাভ করে, তাহাতে সন্দেহ নাই।১০৩ লোমতীর্থের চরমে পঞ্চধনুঃপ্রমাণ পৃথিবীখ্যাত নাগতীর্থ।১০৪ "নাগকুণ্ডেতি বৈকুণ্ঠঃ" এই মন্ত্রে স্নান করিয়া নাগগণের অর্চ্চনা করিবে। এই তীর্থ সর্ব্বতীর্থমধ্যে পুণ্যপ্রদ, ইহাতে স্নানাদি করিলে, সর্ব্ববিধ পাপ বিনষ্ট হয়।১০৫ যে মানব শ্রাবণপঞ্চমীতে ভক্তিপূর্ব্বক স্নান করে, সর্পগণ তাহার কুলে কদাচিৎ পীড়াদায়ক হয় না।১০৬ যে নর তথায় পিতৃশ্রাদ্ধ করে, ব্রহ্মা তাহার প্রতি পরিতুষ্ট হইয়া, পরমস্থান প্রদান করেন, সন্দেহ নাই।১০৭ চন্দ্রশৈলের উত্তরে চতুঃষষ্টি হস্তপ্রমাণ গয়াক্ষেত্র, তাহার জলকে গয়াকুণ্ড ও তীরকে গয়াক্ষেত্র কহে।১০৮ তাহার পূর্ব্বভাগে লৌহিত্য পর্য্যন্ত এবং উত্তরে ব্রহ্মযোনিপর্য্যন্ত ১০৯ দ্বাবিংশধনুঃ পরিমিত পিতৃবল্লভ পরমগুহ্য গয়াতীর্থ, তথায় পিণ্ডদান করিলে, মানবগণকে আর জন্মগ্রহণ করিতে হয় না ১১০ আগস্ত্যে গয়ায় ও নীলাচলে যাত্র-ভেদে পিণ্ডদান, কিন্তু

স্মিন্ গয়াযাঞ্চ তথা নীলাচলে গমে। নানাভেদে দদেৎ পিণ্ডং গয়ায়াং সকৃৎ পিবে।১১১ শোচন্তি পিতরস্তস্য বৃথাত্র চ পরিশ্রমঃ। গায়ন্তি পিতরো নীতং কীর্ত্তয়ন্তি মহর্ষয়ঃ॥ গয়াং যাস্যতি যঃ কশ্চিৎ সোঽস্মাকং তারয়িষ্যতি। এষ্টব্যাবহবঃ পুত্রাঃ শীলবন্তো গুণান্বিতাঃ॥ তেষাং তৎসমবেতানাং যদ্যেকোঽপি গয়াং ব্রজেৎ॥১১৩ তস্মাৎ সর্ব্বং প্রযত্নেন ব্রাহ্মণস্তু বিশেষতঃ। যো দদ্যাদ্বিধিবৎ পিণ্ডান্ গয়াং গত্বা সমাহিতঃ॥ ধন্যাস্তু খলু তে মর্ত্ত্যা গয়ায়াং পিণ্ডদায়িনঃ। কুলান্যুভয়তঃ সপ্ত সমুদ্ধৃত্যাপ্নুয়াৎ॥১১৪।১১৫ পরপিণ্ড প্রদানং স নাম্না বৈ পায়সেন তে। কর্ত্তব্যমৃষিভির্দ্দিষ্টং পিণ্যাকো ন গৃহেন তু॥ তিলপিণ্যাককৈর্দ্দেযা ভক্তিমদ্ভির্নরৈঃ সদা। শ্রাদ্ধন্তু তত্র কর্ত্তব্য মর্ঘ্যাবাহন বর্জিতং॥১১৬।১১৭ মূষিকগৃধ্রকাকাশ্চ নাসুদৃশ্যং চরন্তি তে। শ্রাদ্ধং তত্তীর্থকং প্রোক্তং পিতৃণাং তুষ্টিদং পরং॥১১৮ কর্ত্তুস্তত্র প্রযত্নেন ভুক্তিবেলাথ কারণং। ভুক্তা তুষ্যন্তি পিতরস্তুষ্টাঃ কামান দদতি চ॥ আয়ুঃ পুত্রান্ ধনধান্যং কামাংশ্চান্যান্ প্রযচ্ছতি।১১৯।১২০ ভক্ত্যা চারা

গয়ায় একবারমাত্র পিণ্ডদান করিবে।১১১গয়ায় অনেকবার গমন করিলে বৃথা-পরিশ্রমহেতু তাহার পিতৃগণ অনুশোচনা করেন। মহর্ষিগণ কহিয়া থাকেন১১২ যে,পিতৃগণ এই বলিয়া গান করেন যে,যে কেহ গয়াগমন করিলেই আমাদিগকে তারণ করিতে পারে।১১৩ নরনিচয়, গুণবান্, শীলবান্ বহুপুত্রের অভিলাষ করিবে, যেহেতু তাহাদের মধ্যে একজনও গয়াগমন করিলে আমাদিগকে উদ্ধার করিতে পারে। অতএব, সকলেই বিশেষতঃ ব্রাহ্মণগণ, গয়ায় গমন করিয়া সমাহিতচিত্তে বিধিপূর্ব্বক সর্ব্বপ্রযত্নে পিণ্ডপ্রদান করিবে। গয়ায় পিণ্ডদানকারী মানবগণ ধন্য, তাঁহারা মাতৃকুল ও পিতৃকুল এই উভয়কুলের সপ্তপুরুষ পর্য্যন্ত উদ্ধার করিয়া থাকে।১১৪।১১৫ পায়সদ্বারা নামোচ্চারণ-পূর্ব্বক পরপিণ্ড প্রদান কর্ত্তব্য। ঋষিগণ কহেন যে, পিণ্যাক দ্বারা তথায় শ্রাদ্ধ কর্ত্তব্য। নরগণ ভক্তিসমন্বিতচিত্তে তিলপিণ্যাক দ্বারা অর্ঘ্যাবাহন-বর্জ্জিত শ্রাদ্ধ করিবে।১১৬।১১৭ মূষিক গৃধ্র ও কাক সকল তাহা দর্শন করিতে না পারে, তদ্বিষয়ে সাবধান হইবে। এই তীর্থে শ্রাদ্ধ করিলে, পিতৃগণের সাতিশয় তৃপ্তি লাভ হয়।১১৮ অতএব সর্ব্বপ্রযত্নে এই স্থলে পিতৃগণের ভোগপ্রদান কর্ত্তব্য। পিতৃগণ ভোগদ্বারা সন্তুষ্ট হইয়া অভিলষিত কার্য্যসকল এবং আয়ুঃ, পুত্র, ধন ধান্য ও অন্যান্য বিবিধপ্রকার কাম্য প্রদান করেন।১১৯।১২০ তথায় ভক্তিপূর্ব্বক রুদ্রের আরাধনা করিলে, পিতৃগণে

[ন° কদ° নৃণাং প্যাত্যাঃ পিতামহাঃ। অকালেঽপ্যথবা কালে গয়াশ্রাদ্ধং যদা নরৈঃ॥১২১ প্রাপ্য চৈব সদা স্নানং কর্ত্তব্যং পিতৃতর্পণং। পিণ্ডদানঞ্চ তেনাপ্তং পিতৃণাঞ্চাতিবল্লভং॥১২২ পিতরোহি নিরীক্ষন্তো গগনং সমুপাগতঃ। আশয়া পরয়া ভক্ত্যা আশামেষাং প্রপূরয়েৎ॥১২৩ বিলম্বোনৈব কর্ত্তব্যো ন চ বিঘ্নঃ সমাচরেৎ। অচ্ছিন্না সন্ততিস্তেষাং সদাকালং ভবিষ্যতি॥১২৪ পিতরঃ ফলদাতারো বৃদ্ধিশ্রাদ্ধোঽভি কাঙ্ক্ষিণঃ॥১২৫ তেন তেষাঞ্চ তদ্দেয়ং যথোক্তেন বিধানতঃ। অন্তশ্রাদ্ধং পুরা প্রোক্তং স্বয়মেব স্বয়ম্ভুবা। তে সত্বরং তত্তৎকার্য্যং দ্বিজঃ পিতৃপরায়ণৈঃ॥১২৬ তীর্থেঽক্ষতে গৃহে বাপি সংক্রান্তেঽপি গ্রহেঽপি বা। বিষুবে তু তথা বাপি জন্মনক্ষত্রপীড়নে। এতে বৈ শ্রাদ্ধকালাঃ স্যুঃ পুরা স্বায়ম্ভুবোঽব্রবীৎ॥১২৭ কৃতে শ্রাদ্ধে নরৈ পুংসাং পীড়া ভবতি দেহজা। ইহা-মুত্রকৃতং বাপি সর্ব্বং ত্যজতি দুষ্কৃতং॥১২৮ যাম্যা ন ভবতে পীড়া গ্রহচৌর নৃপাদিকা। দুষ্কৃতং নশ্যতে সর্ব্বং পরত্র চ গতিং শুভাং ১২৯ লভতে নাত্র সন্দেহঃ প্রজাপতি বরোযথা। কামেশ্বরী সপ্তবেদ অশ্বক্রান্তস্ত কার্ত্তিকে॥

মহগণের সদ্গতি লাভ ও প্রীতিলাভ হয়। অকালেই হউক বা কালেই হউক, নরগণ নিয়তই গয়াশ্রাদ্ধ করিবে।১২১ তথায় সর্ব্বদাই স্নান ও তর্পণ করিলে, দোষাবহ হয় না। তথায় পিণ্ডদান পিতৃগণের অত্যন্ত প্রিয়।১২২ গয়ায় গগনমণ্ডলে পিতৃগণ আগমন করিয়া, পিণ্ডপ্রাপ্তি প্রত্যাশায় অবস্থান করেন; অতএব ভক্তিপূর্ব্বক তাঁহাদের আশাপূরণ একান্তই কর্ত্তব্য।১২৩ তদ্বিষয়ে বিলম্ব কর্ত্তব্য নয়, তাহাতে বিঘ্নবাধা গ্রাহ্য করিবেন। যাঁহারা গয়ায় পিণ্ডদান করে, তাহাদের সন্তানসন্ততি অবিচ্ছিন্ন থাকে।১২৪ বৃদ্ধি শ্রাদ্ধাভিলাষী পিতৃগণ পুত্রদান করিয়া থাকেন।১২৫ অতএব কদাচই তাঁহাদিগকে নিরাশ করিবে না। পুরাকালে ভগবান্ স্বয়ম্ভূ স্বয়ং অন্তঃ-শ্রাদ্ধের বিষয় কীর্ত্তন করিয়াছেন। পিতৃপরায়ণ দ্বিজগণ ১২৬ সেই কার্য্য সত্বর সম্পাদন করিবেন। তীর্থে অক্ষতে বা গৃহে, সংক্রমণকালে ১২৭ গ্রহণে বিষুবকালে, জন্মনক্ষত্র এই সকল প্রশস্ত শ্রাদ্ধকাল, ইহা ভগবান্ স্বয়ম্ভূ কহিয়াছেন। শ্রাদ্ধ করিলে পুরুষগণের দেহজপীড়া হয় না এবং ইহ পরলোকজ দুষ্কৃত সকল ১২৮ ও যমযাতনা গ্রহচৌরনৃপাদিজনিত পীড়া ও সর্ব্বপাপ বিনষ্ট হয় এবং তাহারা পরলোকে শুভগতি প্রাপ্ত হইয়া থাকে, সন্দেহ নাই।১২৯ যেরূপ প্রজাপতির বর ব্যর্থ হয় না, সেইরূপ ঐ সকলও কদাচ ব্যর্থ হইবার নহে। কামেশ্বরী সপ্তবেদ ও অশ্বক্রান্তে কার্ত্তিকে পঞ্চ-

মাতৃমুখ্যং গয়াশ্রাদ্ধং পিতৃমুখ্যঞ্চ অন্যতঃ। পিণ্ডঞ্চ ষোড়শং দদ্যাদ্ বহুলং কারয়েৎ সুধীঃ॥১৩০ পাতয়েৎ ক্ষীরধারাশ্চ আরোহং সোমপর্ব্বতং। সাক্ষিণঃ সন্তু মে দেবাঃ ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ॥ মহাগয়াং সমাসাদ্য অনূহতমৃগত্রয়াৎ॥১৩১ ততোভের্য্যাদিশব্দেন আরোহেৎ শিবিকাং নবঃ॥১৩২ গৃহং গত্বা সমভ্যর্চ্চ্য গৃহদেবীং যথাবিধি। ব্রাহ্মণান্ ভোজয়েৎ পশ্চাৎ অক্ষয্যমুপধারয়েৎ॥১৩৩ ভুঞ্জীত ব্রাহ্মণৈঃ সার্দ্ধং দক্ষিণামুপপাতয়েৎ॥১৩৪ অস্মিন্ পিণ্ডপ্রদানেন আগস্ত্যে বিরজেষু চ। দশাশ্বমধিকশ্চৈব তথা বিষ্ণুপদেষু চ॥১৩৫ একত্র পিণ্ডদং কশ্চিৎ পুনঃ শ্রাদ্ধং বিবর্জ্জয়েৎ। পুনরাকর্ষণং কৃত্বা শাপঃ পতিত মূর্দ্ধনি॥১৩৬ ত্রিদিনং পাতয়েৎ পিণ্ডং গয়ায়াঞ্চ বিশেষতঃ। ততোমাতৃগয়ায়াঞ্চ একাহমপি পাতয়েৎ। আগস্ত্যে বিরজে চৈব পাতয়েচ্চ দিনত্রয়ং॥১৩৭

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে কামরূপাধিকারে
দ্বাবিংশতিসাহস্রে দ্বিতীয়ভাগে চতুর্থঃ পটলঃ।

ভগবানুবাচ। ততঃ প্রভাতে বিমলে সাধকঃ সিদ্ধিমানসঃ। সোমশৈলস্য

নাদ কর্ত্তব্য। গয়াশ্রাদ্ধ মাতৃমুখ্য, অন্যত্রশ্রাদ্ধ পিতৃমুখ্য জানিবে। সুধীগণ প্রথমে ষোড়শ পিণ্ড প্রদান করিয়া, তৎপরে বহুল পিণ্ড প্রদান করিবে।১৩০ তদনন্তর "সাক্ষিণঃ সন্তুমে দেবা ব্রহ্মবিষ্ণু মহেশ্বরা। মহাগয়াং সমাসাদ্য অনহূত মৃগত্রয়াৎ।" এই মন্ত্রে আরোহ সোমপর্ব্বতে ক্ষীরধারা সম্পাতিত করিবে।১৩১ তদনন্তর ভেরীপ্রভৃতি শব্দ করিয়া, নরগণ শিবিকারোহণ করিবে।১৩২ তৎপরে ব্রাহ্মণ ভোজন করাইবে ও অক্ষয্যাবধারণ করিবে।১৩৩ তদনন্তর ব্রাহ্মণগণের সহিত ভোজন করিয়া দক্ষিণাদান কর্ত্তব্য।১৩৪ গয়াতীর্থে, আগস্ত্যে ও বিরজে দশাশ্বমেধিকে, বিষ্ণুপদে একত্র পিণ্ডপ্রদান করিবে।১৩৫ তথায় পুনঃ শ্রাদ্ধবর্জ্জন করিবে। পুনর্ব্বার আকর্ষণ করিলে, মস্তকে অভিশাপ পতিত হয়।১৩৬ বিশেষতঃ গয়ায় তিন দিন পিণ্ডপাতন করিবে; তদনন্তর মাতৃগয়ায় একদিন পিণ্ডপাতন কর্ত্তব্য। আগস্ত্যে ও বিরজে তিনদিন পিণ্ডপাতন করিবে।১৩৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বিতীয়ভাগে চতুর্থ পটলঃ।

শ্রীভগবান্ কহিলেন, তদনন্তর বিমল প্রাতঃকালে সিদ্ধ্যভিলাষী সাধক, সোমশৈলের ঈশানকোণে দৃষ্টিমাত্র অন্তরে অবস্থিতমান্ শৈলে গমনপূর্ব্বক

ঐশান্যাং দৃষ্টিমাত্রান্তরে প্রিয়ে। মানশৈলং ততোগত্বা গচ্ছেদ্বারাণসীং সরঃ ॥১ সণীশ্বরস্য ঐশান্যে কিঞ্চিৎ পূর্ব্বাদিগোচরে। ধনুঃসপ্তান্তরে চৈব কুণ্ডং বারাণসীয়কং ॥২ দ্বাবিংশদ্ধনুরায়ামং সর্ব্বদেবৈশ্চ সংযুতং। দেবী ত্রিপথগা তত্র গোমতী চ সরস্বতী ॥৩ করতোয়াদিব্যনদঃ লৌহিত্যো ঘর্ঘরস্ততঃ। সরযুর্ধূত-পাপা চ নর্ম্মদা চ মহানদী ॥৪ দৃশদ্বতী দেবিকা চ তথা চর্ম্মন্বতী নদী। কৃষ্ণ-বেণ্যা তথা পুণ্যা শোণঃ শ্বেনঃ মহানদঃ ॥৫ কাবেরী যমুনা চৈব যে চান্যে নানুকীর্ত্তিতাঃ। মম প্রীত্যর্থ মায়ান্তি কুণ্ডং বারাণসীয়কং ॥৬ উদধির্গহ্বরাংশ্চৈব ক্ষীরোদশ্চ তথা পয়ঃ। ঘৃতোদশ্চৈব মদ্যোদো দধ্যোদ শ্চৈব সাগরঃ। হ্রদাশ্চ সরিতশ্চৈব তীর্থানি বিবিধানি চ। মধুমাসে চতুর্দ্দশ্যাং সমায়ান্তি ন সংশয়ঃ ॥৭ বৈশাখস্য তৃতীয়ায়াং সমায়ান্তি সুমধ্যমে। স্নাত্বা তত্র দিবং যান্তি যাবদাহূত-সংপ্লবং ॥৮ জগন্মাযে জগদ্দীপে জগৎপাপপ্রণাশিনি। অমৃতং দেহি মে কুণ্ডে বারাণসি নমোঽস্তু তে ॥৯ ইত্যনেন তু মন্ত্রেণ অন্যেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥১০ তস্য দক্ষিণদিগ্‌ভাগে ধনুঃপঞ্চ প্রমাণতঃ। দ্বাবিংশতি ধনুর্ম্মানং কুণ্ডং মণিকর্ণি-কাহ্বয়ং। মণিকর্ণ সমং তীর্থং ন ভূতং ন ভবিষ্যতি ॥১১ সত্যং সত্যং পুনঃ

বারাণসী সরোবরে গমন করিবে।১ মনীশ্বরের ঈশানকোণে কিঞ্চিৎ পূর্ব্ব-দিগ্‌ভাগে সপ্তধনুঃ অন্তরে বারাণসীয়ক কুণ্ড।২ তাহা দৈর্ঘ্যে দ্বাবিংশৎধনুঃ পরিমিত, উহাতে দেবতাগণ সততই সন্নিহিত থাকেন। দেবী ত্রিপথগামিনী গোমতী, সরস্বতী, ৩ করতোয়া, দিব্যনদ লৌহিত্য,ঘর্ঘরা,সরযূ ও নির্ধৌত-পাপ মহানদী নর্ম্মদা, ৪ দৃশদ্বতী, দেবিকা, চর্ম্মণ্বতী, পুণ্যদায়িনী কৃষ্ণবেন্না, মহানদ ৫ শোন ও শ্বেন,কাবেরী,যমুনা এবং অন্যান্য বহুতর নদনদী আমার প্রীতির নিমিত্ত বারাণসীয়ক কুণ্ডে আগমন করিয়া সন্নিহিত থাকে।৬ উদধি ও গহ্বরগণ, ক্ষীরোদ, পয়োদ, ঘৃতোদ, মদ্যোদ, দধ্যোদ ও সাগর, হ্রদসকল সরিদ্গণ ও বিবিধ তীর্থ এই সকলই চৈত্র মাসের তৃতীয়ায় ৭ ও বৈশাখ মাসের তৃতীয়ায় তথায় আগমন করে, সন্দেহ নাই। তথায় স্নান করিলে, প্রলয়কাল পর্য্যন্ত স্বর্গভোগ করে।৮ "জগন্মায়ে জগদ্দীপে জগৎপাপ প্রণাশিনি। অমৃতং দেহি মে কুণ্ডে বারাণসি নমোঽস্তুতে ॥"৯ এই মন্ত্র দ্বারা অর্ঘ্য নিবেদন করিবে।১০ তাহার দক্ষিণদিগ্‌ভাগে পঞ্চধনুঃ প্রমাণ দূরে দ্বাবিংশতিধনুঃপরিমিত মণিকর্ণিকাকুণ্ড; হে মহেশ্বরি! মণিকর্ণসমান তীর্থ হয় নাই হইবারও নহে।১১ ইহা সত্য সত্যই বারম্বার কহিতেছি। ব্রহ্মাণ্ড-

সত্যং সত্যমেব সুনিশ্চিতং। মণিকর্ণসমং তীর্থং নাস্তি ব্রহ্মাণ্ডগোলকে ॥১২ যুগাদিষু চ সংক্রান্তৌ উপরাগে মহেশ্বরি। স্নানং মধ্যন্দিনে কুর্য্যা মহাপাতকনাশনং ॥১৩ মণিকর্ণে সুরশ্রেষ্ঠে মণীশ্বরি মণিপ্রিয়ে। অয়ং হরকৃতাবাসো মণিকর্ণ নমোঽস্তু তে ॥১৪ মন্ত্রেণানেন স্নাত্বা তু প্রণিপত্য প্রপূজয়েৎ ॥১৫ ঐশান্যাং মণিশৈলস্য মঙ্গলা নাম বৈ নদী। নীর নীর বহন্তীব পাপৌঘানি পুনীহি মে ॥১৬ মন্ত্রেণ স্নাত্বা দেবেশি প্রণিপত্য প্রসাদয়েৎ। মণীশ্বরং ততো গত্বা ক্ষালয়েৎ মন্ত্রমুচ্চরন্ ॥১৭ দ্বিতীয়কমেনং স্পৃষ্ট্বা তু তৃতীয়েনাভিপূজয়েৎ ॥১৮ কলাহস্তদ্বযাং শেন সিদ্ধক্ষেত্র মিহোচ্যতে। হংসোঽর্ঘ্যাসন মারূঢ়ো রশ্মিবিন্দু সমাসিতঃ ॥১৯ মন্ত্রোঽয়ং দেবদেবস্য ঋষির্গর্গউদাহৃতঃ। ছন্দোঽনুষ্টুপ্ ভবোদেব ইষ্টার্থে বিনিযোজয়েৎ ॥২০ উদ্যৎ কিরীট শকলং বিমলং স দেবোবিভর্ত্তি বৈয়াঘ্রতনুশ্চতুর্ভিঃ। শূলঞ্চ বং বৈ বরঞ্চ বজ্রং রক্তং ত্রিনেত্রং পরমঃ মৃগস্থং ॥২১ মধ্যে দেবং পূজয়েৎ কৃত্তিবাসং ভীমং দেবং তৎপুরস্তাৎ হরঞ্চ। ভবীসামং শক্রমধ্যেবিসংজ্ঞং পশ্চাদেবং বামনং কালসংজ্ঞং ॥২২

গোলকে মণিকর্ণসমান তীর্থ আর নাই, ইহা নিশ্চিতই জানিবে।১২ যুগাদিতে, সংক্রমণে, গ্রহণকালে, মধ্যাহ্নসময়ে মণিকর্ণিকায় স্নান করিলে, মহাপাতক বিনাশ পায়।১৩ "মণিকর্ণেসুরশ্রেষ্ঠে মণীশ্বরি মণিপ্রিয়ে। অয়ং হরকৃতাবাসো মণিকর্ণ নমোঽস্তুতে ॥"১৪ এই মন্ত্রে স্নান ও প্রণিপাত করিয়া পূজা করিবে।১৫ "ঐশান্যাং মণিশৈলস্য মঙ্গলানাম বৈনদী। নীর নীর বহন্তীব পাপৌঘানি পুনীহি মে ॥"১৬ এই মন্ত্রে প্রণাম করিয়া প্রসাদন করিবে। তদনন্তর মনীশ্বরে গমন করিয়া, প্রথম মন্ত্র উচ্চারণপূর্ব্বক ক্ষালনানন্তর১৭ দ্বিতীয় মন্ত্র দ্বারা স্পর্শ করিয়া তৃতীয় মন্ত্রে পূজা করিবে।১৮ এই স্থলে কলাহস্তাংশদ্বয়স্থান, সিদ্ধক্ষেত্র বলিয়া কথিত হয়। "হংসোঽর্ঘ্যাসনমারূঢ়ো রশ্মিবিন্দু সমাসিতঃ ॥"১৯ দেবদেবের এই মন্ত্র গর্গমুনি কহিয়াছেন, ইহার ছন্দঃ অনুষ্টুপ্, ভব ইহার দেবতা, ইষ্টার্থে বিনিয়োগ করিবে।২০ যে দেবের কারিট স্থিত মণিখণ্ডসকলের কিরণচ্ছটা উদ্গত হইতেছে, যিনি নিজদেহে ব্যাঘ্রকীর্ত্তি ধারণ করিয়াছেন; যিনি শূল, বর, অভয় ও বজ্র এতচ্চতুষ্টয়ে শোভমান; যিনি লোহিতবর্ণ লোচনত্রয়ে বিরাজিত ২১ ও মৃগস্থ অঙ্গ ভীমমূর্ত্তি, সেই পরমদেব কীর্ত্তিবাসে।হর মহেশ্বরের মধ্যভাগে পূজা করিবে। অনন্তর কালসংজ্ঞক বামনের পূজানন্তর২২ তৎপরস্থিতা বারাণসীকীর্ত্তিশক্তি সকলের পদ্মপত্রে পূজা করিয়া, বহির্ভাগে শ্রীকণ্ঠাদির পূজাপূর্ব্বক

যজেচ্ছক্তীঃ পদ্মপত্রেষু দেবী বারাণসীকীর্ত্তি স্তয়োঃপুরস্তাৎ। শ্রীকণ্ঠাদ্যন্তবহিঃ সংযজেদ্বৈ গৃহান্ পশ্চাৎ তৎপুরস্তাদ্দিগাদীশান্ ॥২৩ বামেঽনন্তঃ পূজিতঃ স্যাৎ। পিণাকী দক্ষিণে ভাগে কমলা সর্ব্বতশ্চ হ। সিদ্ধেশাখ্যাদগ্রতশ্চ প্রপূজ্য স্বৈঃ স্বৈর্মন্ত্রৈঃ স্বৈর্মন্ত্রৈঃ স্বীয়কল্পোদিতৈশ্চ ॥২৪ মণিনাথঞ্চাদিলিঙ্গং ব্রহ্মপাষাণ মক্ষয়ং। ঐশান্যাং মঙ্গলা দেবি এতন্মধ্যতমং প্রিয়ে ॥২৫ ক্রোশত্রয় মিদং ক্ষেত্রং মণিপীঠং সুরার্চ্চিতে। দক্ষবক্ত্রে চ কামেশী হয়গ্রীবস্ত পশ্চিমে ॥২৬ উত্তরে কমলং লিঙ্গং উত্তরায়াঃ সমুদ্ভবঃ। পূর্ব্ববক্ত্রে চ বিরজা উত্তরে কীল-কোদ্ভবং ॥২৭ অন্যত্র বৈ কোটিদ্বয়ং সর্ব্বং বামোদ্ভবং ভবেৎ। রমণায়াঃ সমুদ্ভূতং কুণ্ডং পঞ্চশতং শতং ॥২৮ সার্দ্ধকোটিস্তথা লিঙ্গং ত্রিংশতঞ্চ কলৌ যুগে। ভূম্যন্তরস্থং লক্ষ্যঞ্চ সার্দ্ধলক্ষং জলে প্রিয়ে ॥২৯ দ্বিলক্ষং পর্ব্বতে চৈব পঞ্চলক্ষং গুহাসু চ। ভূমিপীঠে লক্ষসপ্তং বৃক্ষমূলে তু লক্ষকং ॥৩০ কুণ্ডমধ্য গতং লিঙ্গং অর্দ্ধলক্ষং বিজানীহি। সন্ধ্যা সন্ধ্যাং শকে চৈব কুণ্ডং লৌহিত্য পাবনং ॥৩১ নবেন্দুশাকে দেবেশি বিদিতং সর্ব্বমেব তু। ত্র্যংশে সন্ধ্যাং শকে চৈব যদা শূদ্রো ভবেন্নৃপঃ ॥৩২ তদা কামেশ্বরী দেবী স্ফুটিতা মধ্যমাংশকে। অন্তে নৈব শাকেশ্বরী স্ফুটিতা মধ্যমেঽংশকে ॥৩৩ অন্ত্যাংশে চ শাকে চ দেবী

তৎপুরস্থিত দিগীশগণের ও বামভাগে অনন্তের অর্চ্চনা করিবে।২৩ দক্ষিণভাগে পিণাকী ও সর্ব্বতকমলাদেবী এবং অগ্রে সিদ্ধেশাখ্য দেবতা এই সকল দেবতার কল্পোক্ত স্ব স্ব মন্ত্র দ্বারা পূজা করিয়া, ২৪ মণিনাথ আদিলিঙ্গ অক্ষয় ব্রহ্মপাষাণ ইহাঁদের পূজা করিবে। হে দেবি! ঈশানকোণভাগে মঙ্গলাদেবী অবস্থান করেন, ইহা মধ্যতম ক্ষেত্র।২৫ হে সুরার্চ্চিতে শঙ্করি! এই মণিপীঠক্ষেত্র তিনক্রোশ ব্যাপ্ত। ইহার দক্ষিণমুখে কামেশী, পশ্চিমে হয়গ্রীব, ২৬ উত্তরে উত্তরাসমুদ্ভূত কমললিঙ্গ। পূর্ব্ববক্ত্রে বিরজা, উত্তরে কীলকোদ্ভব ২৭ অন্যত্র বামোদ্ভব দুইকোটি কুণ্ড এবং রমণাসম্ভব পঞ্চশতশত কুণ্ড২৮ এবং সার্দ্ধকোটি লিঙ্গ আছে; কিন্তু কলিযুগে তিনশত লিঙ্গ বর্ত্তমান। হে প্রিয়ে! ভূমির অন্তরে লক্ষ, জলে সার্দ্ধলক্ষ,২৯ পর্ব্বতে দ্বিলক্ষ, গুহায় পঞ্চলক্ষ, ভূমিপীঠে সপ্তলক্ষ, বৃক্ষমূলে লক্ষ, ৩০ কুণ্ডমধ্যে অর্দ্ধলক্ষ লিঙ্গ আছে। সন্ধ্যা সন্ধ্যাংশকে পবিত্র লৌহিত্যকুণ্ড।৩১ নবেন্দুশাকে তাহা সর্ব্বত্র বিদিত হইয়াছে। সন্ধ্যায় ত্র্যংশশকে যখন শূদ্র নরপতি হইবে,৩২ তখন কামেশ্বরী দেবী মধ্যমাংশকে স্ফুটিতা হইবেন।৩৩ অনন্তর মধ্যমাংশকে শাকেশ্বরী স্ফুটিতা হইবেন। অন্ত্যাংশশকে উর্ব্বশী

সুব্যক্তো উর্ব্বশী তদা। ভূশাকে মাধবে ব্যক্তাস্থধাংশে বিরজা প্রিয়ে ॥৩৪ দিব্যেশ্বরত্বং যৎফলং রাজসূয়েন লভ্যতে। তৎফলংপ্রাপ্যতেদেবি পূজনাদ্বন্দনাৎ প্রিয়ে ॥৩৫ বায়ব্যে মানশৈলস্য বরাহো নাম পর্ব্বতঃ ॥৩৬ তস্য পূর্ব্বদক্ষিণে চ নরনারায়ণং সরঃ। তত্র পীত্বা চ স্নাত্বা চ বিষ্ণুলোকে মহীয়তে ॥৩৭ তস্য পশ্চিম তীরে চ লিঙ্গং সোমেশ্বরং হরং। তীর্থং প্রভাসনামানং মৃতানাং মুক্তিদং ফলং ॥৩৮ দেবনাৎ কৃতপিণ্ডানাং পাপর্জিতং কামদং নৃণাং। তত্র বৈনায়কং তীর্থং বায়ব্যে ধনুরষ্টকং ॥৩৯ সশতধনুর্বায়ামং প্রভাসং তীর্থমুত্তমং। বায়ব্যে তস্য দেবেশি ধনুরর্ক প্রমাণতঃ ॥৪০ তীর্থং বিন্দুসরঃ পুণ্যং স্নানাৎ পাতকনাশনং। মণিমোমাচলান্তেন সহস্র পঞ্চকং ধনুঃ ॥৪১ ভূলিঙ্গে চ ভবেৎ কোটীজ্যামুত্রা চ সরস্বতী। ধনুষ্কোকিলকঃ শম্ভুর্লক্ষঃ কালিকুদাস্থতাঃ ॥৪২ নাটকাচল পূর্ব্বে তু মতঙ্গোনাম পর্ব্বতঃ। অগ্নৌ হয়াচলং যাবৎ শিবস্যান্ত গৃহং স্মৃতং ॥৪৩ অন্তর্গৃহ মৃতানাঞ্চ যান্তি ব্রহ্মসনাতনং। অক্ষয়ং সৎকৃতং তত্র যৎকৃতঞ্চ তদক্ষয়ং ॥৪৪ মণিশৈলে স্থিতাযে চ যে মৃতাস্তে পুন-

---

দেবী সুব্যক্তা হইবেন। ভূশাকে মধ্যমাংশে বিরজা ব্যক্তা হইবেন।৩৪ হে দেবি! রাজসূয় দ্বারা যে দিবেশ্বরত্ব ফল লাভ হয়, তথায় পূজা বন্দনাদি করিলে,সেই ফল লাভ করিতে পারে,সন্দেহ নাই।৩৫ হে প্রিয়ে। মানশৈলের বায়ব্যকোণে বরাহ কোণে বরাহ নামে এক পর্ব্বত আছে,৩৬ তাহার পূর্ব্বদিকে নরনারায়ণসরঃ বিদ্যমান আছে। তথায় স্নান পান করিলে স্বর্গলোকে পূজাপ্রাপ্ত হয়।৩৭ তাহার পশ্চিম তীরে সোমেশ্বরলিঙ্গ শিব বিদ্যমান; সেই তীর্থের নাম প্রভাস। এই তীর্থ মৃতগণকে পরলোকে মুক্তি প্রদান করিয়া থাকে।৩৮ তথায় বায়ব্যে অষ্টধনুঃপরিমিত বৈনায়কতীর্থ;৩৯ প্রভাসতীর্থ শত ধনু আয়ামবিশিষ্ট। হে দেবি! তাহারবায়ব্যকোণে দ্বাদশধনুঃপরিমিত বিন্দুসরঃ নামক পাতকনাশন পুণ্যতীর্থ বিদমান আছে।৪০ তাহা মণিমোমাচল পর্য্যন্ত পঞ্চ সহস্রধনুঃ বিস্তৃত।৪১ ভূলিঙ্গে কোটিধনুঃপরিমিতা সরস্বতী। তথায় ধনুষ্কোকিলক শম্ভু ও লক্ষকালিকা অবস্থিত আছেন।৪২ নাটকাচলের পূর্ব্বে মতঙ্গ নামে পর্ব্বত; এখানে হয়াচল পর্য্যন্ত স্থান শিবের অন্তর্গৃহ বলিয়া উক্ত হয়।৪৩ যে মানব অন্তর্গৃহে প্রাণত্যাগ করে, তাহারা অক্ষয় ব্রহ্মসনাতনপদ প্রাপ্ত হয় এবং তথায় যে কিছু সৎক্রিয়া করে, তৎসমস্তই অক্ষয় হয়।৪৪ যাহারা মণিশৈলে অবস্থিতি করে, তাহাদিগকে আর পুনর্জন্ম গ্রহণ করিতে হয় না। তথায় দান করিলে কুরুক্ষেত্র-সমান ফল প্রাপ্ত হয়,

র্ভবাঃ। তত্র দানং কুরুক্ষেত্র সমং ভবতি নান্যথা ॥৪৫ অশ্বতীর্থেন্দ্র মধ্যে তু ব্রহ্মাবধি রুদাহৃতঃ। বরাহস্য মুখেতোয়ং দৃষ্টা মৎস্যোদরী তদা॥ আষাঢ়ে বর্ষণে বিষ্ণো র্যদা মৎস্যোদরং ভবেৎ ॥৪৬ তদা সর্ব্বপ্রযত্নেন স্নানং কুর্য্যান্মম প্রিয়ে। শতজন্ম কৃতং পাপং স্নানান্নশ্যতি নিশ্চিতং ॥৪৭ ভাদ্রে বা শ্রাবণে বাপি তদার্দ্ধং লভেৎ ফলং। কার্ত্তিকে দৃশ্যতে কশ্চিৎ ফলং দশগুণোত্তরং ॥৪৮ হস্তাচলস্য পূর্ব্বে তু কিঞ্চিদৈশান্যগোচরে। ভস্মাচলং স্থিরং ভূত্বা সমীক্ষ্যেত কামমুচ্চরন্ ॥৪৯ কীলকাচরমে ভাগে নাক্রান্তং সূত্রপাতয়েৎ ॥৫০ তৎক্ষেত্রস্যোত্তরে ভাগে ধনুরর্ক প্রমাণতঃ। উর্ব্বশী সা সমাখ্যাতা সর্ব্বকিল্বিষনাশিনী ॥৫১॥ মাঘে মাসি সিতে পক্ষে দ্বাদশ্যাঞ্চ সমাহিতঃ। স্নাত্বাশ্বমেধজং পুণ্যং লভতে সংক্রমেষু চ ॥৫২ দিনক্ষয়ে চ গ্রহণেন ন স্নায়াদ্ধি কদাচন। নাশোঽপি জ্যেষ্ঠপুত্রস্য ধনস্য পরমেশ্বরি ॥৫৩ তাবং শ্রবণশূন্যঞ্চ বারাহং স শিখী স্থিতঃ। সমার্ণকো বহ্নিজায়া হনন্তোহয়ং প্রকীর্ত্তিতঃ ॥৫৪ পৃথিব্যাং যানি তীর্থানি আসমুদ্রসরাংসি চ। উর্ব্বশ্যন্তানি সর্ব্বাণি পাপং হর নমোঽস্তু তে ॥৫৫ মন্ত্রেণ বিধিবৎ স্নাত্বা উত্তরাশা মুখেন তু। বারুণেন চ মন্ত্রেণ দদ্যাদর্ঘ্যং বিভূতয়ে ॥৫৬ পূর্ব্বাশা মজ্জনং কৃত্বা মহালক্ষ্যার্ব্বিমুচ্যতে। ধনং ধান্যং প্রজাবৃদ্ধিঃ কুবেরা

সন্দেহ নাই।৪৫ অশ্বতীর্থেন্দ্রের মধ্যে ব্রহ্মাবধি উক্ত হয়। তখন বরাহের মুখে তোয় ও মৎস্যোদরী দর্শন করিবে। আষাঢ়বর্ষণকালে যখন বিষ্ণুর মৎস্যোদর হয়,৪৬ তখন সর্ব্বপ্রযত্নে তথায় স্নান কর্ত্তব্য। এই স্থানে শতজন্মকৃত পাপ নিশ্চই বিনষ্ট হইয়া যায়।৪৭ ভাদ্রে বা শ্রাবণে অর্দ্ধেক ফল, কার্ত্তিকে তাহার দশগুণোত্তর ফল লাভ হয়।৪৮ হস্তাচলের পূর্ব্বে কিঞ্চিৎ ঐশান্যগোচরে স্থির মন্ত্রোচ্চারণপূর্ব্বক ভস্মাচল দর্শন করিবে।৪৯ কীলকের চরমভাগে আক্রান্ত সূত্রপাত করিবে না।৫০ সেই ক্ষেত্রের উত্তরভাগে দ্বাদশ ধনুপ্রমাণ সর্ব্বকল্মষবিনাশিনী উর্ব্বশী;৫১ তথায় মাঘমাসের শুক্লদ্বাদশীতে এবং সংক্রমণে সমাহিত হইয়া স্নান করিলে অশ্বমেধতুল্য ফল লাভ হয়।৫২ হে পরমেশ্বরি! সায়ংকালে বা গ্রহণে কদাচ তথায় স্নান কর্ত্তব্য নয়,তাহাতে জ্যেষ্ঠপুত্র ও ধন বিনষ্ট হয়।৫৩ "তাবং শ্রবণশূন্যঞ্চ বারাহং স শিখীস্থিতঃ। সমার্ণকো বহ্নিজায়া হনন্তোহয়ং প্রকীর্ত্তিতঃ।৫৪ পৃথিব্যাং যানি তীর্থানি আসমুদ্রসরাংসি চ। উর্ব্বশ্যন্তানি সর্ব্বাণি পাপং হর নমোঽস্তু তে।"৫৫ এই মন্ত্রদ্বারা উত্তরমুখে বিধিপূর্ব্বক স্নান করিয়া বিভূতির নিমিত্ত বারুণমন্ত্রে অর্ঘ্য প্রদান করিবে।৫৬ পূর্ব্বাভিমুখে স্নান করিলে মহালক্ষ্মী বিচলিত হন।

শাবিমজ্জনাৎ ॥৫৭ তস্যাঃ পূর্ব্বে চার্কধনুঃ অযুত্-সং তথাপরং। সূর্য্যতীর্থমিতি খ্যাতং দেবানামপি দুর্ল্লভং ॥৫৮ ঋষয়ঃ সিদ্ধগন্ধর্ব্বা স্তীর্থানি চ সরাংসি চ। মাহাত্ম্য মতুলং তস্য সূর্য্য কুণ্ডস্য শঙ্করি ॥৫৯ ভৃগ্বস্তং গগনং দেবি ভৃগুঃ স্বর্ণান্তিকামনুঃ। স্নানে চ পূজনে চার্ঘ্যং স্তবৌ চ বিনিয়োজযেৎ ॥৬০ চৈত্রে মাঘে চ মাসি চ সপ্তম্যাং রবিবাসরে। স্নাত্বা মোহন্তমবাপ্নোতি সূর্য্যলোকঞ্চ বিন্দতি ॥৬১ রক্তাংশোবিংশসম্ভূত মহাপাতকনাশন। হর্ম্মানস মহাভাগ পাপং হর নমোঽস্তু তে ॥৬২ তৎপূর্ব্বে তু পঞ্চধনুঃ কামাখ্যং নাম বৈ সরঃ। তত্র স্নাত্বা ত্রয়োদশ্যাং সর্ব্বান্ কামানবাপ্নুয়াত্তা ॥৬৩ ধাত্রীফলং মুখে কৃত্বা যস্ত স্নানং সমাচরেৎ। অপুত্রো লভতে পুত্রং রাজানং পৃথিবীপতিং ॥৬৪ চৈত্রেসিতত্রয়োদশ্যাং স্নাত্বা রাজ্যঞ্চ বিন্দতি। বক্ষ্যমাণেন মন্ত্রেণ কামেনার্ঘ্যং নিবেদয়েৎ। কামকুণ্ড মহাভাগ স্বয়ং দেবীভিঃ সংস্কৃতঃ। প্রযচ্ছ কামান্ সকলান্ পাপাচ্চ ত্রাহি সর্ব্বতঃ।৬৫।৬৬ সূর্য্যতীর্থে চার্ঘ্যদানং যঃ করোতি বরাঙ্গনে। শতমষ্টোত্তরঞ্চাপি সহস্র মযুতন্তথা। দ্বাদশকন্তথাষ্টৌ বা অশ্বমেধ ফলং লভেৎ ॥৬৭ মাঘে বা ফাল্গুনে বাপি স্বাহার্ঘ্যং সপ্তমীদিনে। স্নাত্বা রব্যুদয়ে কালে

উত্তরাভিমুখনিমজ্জনে ধনধান্য প্রজাবৃদ্ধি হয়।৫৭ তাহার পূর্ব্বে দ্বাদশধনুঃপরিমিত অযুতাংশ দেবগণেরও দুর্ল্লভ বিখ্যাত সূর্য্যতীর্থ।৫৮ ঋষিগণ, সিদ্ধগণ ও গন্ধর্ব্বগণ, তীর্থসকল ও সরোবর সকলই সেই সূর্য্যকুণ্ডের সন্নিহিত আছে। হে শঙ্করি! সেই সূর্য্যকুণ্ডের মাহাত্ম্য অতুল্য।৫৯ হে দেবি। ভৃগ্বন্ত গগন এবং ভৃগু স্বর্ণান্তিক মনু স্নানে ও পূজনে অর্ঘ্য ও স্তবে বিনিযোগ করিবে।৬০ চৈত্র ও মাঘমাসে সপ্তমীতে রবিবারে স্নান করিলে সূর্য্যলোক প্রাপ্ত হয়।৬১ "রক্তাংশো বিংশসম্ভূত মহাপাতকনাশন। হর্ম্মানস মহাভাগ পাপংহর নমোঽস্তুতে।"৬২ এই মন্ত্রে পূজা ও প্রণাম করিবে। তাহার পূর্ব্বভাগে পঞ্চধনুঃপরিমিত কামাখ্যনামক সরোবর, তথায় ত্রয়োদশীতে স্নান করিলে, সর্ব্বকাম প্রাপ্ত হয়।৬৩ ধাত্রীফল মুখে করিয়া স্নান করিলে, অপুত্রক ব্যক্তি পুত্র প্রাপ্ত হয় এবং পৃথিবীপতি রাজার প্রসাদলাভ করে।৬৪ চৈত্রমাসের শুক্লত্রয়োদশীতে স্নান করিলে রাজ্য লাভ হয়। "কামকুণ্ড মহাভাগ স্বয়ং দেবীভিঃসংস্কৃত। প্রযচ্ছ কামান্ সকলান্ পাপাচ্চ ত্রাহি সর্ব্বতঃ।" এই মন্ত্রে অর্ঘ্য নিবেদন করিবে।৬৫।৬৬ হে বরাঙ্গনে! যে মানব সূর্য্যতীর্থে অষ্টোত্তরশতসহস্র বা অযুত অথবা দ্বাদশ বা অষ্ট অর্ঘ্য প্রদান করে, সে অশ্বমেধের ফল প্রাপ্ত হয়।৬৭ মাঘ বা ফাল্গুনমাসে সপ্তমীদিনে

কুষ্ঠী পাপাদ্বিমুচ্যতে ॥৬৭ অপুষ্পিতা চ বিংশাহাং যা নারী পরমেশ্বরি। তাত্রাভ্যর্চ্চ্যার্ঘ্যদানেন সা নারী পুষ্পিতা ভবেৎ ॥৬৮ যোঽর্ঘ্যন্তু মার্ত্তপাত্রেণ আদিত্যস্ত চ শঙ্করি। সপ্ত জন্মনি দারিদ্র্যং মৃতে সা চাভিজায়তে ॥৬৯ মৃতাপত্যা চ যা নারী অহ্নি সংপূজ্য ভাস্করং। করবীরেণ বার্কেণ তথা ধাত্রীফলেন চ। করবীরশতং দত্ত্বা না পুত্রোজায়তে কচিৎ ॥৭০ অভাবে করবীরস্য পত্রাণ্যপি নিবেদয়েৎ। রক্তং রুদ্রজটঞ্চৈব রক্তঞ্চ করবীরকং ॥৭১ তথা রক্তত্বয়া দেবি শস্তং ভাস্করপূজনে। সর্ব্বেষাঞ্চৈব পুষ্পাণাং শ্রেষ্ঠঞ্চ করবীরকং ॥৭২ একঞ্চ করবীরঞ্চ রক্তপদ্মসহস্রকং। প্রতিপুষ্পে চাশ্বমেধ ফলং সম্যক্ প্রজায়তে ॥৭৩ তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন করবীরেণ পূজয়েৎ। অভাবে করবীরস্য ত্রিবারং বাগ্‌যতঃ স্মরেৎ ॥৭৪ উচ্চরেৎ করবীরেতী ন তথা কোটী জাপ্যতঃ। প্রীতিঃ স্যাং করবীরস্য ন তথা যাতি ভাস্করঃ ॥৭৫ সম্বৎসরস্য মধ্যে তু বারৈকং সপ্তমীব্রতং। সূর্য্যতীর্থে সকৃৎ কৃত্বা পুনাতি সপ্তমং কুলং ॥৭৬ অপরাহ্নং পরং কালং বিজানীহি ব্রতস্য চ। ন্যূনাতিরিক্তে দেবেশি ন সিদ্ধির্জায়তে ভুবি ॥৭৭ দ্বিপকং বর্জ্জয়েদ্ যস্মাদ্ ঘৃতঞ্চৈব কলায়কং। কশেরুশৃঙ্গবেরঞ্চ লবণঞ্চ কষায়কং ॥ অম্ল-

---

সূর্য্যোদয়কালে স্নান করিলে কুষ্ঠী ব্যক্তি পাপ হইতে বিমুক্ত হয়। হে পরমেশ্বরি। যে নারী অপুষ্পিতা অর্থাৎ কালে ঋতুমতী না হয়, সে তথায় অর্চ্চনাপূর্ব্বক অর্ঘ্যদান করিলে বিংশতি দিবস মধ্যে পুষ্পিত হইবে।৬৮ হে শঙ্করি! মৃৎপাত্রে আদিত্যের অর্ঘ্যদান করিলে সপ্তজন্ম শ্রীমন্তের গৃহে জন্ম লাভ করিয়া দারিদ্র্য প্রাপ্ত হয় না।৬৯ মৃতাপত্যা নারী দিবাভাগে করবীর সহ অর্ক পুষ্প বা ধাত্রীফল সহ করবীরশত দ্বারা ভাস্কর পূজা করিলে পুত্রবতী হইয়া থাকে।৭০ করবীর অভাবে করবীর পত্রও নিবেদন করিবে। রক্ত রুদ্রজট ও রক্তকরবীর৭১ ও অন্যান্য রক্তপুষ্প ভাস্কর পূজায় প্রশস্ত হয়। সকল পুষ্পের মধ্যে করবীর শ্রেষ্ঠ পুষ্প।৭২ একটী করবীর সহস্র রক্তপদ্মের তুল্য। প্রতি পুষ্পে অশ্বমেধের ফল হয়।৭৩ অতএব সর্ব্বপ্রযত্নেই করবীর পুষ্পে পূজা করিবে। করবীর অভাবে বাগ্‌যত হইয়া তিনবার করবীর স্মরণ করিবে।৭৪ 'করবীর' এই বাক্য উচ্চারণ করিলে, কোটি জপের সমান হয়। করবীর দ্বারা ভাস্করদেবের যেরূপ প্রীতি হয়, অন্য পুষ্পে সেরূপ হয় না।৭৫ সম্বৎসর মধ্যে সূর্য্যতীর্থে একবার সপ্তমী ব্রত করিলে, সপ্তম কুল পবিত্র করিয়া থাকে। অপরাহ্নই ব্রতের প্রশস্তকাল জানিবে।৭৬ হে দেবেশি! তাহার ন্যূনাতিরেক হইলে ভূতলে সিদ্ধি লাভ হয় না।৭৭ দ্বিপক্ব কলায় ও

ঞ্চৈব তথা তিক্তং দূষিতঞ্চ ন ভক্ষয়েৎ ॥৭৮ শিলাপত্রেণ ভোক্তব্যং রৌপ্যতাম্রে কদাচন ॥৭৯ মদনস্য দক্ষভাগে ধনুঃপংক্তি প্রমাণতঃ। তীর্থং গঙ্গাসরিন্নাম তত্র স্নাত্বা মহৎফলং ॥ গঙ্গাতীরে নরঃ স্নাত্বা পিতৃন্ দেবাংশ্চ তর্পয়েদ্। ব্রহ্মলোকং সমাপ্নোতি রবিসংক্রমণে গ্রহে ॥৮০ বিষ্ণুপাদরজঃসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্ম্মদ্রবি সরিৎশ্রেষ্ঠে ত্রাহি মাং সর্ব্বপাতকাৎ ॥৮১ তুলায়াং মকরে চৈব শুক্লাষ্টম্যাঞ্চ ভাবিনি। স্নানমাত্রেণ নরেণ বিষ্ণুলোকে মহীয়তে ॥৮২ তস্য দক্ষিণ দিগ্‌ভাগে ধনুরষ্টপ্রমাণতঃ। আগস্ত্যং পরমং তীর্থং মৃতানাং ভুক্তিমুক্তিদং। যো গত্বা মজ্জয়েন্মর্ত্যঃ সর্ব্বজ্ঞত্ব মবাপ্নুয়াৎ ॥৮৩ স্বয়ং দেবো মহাদেবো বিষ্ণুস্তত্র চ সংস্থিতঃ। কামাখ্যায়াশ্চক্রীড়ার্থং আগস্ত্যং কুণ্ড মুত্তমং। সর্ব্বপাপহরং শুদ্ধং বিষ্ণুব্রহ্মাদিভির্বৃতং। দেবদানববিদ্যাধ্বগ্মন্দিতং সর্ব্বকামদং ॥ নানারত্নাদিভিশ্ছন্নং সোপানং সুমনোহরং। শল্যেস্ত্বোৎপাদিতং কুণ্ডং মহাদেব্যাশ্চতুষ্টয়ং ॥৮৪-৮৬ মাঘে চ কার্ত্তিকে চৈব শুক্লপক্ষে বরাননে। দশম্যাং স্নানমাত্রেণ পুষ্করস্য ফলং লভেৎ ॥৮৭ শতজন্মকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি। সহস্রজন্মজং পাপং বিষুবে চ দিনক্ষয়ে ॥৮৮ পৌষে চ কর্কটে চৈব কৃষ্ণাষ্টম্যাং

ঘৃত পরিবর্জ্জন করিবে। কশেরু,আর্দ্রক,লবণ,কষায়,অম্ল ও তিক্ত এবং দূষিত বস্তু ভক্ষণ করিবে না।৭৮ শিলাপাত্রে ভোজন কর্ত্তব্য। রৌপ্যপাত্রে বা রজত পাত্রে কদাচ ভক্ষণ করিবে না।৭৯ মদনের দক্ষিণভাগে পঞ্চধনু প্রমাণ গঙ্গাসরঃ নামক তীর্থ, তাহাতে স্নান করিলে সুমহান্ ফল লাভ হয়। গঙ্গাসরঃ তীরে রবিসংক্রমণে ও গ্রহণকালে স্নানানন্তর দেবপিতৃগণের তর্পণ করিলে, ব্রহ্ম লোক প্রাপ্ত হয়।৮০ তুলায়, মকরে শুক্লাষ্টমীতে "ধর্ম্মদ্রবি সরিৎশ্রেষ্ঠে ত্রাহিমাং সর্ব্বপাতকাৎ।"৮১ এই মন্ত্রে স্নান করিলে বিষ্ণুলোকে পূজা প্রাপ্ত হয়।৮২ তাহার দক্ষিণদিগ্‌ভাগে অষ্টধনুপ্রমাণ আগস্ত্যনামক পরমতীর্থ, তাহাতে প্রাণ পরিত্যাগ করিলে নরগণ ভোগমোক্ষ প্রাপ্ত হয়। যে নর তথায় গিয়া মজ্জন করে, সে সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হয়।৮৩ স্বয়ং মহাদেব ও বিষ্ণু তথায় অবস্থিত আছেন। কামাখ্যার ক্রীড়ার নিমিত্ত সর্ব্বপাপহর, বিশুদ্ধ, ব্রহ্মবিষ্ণু প্রভৃতি দেবগণ দ্বারা সেবিত, বিদ্যাধরবন্দিত, সর্ব্বকামপ্রদ, নানারত্নসম্পন্ন মনোহর সোপানবিশিষ্ট পুণ্যতম আগস্ত্যকুণ্ড বিদ্যমান আছে। মহাদেবীর কুণ্ডচতুষ্টয় শল্যকর্ত্তৃক উৎপাদিত হইয়াছে।৮৪।৮৬ হে বরাননে! মাঘ বা কার্ত্তিকের শুক্লপক্ষের দশমীতে স্নান করিলে পুষ্কর তীর্থের ফল লাভ হয় ৮৭ এবং শতজন্মের কৃত পাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয় এবং সহস্রজন্মজ পাপ

মহেশ্বরি। স্নানঞ্চ বর্জ্জয়েদ্দেবি ভার্য্যাহানির্ভবেদ্যতঃ ॥৮৯ যথা বরাণসী পুণ্যা তথা পুণ্যা ন সংশয়ঃ। গুহ্যতীর্থং পরং দেবি নাত্র কার্য্যা বিচারণা ॥৯০ এতদ্‌গুহ্যতমং ক্ষেত্র মেতদ্‌গুহ্যতরং পরং। যত্র গত্বা নরঃ সদ্যো মুচ্যতে সর্ব্বপাতকৈঃ ॥৯১ যত্র দেবো মহাদেবো যত্র দেবী সরস্বতী। গঙ্গাদি সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাঃ সপ্তএব হি ॥৯২ নদাঃ শোণাদয়োযত্র তীর্থানি চ সরাংসি চ। কিম্বা বামে পরীতস্ত কুণ্ডস্ত পরমেষ্ঠিনঃ। ন শক্যো বিস্তরা দ্বক্তুঃ ময়া জলজলোচনে ॥৯৩ যথা চরাচরং সর্ব্বং ত্রৈলোক্যং ত্রাসয়েল্লঘু। তথা ত্রায়স্ব মাং নিত্যং তীর্থবর্য্য নমোঽস্তু তে ॥৯৪ আগ্নেয়ে তস্ত ক্ষেত্রস্ত কিঞ্চিৎ পশ্চিমগোচরে। একবিংশদ্ধনুর্ম্মানং বাসবং নাম তীর্থকং॥৯৫ বাসবে পরমে তীর্থে স্নাত্বাভ্যর্চ্চ্য চ বাসবং। শক্রবীজেন দেবেশি ইষ্টস্ত সদনং ব্রজেৎ। বক্ষ্যমাণেন মন্ত্রেণ ধরণ্যার্ঘ্যং নিবেদয়েৎ। বাসবাখ্যং মহাতীর্থং সর্ব্বপাপ প্রণাশনং। তবাম্ভসি নিমজ্জ্যাথ যথোক্তফলদোভব ॥৯৬।৯৭ তস্ত পশ্চিমতো দেবি নাতিদূরে ব্যবস্থিতঃ। ধনুঃসপ্তপ্রমাণেন বম্ভাতীর্থং মহেশ্বরি ॥৯৮ রম্ভা তীর্থে

বিনষ্ট হইলে, প্রলয় পর্য্যন্ত পুণ্যলোক লাভ করে।৮৮ হে মহেশ্বরি! পৌষে, কর্কটে ও কৃষ্ণাষ্টমীতে স্নান করিবে না; তাহা করিলে ভার্য্যাহানি হয়।৮৯ বারাণসী যেরূপ পুণ্যময়ী, ইহাও তদ্রূপ সন্দেহ নাই। হে দেবি! ইহা পরম গুহ্যক্ষেত্র।৯০ এই তীর্থ পরম গুহ্যতম, ইহাতে গমন করিলে নরগণ সদ্যই সর্ব্বপাপ হইতে বিমুক্ত হয়।৯১ এখানে মহাদেব দেবী সরস্বতী, গঙ্গাদি সরিদ্গণ, সপ্তসমুদ্র, ৯২ শোণাদি নদসকল এবং সর্ব্বতীর্থ ও সর্ব্বসরোবরগণ, পরমেষ্ঠির কুণ্ডের বামে বিরাজিত আছে। হে জলজলোচনে! আমি আর বিস্তারিতরূপে বর্ণনা করিতে অশক্ত।৯৩ "যথা চরাচরং সর্ব্বং ত্রৈলোক্যং ত্রাসয়েল্লঘু। তথা ত্রায়স্বমাম্ নিত্যং তীর্থবর্য্য নমোঽস্তুতে।"৯৪ এই মন্ত্র দ্বারা তথায় পূজার্ঘ্যাদি প্রদান করিবে। সেই ক্ষেত্রের আগ্নেয়কোণে কিঞ্চিৎ পশ্চিমদিকে একবিংশতিধনুঃপরিমিত বাসবনামক তীর্থ;৯৫ পরমতীর্থ বাসবে স্নান ও শক্রবীজে বাসবের পূজা করিয়া, অভিলষিত স্থানে গমন করিতে সমর্থ হয়। "বাসবাখ্যং মহাতীর্থং সর্ব্বপাপ প্রণাশনং। তবাম্ভসি নিমজ্জ্যাথ যথোক্ত ফলদো ভব।" এই মন্ত্রে অর্ঘ্য নিবেদন করিবে।৯৬।৯৭ হে মহেশ্বরি! তাহার পশ্চিমদিকে নাতিদূরেস্থিত সপ্তধনুঃপ্রমাণ বম্ভাতীর্থ।৯৮ নরগণ রম্ভাতীর্থে স্নান করিয়া রূপবান্ হয়। পতিব্রতা নারী ভর্ত্তার সহিত তথায় জ্ঞানপূর্ব্বক প্রাণবিসর্জ্জন করিয়া, প্রথমে

নবঃ স্নাত্বা রূপবানভিজায়তে। সহ ভর্ত্রা মৃতাভবেৎ জ্ঞানান্নারী পতিব্রতা। রম্ভালোকঞ্চ তদনু তদন্তে তথরং হরে॥৯৯ যাতি নাস্ত্যত্র সন্দেহঃ শেষে চ গুরুবাসরে। ব্রহ্মকর্ম্মসমুদ্ভূতে সর্ব্বকামপ্রদে শুভে। কামত্রয়ি নমস্তেহস্তু ত্রাহি মাং ভবসাগরাৎ। স্নাত্বানেন রম্ভায়ৈ মন্ত্রেণার্ঘ্যং নিবেদয়েৎ।১০০।১০১ ক্ষেত্রস্থ পশ্চিমে ভাগে ধনুস্ত্রিংশৎপ্রমাণতঃ। তত্রৈব রুক্মিণীকুণ্ডং স্নাত্বা ব্রহ্মপুরং ব্রজেৎ॥১০২ মুখস্থ ক্ষালনং কৃত্বা নারী বা পুরুষোঽপি বা। রূপবান্ পরলোকে তু জায়তে নাত্র সংশয়ঃ॥১০৩ স্নানং কন্দর্পবীজেন শৃণু ক্ষালনমন্ত্রকং। ব্রহ্মবিষ্ণুমহেশানৈঃ ক্ষালিতং বদনং ত্বয়ি। রূপবানশ্বিনোর্যাতি রূপং সত্যেন দেহি মে।১০৪।১০৫ বায়ব্যে তস্থ ক্ষেত্রস্থ ধনুরষ্টাগ্রসম্মিতং। পিতৃণাং পবমং তীর্থং স্নানাদ্যাতি পরাং গতিং॥১০৬ পিতৃতীর্থ মহাভাগ স্বয়ং দেবাষ্টসংকৃতং। তৃপ্তিহেতো মহাভাগ অঘোরাত্মাং পুনীহি তাঃ॥১০৭ অত্র স্নাত্বা চ মন্ত্রেণ পিতৃমেধফলং লভেৎ। আগস্ত্যস্থ তু দক্ষে চ গত্বা স্নাত্বা চ তর্প্য চ॥১০৮ ধনুর্ব্বেদপ্রমাণঞ্চ গবাক্ষাগতি বৈ সবঃ। তত্র গত্বা চ সপ্তম্যাং পিতৃণামনৃণোভবেৎ॥১০৯ গয়াতীর্থং মহাতীর্থং পিতৃণাং নাস্তি তৎসমং। পাবনং

রম্ভালোকে, তদনন্তর হরিলোকে গমন করিয়া থাকে, সন্দেহ নাই।৯৯ তথায় গুরুবারে "ব্রহ্মকর্ম্মসমুদ্ভূতে সর্ব্বকামপ্রদে শুভে। কামত্রয়ি নমস্তেঽস্তু ত্রাহি মাং ভবসাগরাৎ।" এই মন্ত্র দ্বারা স্নান করিয়া, রম্ভাকে অর্ঘ্য নিবেদন করিবে।১০০।১০১ ক্ষেত্রের পশ্চিমভাগে ত্রিংশৎধনুঃপ্রমাণ সেই স্থানেই রুক্মিণীকুণ্ড, তথায় স্নান করিয়া, ব্রহ্মপুরে গমন করিয়া থাকে।১০২ নর বা নারীই হউক, এই তীর্থে মুখপ্রক্ষালন করিয়া, পরলোকে রূপ লাভ করে, সন্দেহ নাই।১০৩ কন্দর্পবীজমন্ত্রে স্নান কর্তব্য। "ব্রহ্মবিষ্ণুমহেশানৈঃ ক্ষালিতং বদনং ত্বয়ি। রূপবানাশ্বিনোর্যাতি রূপং সত্যেন দেহি মে।" ইহাই মুখপ্রক্ষালন মন্ত্র।১০৪।১০৫ সেই ক্ষেত্রের বায়ব্যে অষ্টধনুঃপরিমিত পিতৃগণের পরমতীর্থ, তথায় স্নান করিলে পরমাগতি প্রাপ্ত হয়।১০৬ "পিতৃতীর্থ মহাভাগ স্বয়ং দেবাষ্ট সংকৃতং। তৃপ্তিহেতো মহাভাগ অঘোরাত্মাং পুনীহি তাঃ।"১০৭ এই মন্ত্র দ্বারা তথায় স্নান করিলে, পিতৃমেধযজ্ঞের ফল লাভ হয়।১০৮ আগস্ত্যের দক্ষিণ গমনপূর্ব্বক স্নান তর্পণানন্তর চতুর্ধনুঃপ্রমাণ গবাক্ষগতি তীর্থে গমন করিলে, পিতৃগণের ঋণ হইতে মুক্ত হয়।১০৯ "গয়াতীর্থং মহাতীর্থং পিতৃণাং নাস্তি তৎসমং। পাবনং

সর্ব্বতীর্থেষু তন্ মাং পুনীত পাপতঃ ॥১১০ অনেন স্নানং কৃত্বা তু উত্তীর্য্য ধৌত বাসসী। পিধায় তিলকং দদ্যাৎ ক্ষেত্রং কুর্য্যাৎ প্রদক্ষিণং ॥১১১ গত্বা দশাশ্বক্ষেত্রে চ পিণ্ডং দদ্যাৎ সমাহিতঃ। তত্র দেবি ষোড়শকৈ পিতৄন্ সমর্চ্চয়েদ্বুধঃ ॥১১২ ক্ষীরেণ মধুনা চৈব পাদাপনয়নেন চ। দক্ষিণাদি ক্রমাচ্চাত্র একৈকৈর্হস্তকং চ তৎ। বেদীষোড়শীকস্তত্র প্রতি বেদী সমর্চ্চয়েৎ ॥১১৩ গয়াকূপে নরঃ স্নাত্বা দৃষ্ট্বা দেবমুমাপতিং। আত্মানং তারয়েৎ সদ্যোদশপূর্ব্বান্ দশাপরান্ ॥১১৪ বিষ্ণুর্ব্রহ্মাদ্যরুদ্রশ্চ আগস্ত্যশ্চ শতক্রতুঃ। গণেশশ্চৈব ক্রৌঞ্চশ্চ কুমারশ্চ প্রজাপতিঃ ॥১১৫ চ্যবনঃ কশ্যপশ্চৈব পুলস্ত্যশ্চ যথাক্রমাৎ। অশ্বক্রান্তস্ত বৃদ্ধ্যেব মাগত্যামৃতবাসরে। অত্র মাতুঃপৃথক্ পিণ্ডমন্যত্র পতিনা সহ ॥১১৬ দশাশ্বমেধে যঃ পিণ্ডোনাম্না যেষান্তু নির্ব্বপেৎ। নাকস্থাশ্চ দিবং যান্তি স্বর্গস্থা মোক্ষমাপ্নুয়ুঃ ॥১১৭ যেঽস্মৎকুলে চ পিতরোলুপ্তপিণ্ডোদকক্রিযাঃ। যে চাপ্যকৃতচূড়াশ্চ যে চ গর্ভাদ্বিনিঃসৃতাঃ। যেষাং দারান্ বিক্রয়া চ যেঽগ্নিদগ্ধাস্তথাপরে। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তাযান্তি পরাং গতিং ।১১৮।১১৯ পিতা

সর্ব্বতীর্থেষু ত্মাং পুনীত পাপতঃ ॥"১১০ এই মন্ত্রে স্নানানন্তর উঠিয়া ধৌত-বাসযুগল পরিধানপূর্ব্বক তিলক করিয়া ক্ষেত্রপ্রদক্ষিণ করিবে।১১১ অনন্তর দশাশ্বক্ষেত্রে গমন করিয়া সমাহিতচিত্তে পিণ্ড প্রদান কর্ত্তব্য। হে দেবি। বুধগণ তথায় ষোড়শ দ্বারা পিতৃগণের অর্চ্চনা কবিবে।১১২ তদনন্তর ক্ষীর মধু ও পাদপানয়ন দ্বারা অর্চ্চনা করিবে।১১৩ এই স্থানে এক এক হস্ত প্রমাণ ষোড়শদেবী আছে; দক্ষিণাদিক্রমে সেই দেবীসমূহের অর্চ্চনা কর্ত্তব্য। নরগণ গয়াকূপে স্নান ও দেবদেব উমাপতিকে স্পর্শ করিয়া আত্মার তারণ ও উর্দ্ধাধো দশ দশ পুরুষ পবিত্র করিয়া থাকে।১১৪ বিষ্ণু, ব্রহ্মা, রুদ্র, অগস্ত্য, শতক্রতু. গণেশ, ক্রৌঞ্চ,কুমার, প্রজাপতি, ১১৫ চ্যবন, কশ্যপ ও পুলস্ত্য ইহাঁরা যথাক্রমে অশ্বক্রান্ত ও আগস্ত্যের ন্যায় এই স্থানে সন্নিধি করিয়াছেন। এই স্থানে মাতার পৃথক্ পিণ্ডপ্রদান কর্ত্তব্য; অন্যত্র পতির সহিত পিণ্ডদান বিধেয়।১১৬ দশাশ্বমেধে যাঁহাদের নামে পিণ্ড প্রদত্ত হয়, তাঁহারা অস্বর্গস্থ থাকিলে 'স্বর্গস্থ ও স্বর্গস্থ' থাকিলে মোক্ষপ্রাপ্ত হয়।১১৭ আমাদের কুলে যে যে পিতৃগণের পিণ্ডোদকক্রিয়া লুপ্ত হইয়াছে, যে যে অকৃতচূড় বা যে যে ব্যক্তি গর্ভনিঃসৃত, যাঁহার যাঁহার দারপরিগ্রহ হয় নাই, যে যে ব্যক্তি অগ্নিতে দগ্ধ হইয়াছে, তাঁহারা অকালেই এই ভূমিদত্ত পিণ্ড দ্বারা তৃপ্ত এবং তৃপ্ত হইয়া পরমাগতি প্রাপ্ত হউন।১১৮।১১৯ পিতা,

মাতা মহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। মাতা পিতামহী চৈব তথৈব প্রপিতামহী। যথা পিতামহশ্চৈব প্রমাতামহ এব চ। যে চ সিংহ ব্যাঘ্র হতা অন্যৈশ্চ পেহতশ্চৈ যে। দংষ্ট্রিভিঃ শৃঙ্গভির্বাপি তেষাং পিণ্ডং দদাম্যহং।১২০।১২১ অগ্নিদগ্ধাশ্চ যে কেচিন্নাগ্নিদগ্ধাস্তথা পরে। বিদ্যুচ্চৌরহতা যে চ তেষাং পিণ্ডং দদাম্যহং॥১২২ পশুযোনিগতাযে চ পক্ষিকীটসরীসৃপাঃ। অথবা বৃক্ষযোনিস্থা স্তেষাং পিণ্ডং দদাম্যহং॥১২৩ অসংখ্যজনসংস্থাযে যে নীতাযমশাসনং। তেষা মুদ্ধরণার্থায ইমং পিণ্ডং দদাম্যহং॥১২৪ জাত্যন্তরসহস্রাণি ভ্রমন্তি স্বেন কর্ম্মণা। মনুষ্যান্তর্গতা যে চ তেষাং পিণ্ডং দদাম্যহং॥১২৫ অন্যেষাং যাতনাস্থানাং প্রেতলোকনিবাসিনাং। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহং॥১২৬ যেঽবান্ধবা বান্ধবাশ্চ যে হন্যজন্মনি বান্ধবাঃ। তেষাস্তু তৃপ্তিমাযান্তু পিণ্ডদানেন সর্ব্বদা॥১২৭ যে যে পিতৃকুলে জাতাঃ কুলে মাতু স্তথৈব চ। গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবাঃ স্মৃতাঃ। যে যে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদারবিবর্জ্জিতাঃ। ক্রিযালোপগতা যে চ জাতান্ধাঃ পঙ্গবস্তথা। বিরূপাবা

মাতামহ, প্রপিতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, তথা পিতামহ, প্রমাতামহ এবং যে কেহ সিংহব্যাঘ্রাদি দ্বারা অথবা অন্য হিংস্রাদি দ্বারা কিম্বা দংষ্ট্রী ও শৃঙ্গি দ্বারা হত হইয়াছেন, আমি তাঁহাদিগকে পিণ্ডপ্রদান করি।১২০।১২১ যে কেহ অগ্নি দ্বারা বা অন্যবিধ আগ্নেয়াদি দ্বারা ও বিদ্যুদাদি দ্বারা হত হইয়াছেন, আমি তাঁহাদিগকে পিণ্ডপ্রদান করি।১২২ যাহারা পশুযোনি বা পক্ষিকীট সরীসৃপাদি যোনি অথবা বৃক্ষযোনি প্রাপ্ত হইযাছেন, আমি তাঁহাদিগকে পিণ্ড প্রদান করি।১২৩ যাঁহারা অসংখ্য জনসংস্থিত আছেন, কিম্বা যাঁহারা যুদ্ধাদি দ্বারা যমসদন নীত হইয়াছেন, আমি তাঁহাদিগকে এই পিণ্ডপ্রদান করি।১২৪ যাঁহারা স্বীয় কর্ম্মফলে জাত্যন্তরসহস্রে পরিভ্রমণ করিতেছেন, যাঁহারা মনুজ জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহাদিগকে এই আমি পিণ্ডদান করিতেছি।১২৫ যাঁহারা অন্যবিধ যাতনে স্থিত, যাঁহারা প্রেতলোকনিবাসী, তাঁহাদের উদ্ধারের নিমিত্ত এই আমি পিণ্ডপ্রদান করিতেছি।১২৬ যাঁহারা বান্ধব বা অবান্ধব অথবা যাঁহারা অন্যজন্মে বান্ধব ছিলেন, এই পিণ্ড দ্বারা তাঁহারা সকলেই তৃপ্তিলাভ করুন।১২৭ যাঁহারা পিতৃকুলে বা মাতৃকুলে, গুরুকুলে, শ্বশুরকুলে, বন্ধুকুলে, জন্মগ্রহণ করিয়াছেন বা অন্যরূপে বান্ধব, আর যে কুলে পিণ্ড লোপ হইয়াছে, তৎকুলজগণ ও যাঁহারা পুত্রদারবর্জ্জিত, যাঁহাদের কুলে ক্রিয়াদি

সগর্ভা যে যে চ জাতাঃ কুলে মম। তেষাং পিণ্ডং ময়া দত্ত মক্ষয্য মুপতিষ্ঠতাং।১২৮।১৩০ যে বান্ধবা যে পিতৃবংশজাতা মাতুস্তথাভূৎ ভবনাদিকাযাঃ। কুলদ্বয়ে যে মম দাসভূতাভূতে স্তথেবাস্মৃত সেবকাশ্চ। মিত্রাণি সখ্যঃ পরসখ্যশ্চ বৃক্ষাঃ পুষ্পাশ্চ দুষ্টাশ্চ কুতোহপকারাঃ। জন্মান্তরে যে মম দাসভৃত্যাস্তে চাস্তিমং পিমণ্ডহং দদামি।১৩১।১৩২ সূর্য্যকুণ্ডস্য বায়ব্যে ধনুর্দ্দণ্ডান্তরে স্থিতঃ। দেবোগদাধরস্তত্র প্রণিপত্য প্রদাপয়েৎ॥১৩৩ সাক্ষিণঃ সন্তু মে দেবা ব্রাহ্মণা বসবস্তথা। ময়া গয়াং সমাসাদ্য পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা। আগতোহহং গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর। ত্বমেব সাক্ষী ভগবাননৃণোহহং ঋণত্রয়াৎ।১৩৪।১৩৫ পিতৃপিণ্ডস্য মধ্যে তু পিণ্ডং দদ্যাচ্চ ষোড়শ। বর্ত্তুলং কারয়েৎ পিণ্ডং ক্ষীরধারাং সুপাতয়েৎ॥১৩৬ গদাধরস্য বামে তু নাতিদূরেণ শঙ্করি। তত্র মাতৃগয়া দেবি দক্ষিণেন সুতীর্থকং। তথা গদাধরং দেবং কেশবং পুরুষোত্তমম্। তং প্রণম্য প্রযত্নেন ন ভূয়োজায়তে নরঃ।১৩৭।১৩৮ মৌনাদিত্যং মহাত্মানং কনকার্কং বিশেষতঃ। দৃষ্ট্বা মৌনেন বিপ্রর্ষিঃ পিতৃণা মনৃণো ভবেৎ॥১৩৯ ব্রহ্মাণং

লুপ্ত হইয়াছে, যাঁহারা জন্মান্ধ ও পঙ্গু, বিরূপ বা সগর্ভ, যাঁহারা আমার কুলে জন্মগ্রহণ করিয়াছেন, আমি তাঁহাদিগকে পিণ্ডদান করিতেছি, অক্ষয্য অবধারিত হউক।১২৮-১৩০ যাঁহারা বান্ধব ও পিতৃবংশজাত এবং মাতৃবংশজাত, যাঁহারা আমাদের আদিকায়, আমার কুলদ্বয়ে, যাহারা দাসভূত ভৃত্য ও সেবক এবং মিত্রসখা, পরসখা; বৃক্ষ, পুষ্প, দুষ্ট ও কৃতাপকারু এবং যাঁহারা জন্মান্তরে আমার দাসভূত, আমি তাঁহাদিগকে এই অন্তিমপিণ্ড প্রদান করিতেছি।১৩১।১৩২ সূর্য্যকুণ্ডের বায়ুকোণে ধনুঃদণ্ডান্তরে গদাধরদেব অবস্থিত আছেন, তাঁহাকে প্রণাম করিয়া পিণ্ডদান করিবে।১৩৩ দেবগণ, ব্রাহ্মণগণ ও বসুগণ আমার সাক্ষী হউন। আমি গয়ায় আসিয়া পিতৃগণের নিষ্কৃতি করিলাম। হে গদাধর! আমি পিতৃকার্য্যের নিমিত্ত গয়ায় আগমন করিলাম। হে দেব! তুমি সাক্ষী হও, আমি ঋণত্রয় হইতে মুক্ত হইলাম।১৩৪।১৩৫ পিতৃপিণ্ডের মধ্যে ষোড়শপিণ্ড প্রদান করিবে। পিণ্ডসকল বর্ত্তুলাকার করিয়া, তাহাতে ক্ষীরধারা নিপাতিত করিবে।১৩৬ হে শঙ্করি! গদাধরের বামভাগে নাতিদূরে মাতৃগয়া, দক্ষিণে সুতীর্থক। তথায় পুরুষোত্তম দেবকে যত্নপূর্ব্বক প্রণাম করিলে নরগণকে আর জন্মগ্রহণ করিতে হয় না।১৩৭।১৩৮ বিপ্রর্ষিগণ মহাত্মা মৌনাদিত্য, বিশেষতঃ কনকাদিত্যকে মৌনাবলম্বনে দর্শন করিয়া পিতৃগণের অনৃণগামী হইবে। তথায়

পূজয়িত্বা চ ব্রহ্মলোক মবাপ্নুযাৎ ॥১৪০ উর্ব্বশ্যা দক্ষিণে তীরে যা শিলা তুঙ্গন প্রভা। সা বিজ্ঞেয়া চ গায়ত্রী পূজযেদ্গন্ধচন্দনৈঃ ॥১৪১ গায়ত্রীং প্রাতরুত্থায় উপাগম্য তু নামশঃ। সন্ধ্যাং কৃত্বা প্রযত্নেন সর্ব্ববেদফলং লভেৎ ॥১৪২ সাবিত্রীঞ্চৈব মধ্যাহ্নে দৃষ্ট্বা যজ্ঞফলং লভেৎ। দশাশ্বমেধে ধনদোদেবদেবো জনার্দ্দনঃ ॥১৪৩ তত্র পিণ্ডপ্রদানেন তৃপ্তির্ভবতি শাশ্বতী ॥১৪৪ গয়ায়াং পিতৃরূপেণ দেবদেবো জনার্দ্দনঃ। তং দৃষ্ট্বা পুণ্ড[illegible]ক্ষং মুচ্যতে বৈ ঋণত্রয়াৎ ॥১৪৫ দৃষ্ট্বা পিতামহং দেবং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৪৬ মকরে বর্ত্তমানে চ গ্রহণে চন্দ্র সূর্য্যয়োঃ : দুর্ল্লভ স্ত্রিষু লোকেষু আগস্ত্যে পিণ্ড পাতনঃ ॥১৪৭ আত্মজো বা তথান্যোবা গয়া কূপে হশ্বমেধিকে। যন্নাম্না পাতযেৎ পিণ্ডং তং নযেদ্ব্রহ্ম শাশ্বতং ॥১৪৮ তদ্ব্রহ্মকল্পিতং স্থানং বিপ্রা ব্রহ্ম প্রকল্পিতাঃ। পূজিতৈঃ পূজিতাঃ সর্ব্বে পিতৃভিঃ সহ দেবতাঃ ॥১৪৯ তর্পয়েত্তু গযাং বিপ্রান্ হব্যকব্যবিধানতঃ। দানং নহি পরি ত্যাগো গয়ায়াস্তু বিধীযতে ॥১৫১ যঃ করোতি মহাদানং বৃষোৎসর্গং করোতি যঃ। দশাশ্বমেধিকে পুনর্জন্মক্ষিপতিমানবঃ ॥১৫১ চতুঃষষ্টি ধনুর্ম্মানং ক্ষেত্রমাগস্ত্য মীরিতং। পঞ্চপঞ্চাশতং

ব্রাহ্মণগণের পূজা করিযা ব্রহ্মলোক প্রাপ্ত হয়।১৪০ উর্ব্বশীর দক্ষিণ তীরে যে তুঙ্গন প্রভাশীলা আছে, তাঁহাকেই গায়ত্রী বলিয়া জানিবে, গন্ধ চন্দনাদি দ্বারা তাঁহার পূজা করিবে।১৪১ প্রাতঃকালে উঠিয়া গায়ত্রীর সমীপে গমন পূর্ব্বক, পরম যত্নে সন্ধ্যা করিলে সর্ব্ববেদ ফল লাভ ১৪২ এবং মধ্যাহ্নে সাবিত্রী দর্শন করিয়া যজ্ঞফল লাভ করে। দশাশ্বমেধে ধনদত্ত দেবদেব জনার্দ্দন অবস্থিত আছেন।১৪৩ তথায় পিণ্ড প্রদান করিলে নিত্যতৃপ্তি লাভ হয়।১৪৪ গয়াধামে দেবদেব জনার্দ্দন পিতৃরূপে অবস্থিত, সেই পুণ্ডরীকাক্ষ দেবকে দর্শন করিলে ঋণত্রয় হইতে মুক্তি প্রাপ্ত হয়।১৪৫ নরগণ তথায় পিতামহদেবকে দর্শন করিয়া সর্ব্ব পাপ হইতে মুক্ত হয়।১৪৬ মকর সংক্রমণ ও চন্দ্র, সূর্য্যের গ্রহণ কালে আগস্ত্যতীর্থে পিণ্ডপাতন ত্রিলোকে দুর্লভ ॥১৪৭ আত্মজই হউক বা অন্যই হউক, গয়াকূপে অশ্বমেধিকে যে নামে পিণ্ডপাতন করিবে, তাহাকে শাশ্বত ব্রহ্মধামে নীত করিবে সন্দেহ নাই।১৪৮ ব্রহ্মকল্পিত বিপ্রগণ, সেই ব্রহ্মকল্পিত স্থানে পূজিত পিতৃগণের সহিত দেবগণ কর্ত্তৃক পূজিত হয়।১৪৯ গয়ায় হব্যকব্য বিধানে বিপ্রগণকে তৃপ্ত করিবে। গয়ায় দান করা কর্ত্তব্য।১৫০ যে মানব দশাশ্বমেধিকে মহাদান বা বৃষোৎসর্গ করে, তাহার আর পুনর্জন্ম হয় না।১৫১ হে সুমধ্যমে। আগস্ত্যক্ষেত্র চতুঃষষ্টি ধনুঃপরিমিত, উহাতে

তীর্থং উক্তং তীর্থং সুমধ্যমে ॥১৫২ উর্ব্বশী চ তথা সূর্য্যঃ কামঃ পুত্রশ্চ বাসব। আগস্ত্যশ্চাশ্বমেধশ্চ তীর্থসারো গয়াবিলঃ ॥১৫৩ উদ্বন্ধনমৃতা যে, চ গলপাশ-মৃতাশ্চ যে। চিতিদৃষ্ট্বা চ যা নারী ক্রিয়া তেষাং ন বিদ্যতে। নান্ত্যেষ্টি র্ন চ দাহশ্চ নাশৌচং তেষু বিদ্যতে ।১৫৪।১৫৫ আগস্ত্যে চ গয়ায়াঞ্চ ক্রিয়াং কুর্য্যা-ত্রিরাত্রকং। অমায়াঞ্চ সমারভ্য কুর্য্যাচ্চৈব ক্রিরাত্রকং ॥১৪৬ অন্যত্র চ ক্রিয়াং তেষাং যঃ করোতি দুর্ম্মতিঃ। বিফলা চ ক্রিয়া তেষাং চরেচ্চান্দ্রায়ণং ব্রতং ।১৫৭ ততঃ শুদ্ধিমবাপ্নোতি অন্যথা পাতকী ভবেৎ ॥১৫৮ অশ্বতীর্থে কৃতং পাপং গয়ায়াস্তু বিনশ্যতি। গঙ্গায়াং যৎ কৃতং পাপং রামক্ষেত্রে বিন-শ্যতি ॥১৫৯ রামক্ষেত্রে কৃতং পাপং মণিকূটে বিনশ্যতি। মণিকূটে কৃতং পাপং নীলশৈলে বিনশ্যতি। নীলশৈলে কৃতং পাপং অন্তর্গেহে বিনশ্যতি। অন্তর্গেহে কৃতং পাপং সোমতীর্থে বিনশ্যতি ।১৬০।১৬১ সোমতীর্থে কৃতং পাপং মঙ্গলাযাং ব্যপোহতি। মঙ্গলায়ং কৃতং পাপং আগস্ত্যে তু বিনশ্যতি ॥১৬২ আগস্ত্যে যৎ কৃতং পাপং মন্দরে তদ্বিনশ্যতি। মন্দরে যৎ কৃতং পাপং বজ্রলেপে বিনশ্যতি ॥১৬৩ বজ্রলেপাচ্চ যৎ পাপং অশ্বক্রান্তে বিনশ্যতি। অশ্বক্রান্তে কৃতং পাপং উর্ব্বশ্যাং তদ্ব্যপোহতি ॥১৬৪ মাহাত্ম্যশ্রবণেনাথ সংহিতা-

---

পঞ্চ পঞ্চাশৎ তীর্থ আছে।১৫২ হে দেবি! উর্ব্বশী, সূর্য্য, কাম, পুত্র, বাসব, আগস্ত্য অশ্বমেধ ও গয়াবিল এই সমস্ত তীর্থ সার।১৫৩ যাহারা উদ্বন্ধনে ও গলপাশে মৃত হইয়াছে, যে নারীগণ চিতাস্পর্শ করিয়াছে, তাহা-দের অন্ত্যেষ্টি দাহ অশৌচ ও ক্রিয়াদি নাই।১৫৪।১৫৫ আগস্ত্যে ও গয়ায়, ত্রিরাত্র ক্রিয়া কর্ত্তব্য। অমায় আরম্ভ করিয়া ত্রিরাত্র ক্রিয়া করিবে।১৫৬ যে দুর্ম্মতি, অন্যত্র তাহাদের ক্রিয়া করে, তাহার সেই ক্রিয়া বিফলা হয়, সে চান্দ্রায়ণ ব্রত করিয়া বিশুদ্ধি লাভ করিবে।১৫৭ নচেৎ পাতকী হইবে।১৫৮ অশ্বতীর্থে পাপ করিলে তাহা গয়ায় বিনাশ পায়, গয়ায় পাপ করিলে রামক্ষেত্রে বিনষ্ট হয়।১৫৯ রামক্ষেত্রে পাপ করিলে তাহা মণিকূটে বিনাশ পায়, মণিকূটে পাপ করিলে নীলশৈলে, নীলশৈলে পাপ করিলে অন্তর্গেহে বিনষ্ট হয়, অন্তর্গেহে কৃতপাপ সোম তীর্থে বিনষ্ট হয়।১৬০।১৬১ সোম তীর্থে কৃতপাপ, মঙ্গলায় দূরীভূত হয়। মঙ্গলায় কৃতপাপ আগস্ত্যে বিনাশ পায়। আগস্ত্যে পাপ করিলে মন্দরে বিনষ্ট হয়। মন্দরে পাপ করিলে বজ্রলেপে বিনাশ পায়।১৬৩ বজ্রলেপে কৃতপাপ অশ্বক্রান্তে বিনাশ পায়। অশ্বক্রান্তে কৃতপাপ উর্ব্বশীতে বিনষ্ট হয়।১৬৪ হে মহেশানি। মাহাত্ম্য শ্রবণে ও সংহিত শ্রবণে দিব্য যাপন

শ্রবণেন বৈ। দিনং নয়েন্মহেশানি রাত্রৌ বিষ্ণুবিচিন্তনং। কৃত্বা বাসন্তু তত্রৈব-নক্তং ভোক্ত্যং ন বর্ত্তয়েৎ ॥১৬৫ ততোঽন্যদিবসে কাল্যা আগস্ত্যে স্নান মাচরেৎ ॥১৬৬ ভস্মাচলং স্পৃশাধারা সা বিজ্ঞেয়া সরস্বতী। তত্র স্নাত্বা মহেশানি অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১৬৭ বিষ্ণোর্ব্বক্ষঃস্থিতে ভদ্রে মকরন্দপ্রিয়ে শুভে। জন্মজন্মার্জ্জিতং পাপং হর মে পরমেশ্বরি ॥১৬৮ স্নায়াদনেন মন্ত্রেণ কার্ত্তিকীঞ্চ বিশেষতঃ ॥১৬৯ দেবস্য পূর্ব্বভাগে তু বাপী তিষ্ঠতি শোভনা। তস্যাঃ স্বচ্ছোদকং পীত্বা পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥১৭০ আগ্নেয়ে ভস্মশৈলস্য ধনুরষ্ট প্রমাণতঃ। পিশাচমোচনং নাম তীর্থং পরমকং শুভে ॥১৭১ পিশাচমোচনে তীর্থে পূজয়া-মাস শূলিনং। ইদং দেবস্য তল্লিঙ্গং কপর্দ্দীশ্বর মুত্তমং ॥১৭২ বায়ব্যে ভস্মকূটস্য ধনুর্বদনমানতঃ ॥১৭৩ কপালমোচনং নাম তীর্থেভ্য স্তীর্থ মুত্তমং। পূজনীয়ং প্রযত্নেন স্তোতব্যং বিবিধৈঃ স্তবৈঃ ॥১৭৪ কপালং পতিতং তস্য স্থানে চ মম সুন্দরি ।১৭৫ তস্মিন্ স্নাতো বরারোহে ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥১৭৬ কপালেশ্বর মীশান মস্মিন্ তীর্থে ব্যবস্থিতং ।১৭৭ তস্যোত্তরে ধনুঃপঞ্চ কপিলা নাম বৈ শিবে ॥১৭৮ তত্র স্নাত্বা বরারোহে মুচ্যতে ভববন্ধনাৎ ॥১৭৯ কপিলাহ্রদতীর্থে

এবং রাত্রে বিষ্ণু চিন্তন কর্ত্তব্য। তথায় বাস করিয়া রাত্রি যোগে ভক্ষণ কর্ত্তব্য নয় ।১৬৫ তদনন্তর অন্য দিবসে আগস্ত্য তীর্থে স্নান করিবে ।১৬৬ যে ধারা ভস্মাচল স্পর্শ করিতেছে, তাহাই সরস্বতী। হে মহেশানি! তথায় গমন করিলে অগ্নিষ্টোমের ফল লাভ করে ।১৬৭ "বিষ্ণোর্ব্বক্ষঃ স্থিতে ভদ্রে মকরন্দ প্রিয়ে শুভে। জন্ম জন্মার্জ্জিতং পাপং হর মে পরমেশ্বরি!"১৬৮ এই মন্ত্রদ্বারা স্নান, বিশেষতঃ কার্ত্তিকী স্নান করিবে ।১৬৯ দেবের পূর্ব্বভাগে, শোভনাবাপী অবস্থিত আছে; তাহার স্বচ্ছোদক পান করিলে তাহাকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না ।১৭০ হে কল্যাণি! ভস্মশৈলের আগ্নেয়কোণে অষ্ট-ধনুঃ প্রমাণ পিশাচ মোচন নামক পরম তীর্থ ।১৭১ এই তীর্থে ভগবান ত্রিলোচনের পূজা করিবে। ইহাই দেবদেবের কপর্দ্দীশ্বর নাম কলিঙ্গ ।১৭২ ভস্মকূটের বায়ুকোণে পঞ্চধনুঃপ্রমাণ ১৭৩ কমল লোচন নামক উত্তম তীর্থ, তাহাতে সর্ব্বপ্রযত্নে বিবিধস্তোত্রে স্তব ও পূজা করিবে ।১৭৪ হে সুন্দরি! তথায় মম কপাল পতিত হইয়াছে ।১৭৫ হে বরারোহে! তাহাতে স্নান করিলে ব্রহ্মহত্যা পাপ বিনষ্ট হয় ।১৭৬ এই তীর্থে কপালেশ্বর ঈশান অবস্থিত আছেন ।১৭৭ তাহার উত্তর ভাগে পঞ্চধনুঃপ্রমাণ কপিলা নামক তীর্থ ।১৭৮ তাহাতে স্নান করিলে ভববন্ধন হইতে মুক্ত হয় ।১৭৯ হে শিবে! সংযত

হস্মিন্ স্নাত্বা সংযতমানসঃ। বৃষধ্বজং শিবং দৃষ্টা সর্ব্বযজ্ঞফলং লভেৎ ।।১৮০ পূর্ব্বাশাভিমুখেনৈব আরোহেদ্ভস্মকূটকং। বক্ষ্যমাণেন মন্ত্রেণ পূজয়িত্বা প্রশস্ততে ॥১৮১ বৃষাচল নমস্তে হস্ত ধর্ম্মমার্গ ত্রিপিষ্টপ। আরোহয়ামি শিখরং ভস্মকূট নমোহস্তু তে ॥১৮২ পশ্চিমাভিমুখং যস্তু আরোহেৎ পর্ব্বতং যদি। দশজন্মকৃতং পুণ্যং তৎক্ষণাদেব নশ্যতি ॥১৮৩ উত্তরাভিমুখো যস্তু যশ্চ ঐশান্য সংমুখঃ। ধনং পুত্রং কলত্রঞ্চ সর্ব্বং নশ্যতি তৎক্ষণাৎ ॥১৮৪ অন্য দ্বারং প্রবক্ষ্যামি গুহ্যাদ্ গুহ্যতরং শুভং। বৃষধ্বজস্য মাহাত্ম্যং শৃণু দেবি বরাননে। সংযুক্তা সোমবারেণ অমাবস্যা ভবেদ্যদি। তদা ভস্মাচলং গত্বা দেব মভ্যর্চ্চ্য যত্নতঃ। কুলৈকবিংশ মুদ্ধৃত্য স গচ্ছেৎ পরমং পদং ॥১৮৫ গন্ধাদ্যৈঃ স্নাপয়ে ল্লিঙ্গং কমলৈঃ সুমনোহরৈঃ। পঞ্চামৃতেন তোয়েন চন্দনেন বিলেপয়েৎ ॥১৮৬ মহাত্মানাং ততঃ কুর্য্যান্মাসান্তে প্রতিপর্ব্বণি। বিল্বপত্রেণ সংপূজ্য রত্নতোয়েন স্নাপয়েৎ ॥১৮৭ প্রসাদেন তু মন্ত্রেণ রুদ্রপুষ্পেণ পূজয়েৎ। বন্ধূকেন জয়ন্তেন মালূরেণ বিশেষতঃ ॥১৮৮ ধ্যেয়ঃ প্রীতো দেবদেবঃ পিণাকী পাংশুনেত্রৈ র্দ্দীপ্যমানৈ স্তৃতীয়ৈঃ। লোলৈঃ সাক্ষাৎ সর্ব্বপাপৌঘহর্ত্তা

মানস হইয়া এই কপিলা হ্রদতীর্থে স্নানানন্তর বৃষধ্বজকে দর্শন করিলে, সর্ব্বযজ্ঞের ফল লাভ হয় ॥১৮০ পূর্ব্ব মুখে ভস্মকূটে আরোহণ করিবে।১৮১ "বৃষাচল নমস্তে হস্ত ধর্ম্মমার্গ ত্রিপিষ্টপ আরোহয়ামি শিখরং ভস্মকূট নমোহস্তুতে" ॥১৮৩ এই মন্ত্রদ্বারা পূজা করিলে পুণ্য লোক লাভ হয়। যদি কেহ পশ্চিমাভিমুখে পর্ব্বতারোহণ করে, তবে তাহার দশ জন্মকৃত পুণ্য তৎক্ষণাৎ বিনষ্ট হয়।১৮৩ যে উত্তরাভিমুখে বা ঈশান কোণাভিমুখে আরোহণ করে, তাহার ধন, পুত্র কলত্রাদি সমস্ত তৎক্ষণাৎ বিনষ্ট হয়।১৮৪ হে বরাননে দেবি! গুহ্যাদপিগুহ্য শুভকর বৃষভধ্বজের মহাত্ম্য শ্রবণ কর। সোমবার সংযুক্ত অমাবস্যায় ভস্মাচলে গমন পূর্ব্বক যত্ন সহকারে দেবদেবের অর্চ্চনা করিলে, একবিংশতি কুল উদ্ধার করিয়া স্বয়ং পরম পদ প্রাপ্ত হয়।১৮৫ সুমনোহর কমল ও গন্ধাদি দ্বারা সেই লিঙ্গের স্নানানন্তর তাহাতে পঞ্চামৃত তোয়চন্দন বিলেপন করিবে।১৮৬ তৎপরে মাসান্তে প্রতিপর্ব্বে রত্ন তোয়দ্বারা স্নান করাইয়া বিল্বপত্রে পূজা করিবে।১৮৭ তদনন্তর প্রসাদমন্ত্র ও রুদ্র পুষ্প, বন্ধূক, জয়ন্ত ও বিশেষতঃ মালূর দ্বারা পূজা কর্ত্তব্য।১৮৮ তদনন্তর দেবদেব পিণাকী, লোল ত্রিনেত্র দ্বারা দীপ্যমান, সর্ব্বপাপৌঘহর্ত্তা, দেব-

বিভ্রত্বাদ্রং শ্চতুরো দেবদেবঃ ॥১৮৯ বিভ্রত্বাসশ্চর্ম্ম বৈয়াঘ্রকাণ্ডং ভূত্যা শুভ্রং শশিকান্তং বপুশ্চ। দেব্যা গাত্রে নীলদেহো মুখশ্চ স্পৃশন্ পাণিং পাণিনা সুপ্রমত্তঃ ॥১৯০ পত্রেষু পূজয়েদেতা দেবতাঃ পরমেষ্ঠিনঃ। ধাম ধর্ম্মং তথা সূক্ষ্মং বিষ্ণুং নারায়ণং হরং ॥ বিজয়ং বিরজং বিশ্বং মধ্যাদি প্রতিপূজয়েৎ। শক্তীঃ সংপূজয়েচ্চৈব রামাদ্যাঃ প্রোক্তলক্ষণাঃ ॥১৯১।১৯২ বাহ্যে সংপূজয়েদ্ভক্ত্যা শ্রীকণ্ঠাদ্যাশ্চ তদ্বহিঃ। পীঠেশাং শ্চ তথা বাহ্যে পীঠেশাং শ্চাগ্রতোঽর্চ্চয়েৎ ॥১৯৩ ত্রৈয়ম্বকেণ মন্ত্রেণ পূজয়েৎ কমলাং বিনা। নন্দীশং মুকুটঞ্চৈব দিক্পালানপূজয়েৎ ক্রমাৎ ॥১৯৪ এবং সংপূজ্য দেবেশং পূজাভি র্ভক্তিমান্নরঃ। প্রণম্য পরমেশানং ইদং স্তোত্র মুদাহরেৎ ॥১৯৫ ওঁ নমো বিশ্ববর্ণায় হিরণ্যায় হিরণ্যকর্ণায় চ। হিরণ্যকৃতচূড়ায় হিরণ্যপতয়ে নমঃ ॥ ঈশানবজ্রসংভূত হরিকেশ নমো হস্ত তে। নমো বালার্ককর্ণায় জলদ্রূপধরায় চ ॥ নমো হশুদ্ধায় শুদ্ধায় সৌভগায় ক্ষয়ায় চ। ভবাঙ্গোজ্ঝিতকেশায় মুক্তকেশায় বৈ নমঃ ॥ নমঃ ষট্‌কর্ম্মতুষ্টায় ত্রিকর্ম্মনিরতায় চ। বর্ণাশ্রমেণ বিধিবৎ পৃথক্‌কর্ম্মপ্রবর্ত্তিনে ॥ নমঃ শোশীয় শোশায় নমঃ করকণায় চ। শ্বেতপিঙ্গলনেত্রায় কৃষ্ণবক্তে্‌ক্ষণায় চ ॥

দেব।১৮৯ ব্যাঘ্রকীর্ত্তি, বিভূতি শুভ্র শশিদ্বারা কমণীয়বপুঃ। পাণিদ্বারা দেবীর পাণি স্পর্শকরী, নীলদেহ মহেশ্বরের ধ্যান করিবে।১৯০ তদনন্তর পত্রাদিদ্বারা পরমেষ্ঠি-দেবগণ ধাম, ধর্ম্ম, সূক্ষ্ম, বিষ্ণু, নারায়ণ, হর, বিজয়, বিরজ বিশ্বাদির পূজা করিবে। তদনন্তর উক্ত লক্ষণ রামাদি শক্তিগণের ভক্তি পূর্ব্বক বহির্দ্দেশ পূজা করিবে।১৯১-১৯২ তদনন্তর বাহ্যে শ্রীকণ্ঠাদির, অগ্রভাগে পীঠেশগণের পূজা কর্ত্তব্য।১৯৩ ত্রৈয়ম্বকমন্ত্র দ্বারা, কমলা ব্যতিরেকে মন্দীশ, মুকুট ও দিক্‌পালগণের পূজা করিবে।১৯৪ এইরূপে, নরগণ ভক্তিমান হইয়া দেবেশ পরমেশানকে অর্চ্চনা করিয়া এই স্তোত্র পাঠ কর্ত্তব্য।১৯৫ যিনি, বিশ্ববর্ণ হিরণ্য, হিরণ্যকর্ণ, হিরণ্যকৃতচূড় ও হিরণ্যপতি, তাঁহাকে আমি নমস্কার করি। হে ঈশান! বজ্রসম্ভূত! হে হরিকেশ! আপনাকে নমস্কার করি। যিনি বালার্ক কর্ণ, যিনি জলদ্রূপধর, যিনি শুদ্ধস্বরূপ, যিনি অশুদ্ধ, সৌভগ, অক্ষয় তাহাকে আমি নমস্কার করি। যিনি ভবাঙ্গ, যিনি উজ্‌ঝিতকেশ ও মুক্তকেশ তাহাকে আমি প্রণাম করি। যিনি, ষট্‌কর্ম্মে পরিতুষ্ট; যিনি ত্রিকর্ম্মনিরত, যিনি বর্ণাশ্রমে বিধিপূর্ব্বক পৃথক্ পৃথক্ কর্ম্মে প্রবর্ত্তিত হন, তাঁহাকে আমি প্রাণাম করি। যিনি শোশীয় ও শোশ ও করণরূপ, আমি তাঁহাকে প্রণাম করি। যিনি শ্বেতপিঙ্গল নেত্র ও কৃষ্ণ বক্তে্‌ক্ষণ, যিনি ধর্ম্ম অর্থ, কাম

ধর্ম্ম কর্ম্মার্থ মোক্ষায় সর্ব্বপাপহরায় চ। নম স্ত্রিশূলহস্তায় উমাকান্তায় বৈ নমঃ॥ ঈশানবক্ত্রসংভূত হরিকেশ নমোঽস্তু তে। প্রসীদ পার্ব্বতীকান্ত উমানন্দায় বৈ নমঃ॥১৯৬।২০২ ততোঽনুজ্ঞাং সমাদায় কৃতাঞ্জলিপুটঃ করঃ। প্রণম্য পুজয়িত্বা চ ইমং মন্ত্র মুদীরয়েৎ॥২০৩ উমানন্দ নমস্তে হস্ত পার্ব্বতীপ্রীতিবর্দ্ধন। নির্ব্বিঘ্না-যাতু মে সিদ্ধির্বশ্মাৎ পূজা কৃতোদ্যমে। জগন্নাথ প্রসাদেন শ্রীমৎ কামেশ্বরীং শিবং। অর্চ্চয়ামাদ্য দেবেশ আজ্ঞয়া তে মহেশ্বর।২০৪-২০৫ প্রাচ্যং তস্য সমভ্যর্চ্চ্যো বিশ্বক্সেনো জনার্দ্দনঃ॥২০৬ দেবস্য পশ্চিমে ভাগে মাতঙ্গং নাম ক্ষেত্রকং। ধনুর্দ্দ্বাবিংশ মানেন তত্র বাসো ন শোচতি॥২০৭ তত্র যৎ পাতকং কৃত্বা অন্যদ্ব্রহ্মবধে সমং। তৎ যৎসুকৃতং কিঞ্চিৎ অগ্নিষ্টোমফলং লভেৎ।২০৮ মাতঙ্গীং পূজযেত্তত্র গন্ধাদ্যৈ র্ভক্তিমান্নরঃ। মায়া বীজেন দেবেশি ভাবেন সুসমাহিতঃ॥২০৯ তত্রস্থো মন্দরং পশ্যেদ্দক্ষিণাভিমুখেন তু। স সর্ব্বকুল মুদ্ধৃত্য ব্রহ্মলোকে মহীয়তে॥২১০ নমো মন্দরশৈলায় বিষ্ণুরূপায় বেধসে।

ও মোক্ষস্বরূপ ও সর্ব্বপাপহর, যিনি ত্রিশূলহস্ত ও উমাকান্ত, আমি তাঁহাকে প্রণাম করি। হে ঈশান বক্ত্রসম্ভূত, হে হরিকেশ! আমি তোমাকে প্রণাম করি। হে পার্ব্বতীকান্ত! প্রসন্ন হও, হে উমানন্দ! আমি তোমাকে প্রণাম করি।১৯৬-২০২ তদনন্তর কৃতাঞ্জলিপুটে অনুজ্ঞা গ্রহণানন্তর, প্রণাম ও পূজা করিয়া এই মন্ত্র উদীরণ করিবে।২০৩ হে উমানন্দ! তোমাকে নমস্কার। হে পার্ব্বতীপ্রীতিবর্দ্ধন! আমি অদ্য আপনার পূজা করিতেছি, আপনি আমার সিদ্ধি নির্ব্বিঘ্না করুন। হে মহেশ্বর! হে দেবেশ! হে জগন্নাথ! আমি আপনার প্রসাদে আপনার আজ্ঞায় অদ্য শ্রীকামেশ্বর শিবের পূজা করি-তেছি।২০৪-২০৫ তাহার পূর্ব্বভাগে বিশ্বক্সেন জনার্দ্দনকে অর্চ্চনা করিবে।২০৬ দেবের পশ্চিমভাগে মাতঙ্গ নামক ক্ষেত্র আছে, উহার পরিমাণ দ্বাবিংশতি ধনুঃ, তথায় বাস করিলে শোক পাইতে হয় না।২০৭ তথায় যৎ কিঞ্চিৎ সামান্য পাপ করিলেও ব্রহ্মবধের তুল্য হয়। তথায় যৎ কিঞ্চিৎ সুকৃত করিলে, তাহা অগ্নিষ্টোমের তুল্য ফলপ্রদান করিয়া থাকে।২০৮ নরগণ ভক্তিমান্ ও ভাব পূরিত হইয়া সমাহিত চিত্তে গন্ধাদি দ্বারা মায়াবীজে সেই স্থানে মাতঙ্গীর পূজা করিবে।২০৯ দক্ষিণাভিমুখ হইয়া তত্রস্থ মন্দির দর্শন করিলে সর্ব্বকুল উদ্ধার করিয়া ব্রহ্ম লোকে পূজাপ্রাপ্ত হয়।২১০ আমি, মন্দরশৈল বিষ্ণু রূপ বিধা-তাকে প্রাণাম করি। সেই সকল দর্শন পূর্ব্বক সর্ব্বপাপ দূরীকৃত করিলে স্বর্গলাভ

তান্ দৃষ্ট্বাথ স্বর্গস্থো ভবপাপং ব্যপোহতু ॥২১১ বীক্ষ্যেৎ সন্ধ্যাচলং পশ্চাদ্দিনং মন্ত্র মুদীরয়েৎ ॥২১২ যুগকোটিসহস্রাণি যৎ পাপং সমুপার্জ্জিতং। ক্ষপাসি-গজবক্ত্রে চ সাক্ষী ভব মতঙ্গজ ॥২১৩ ততোঽর্ঘ্যং ভানবে দদ্যাত্তিলবারিকুশান্বিতং। উত্থায় প্রণিপাতেন দদ্যাদাচমনীয়কং ॥২১৪ আদিত্যস্ত ব্রতাঙ্গে তু অর্ঘ্যদানে বিশেষতঃ। উপবিশ্য ততোদদ্যা দন্যতোত্থায় দাপয়েৎ ॥২১৫ অধোমুখঞ্চার্ঘ্যপাত্রং দত্বার্ঘ্যন্তে বিচক্ষণঃ। তত্র চণ্ডেশ্বরং সূর্য্যং প্রণিপত্য বিসর্জ্জয়েৎ ॥২১৬ দশাশ্বমেধনৈর্ঋত্যে দাক্ষিণ্যে মম সুন্দরি। ইযুক্ষেপান্তরে যচ্চ সংস্থিতং কলিপর্ব্বতং। তত্রারোহণমাত্রেণ সুকৃতঞ্চ বিনশ্যতি। দুঃখিতং লিপ্যতে গাত্রে কলিঃ স্পৃশতি নান্যথা ।২১৭।২১৮ কলিঃ স্পৃশতি যাং ধারাং সা ধারা মম বাহিনী। সর্ব্বং কলিকমলং তীর্থং তথৈনং পরিবর্জ্জয়েৎ ॥২১৯ মন্দরস্য হি চৈশান্যাং ধনুঃষোড়শকং মিতং। চক্র তীর্থং মহাতীর্থং সর্ব্বপাপপ্রণাশনং॥ গ্রহাপদোষজঞ্চৈব পাতকং যৎ কৃতং বহু। কৃষ্ণে শুক্লে চতুর্থ্যাঞ্চ দৃষ্ট্বা সিংহে চ চন্দ্রকং। তদ্দোষাৎ পাতকং যচ্চ সর্ব্বং স্নানাদ্বিনশ্যতি ॥২২০ অস্থীনি পারয়েদ্যস্ত সপ্তরাত্রৌ মম প্রিয়ে। চক্রাঙ্কিতং ভবে দ্দেবি নাত্র কার্য্যা বিচা-

---

হয় ।২১১ তদনন্তর দিবসে সন্ধ্যাচল দর্শন করিবে ।২১২ তদনন্তর "যুগকোটি সহস্রাণি যৎ পাপং সমুপার্জ্জিতং। ক্ষপাসি গজবক্ত্রে চ সাক্ষী ভব মতাঙ্গজ" ॥২১৩ এই মন্ত্র দ্বারা তিলবারি কুশযোগে সূর্য্যকে অর্ঘ্যদান করিবে। তদনন্তর প্রাণিপাত করিয়া উত্থান পূর্ব্বক আচমনীয় প্রদান কর্ত্তব্য ॥২১৪ আদিত্যের ব্রতাঙ্গে বিশেষতঃ অর্ঘ্যদানে উপবেশন পূর্ব্বক দান করিবে, অন্যত্র উত্থিত হইয়া অর্ঘ্যদান কর্ত্তব্য ।২১৫ অধোমুখ অর্ঘ্যপাত্রে অর্ঘ্যদান পূর্ব্বক বিচক্ষণগণ, তত্রস্থ চণ্ডেশ্বর সূর্য্যকে প্রণিপাত করিয়া বিসর্জ্জন করিবে ।২১৬ হে শোভনে! দশাশ্বমেধের নৈঋতে ও আমার দক্ষিণে ইক্ষুক্ষেপান্তরে যে কলি পর্ব্বত সংস্থিত আছে, তাহাতে আরোহণমাত্রেই সুকৃতি সকল বিনষ্ট ও দুঃখ প্রাপ্ত হয়, এবং গাত্রে কলিস্পর্শ ঘটিয়া থাকে ।২১৭।২১৮ কলি যে ধারা স্পর্শ করে, সেই ধারা আমার বাহিনী জানিবে। এই তীর্থ সর্ব্বত্রই কলিমলময়, অতএব ইহাকে পরিত্যাগ করিবে ।২১৯ মন্দরের ঈশানে ষোড়শ ধনুঃ পরিমিত, সর্ব্বপাপপ্রণাশন চক্রতীর্থ, এই মহাতীর্থে, শুক্ল ও কৃষ্ণ পক্ষের চতুর্থীতে এবং সিংহে চন্দ্র দেখিয়া স্নান করিলে গ্রহোপদোষজাত পাতক সকল বিনষ্ট হয় ।২২০ হে প্রিয়ে! যে নর সপ্তরাত্র অস্থি পাতন করে, তবে

ন্নগা ॥২২১ চক্রতীর্থে ব্রতং সর্ব্বং ধারণাদ্‌যোঽপি চন্দনং। তৎফলং প্রাপ্য তেজস্তু মৃতে হরিপুরং ব্রজেৎ ॥২২২ দ্বারকায়াং সমুদ্ভূত দ্বিজন্মভবসাগরাৎ। তীর্থরাজ নমস্তেঽস্তু ত্রাহি মাং ভববন্ধনাৎ ॥২২৩ মন্ত্রেণানেন স্নাত্বা তু সবিত্রেঽর্ঘ্যং নিবেদয়েৎ। চক্রতীর্থে নরঃ স্নাত্বা বেধসং যস্তু পূজয়েৎ। দশ পূর্ব্বান্ দশ পরান্ আত্মনঞ্চৈব তারয়েৎ ॥২২৪ চক্র তীর্থং স্পৃশন্ শৈলং নন্দনং নাম পর্ব্বতং। ধনুর্দ্বিষষ্টিমানঞ্চ পশ্চিমেনৈব সুন্দরি ॥২২৫ জনার্দ্দনঞ্চ দেবেশং কলৌ বৌদ্ধস্বরূপিণং। তং দৃষ্ট্বা মুচ্যতে পাপৈর্ম্মহাঘোরৈঃ ॥২২৬ কর্কশং পৌণ্ড্রবর্দ্ধঞ্চ যা শিলা চক্র উদ্যতা। মন্দরস্য চ পাশ্চাত্যে শুভশৈলস্য ভাবিনি। জনার্দ্দনস্য চিহ্নঞ্চ রূপঞ্চ পরিকীর্ত্তিতং ॥২২৭ উত্তরে তস্য শৈলস্য ঐশান্যাং বিরজা তথা। দক্ষিণে গজ শৈলস্য পশ্চিমে শৌভ্রলিঙ্গকং ॥২২৮ এতন্মধ্যতমং ক্ষেত্রং আগস্ত্যং নাম বৈ গয়া। এবং শতমিতং ক্ষেত্রং মৎসম্ভবাদিকং স্মৃতং ॥২২৯ এতদাশাং বিজানীয়াদস্য লৌহিত মুচ্যতে। তত্র পিণ্ড প্রদানেন পিতৃণাং পরমা গতিঃ ॥২৩০ জনার্দ্দনস্য হস্তে চ স্বাহা পিণ্ডং সম-

---

তাহা চক্রাঙ্কিত হয়, তাহাতে সন্দেহ নাই।২২১ চক্রতীর্থে ব্রত ধারণ করিলে তাহার অক্ষয় ফল লাভ করে এবং পরলোকে হরিপুরে গমন করিয়া থাকে।২২২ "দ্বারকায়াং সমুদ্ভূত দ্বিজন্মভবসাগরাৎ তীর্থরাজ নমস্তেঽস্তু ত্রাহিমাম্ ভববন্ধনাৎ" ॥২২৩ এই মন্ত্র দ্বারা স্নানানন্তর সূর্য্যদেবকে অর্ঘ্যদান করিবে। নরগণ, চক্রতীর্থে স্নান করিয়া বিধাতার পূজা করিলে পূর্ব্ব দশ ও পর দশ পুরুষ ও আপনার তারণ করিতে সমর্থ হয়।২২৪ যে শৈল চক্রতীর্থ স্পর্শ করিতেছে, তাহার নাম নন্দন পর্ব্বত, তাহার পরিমাণ দ্বিষষ্টি ধনুঃ।২২৫ হে সুন্দরি! তাহার পশ্চিমে দেবেশ্বর জনার্দ্দন অবস্থিত আছেন, তিনি কলিতে বুদ্ধরূপী, তাঁহাকে দর্শন করিয়া মহাঘোর সুদারুণ পাপ হইতে পরিমুক্ত হয়।২২৬ চক্রতীর্থে যে শিলা উত্থিতা হইয়াছে, তাহাই পৌণ্ড্রবর্দ্ধ। হে ভাবিনি! মন্দরের পাশ্চাত্যে ও শুভশৈলের দক্ষিণে জনার্দ্দনের রূপ ও চিহ্ন পরিকীর্ত্তিত হয়।২২৭ উত্তরদিকে সেই শৈলের ঈশানে বিরজা। গজশৈলের দক্ষিণে ও পশ্চিমে শৌভ্রলিঙ্গক।২২৮ ইহার মধ্যগত ক্ষেত্র আগস্ত্যনামে বিখ্যাত। এইদিকে এইরূপ শতপরিমিত ক্ষেত্র মৎসম্ভব জানিবে।২২৯ অন্যদিকে লৌহিত তীর্থ; তথায় পিণ্ডদান করিলে, পিতৃগণ পরমাগতি প্রাপ্ত হন, সন্দেহ নাই।২৩০ জনার্দ্দনের হস্তে স্বাহা-

র্পয়েৎ ॥২৩১ এষ পিণ্ডো ময়া দত্ত স্তব হস্তে জনার্দ্দন। পরলোকগতং মহ্যং ত্বং হি দাতা ভবিষ্যসি ॥২৩২ কলিশেষস্তু পূর্ব্বে তু ধনুরষ্টপ্রমাণতঃ। যা শিলা প্রেতভাবেন পিতৃণাং তরণায় চ। তত্র পিণ্ডপ্রদানেন ন প্রেতো জায়তে কচিৎ ॥২৩৩ চক্রতীর্থস্ত চাগ্নেয়ে ধনুর্দ্বন্দ্বপ্রমাণতঃ। লিঙ্গং লোলং পরং তীর্থং তিলদুগ্ধৈঃ প্রতর্পয়েৎ ॥২৩৪ জনার্দ্দনং ততো বীক্ষ্য মুচ্যতে বৈ ঋণত্রয়াৎ ॥২৩৫ কলিদ্বাপরয়োঃ সন্ধৌ ধনুরর্দ্ধপ্রমাণতঃ। শুক্রেণ স্থাপিতং লিঙ্গং শুক্রেশং নামতঃ শ্রুতং। দেবং শুক্রেশ্বরং দৃষ্ট্বা কোন মুচ্যতে বন্ধনাৎ ॥২৩৬ গোলেশ্বরং ততো দৃষ্ট্বা মুচ্যতে ব্রহ্মহত্যয়া। অঙ্গারেশঞ্চ সিদ্ধেশং গয়াদিত্যং গজং তথা। মার্কণ্ডেয়েশ্বরং দৃষ্ট্বা পিতৃণা মঋণো ভবেৎ ॥২৩৭ গয়াগোলেশ্বরং দৃষ্ট্বা দৃষ্ট্বা দেবং জনার্দ্দনং। এতেন কিমু পর্য্যাপ্তং নৃণাং চ শুদ্ধিকারণং। ব্রহ্মলোকং প্রযান্তীহ পুরুষানেকবিংশতি ॥২৩৮ পৃথিব্যাং যানি তীর্থানি আসমুদ্রসরাংসি চ। চক্রতীর্থং গমিষ্যন্তি বারমেকং দিনে দিনে ॥২৩৯ পৃথিব্যাঞ্চ গয়া

পিণ্ড সমর্পণ করিবে।২৩১ হে জনার্দ্দন! আমি তোমার হস্তে এই পিণ্ড সমর্পণ করিতেছি, আমি পরলোকগত হইলে, আপনি তাহা আমাকে প্রদান করিবেন।২৩২ কলিশেষের পূর্ব্বে অষ্টধনুঃপরিমিতা সেই শিলা পিতৃগণের তারণকারিণী হয়। তথায় পিণ্ডদান করিয়া কেহই প্রেতত্ব প্রাপ্ত হয় না।২৩৩ চক্রতীর্থের অগ্নিকোণে দুই ধনুঃপরিমিত লোললিঙ্গ নামে পরমতীর্থ আছে। তিলদুগ্ধে পূজা করিয়া তাঁহার তৃপ্তিসাধন করিবে।২৩৪ তদনন্তর জনার্দ্দনে দর্শন করিলে, ঋণত্রয় হইতে মুক্ত হয়।২৩৫ কলি ও দ্বাপরের সন্ধিকালে শুক্রকর্ত্তৃক একলিঙ্গ স্থাপিত হয়, এই হেতু ঐ লিঙ্গের শুক্রেশলিঙ্গ এই নাম হইয়াছে। তথায় শুক্রেশ্বর দেবকে দর্শন করিয়া, কে না বন্ধন হইতে মুক্তিলাভ করিয়াছে।২৩৬ তদনন্তর গোলেশ্বর দর্শন করিলে, ব্রহ্মহত্যা পাপ হইতে পরিত্রাণ পায়। তদনন্তর অঙ্গারেশ, সিদ্ধেশ, গয়াদিত্য, গজ, মার্কণ্ডেয়েশ্বর দর্শন করিলে, পিতৃঋণ পরিশোধ হয়।২৩৭ তৎপরে গয়ায় গোলেশ্বর ও জনার্দ্দনদেবকে দর্শন করিলে কেবল পিতৃঋণ শোধই হয় না, তাহাতে একবিংশতি পুরুষ পর্য্যন্ত ব্রহ্মলোকে গমন করে।২৩৮ সমুদ্র সরোবর আদি করিয়া পৃথিবীমধ্যে যে তীর্থ আছে, তৎসমুদায়ই প্রতিদিন এক একবার চক্রতীর্থে গমন করিয়া থাকে।২৩৯ পৃথিবীতে গয়া পুণ্যতমা, গয়ায় কূপগয়া; হে দেবি! কূপ হইতে মাতৃগয়া অষ্ট-

পুণ্যা গয়াযাং কূপকং গয়া। কূপাদষ্টগুণং দেবি শ্রেষ্ঠা মাতৃগয়া শুভে ॥২৪০ পুত্রো মাতৃগয়াং গত্বা অনৃণো ভবতি ক্ষণাৎ। গয়ায়াং পিণ্ডদানঞ্চ পিতৃণা মনৃণো ভবেৎ ॥২৪১ গয়ান্তং পিণ্ড দানঞ্চ গয়ান্তং তীর্থ মেব চ। পঞ্চকান্তং কামরূপং পিচ্ছিলান্তং সরিৎ শুভে। জনার্দ্দনস্য হস্তে তু পিণ্ডং দদ্যাৎ স্বকং নরঃ।২৪২-২৪৩ বিরজে চ তথা চাশ্বে কর্ণিবামে চ সোমকে। জীবৎপিণ্ড প্রদানেন অল্পায়ুর্জায়তে নরঃ ॥২৪৪ যত্রাগস্ত্যে মহাক্ষেত্রে স্বকং পিণ্ডং দদেত্তু যঃ। মাসদ্বয়াধিকং বর্ষ মায়ুষো বর্দ্ধতে ক্রমাৎ ॥২৪৫ স্বহস্তে তু বৃষোৎসর্গং যঃ করোত্যৌর্দ্ধদেহিকং। পরলোকগতে দেবি অক্ষয়ং তদপি স্মৃতং ॥২৪৬ পিত্রোশ্চ জীবতোঃ পুত্রে ন কুর্য্যাদৌর্দ্ধদেহিকং। বহুপুত্রে চৈকপুত্রে পুত্রে বা যোগ সেবিতে। ক্ষয়কৃষ্ণগতে পুত্রে ত্রিপুত্রে বা মহেশ্বরি। চত্বারিংশৎপরো দেবি স্বয় মাত্মক্রিয়াঞ্চরেৎ ॥২৪৭ দানঞ্চৈব বৃষোৎসর্গং কুর্য্যান্নৈব দশাহিকং। দম্পত্যো র্জীবতোঃ কুর্য্যাদ্ বৃষোৎসর্গদ্বয়ং সদা ॥২৪৮ একত্র মণ্ডলে কুণ্ডে বৃষোৎসর্গং পৃথক্ চরেৎ। মৃতে কুর্য্যাদেকগুণং জীবিতোঽষ্টগুণং ফলং ॥২৪৯

গুণ শ্রেষ্ঠা জানিবে।২৪০ পুত্রগণ মাতৃগয়ায় গমন করিয়া অঋণ হয়। গয়ায় পিণ্ডদান করিলে, পিতৃগণের ঋণ পরিশোধ হয়।২৪১ গয়ায় পিণ্ড-দান করিলে পিণ্ডদান শেষ পায়, গয়ায় গমন করিলে তীর্থগমন শেষপ্রাপ্ত হয়। কামরূপে গমন করিলে পঞ্চক ও পিচ্ছিলায় গমন করিলে সরিৎ শেষ পায়, অন্যত্র গমন করিতে হয় না। হে শুভে! নরগণ জনার্দ্দনের হস্তে নিজপিণ্ড প্রদান করিবে।২৪২।২৪৩ বিরজে, অশ্বক্রান্তে, কর্ণিবামে ও সোমকে জীবৎপিণ্ড প্রদান করিলে, নরগণ অল্পায়ু হয়।২৪৪ যে ব্যক্তি আগস্ত্য মহাক্ষেত্রে নিজপিণ্ড প্রদান করে,তাহার একবৎসর দুইমাস আয়ুঃ-বর্দ্ধিত হয়।২৪৫ হে দেবি! যে মানব স্বহস্তে আপনার ঔর্দ্ধদেহিক বৃষোৎ-সর্গ করে, সে পরলোক গমন করিলে তাহা প্রাপ্ত হয়, সন্দেহ নাই।২৪৬ পুত্র বিদ্যমানে মাতাপিতার ঔর্দ্ধদেহিতকার্য্য কর্ত্তব্য নয়। হে মহেশ্বরি! বহুপুত্র একপুত্র বা যোগসেবিত পুত্র ক্ষয়কৃষ্ণ গতপুত্র বা ত্রিপুত্র বিদ্যমানে চত্বারিশৎবর্ষ বয়স্ক মানব দান ও বৃষোৎসর্গাদি আত্মক্রিয়ার অনুষ্ঠান করিবে।২৪৭ কেবল দশাহিক কার্য্য করিবে না। দম্পতীর মধ্যে স্ত্রী ও পুরুষ উভয়েই বাঁচিয়া থাকিলে, দুই বৃষোৎসর্গ করিবে।২৪৮ একত্রমণ্ডলে ও একই কুণ্ডে পৃথক্ দুই বৃষোৎসর্গ কর্ত্তব্য। মৃত অপেক্ষা জীবিতের বৃষোৎ-সর্গে অষ্টগুণ অধিক ফল লাভ হয়।২৪৯ পরগোত্রের নিমিত্ত বৃষোৎসর্গ

পরগোত্র কৃতে চৈব স্বল্পাল্পং ফল মাপ্নুয়াৎ ॥২৫০ উদ্যতস্তু গয়াং গন্তুং শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ। বিধায় কর্কটিকেশং গ্রামস্যাস্য প্রদক্ষিণং। ততো গ্রামান্তরং কৃত্বা শ্রাদ্ধশেষস্য ভোজনং। কৃত্বা প্রদক্ষিণং গচ্ছেৎ প্রতিগ্রহবিবর্জ্জিতঃ ॥২৫১-২৫২ গৃহাচ্চারত্নিমাত্রঞ্চ আগস্ত্যগমনং প্রতি। স্বর্গারোহণসোপানঃ পিতৃণান্তু পদে পদে ॥২৫৩ দিবা চ সর্ব্বদা রাত্রৌ আগস্ত্যে শ্রাদ্ধকৃদ্ভবেৎ। অশ্বতীর্থে কৃতং শ্রাদ্ধং নীলকূটে চ পঞ্চকে। রামাশ্রমে সোমকূটে শ্রাদ্ধী পিতৃন্ দিবং নয়েৎ ॥২৫৪ আগস্ত্যে মণ্ডলং কৃত্বা দৃষ্ট্বা দেবং জনার্দ্দনং। আরুহ্য মন্দরং শৈলং পুনাতি সপ্তমং কুলং ॥২৫৫ সাম্বৎসরং গয়াশ্রাদ্ধং পার্ব্বণং প্রতিপর্ব্বণি। নিরামিষং কৃতং শ্রাদ্ধং তথাচ বিষুবদ্বয়ে। সপিণ্ডাঃ পিতরস্তস্য নিরাশাঃ পিতরোগতাঃ। আমশ্রাদ্ধে আমমাংসং প্রদদ্যাদবিচারতঃ ॥২৫৬ পিতরোঽধোমুখগতাস্তিষ্ঠন্তি ন মম প্রিয়ে। সামিষস্তু কৃতং শ্রাদ্ধং যস্তু ভুঙ্ক্তে নিরামিষং ॥২৫৭ তামিস্রনরকং গচ্ছেৎ পিতৃভিঃ সহ নান্যথা। দীর্ঘতন্তুময়ং কুর্য্যাদ্ গৃহীত্বাকামশাঙ্করি ॥২৫৮ শ্রাদ্ধাচারং বিনা কুর্য্যাদ্ব্রতমেবং মম প্রিয়ে।

করিলে, অল্প অল্প ফল হয়।২৫০ গয়াগমনে উদ্যত হইয়া বিধানপূর্ব্বক শ্রাদ্ধ কর্ত্তব্য। তদনন্তর গ্রামান্তর গমন করিয়া শ্রাদ্ধশেষ ভোজনপূর্ব্বক প্রদক্ষিণান্তে প্রতিগ্রহবিবর্জ্জিত হইয়া গমন করিবে।২৫১।২৫২ আগস্ত্য গমনে গৃহ হইতে অরত্নিপ্রমাণ-স্থান প্রদক্ষিণ করিয়া গমন কর্ত্তব্য। তাহা হইলে পদে পদে পিতৃগণের স্বর্গারোহণসোপান ব্যবস্থিত হয়।২৫৩ আগস্ত্যে সর্ব্বদাই দিবায় বা রাত্রিযোগে শ্রাদ্ধ করিবে। অশ্বতীর্থে, নীলকূটে, পঞ্চকে, রামাশ্রমে, সোমকূটে শ্রাদ্ধ করিলে পিতৃগণ স্বর্গগমন করেন, সন্দেহ নাই।২৫৪ আগস্ত্যে মণ্ডলানন্তর জনার্দ্দন দেবকে দর্শন করিয়া মন্দরশৈলে আরোহণ করিলে, সপ্তকুল পবিত্র হয়।২৫৫ প্রতিপর্ব্বে সাম্বৎসর পার্ব্বণ গয়াশ্রাদ্ধ এবং বিষুবদ্বয়ে নিরামিষ শ্রাদ্ধ করিলে, তাহার সপিণ্ড পিতৃগণ ও অন্যান্য পিতৃগণ নিরাশ হইয়া গমন করেন। হে প্রিয়ে! আমশ্রাদ্ধে আমমাংস প্রদান কর্ত্তব্য; তাহাতে বিচার করিতে হয় না।২৫৬ পিতৃগণ অধোমুখ হইয়া অবস্থান করেন। সামিষ শ্রাদ্ধ করিয়া যে ব্যক্তি নিরামিষ ভোজন করে, ২৫৭ সে পিতৃগণের সহিত তামিস্রনরকে গমন করে। হে শঙ্করি! দীর্ঘতন্তুময় ব্রত করিবে।২৫৮ এই ব্রত শ্রাদ্ধাচারব্যতিরেকে নিষ্পাদন করিবে। যে নিরামিষ ভোজী, সে নিরামিষ শ্রাদ্ধ করিবে, সে নিরা-

নিবামিষং কৃতী যেন কুর্য্যাৎ শ্রাদ্ধং নিরামিষং ॥২৫৯ ভোক্তা নিরামিষং ভুঙ্‌ক্তে সামিষং ন কদাচন । সদ্যোনিমন্ত্রয়েৎ শ্রাদ্ধে কর্ম্ম কুর্য্যাদ্বিচক্ষণঃ ॥২৬০ শূদ্রেণ নিন্দিতে বিপ্রে শ্রাদ্ধযজ্ঞাৎ সুরেষু চ । ব্রাহ্মণং ভোজয়েদ্ যস্তু ভুঙ্‌ক্তে বিষ্ঠাঞ্চ শাঙ্করি ॥২৬১ মাহিষং বৃহদাজঞ্চ ঐষঞ্চ চামরস্তথা । গোধা কূর্ম্মঞ্চ শাম্বঞ্চ শাশকং শৌকরস্তথা । বারাহঞ্চ তথা মেষং শ্রাদ্ধে দেয়ানি সর্ব্বশঃ ॥২৬২ অক-লৌতু গবাং মাসং সাবমেয়ঞ্চ তত্ত্ববৎ । হীনেন্দ্রিয়ং ছাগলঞ্চ ন ক্রষ্যং তঞ্চ বর্জ্জয়েৎ ॥২৬৩ কৃষ্ণছাগস্য মাংসেন পিতৄন্ যস্তু প্রতর্পয়েৎ । নিরাশাঃ পিতরো যান্তি শাপং দত্ত্বা সুদারুণং ॥২৬৪ হীনেন্দ্রিয়ং ছাগমাংসৈর্যস্তু পিতৄন্ প্রত-র্পয়েৎ । মহাভয়করং প্রোক্তং তস্মাত্তং পরিবর্জ্জয়েৎ ॥২৬৫ মাহিষং দ্বাদশাব্দেন তৃপ্তির্ভবতি শাশ্বতী । সাম্বৎসরস্তু আজেন ছাগৈঃ শৈলেয় ষট্‌সমাঃ ॥২৬৬ চাম-রেণ শতং বর্ষং সাহস্রং গোধিকাপ্রিয়ে । ষণ্মাসঞ্চ বরারোহে কূর্ম্মেণ মাস-মাত্রকং ॥২৬৭ বারাহেণ তু ষণ্মাসং শাশকেন নবেব তু । দ্বাবিংশন্মাসকে-নৈব ক্ষুদ্র বারাহকে তথা । শতাব্দং চামরেণৈব স্থূলমাংসস্তু বর্জ্জয়েৎ ॥২৬৮ যত্র বর্জ্জ্যং ভবেৎ পুংভিশ্চতুর্ভিঃষড়্‌ভিরেব চ । অতিস্থূলমিতি প্রোক্তং তস্মাৎ সংপূর্ব্বসুবিভিঃ ॥২৬৯ মাহিষস্য চ গব্যস্য বরাহস্য মম প্রিয়ে । মার্গস্য বৃহ-

---

মিষ ভোজন করিবে, কদাচই আমিষ ভোজন করিবে না ।২৫৯ বিচক্ষণগণ শ্রাদ্ধে কর্ম্ম কবিয়া সদ্যই নিমন্ত্রণ করিবে ।২৬০ শ্রাদ্ধযজ্ঞে শূদ্রনিন্দিত বিপ্র-ভোজন করাইলে, সে বিষ্ঠাভোজন করে ।২৬১ মাহিষ, বৃহৎ অজমাংস, ঐষ, চামব, গোধামাংস, কূর্ম্মশাব-শশকমাংস, শূকরমাংস ও বরাহ মাংস এবং মেষমাংস এই সকল শ্রাদ্ধে প্রদান করিবে ।২৬২ কলিভিন্ন অপরযুগে গোমাংস ও সারমেয়মাংস বিহিত । হীনেন্দ্রিয় ছাগল বর্জ্জনীয় ।২৬৩ যে কৃষ্ণ-ছাগের মাংস দ্বারা তর্পণ করে, তাহার পিতৃগণ নিরাশ হইয়া দারুণ অভিশাপ প্রদান করেন ।২৬৪ হীনেন্দ্রিয় ছাগমাংস দ্বারা পিতৃতর্পণ করিলে, তাহা মহা ভয়ঙ্কর হয়, অতএব তাহার পরিবর্জ্জন কর্ত্তব্য ।২৬৫ পিতৃগণ মাহিষমাংস দ্বারা দ্বাদশ বৎসর, অজমাংস দ্বারা সম্বৎসর, শৈলেয় ছাগমাংসে ছয়বৎসর, ২৬৬ চামরমাংসে শতবৎসর, গোধিকামাংসে সহস্র বৎসর, কূর্ম্মদ্বারা মাসত্রয় ২৬৭ বরাহমাংসে ছয়মাস, শশকদ্বারা নবমাস, ক্ষুদ্র বরাহ দ্বারা দ্বাবিংশৎমাস তৃপ্ত থাকেন । পিতৃতর্পণে স্থূলমাংস বর্জ্জনীয় ।২৬৮ পূর্ব্ব সুরিগণ অতি স্থূল-মাংস বর্জ্জন করিয়াছেন ।২৬৯ মহিষমাংস, গোমাংস, বরাহমাংস, মৃগমাস

দাজস্য স্থূলস্যাপি হি শস্যতে ॥২৭০ খড়্গাং পাঞ্চনখং ভক্ষমভক্ষ্যং খড়্গাসংযুতং। চতুর্নখং বারিজাতং বর্জ্জয়েচ্চ মম প্রিয়ে। গোধিকা স্বর্ণখড়্গঞ্চ চামরং কৃষ্ণমেব চ। বর্জ্জয়েৎ কূর্ম্মকং বিদ্বান্ যদি চক্রেণ চিহ্নিতং ।২৭১-৭২ সিংহতুণ্ডং রোহিতঞ্চ রাজীবং চিত্রকস্তথা। মহাশল্কং প্রোষ্ঠিকঞ্চ মৎস্যঞ্চ পার্ব্বতীয়কং। বৃহদ্রোহিতমৎস্যঞ্চ বৃহৎ প্রোষ্ঠিকমেব চ। বৃহৎ শল্কঞ্চ চিত্রঞ্চ শ্রাদ্ধে যত্নেন যোজয়েৎ ॥২৭৩।২৭৪ মৎস্যাংশ্চ শল্কহীনাংশ্চ সর্পাকারাংশ্চ বর্জ্জয়েৎ ॥২৭৫ শল্কহীনস্য মধ্যে তু প্রদেয়ংকচকদ্বয়ং। পেত্তোধনাদিকং যচ্চ বিকৃতাকারণঞ্চ যৎ। সর্পাস্যান্ পীবরাং শ্চৈব রজনীং শ্চ বিবর্জ্জয়েৎ ॥২৭৬জীবাংশং সেলুকঞ্চৈব পল্মকং কুঙ্কুমস্তথা। স্বর্ণকং গ্রন্থিবর্ণঞ্চ শ্রাদ্ধে যত্নেন বর্জ্জয়েৎ ॥২৭৭ ধূম্রঞ্চ পঞ্চকদলং শর্করা কীটসংযুতং। মহিষস্য ঘৃতং ক্ষীরমাজ্যং শ্রাদ্ধে বিবর্জ্জয়েৎ ॥২৭৮ নারিকেলঞ্চ তালঞ্চ খর্জ্জুরং পীনকস্তথা। তক্রং ঘৃতং বিনা ক্ষীরং প্রযত্নেন বিবর্জ্জয়েৎ ॥২৭৯ দীপং বর্জ্জেদ্ রন্ধ্রবর্ত্যা প্রত্যক্ষং তৈলমেব চ। কুসুম্ভং নালিকাশাকং মালতী কুসুমন্তথা॥ বৃদ্ধিশ্রাদ্ধে পঙ্কজঞ্চ করবীরাণি বর্জ্জয়েৎ ॥২৮০ ন প্রদদ্যাত্তু গাঙ্গেয়ং পদ্মং রক্তজলোদ্ভবং ॥২৮১ বিনা বস্ত্রেণ যচ্ছ্রাদ্ধং বিনা যজ্ঞোপবীতকং। বিনা তিলেন দেবেশি বিনা গব্যেন নিষ্ফলং ॥২৮২ অভাবে চৈব বস্ত্রস্য কুশমাল্যং নিবেদয়েৎ। অভাবে যজ্ঞসূত্রস্য

ও অজমাংস স্থূল হইলেও প্রশস্ত হয় ।২৭০ খড়্গমাংস, পঞ্চনখমাংস ভক্ষনীয়, খড়্গাসংযুক্তমাংস, চতুর্নখবারিজাত মাংস বর্জ্জন করিবে। যদি চক্রচিহ্নে চিহ্নিত থাকে, তবে বিদ্বান্‌গণ গোধিকা, স্বর্ণখড়্গ চামর, কৃষ্ণ ও কূর্ম্ম বর্জ্জন করিবেন ।২৭১।২৭২ বৃহৎ রোহিত মৎস্য সিংহতুণ্ড বৃহৎপ্রোষ্ঠী মৎস্য, বৃহৎ শল্ক ও চিত্রমৎস্য শ্রাদ্ধে যত্নপূর্ব্বক প্রদান করিবে ।২৭৩।২৭৪ সর্পাকার শল্কহীন মৎস্য বর্জ্জনীয় ।২৭৫ শল্কহীনের মধ্যে কচকদ্বয় দাতব্য। পেত্তোধানাদি বিকৃতাকার সর্পমুখ পীবর ও রজনীমৎস্য বিবর্জ্জনীয় জানিও ।২৭৬ জীবাংশ, সেলুক, পদ্মক, কুঙ্কুম, স্বর্ণক, গ্রন্থিবর্ণ এই সকল শ্রাদ্ধে যত্নপূর্ব্বক পরিহার করিবে ।২৭৭ ধূম্র, পঞ্চকদল, শর্করা কীটসংযুক্ত মাহিষ্যঘৃত ক্ষীর ও আজ্য এই সকল শ্রাদ্ধে বর্জ্জনীয় ।২৭৮ নারিকেল, তাল, খর্জ্জুর, পীনস, তক্র, ঘৃত, ক্ষীর বিনা যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে ।২৭৯ রন্ধ্রযুক্ত দীপ, প্রত্যক্ষ তৈল, কুসুম্ভ, নালিকা শাক, মালতী কুসুম, পঙ্কজ দ্রব্য ও করবীর এই সকল বৃদ্ধি শ্রাদ্ধে পরিবর্জ্জন করিবে।২৮০ গাঙ্গেয় ও রক্তপদ্ম প্রদান কর্ত্তব্য নয় ।২৮১ বস্ত্র, যজ্ঞোপবীত, তিল ও গব্য ব্যতিরেকে শ্রাদ্ধ করিলে তাহা নিষ্ফল হয় ।২৮২

সূত্রযুগ্মন্তু বিন্যসেৎ ॥২৮৩ শূদ্রশ্রাদ্ধে চ স্ত্রীশ্রাদ্ধে যজ্ঞসূত্রং বিবর্জ্জয়েৎ ॥২৮৪ তাম্বুলেন কৃতং শ্রাদ্ধং বিনা চূর্ণেন শাঙ্করি। অভাবে জীবকং দদ্যাৎ পায়সং মধুসংযুতং ॥২৮৫ একজাতীয়পাত্রে তু দদ্যাদন্নং সমাহিতঃ। দৈবতং প্রথমং দদ্যাৎ পিতৃপাত্রে নিবেদয়েৎ ॥২৮৬ পিতৃশেষন্তু দৈবেতু পুনরন্নং কদাচন। নিরগ্নেরামশ্রাদ্ধে তু অন্নং ন ক্ষালয়েৎ ক্বচিৎ ॥২৮৭ বৃদ্ধৌ চ ক্ষালয়েদন্নং সংক্রমে গ্রহণেষু চ। অষ্টমুষ্টিপ্রমাণেন ব্রাহ্মণে নৈকসংক্রমাৎ ॥ অতোঽধিকঞ্চ ন্যূনঞ্চ ন দদ্যাৎ শ্রাদ্ধকর্ম্মণি ॥২৮৮ যঃ শ্রাদ্ধং পদ্মপত্রে চ করোতি সুমনোহরে॥ বর্ষাণান্তু শতং সাগ্রং তৃপ্তির্ভবতি নান্যথা ॥২৮৯ অশ্বত্থস্য ছদে দেবি ব্রহ্মপাত্রে চ শাঙ্করি। ষাণ্মসং জায়তে তৃপ্তিরনন্তাবটপত্রকে ॥২৯০ মাসৈকং তাম্রপাত্রে চ রুক্মপাত্রেতু বৎসরং। রৌপ্যে দশগুণং প্রোক্তং খড়্গাপাত্রে শতোত্তরং ॥২৯১ একজাতীয় পাত্রে তু মৃতাহে শ্রাদ্ধকর্ম্মণি। পার্ব্বণে চ তথা বৃদ্ধৌ পৃথক্ জাতীংশ্চ যোজয়েৎ ॥২৯২ সম্বৎসরং ভবেত্তাবদ্ব্রীহীংশ্চৈব নিয়োজয়েৎ। বর্ষাদ্ভবতি যা ব্রীহিঃ প্রেতশ্রাদ্ধে বিবর্জয়েৎ ॥২৯৩ ধান্যং বর্ষাসমুদ্ভূতং তিলং যাবঞ্চ চনকঞ্চ যৎ। যজ্ঞাদৌ চ তথা শ্রাদ্ধে দ্বিঃস্বিন্নং

প্রণাম যথা—মহেশরে বৃষস্থায, জ্ঞানরূপায় জ্ঞানিনে, ধর্ম্মজ্ঞায় স্বরূপায়, যোগীন্দ্রায় নমোঽস্তুতে”৪৭।৪৯ অপুনর্ভবের পূর্ব্বভাগে নবধনু অন্তরে, সপ্তধনু পর্য্যন্ত বিস্তৃত বারাণসীয়ক কুণ্ড, হে মহেশানি তথায় স্নান করিয়া মরণান্তে মোক্ষপ্রাপ্ত হয।৫০ চৈত্রমাসের কামত্রযোদশীতে, মন্ত্রপূর্ব্বক তথায় স্নান করিলে, সর্ব্বপাপ হইতে মুক্ত হইযা ব্রহ্মপদ লাভ করে সন্দেহ নাই।৫১ সর্ব্বতীর্থে শতবৎসর স্নান করিয়া যে ফল হয়, বারাণসীকুণ্ডে একবার স্নান করিয়া তৎক্ষণাৎ সেই ফল লাভ হইযা থাকে।৫২ হে শঙ্করি! তাহার পঞ্চধনু অন্তরে মার্কণ্ডেয় হ্রদ, তথয়ে স্নান করিলে শিবত্ব লাভ হয়।৫৩ সরসীর উত্তরতীরে মার্কণ্ডেয় নামে মহেশ্বর আছেন, ঐ সরো-বরে স্নান করিয়া দেবদেব ত্রিলোচন ও আদিত্যের অর্চ্চনা করিলে সর্ব্বপাপে বিমুক্ত হইয়া বিমানে আরোহণ পূর্ব্বক, গন্ধর্ব্বগণ কর্ত্তৃক উপনীয়মান হইয়া শিবলোক গমন করে। হে বরাননে! তথায় প্রমুদিতচিত্তে কল্পকাল বাস করে।৫৪।৫৬ “মার্কণ্ডেয়ো মুনিশ্রেষ্ঠ স্তপস্তেপে মহামতিঃ। মার্কণ্ডেয় হ্রদোনাম পাপং মম হরো হর”।৫৭ এই মন্ত্রে মজ্জন করিয়া মস্তক মুণ্ডন করিবে। সেই স্থানে শ্রাদ্ধ ও উপবাস কর্ত্তব্য।৫৮ হে মহেশ্বরি! তদনন্তর, বিমল প্রাতঃকালে নিত্য কর্ম্মসমাপন পূর্ব্বক গোকর্ণ ও ‘বিকর্ণের নাতিদূরে

মহেশ্বরি ॥৫৯ কুণ্ডং ব্রহ্মসরোনাম একবিংশতিমানতঃ। তত্র স্নাত্বা ক্রমহরং ন পুনর্ভবমাদিশেৎ ॥৬০ মুক্তয়ে সর্ব্বপাপানাং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। ব্রহ্মকুণ্ড মহাভাগ ত্রাহিমাং ভবসাগরাৎ ॥৬১ স্নাত্বা চানেন মন্ত্রেণ সরস্তস্যৈব পশ্চিমে। কৃষ্ণাখ্যশৈলরূপশ্চ বরাহোনামনামতঃ ॥৬২ তং প্রণম্য নরোভক্ত্যা বিষ্ণুলোকে প্রমোদতে ॥৬২ পিশঙ্গরোমাঞ্চিত তুঙ্গকায় দংষ্ট্রাগ্রভাগে চ ধরাধরায়। নীলাচলোঙ্গকলেবরায় মহাবরাহায় নমো নমস্তে ॥৬৪ গোকর্ণস্য তদৈশান্যাং ইষুক্ষেপত্রয়ান্তরে! সদনে পর্ব্বতে রম্যে গত্বা পশ্যেচ্চ শঙ্করং ॥৬৫ কেদারাখ্যং মহাদেবং সর্ব্বদেবনমস্কৃতং। তং লিঙ্গমব্যয়ং দৃষ্ট্বা শ্রদ্ধয়া সুসমাহিতঃ ॥৬৬ পূজয়িত্বা তু তং ভক্ত্যা গন্ধৈঃ পুষ্পৈর্ম্মনোহরৈঃ। ধূপৈর্দীপৈশ্চ নৈবেদ্যৈর্নমস্কারৈস্তথাস্তবৈঃ ॥৬৭ দণ্ডবৎপ্রণিপাতৈশ্চ নৃত্যগীতাদিভিস্তথথা। সংপূজ্য তং বিধানেন শিবলোকং ব্রজেন্নরঃ ॥৬৮ মদনেসাগরশ্রেষ্ঠ সুখসৌভাগ্যদায়ক। আরোহয়ামি শিখরং পাপংহর নমোঽস্তুতে ॥৬৯ পূর্ব্বাশাভিমুখো ভূত্বা গত্বা কুর্য্যাৎ প্রদক্ষিণং। ক্ষণেনৈব সমুদ্ধৃত্য শিবলোকং

অবস্থিত ৫৯ একবিংশতি ধনুঃ পরিমিত ব্রহ্মসরো নামক একতীর্থ আছে, সেই কল্মষ হরতীর্থে স্নান করিলে আর পুনজন্ম হয় না ।৬০ "মুক্তয়ে সর্ব্বপাপানাং ব্রহ্মণানির্ম্মিতং পুরা। ব্রহ্মকুণ্ড মহাভাগ ত্রাহিমাং ভবসাগরাৎ।"৬১ এই মন্ত্রে তথায় স্নান করিয়া, ঐ সরোবরের পশ্চিমস্থিত,কৃষ্ণাখ্য শৈলরূপ বরাহ নামে দেবতা আছেন,৬২ তাঁহাকে ভক্তিপূর্ব্বক পূজা করিলে বিষ্ণুলোকে গমনপূর্ব্বক আনন্দ লাভ করে ।৬৩ "পিশঙ্গ রোমাঞ্চিত তুঙ্গকায় দংষ্ট্রাগ্রভাগে তুধরাধরায় নীলাচলকাল বরায় নমস্তে"৬৪ এই মন্ত্রে তাঁহার প্রণাম করিবে। গোকর্ণের ঈশান কোণে ইক্ষুক্ষেপত্রয় অন্তরে রম্যপর্ব্বতে মন্দরস্থিত শঙ্কর দর্শন কর্ত্তব্য। তিনিই সর্ব্বদেবনমস্কৃত কেদারাখ্য মহাদেব ।৬৫ সেই অব্যয়লিঙ্গ দর্শনান্তে শ্রদ্ধাভক্তি সমন্বিত ও সমাহিত হইয়া ৬৬ ভক্তিপূর্ব্বক মনোহর গন্ধপুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, নমস্কার, স্তব, নৃত্য, গীত ও প্রণিপাতাদি দ্বারা তাঁহার পূজা করিলে নরগণ শিবলোকে গমন করিয়া থাকে ।৬৭।৬৮

"মদনে সাগরশ্রেষ্ঠ সুখসৌভাগ্যদায়ক। আরোহয়ামি শিখরং পাপংহব নমোঽস্তুতে।"৬৯ এই মন্ত্র দ্বারা পূর্ব্বাভিমুখে প্রদক্ষিণ কবিলে

স গচ্ছতি ॥৭০ শিবং শুক্লবর্ণং শ্বেতবৃষভারূঢ়ং পদ্মাসনস্থং। শ্বেতনাগযজ্ঞোপবীতিনং বরদাভয়হস্তং সোমসূর্য্যাগ্নিচক্ষুষং। জটামুকুটচন্দ্রশেখরং শিতভস্মাঙ্গলেপনং। অর্দ্ধনারীশ্বরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং। স্বস্ববাম তৎপুরুষে অঘোর-ঈশানং। সদ্যঃ পশ্চিমং ডমরুখড়্গাদিধারিণং। খড়্গাগোক্ষীরয়োর্ব্বর্ণং উত্তরং বামদেবকং। শঙ্খচক্রধারিণং তপ্তহেমাভবর্ণং। পূর্ব্বং তৎ পুরুষং গদাপদ্মধরং পরং। স্বচ্ছসিন্দুরাভং দক্ষিণমঘোরং ত্রিশূলং। কপিলবিটঙ্কদংষ্ট্রং নীলমেঘাঞ্জনোপমং ॥৭১ এবং কেদারাখ্যং শিবং ধ্যাত্বা শিবতন্ত্রোক্তেন। পূজয়িত্বা প্রতিপুষ্পাঞ্জলিং গৃহীত্বা প্রতিমন্ত্রেণ পূজয়েৎ ॥৭২ নমশ্চন্দ্রার্দ্ধচূড়ায় নমঃ খট্বাঙ্গধারিণে। নমোঽস্তু শূলহস্তায় কেদারায় নমোনমঃ ॥৭২ সর্ব্বলোকেশ্বরং দেবং মোক্ষকারণমব্যয়ং। নিষ্কলং পরমং দেবং প্রণতোঽস্মি পুরাতনং ॥৭৩ সর্ব্বেষামেব গোপ্তারং নমস্তে শম্ভুমব্যয়ং। শব্দাতীতং গুণাতীতং নমস্তে শম্ভুমব্যয়ং ॥৭৪ ইতিপ্রসাদনং কৃত্বা কেদারস্য চ পশ্চিমং। গত্বা ব্রহ্মবটং বৃক্ষমচ্ছিদ্র মবধারয়েৎ ॥৭৫ কেদারঞ্চ নমস্কৃত্য

সর্ব্বপাপ হইতে পরিত্রাণ পাইয়া শিবলোকে গমন করিয়া থাকে।৭০ কেদারাখ্যশিব শুক্লবর্ণ শ্বেতবৃষভারূঢ়, পদ্মাসনস্থ, শ্বেতনাগ যজ্ঞোপবীত, বরদাভয়হস্ত, সোমাসূর্য্যাগ্নিচক্ষুঃ, জটামুকুটচন্দ্রশেখর, শ্বেতভস্মানুলেপন, অর্দ্ধনারীশ্বর,, পঞ্চবক্ত্র, ত্রিনেত্র, তৎপুরুষ, বাম, ঈশান, সদ্যঃ পশ্চিম, শঙ্খচক্রধারী, খড়্গা গোক্ষীরবর্ণ, উত্তর, বামদেব, ডমরু খড়্গাদিধারী, তপ্তহেমাভবর্ণ, পূর্ব্ব, গদাপদ্মধর, পরম স্বচ্ছসিন্দূরাভ, দক্ষিণ, অঘোর, ত্রিশূল, কপিল বিটঙ্কদংষ্ট্র, নীলমেঘাঞ্জনোপম।৭১ এইরূপে কেদারাখ্য শিবের ধ্যান করিয়া শিবতন্ত্রোক্ত মন্ত্র দ্বারা পুষ্পাঞ্জলি গ্রহণ পূর্ব্বক পূজা করিবে।৭২ "নমশ্চন্দ্রার্দ্ধচূড়ায় নমঃ খট্টাঙ্গ ধারিণে। নমোঽস্তু শূলহস্তায় কেদারায় নমোনমঃ" এই মন্ত্রে প্রণাম করিয়া, সর্ব্বলোকেশ্বর, দেব, মোক্ষকারণ, অব্যয় নিষ্কল, পরম পুরাতন দেবকে আমি প্রণাম করি।৭৩ অখিলের রক্ষাকর্ত্তা, অব্যয় শম্ভুকে নমস্কার। শব্দাতীত গুণাতীত অব্যয় শম্ভুকে নমস্কার।৭৪ এইরূপে স্তুতিপ্রণাম দ্বারা তাঁহার প্রসাদন করিবে। তদনন্তর কেদারের পশ্চিমদিকে ব্রহ্মবটবৃক্ষ সন্নিধানে গমনপূর্ব্বক অচ্ছিদ্রাধারণ কর্ত্তব্য।৭৫ এইরূপে কেদার ও কল্পবৃক্ষকে নম-

কল্পবৃক্ষং ততঃ পুনঃ। দশজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি ॥৭৬ নমোহব্যক্তস্বরূপায় মহামলয়বাসিনে। মহেন্দ্রস্তোপরিষ্ঠায় ন্যগ্রোধায় নমো নমঃ ॥৭৭ কেদারস্য চ কৌবেরে ইষুক্ষেপত্রয়ান্তরে। পৌষ্পকে নগরে ক্ষেত্রে কমলাক্ষ হরংভুজেৎ ॥৭৮ সংসারসাগরে মগ্নং প্যপগ্রস্তমচেতনং। ত্রাহি মাং ভগনেত্রঘ্ন ত্রিপুরারে নমহস্তুতে ॥৭৯ নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ। ত্রিপুরারে নমোহস্তুতে কমলেশ নমোহস্তুতে ॥৮০ দক্ষিণে কল্পবৃক্ষস্য ইষুক্ষেপান্তরে প্রিয়ে। ছত্রকোরগিরির্যোহসৌ সাগরিঃ পরিপাত্রকঃ॥ তস্যারোহণমাত্রেণ ন পুনর্জ্জায়তে ভুবি ॥৮১ অষ্টষষ্টিষু শৈলেষুমধ্যে উন্নতকো গিরিঃ। মন্দরাখ্যন্ত তং শৈলং গত্বা তত্র সমাহিতঃ।। পূর্ব্বভাগেত শৈলস্য স্থিতো মধুরিপুর্হরিঃ। দর্শনাত্তস্য দেবস্য কুলানাং তারয়েচ্ছতং ॥৮২।৮৩ কেদারমুদকং পীত্বা কামধেনুং স্পৃশেদযদি। পূজয়েৎ কেশবং ভক্ত্যা ন ভূয়ো জায়তে ক্বচিৎ ॥৮৪ অনুত্তমোত্তমং ক্ষেত্রং শৈলং মন্দারকং প্রিয়ে। ককুদেশ্বরহরং দৃষ্ট্বা স যাতি পরমাং গতিং ॥৮৫ ব্রহ্মেশ্বরশ্চ তত্রৈব হোমমধ্যে প্রতিষ্ঠিতঃ। ব্রহ্মেশ্বরং

স্কার করিলে দশজন্মার্জ্জিতপাপ তৎক্ষণাৎ বিনষ্ট হয়।৭৬ নমোহব্যক্ত স্বরূপায় মহামলয় বাসিনে। মহেন্দ্রস্তোপরিষ্ঠায় ন্যগ্রোধায় নমো নমঃ।৭৭ এই মন্ত্রে বটবৃক্ষকে নমস্কার করিবে। কেদারের উত্তরদিকে তিন ইক্ষুক্ষেপ অন্তরে, পৌষ্পক নগরক্ষেত্রে কমলাক্ষ হরকে ভজনা করিবে।৭৮ "সংসার সাগরেমগ্নংপ্রাপগ্রস্তমচেতনং। ত্রাহিমামভগনেত্রঘ্ন ত্রিপুরারে নমোহস্তুতে।৭৯ নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপ হবায় চ। ত্রিপুরারে নমস্তেহস্তু কমলেশ নমোস্তুতে" ।৮০ এই মন্ত্রে তাঁহার পূজা ও প্রণাম কর্ত্তব্য। অনন্তর কল্পবৃক্ষের দক্ষিণে ইক্ষুক্ষেপদ্বয় অন্তরে ছত্রকোর, সাগরি ও পারিপাত্রক গিরি অষ্টষষ্টি শৈলমধ্যে উন্নত, তাহাতে অরোহণ করিলে পুনর্জ্জন্ম হয়।৮১ তদনন্তর মন্দারাখ্য শৈলে গমনপূর্ব্বক সমাহিত হইয়া, তৎপূর্ব্বভাগস্থিত মধুরিপু হরিকে দর্শন করিলে শত কুল উদ্ধার হয়।৮২।৮৩ কেদারোদক পান, কামধেনু স্পর্শ ও ভক্তিপূর্ব্বক কেশবের পূজা করিলে ভূতলে আর জন্মগ্রহণ করিতে হয় না।৮৪ হে প্রিয়ে! মন্দারক শৈল, অত্যুত্তম ক্ষেত্র,তথায় ককুদেশ্বর হরকে দর্শন করিলে পরমগতি প্রাপ্ত হয়।৮৫ সেইস্থানেই ব্রহ্মেশ্বর হোমমধ্যে প্রতিষ্ঠিত আছেন, ব্রহ্মেশ্বরকে নমস্কার করিলে

নমস্কৃত্য ব্রহ্মজ্ঞানমবাপ্নুয়াৎ ॥৮৬ ভাবভূতেশ্বরং দৃষ্ট্বা কৃত্বা চৈব প্রদক্ষিণং। মুচ্যতে পাপসংঘৈশ্চ শিবলোকে মহীয়তে ॥ সংপূজয়েচ্ছিবং যস্তু মন্দারে ক্ষেত্র-পর্ব্বতে। জন্মার্জ্জিতস্য পাপস্য দর্শনাদ্‌যাতিসংক্ষয়ং ॥৮৮ প্রয়াগে সঙ্গমে স্নাত্বা যৎফলংলভতে নরঃ। তৎফলং লভতে চাগ্র্যং সহস্রগুণমেব হি ॥৮৯ ধর্ম্মেশ্বরস্য দেবস্য কূপস্তিষ্ঠতি চাগ্রতঃ। তত্রস্নানেন দেবেশি পিণ্ডনির্ব্বপণেন চ। গোস-হস্রফলং সম্যক্ লভতে চ বরাননে ॥৯০ পারিপাত্রস্যোত্তরতো ধনুর্ব্বিংশান্তরে প্রিয়ে। কপিলস্যশ্রমে রম্যে সংপশ্যেৎ কপিলেশ্বরং ॥৯১ তং সংপূজ্য নরো-ভক্ত্যা বিষ্ণুলোকে মহীযতে। পরিপাত্রে স্থিতং দেবং সর্ব্বাঘভয় নাশনং। ন তেষাং কিঞ্চিদভয়নাস্তি ঘোর সংসারসাগরে ॥৯২ পিশাচমোচনং নাম তীর্থং তস্য চ পূর্ব্বতঃ। ধনুরেকাদশান্তে চ তত্রৈব কালভৈরবঃ ॥৯৩ কৃষ্ণং গৌরং বৃষাকারং পূর্ব্বভাগে গতং প্রিয়ে। পিশাচ মোচনেতীর্থে পূজযামাস শূলিনং।৯৪ ইত্থং দেবস্য তল্লিঙ্গং কপর্দ্দীশ্বরমুত্তমং। পূজনীয়ং প্রযত্নেন স্তোতব্যং বিবিধৈঃ স্তবৈঃ ॥৯৫ ব্যাঘ্রেশ্বরস্য দেবস্য দক্ষিণে বরবর্ণিনি। স্বয়ম্ভূস্তত্র লিঙ্গং বৈ দেবা-

---

ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হয়।৮৬ তদনন্তর ভাবভূতেশ্বর দেবকে দর্শন ও প্রদক্ষিণ করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া শিবলোকে গমনপূর্ব্বক পূজা প্রাপ্ত হয়।৮৭ যে নর, মন্দারে ও ক্ষেত্রপর্ব্বতে শিবপূজা করে, দর্শনমাত্রেই তাহার জন্মার্জ্জিত পাপ বিনষ্ট হইয়া যায়।৮৮ মানবগণ প্রয়াগ সঙ্গমে স্নান করিয়া যে ফল লাভ করে।৮৯ তথায় অগ্রভাগে ধর্ম্মেশ্বরের কূপ প্রতিষ্ঠিত আছে, তাহাতে স্নান, ও পিণ্ডনির্বপণ করিলে গোসহস্রের ফল লাভ হয়।৯০ হে বরাননে! পারিপাত্রের উত্তরে বিংশতিধনু অন্তরে, মনোহর কপিলাশ্রমে কপিলেশ্বর দর্শন করিয়া।৯১ ভক্তিপূর্ব্বক তাহার পূজা করিলে বিষ্ণুলোকে পূজ্য হইয়া থাকে। পারিপাত্রস্থিত সর্ব্বপাপবিনাশন দেবকে দর্শন করিলে তাহাদের ঘোর সংসার সাগরেও কিছুমাত্র ভয় থাকে না।৯২ তাহার পূর্ব্ব-দিকে একাদশ ধনু অন্তরে পিশাচমোচন নামকতীর্থ, তথায় কালভৈরব অব-স্থিত আছেন।৯৩ এই পিশাচমোচন তীর্থের পূর্ব্বভাগস্থিত বৃষভাকৃতি কৃষ্ণগৌর শূলি মহাদেবের পূজা করিয়া।৯৪ এইরূপে তাঁহার কপর্দ্দীশ্বর নামক উত্তম লিঙ্গ, যত্নপূর্ব্বক স্তব দ্বারা পূজনীয়।৯৫

হে বরবর্ণিনি!, ব্যাঘ্রেশ্বরের দক্ষিণস্থিত দেবগণেরও দুর্লভ স্বয়ম্ভূলিঙ্গ পূর্ব্ব-মুখে প্রতিষ্ঠিত আছে।৯৬ এই স্থান শ্রেষ্ঠতর জানিবে। কৃত্তিবাসেশ্বর

নামপি দুর্লভং ॥৯৬ পূর্ব্বমুখস্তু তং লিঙ্গং শ্রেষ্ঠস্থানমুদাহৃতং। কৃত্তিবাসেশ্বরং প্রাপ্য সংসারবিগতজ্বরঃ ॥৯৭ সংসারভয়নির্ম্মুক্তাঃ সর্ব্বপাপবিবর্জ্জিতাঃ। সুখেন মুক্তিমায়ান্তি যথার্হন্তি যতস্তথা ॥৯৮ ব্যাঘ্রেশ্বরস্য চৈশান্যে ধনুর্দ্দশ-প্রমানতঃ। কৃত্তিবাসেশ্বরং প্রাপ্তং লিঙ্গযোনিপ্রতিষ্ঠিতং ॥ কৃত্তিবাসেশ্বরো দেবো দ্রষ্টব্যশ্চ পুনঃ পুনঃ ॥৯৯ যদীচ্ছেত্তারকং জ্ঞানং শাশ্বতং চামৃতং পদং। এতৎ সর্ব্বৈশ্চ কর্ত্তব্যং যদীচ্ছেৎ পরমাত্মনঃ ॥১০০ মদলাচলস্যেশানে ইষুক্ষেপত্রয়ান্তরে। বাণেশ্বরস্তু বিখ্যাতঃ সপ্তপাতালভেদকং ॥১০১ বৎসরতস্তু লিঙ্গানাং সর্ব্বেষামুত্তমোত্তমং। তং প্রণম্য নরোভক্ত্যা বৎসরাদ্‌মুচ্যতে নরঃ ॥১০২ তস্য দেবস্য বায়ব্যে নানাবর্ণেন যা শিলা। গরুড়াখ্যং মহালিঙ্গং পূজয়েদ্গরুড়ং নরঃ ॥২০৩ দর্শনাত্তস্য দেবস্য গোশতস্য ফলং লভেৎ ॥১০৪ নমস্তে পক্ষিরাজেন্দ্র বাসুদেবহিতে রত। অনুজ্ঞাং দেহি পক্ষীশ ত্বমস্য দর্শনং প্রতি ॥১০৫ প্রণিপত্য পঠেন্মন্ত্রং পশ্চিমস্যান্তরে মহৎ। বিষ্ণোরায়তনং প্রাপ্য নরঃ শিবজলেশুভে ॥ স্নাত্ব চ মুণ্ডনং কৃত্বা ধ্যাত্বা বিষ্ণুং ক্ষপে-ন্নিশাং ॥১০৬ ততঃ প্রভাতে দেবেশি মণিকূটস্য উত্তরে। বল্লভাখ্যা নদী পুণ্যা

দেবকে দর্শন করিলে সংসার জ্বর বিদূরিত হয়, ৯৭ সংসার ভয় ও সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া সুখে যথাযোগ্য রূপে মুক্তিলাভ করে।৯৮ ব্যাঘ্রেশ্বরের ঈশানকোণে দশ ধনুঃ পরিমিত কৃত্তিবাসেশ্বর লিঙ্গযোনি প্রতিষ্ঠিত আছে। মানবগণ যদি আত্মার তারণ কারণ, শাশত অমৃতপদ স্বরূপ জ্ঞানের কামনা করে, তবে কৃত্তিবাসেশ্বর দেবকে পুনঃ পুনঃ দর্শন করিবে।৯৯ এই সকল কার্য্য সকলেরই কর্ত্তব্য।১০০ মদলাচলের ঈশান কোণে তিন ইক্ষুক্ষেপ অন্তরে সপ্ত পাতাল ভেদক বিখ্যাত বাণেশ্বর লিঙ্গ প্রতিষ্ঠিত আছে।১০১ এই বৎসরক লিঙ্গ, সকলের উত্তমেরও উত্তম। এই বাণেশ্বরদেবকে প্রণাম ও পূজা করিলে পাপ হইতে বৎসর হইতে মুক্ত হয়।১০২ সেই দেবের বায়ু-কোণে নানাবর্ণের যে শিলা আছে, তাহাই গরুড়াখ্য মহালিঙ্গ, নরগণ গরুড় দেবের পূজা করিবে।১০৩ সেই দেবের দর্শন করিলে শত গোদানের ফল প্রাপ্ত হয়।১০৪ "নমস্তে পক্ষিরাজেন্দ্র বাসুদেবহিতে রত। অনুজ্ঞাং দেহি পক্ষীশ ত্বমস্য দর্শনং প্রতি।" ১০৫ এই মন্ত্র পাঠ করিয়া প্রণামানন্তর পশ্চিম-দিকে বিষ্ণুর আয়তনে গমন করিয়া স্নানানন্তর মুণ্ড মুণ্ডন পূর্ব্বক বিষ্ণুর ধ্যান করিয়া রাত্রি যাপন করিবে।১০৬ হে দেবেশি! তদনন্তর

সর্ব্বপাপপ্রমোচনী ॥১০৭ তত্র স্নাত্বা চতুর্দ্দশ্যাং মাঘে বা ফাল্গুণেথবা। বল্লভা-য়াঞ্চ দেবেশি মহাপাতকনাশনং ॥১০৮ বল্লভায়াং নরঃ স্নাত্বা নীলকণ্ঠস্য দর্শ-নাৎ। ন স্পৃশন্তীহ প্যপানি সপ্তজন্মকৃতান্যপি ॥১০৯ তস্মিং স্তীর্থে নরঃ স্নাত্বা দৃষ্ট্বা সাদরমাধবং। যত্র তত্র স্থিতোবাপি সংসারে ন পুনর্ব্বিশেৎ ॥১১০ সং-সারে সর্ব্বতস্তস্য গঙ্গামাদ্বাতনং ভবেৎ ॥১১১ বরাহবিবরং দৃষ্ট্বা নরব্রজ্যা মহা-নদী। অশোকমলসঞ্জাতা কোলদণ্ডবিনিঃসৃতা ॥১১২ নন্দিনী পঙ্কজা চৈব নদী মধুমতী পরা। মণিকুটে চ সংযাতা তস্য তত্রাধিকং ফলং ॥১১৩ নমোহ-স্ততে পুণ্যজলে নমঃ সাগরগামিনি। নমস্তে পাপবিমলে নমো দেবি শিব-পদে ॥১১৪ অপুনর্ভবজলে স্নাত্বা বিশেদ্গোকর্ণমীশ্বরং। স্বর্গদ্বারঞ্চ তত্রৈব ইমং মন্ত্রমুদীরয়েৎ ॥১১৫ ব্রহ্মা বিষ্ণুস্তথা রুদ্রঃ সর্ব্বদেবৈর্নিরূপিতঃ। স্বর্গদ্বারং মহাপুণ্যং সমারোহেৎ সুদুর্ল্লভং ॥১১৬ দশলক্ষণযুক্তায় চতুষ্পাদায় চারবে। অর্ঘ্যং দদামি ধর্ম্মায় স্বর্গদ্বারনিবাসিনে ॥১১৭ গত্বা তত্র যুগ্মহস্তং নমস্কুর্য্যাদ-তন্দ্রিতঃ। হ্রদে বারাণসীয়ে চ মার্কণ্ডেয়সরে তথা। স্নাত্বা কামেশ্বরং দৃষ্ট্বা কল্পবৃক্ষং নমেত্ততঃ ॥১১৮ স্নাত্বা পশ্চাদ্দুর্ল্লভায়াং ততো হরিগৃহং ব্রজেৎ।

প্রভাতকালে মণিকুটের উত্তরভাগে সর্ব্বপাপ প্রমোচনীবল্লভা নদী প্রবা-হিতা ১০৭ সেই পুণ্যনদীতে মাঘ বা ফাল্গুন মাসের চতুর্দ্দশীতে স্নান করিলে মহাপাতক নাশ হয়।১০৮ নরগণ বল্লভায় স্নানানন্তর নীলকণ্ঠ দর্শন করিলে সপ্তজন্মকৃত পাপ বিনষ্ট হয়।১০৯ সেই তীর্থে স্নানানন্তর সাদর মাধবকে দর্শন করিলে সে যেখানেই থাকুক সংসারে আর প্রবেশ করিতে হয় না।১১০ সংসা-রের সর্ব্বস্থানই তাহার গঙ্গায়তনস্বরূপ হয়।১১১ অনন্তর বরাহবিরব দর্শন করিবে। তদনন্তব মহানদী নরব্রজ, অশোকমলসঞ্জাতা ইহা কোলদণ্ড হইতে বিনিঃসৃত হইয়াছে।১১২ তদনন্তর নন্দিনী পঙ্কজা ও পরমোৎকৃষ্টা মধুমতী নদী, এই নদী মণিকুট হইতে উৎপন্না, ইহাতে স্নান করিলে অধিকতর ফল লাভ হয়।১১৩ "নমোহস্ততে পুণ্যজলে নমঃ সাগরগামিনি। নমস্তে পাপবি-মলে নমোদেবি শিবপ্রদে।" ১১৪ এ মন্ত্রে অপুনর্ভব জলে স্নান করিয়া ঈশ্বর গোকর্ণে প্রবেশ করিবে।১১৫ সেই স্থানেই স্বর্গদ্বার, তাহা ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রাদি সকল দেবগণ নিরূপণ করিয়াছেন। সেই মহাপুণ্য সুদুর্লভ স্বর্গদ্বারে আরোহণ কর্ত্তব্য।১১৬ তথায় এহ মন্ত্র উচ্চারণীয়। "দশলক্ষণযুক্তায় চতু-ষ্পাদায়চারবে। অর্ঘ্যং দদামি ধর্ম্মায় স্বর্গদ্বারনিবাসিনে"।১১৭ এই মন্ত্রে অর্ঘদান পুবঃসর কৃতাঞ্জলি হইয়া নমস্কার করিবে।১১৮ তদনন্তর, বারাণসীয় হ্রদে ও

যোঽচ্ছাংতীর্থে চ বিধিবৎ করোতি নিয়তেন্দ্রিয়ঃ। কুলৈকবিংশমুদ্ধৃত্য বিষ্ণুলোকং স গচ্ছতি ॥১১৯ মণিকূটস্য পূর্ব্বেতু নাতিদূরে মহেশ্বরি। বিষ্ণুপুষ্করকং নাম সর্ব্বতীর্থোদ্ভবং জলং ॥১২০ তত্র স্নাত্বা বরারোহে বিপুলাং লভতে শ্রিয়ং। পুষ্করাকারমাস্থায় স্থিতোঽসৌ বসুধাতলে ॥১২১ মর্ত্ত্যলোকহিতার্থায় পাপং মে হর পুষ্কর। স্নাত্বা চানেন মন্ত্রেণ বারুণং তত্র সংজপেৎ ॥১২২ দদ্যাদর্ঘ্যঞ্চ বিধিবদারোহেদপি কূটকং। মণিকূটাচলে বিষ্ণুর্হয়গ্রীবস্বরূপধৃক্। শতবাহুপ্রমাণঞ্চ অচলোঽষ্টসহস্রকং। মন্ত্রেণারোহয়েদ্দেবী পীতপুষ্পেণ পূজয়েৎ ॥১২৩ ততঃ স বিষ্ণুদেহঞ্চ দ্বারিকঞ্চ প্রসাদয়েৎ ॥১২৪ দণ্ডহস্ত মহাবাহো কালদৈত্যনিসূদন। দ্বারপাল নমস্তেঽস্তু কবাটং দেহিমে সদা ॥১২৪ পীতঞ্চ দ্বিভুজং শান্তং মণিকুণ্ডলমণ্ডিতং। চক্র বাণধরং শুক্লং সমন্তাৎ পরিবেষ্টিতং। সর্ব্বলক্ষণসম্পন্নং মণিশৈলং ত্রিলোচনং। ধ্যাত্বা তৎপীঠকে মন্ত্রমারোহেৎ শিখরং তদা ॥১২৫-১২৬ মণিকূটগিরিশ্রেষ্ঠ পীতবর্ণ ত্রিলোচন। ত্বদাদ্যারোহণং কৃত্বা দ্রক্ষ্যামি ভবনন্তথা ॥১২৭ তং পূর্ব্বাভিমুখেনৈব উত্তরাভিমুখেন

মার্কণ্ডেয় সরে স্নান করিয়া কামেশ্বর দর্শনপূর্ব্বক কল্পবৃক্ষকে প্রণতি করিয়া তৎপরেই দুর্লভায় স্নান করিয়া হরিগৃহে গমন করিবে। যে মানব নিয়তেন্দ্রিয় হইয়া এই তীর্থে অর্চ্চনা করে, সে একবিংশতি কুল উদ্ধার করিয়া বিষ্ণুলোক প্রাপ্ত হয়।১১৯ হে মহেশ্বরি! মণিকূটের পূর্ব্বে অনতিদূরে বিষ্ণুপুষ্কর নামে সর্ব্বতীর্থ বারি পরিপূরিত একতীর্থ আছে,১২০ হে বরারোহে! তথায় স্নান করিলে বিপুল শ্রীলাভ হয় এবং সে পুষ্কর অর্থাৎ পদ্ম তুল্য রূপধারণ পূর্ব্বক অবনীতলে অবস্থান করে।১২১ "মর্ত্ত্যলোক হিতার্থায় পাপং মেহরপুষ্কর" এই মন্ত্রে স্নানান্তর বারুণ মন্ত্র জপ করিয়া ১২২ বিধিবৎ অর্ঘ্য প্রদান পূর্ব্বক কূটারোহণ করিবে। বিষ্ণু মণিকূটাচলে হয়গ্রীবরূপধারী হইয়া অবস্থিত আছেন। তথায় শতবাহু প্রমাণ অষ্ট সহস্র অচল, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তাহাতে আরোহণ করিয়া পীতপুষ্পে পূজা কর্ত্তব্য।১২৩ তদনন্তর সেই ব্যক্তি বিষ্ণুদেহ দ্বারিকের প্রসাদন কর্ত্তব্য।১২৪ হে দণ্ডহস্ত মহাবাহো! কালদৈত্যনিসূদন দ্বারপাল! আমি তোমাকে নমস্কার করি, তুমি আমাকে দ্বার প্রদান কর।১২৫ পীতবর্ণ, দ্বিভুজ, শান্ত মণিকুণ্ডল মণ্ডিত, চক্রবাণধর, শুক্ল সমন্তাৎ পরিবেষ্টিত, সর্ব্বলক্ষণ সম্পন্ন, মণিশৈল ত্রিলোচনকে ধ্যান করিয়া তৎপীঠে মন্ত্র পাঠপূর্ব্বক শিখরে আরোহণ করিবে।১২৬-১২৭ মন্ত্র যথা—"মণিকূট গিরিশ্রেষ্ঠ পীতবর্ণ

বা। অবোহেন্মণিশৈলঞ্চ বজ্জযেদন্যদিঙ্মুখং ॥১২৮ গত্বা বিন্ধ্যাচলং পশ্চাৎ কৃত্বা তৎ ত্রিঃপ্রদক্ষিণং। প্রবিশ্য সংযতো ভূত্বা ধৌতবাসাজিতেন্দ্রিয়ঃ। মূলেন স্নাপযেদ্দেবং সৌগন্ধিকজলৈঃ শুভৈঃ। কর্পূববাসিতৈঃ স্নিগ্ধৈ সুগন্ধিকুসুমাদিভিঃ। চন্দনাগুরুপদ্মানি যানি কাম্যানি কানিচিৎ। কৃত্যানি কুণ্ড মালিখ্য তজ্জলে স্নানমাচরেৎ।১২৯-১৩১ সিতামলজলৈশ্চৈবতোযৈঃ কোষ্ণোদকেন চ। উদ্ধৃতন বাবিণা চৈব ক্রমাৎ পঞ্চামৃতেন চ॥১৩২ ত্রিসিতেন ত্রিগন্ধেন ত্রিজলেন মনপ্রিযে। প্রীত্যর্থং তস্য দেবস্য স্নানং দেবি সমাচবেৎ॥১৩৩ ত্রিসিতং চন্দনং পদ্মং উশীবং পবিকীর্ত্তিতং। নিত্যং মলযজং মর্ত্ত্যং ত্রিগন্ধং সুমনোহবং ॥১৩৪ তীর্থোদকং গন্ধতোযং কর্পূবস্তোদকন্তথা। ত্রিজলঞ্চ মহেশানি স্নাপযেদন্তবান্তবে॥১৩৫ স্নাপযিত্বা যথোক্তেন তথাং স্নানং সমাচবেৎ। অর্দ্ধস্নানং ততঃ কুর্য্যাদ্বিধিজ্ঞঃ পবমেশ্ববি॥১৩৬ অষ্টোত্তবসহস্রৈস্তু সুবর্ণঘটিতৈর্ঘটৈঃ। তণ্ডুলৈঃ স্নাপনং কুর্য্যাৎ কর্পূবাদিবমিশ্রিতং॥১৩৭ অশক্তস্তু শতং কুর্য্যাদ্দশধা সুবসুন্দবি। তাম্রৈর্ব্বা বাজতৈর্ব্বাপি অথবা সতিসম্ভবে। মার্ত্তিকৈর্ব্বা ঘটৈঃ স্নানং মশক্তস্তু সমাচবেৎ॥১৩৮ স্নানাৎ পূর্ব্বং মহেশান তীর্থং গত্বা মহেশ্ববি। তস্মাচ্চ

ত্রিলোচন। ত্বদদ্য বে হণংকৃত্বা দ্রক্ষ্যামি ভুবনন্ততঃ"১২৮ পূর্ব্বাভিমুখে বা উত্তবাভিমুখে মণিশৈলাবোহণ কর্ত্তব্য, অন্যদিঙ্মুখে আবোহণ বর্জ্জন কবিবে।১২৯ অনন্তব বিন্ধ্যাচলে গমন পূর্ব্বক তিনবাব প্রদক্ষিণান্তে, ধৌতবসন, জিতেন্দ্রিয় ও সংযতচিত্ত হইযা, মূল মন্ত্র দ্বারা কর্পূরবাসিত সুগন্ধিজলে দেবতাব স্নান কবাইযা চন্দন অগুরু পদ্মাদি দ্বাবা কাম্যকার্য্য সমাপন পূর্ব্বক কুণ্ড লিখিয়া সেই জলে স্নানাচাবণ কবাইবে।১৩০।১৩১ শুভ্রামল জলে, ঈষদুষ্ণতোয়ে, উষ্ণ জল ও পঞ্চামৃতে ১৩২ ত্রিসিত ত্রিগন্ধ ত্রিজলে স্নান কবাইবে।১৩৩ তদ্দ্বারা দেবতার অত্যন্ত প্রীতিসম্পাদিত হয়। চন্দন পদ্ম ও উশীব এই তিনটিব সম্মিলনেব নাম ত্রিসিত।১৩৪ নত্যগন্ধ, মলয়জগন্ধ ও মর্ত্ত্যাগন্ধ ইহাব নাম ত্রিগন্ধ। তীর্থোদক, গন্ধতোয, ও কর্পূরোদক ইহাদেব সম্মিনই ত্রিজল। এই তিন দ্বাবা পবেপবে স্নান কবা ইবে।১৩৫ এইরূপে যথোক্তক্রমে স্নান কবাইয়া স্নানাচবণ কবিবে। হে পবমেশ্ববি! বিধিজ্ঞব্যক্তি তৎপরেই অর্দ্ধস্নান কবাইবেন।১৩৬ তদনন্তর সুবর্ণ গঠিত ঘটদ্বারা অষ্টোত্তবশততণ্ডুলযুক্ত কর্পূরাদিমিশ্রিত স্নান কবাইবে।১৩৭ অশক্ত ব্যক্তি দশবাব স্নান কবাইবে। যে ব্যক্তি সুবর্ণ ঘটে স্নান করাইতে অক্ষম, সে রজত,তাম্র বা সম্ভব হইলে মৃন্ময় ঘটেও স্নান কবাইতে পারে।১৩৮

জলমানীয় তা কুম্ভে কৃত্বা বিধানবিৎ ॥১৩৯ গন্ধং পুষ্পং ততো দত্বা পুনর্মন্ত্রং জপেত্ততঃ। অমৃতীকরণং কুর্য্যান্মুদ্রাং তত্র চ দর্শয়েৎ ॥১৪০ ষড়ঙ্গং বিন্যসেত্তত্র অবগুণ্ঠ্য ততোঽর্চ্চয়েৎ। মহোৎসবং ততঃ কৃত্বা স্নানার্থং দেবদক্ষিণে। স্নাপয়েৎ স্নানশেষে তু দেববুদ্ধ্যাক্ষিপেত্ততো ॥১৪১ উদ্বর্ত্তনং প্রতিদিনং কর্ত্তব্যঞ্চ দিনান্তরে। দিনত্রয়ান্তরে বাপি সর্ব্বকালে বিশেষতঃ ॥১৪২ তিলোদ্ভবেন তৈলেন সুগন্ধেন মম প্রিয়ে। পলেন চ পলার্দ্ধেন তদর্দ্ধেনাপি যত্নতঃ। স্নেহৈর্ব্বা রজনীভিশ্চ তণ্ডুলোদ্বর্ত্তনাদিভিঃ। সংস্থাপ্য দেবদেবেশং বিল্বপত্রেণ শাঙ্করি। সংঘৃষ্টগাত্রং পত্রৈর্ব্বা অপামার্গস্য মূলকৈঃ। কূর্চ্চকৈ নলপুষ্পস্য কূর্চ্চং কুর্য্যান্ মহেশ্বরি।১৪৩-১৪৪ কুশেন চামরেণাথ গোবালেন বিশেষতঃ। উশীরং কূর্চ্চকং দত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৪৫ দত্বা গোবালকং কূর্চ্চং সর্ব্বান্ পাপানপোহতি। দত্বা চ চামরং কূর্চ্চং শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং ॥১৪৬ ন বরাহস্য রোমেণ ন বংশেন কদাচন। গবয়স্য তথাশ্বস্য রোমন্তু পরিবর্জ্জয়েৎ ॥১৪৭ লিঙ্গে বা প্রতিমায়াং বা শালগ্রামে তথৈব চ। ন কূর্চ্চয়েৎ প্রতিদিনং পক্ষাহে সপ্তকে তথা ॥১৪৮ মাসান্তে বাথ পক্ষ্যন্তে কূর্চ্চয়েন্মম সুন্দরি। অয়নে বিষুবে চৈব ভৌমবারে দিন-

হে মহেশানি! স্নানের পূর্ব্বে তীর্থে গমনপূর্ব্বক তজ্জল আনয়নপূর্ব্বক কুম্ভস্থ করিয়া।১৩৯ গন্ধপুষ্পাদি প্রদানপুরঃসর বিধিপূর্ব্বক মন্ত্র জপ করিয়া অমৃতীকরণ ও মুদ্রাপ্রদর্শন করিবে।১৪০ পরে ষড়ঙ্গবিন্যাস ও অবগুণ্ঠন প্রদানপূর্ব্বক অর্চ্চনান্তে মহোৎসব করিয়া স্নানার্থ দেবদক্ষিণে রাখিয়া তৎপরেই স্নান করাইবে। স্নানশেষে দেবতনুতে বারি নিক্ষেপ কর্ত্তব্য।১৪১ প্রতিদিন দিনান্তরে উদবর্ত্তন (স্নেহ দ্রব্যাদি ম্রক্ষণ) কর্ত্তব্য, বিশেষতঃ সর্ব্বকালে তিন দিন অন্তরে উদ্বর্ত্তন করিবে।১৪২ হে প্রেয়সি! পল, পলার্দ্ধ পরিমিত সুগন্ধ তিলোদ্ভব তৈলে, অথবা স্নেহতণ্ডুলাদি দ্বারা, দেবদেবকে বিল্বপত্রে স্থাপনপূর্ব্বক উদ্বর্ত্তন কর্ত্তব্য। অপামার্গের পত্র বা মূল দ্বারা অথবা নলপুষ্পের কূর্চ্চক দ্বারা কূর্চ্চন করিবে।১৪৩।১৪৪ কুশ, চামর, গোবাল, বিশেষতঃ উশীর কূর্চ্চক প্রদান করিয়া সর্ব্বপাপ হইতে পরিমুক্ত হয়।১৪৫ গোবালক কূর্চ্চকদানে সর্ব্বপাপ নষ্ট হয়। চামরকূর্চ্চক প্রদান করিলে অনুত্তম শ্রীলাভ হয়।১৪৬ বরাহ রোম, বংশ গবয় রোম ও অশ্ব রোম পরিবর্জ্জন করিবে।১৪৭ হে সুন্দরি! লিঙ্গে বা প্রতিমায় অথবা শালগ্রামে প্রতিদিন [illegible] সপ্তদিনান্তে১৪৮ মাসান্তে কূর্চ্চন

গ্রহে ॥১৪৯ দ্বাদশ্যাং রাহুগ্রস্তে চ তৈলস্নানং ন কারয়েৎ ॥১৫০ নৈব তে কূর্চ্চয়েদ্দেবি ন বরাঙ্গে মুখেস্ততঃ। নাসিকান্তে তথা গুহ্যে লিঙ্গে চ পুলকেষু চ ॥১৫১ বস্ত্রেণ মার্জ্জয়েদ্দেবি কার্পাসেনাথচন্দনৈঃ। রক্তবস্ত্রে ভবেৎ কুষ্ঠী পাণ্ডুব্যাধিমবাপ্নুয়াৎ ॥১৫২ পটেশ্চক্ষুষমাপ্নোতি নীলা রক্তৈঃ ক্ষয়ং ব্রজেৎ। পরিধাপ্য ততো বস্ত্রং স্বর্ণসূত্রদ্বয়ন্তথা। কটীবেষ্টনকং দদ্যাৎ নানাবস্ত্রাদি ভূষণং। পরিধানং পিধায়ৈবং স্নানং যঃ কুরুতে নরঃ।১৫৩ ১৫৪ পূজাকালে ভোজনে চ স্নানে চৈব বিশেষতঃ। সোপি নাশমবাপ্নোতি ধননাশস্তথৈব চ ॥১৫৫ মলয়জেন গন্ধেন গোপীচন্দনকেন বা। বিল্বকাষ্ঠোদ্ভবেনাথ তুলসীকাষ্ঠকেন বা। পদ্মকেন তমালেন তথা রোচনয়াথবা। পিধায় তিলকং দেবি শ্রেষ্ঠমেষাক্রমেণ চ।১৫৬ ১৫৭ চতুঃ সমঞ্চাতি সমং দ্বিসমঞ্চ সুরেশ্বরি। অত্রালিপ্য ততো দেহং অয়নেন বিসর্জ্জয়েৎ ॥১৫৮ শীতে রাত্রৌ পুনঃ স্নানে নানুলিপ্য সুগন্ধিভিঃ। ললাটে তু বিশেষেণ বরাঙ্গেন কদাচন ॥১৫৯ চতুঃ সমঞ্চ ত্রিসমং দ্বিসমঞ্চ সুরেশ্বরি। পাদে পৃষ্ঠে তথা নেত্রে ন দদ্যাদনুলেপনং ॥১৬০ চতুর্লগ্নে হৃতা

করিবে। অয়নে, বিষুবে, কুজবারে, দিনক্ষয়ে১৪৯ দ্বাদশীতে গ্রহণে তৈল স্নান করাইবে না।১৫০ হে দেবি। বরাঙ্গে বা মুখে, নাসিকান্তে গুহ্যে লিঙ্গে বা পুলকে কূর্চ্চন অকর্ত্তব্য।১৫১ হে দেবি। কার্পাস বস্ত্র বা চন্দন দ্বারা মার্জ্জনা করিবে। রক্তবস্ত্রে মার্জ্জনা করিলে কুষ্ঠী ও পাণ্ডুব্যাধি গ্রস্ত হয়।১৫২ পটদ্বারা মার্জ্জনে চাক্ষুষ্য লাভ, কিন্তু নীল বা রক্তবর্ণ পটদ্বারা মার্জ্জনা করিলে ক্ষয়প্রাপ্ত হয়। তদনন্তর বস্ত্র পরিধাপনান্তর স্বর্ণসূত্রদ্বয় ও কটিবেষ্টন এবং বস্ত্রাদি ভূষণ প্রদান করিবে। এইরূপে পরিধান করাইয়া ১৫৩।১৫৪ বা পূজাকালে, ভোজনে, বিশেষতঃ স্নানকালে যে ব্যক্তি স্নান করে, সে নাশপ্রাপ্ত এবং তাহার ধননাশ হয়।১৫৫ অনন্তর মলয়জ গন্ধ অথবা গোপী চন্দন, বিল্বকাষ্ঠোদ্ভবচন্দন বা তুলসীকাষ্ঠজাত চন্দন, কিম্বা পদ্মক, তমাল বা রোচনাদ্বারা তিলক করাইবে। ইহার মধ্যে পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ জানিবে।১৫৬।১৫৭ হে সুরেশ্বরি। চতুঃসম বা দ্বিসমরূপে দেব দেহ আলেপিত করিবে। অয়নকালে এই আলেপন বর্জ্জিতব্য জানিও।১৫৮ শীতকালের নিশায় পুনঃস্নানে, সুগন্ধিলেপন অকর্ত্তব্য। বিশেষরূপে ললাটদেশে বা উত্তমাঙ্গে কদাচই লেপন কর্ত্তব্য নয়।১৫৯ হে সুরেশ্বরি। চতুঃসম, ত্রিসম, বা দ্বিসমরূপে পাদে, পৃষ্ঠে ও নেত্রে অনুলেপন প্রদান করিবে না।১৬০ চতুর্লগ্নে লক্ষ্মীনাশ, মুখলগ্নে হৃতশ্রীকতা করলগ্নে দরিদ্র ও পদ

লক্ষ্মীঃ মুখলগ্নে হৃতশ্রিয়ং। দরিদ্রঃ করলগ্নে চ পদলগ্নে ধনক্ষয়ঃ ॥১৬১ লিঙ্গস্থ পুলকান্তে তু ন দদ্যাচ্চন্দনং প্রিয়ে॥ পদ্মপত্রে বিল্বপত্রে করবীরদলে তথা। তত্র দদ্যাচ্চন্দনঞ্চ লিঙ্গে পুনশ্চ সম্ভবে ॥১৬২ নেত্রাণি নাঞ্জয়েদ্দেবি কজ্জলৈশ্চ বিশেষতঃ। মালতীপত্রসম্ভূতং তিলতৈলেন আয়সে॥ তাপযেৎ পাতয়েদ্দেবি কজ্জলং তৎ প্রকীর্ত্তিতং ॥১৬৩ নীরাজনেন যঃ পূজাং করোতি বরবর্ণিনি। অমৃতং প্রাপ্নুয়াৎ সোঽপি ইহ লোকে পরত্র চ ॥১৬৪ অথ শুদ্ধিজলং যস্তু যো ন কুর্য্যাৎ সুরার্চ্চিতে। সোঽপি মূঢ়ো ভবেদ্রোগী ক্ষিপ্রং বা নাশমাপ্নুয়াৎ ॥১৬৫ লিঙ্গে বা প্রতিমাযাম্বা পূর্ব্বমেব মম প্রিযে। নীরৈঃ সংমার্জ্জয়েদ্‌যন্ত্রং কৃত্বা চৈব প্রদক্ষিণং ॥১৬৬ সংস্পৃশেৎ প্রতিমাং ভদ্রে মাঞ্চ লিঙ্গস্বরূপিণীং ॥১৬৭ ওঁনমো নারায়ণায়েতি যে বদন্তি মনীষিণঃ। কিং কার্য্যং বহু মাত্রৈর্ব্বা নোবিভ্রম-কাষকৈঃ ॥১৬৮ ওঁনমো নারায়ণায়েতি মন্তঃ সর্ব্বার্থসাধকঃ। যজংস্তেনৈব মন্ত্রেণ সূক্তেন পুরুষেণ বা ॥১৬৯ দ্বাদশাক্ষববীজেন কৃষ্ণবীজেন পূজযেৎ। ব্যস্তেন চ সমস্তেন অনুলোম বিলোমকৈ। প্রত্যুক্তবহুভির্ম্মন্ত্রৈ মন্ত্রেণ বৈষ্ণবেন চ। তত্রার্ক চন্দ্রবহ্নীনাং মণ্ডলানি বিচিন্তযেৎ ॥১৭০ ততো বিচিন্ত্য হৃদযং

লগ্নে ধনক্ষয় হয়।১৬১ হে প্রিয়ে! লিঙ্গের পুলকান্তে চন্দন প্রদান কর্ত্তব্য নয়।১৬২ হে দেবি! লিঙ্গে ও তৎপুলকে সম্ভব হইলে পদ্মপত্রে, বিল্বপত্রে, বা করবীরদলে চন্দন দান করিবে। হে দেবি! নেত্রাঞ্জন বিশেষতঃ কজ্জল দ্বারা কর্ত্তব্য নয়। মালতীপত্রসম্ভূত বা আয়স পাত্রে তিল তৈলদ্বারা তাপিত করিয়া পাতিত করিলে তাহাই কজ্জল।১৬৩ হে দেবি বরবর্ণিনি! নীরার্জ্জনাদ্বারা (আরতি বিশেষ) যে পূজা করে, সে ইহপরলোকে অমৃত (মুক্তি) প্রাপ্ত হয়।১৬৪ হে সুরার্চ্চিতে দেবি! যে মূঢ় দেবপূজায় জল শুদ্ধি না করে, সে রোগী হইয়া শীঘ্রই বিনাশ প্রাপ্ত হয়।১৬৫ হে প্রিয়ে! লিঙ্গে বা প্রতিমায় প্রথমেই নীর দ্বারা যন্ত্র সম্মার্জ্জন করিয়া প্রদক্ষিণ কর্ত্তব্য।১৬৬ হে ভদ্রে! প্রতিমা ও লিঙ্গরূপী আমাকে স্পর্শ করিবে।১৬৭ যে মনস্বি ব্যক্তি "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র উচ্চারণ করে,তাহার বিভ্রম কারক বহু মন্ত্রে প্রয়োজন কি।১৬৮ "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র সৎ ও সর্ব্বার্থ সাধক। এই মন্ত্র বা পুরুষ সূক্ত মন্ত্রে।১৬৯ দ্বাদশাক্ষর বীজ ও কৃষ্ণবীজ মন্ত্রে পূজা করিবে। ব্যস্ত, সমস্ত, অনুলোম ও বিলোম দ্বারা বিহিত বহু মন্ত্র ও বৈষ্ণব মন্ত্র দ্বারা পূজা করিবে। সেই মণিকূটে চন্দ্র সূর্য ও বহ্নিমণ্ডল চিন্তা করিয়া।১৭০ হৃদয় মন্ত্র ও জ্যোতিরূপী ওঁকার মন্ত্র ও

ওঁকারং জ্যোতিরূপিণং। কর্ণিকায়াং সমাসীনং জ্যোতীরূপস্বরূপিণং। অষ্টাক্ষরং ততো মন্ত্রং প্রবদন্তি যথাক্রমং ॥১৭১ কেশবাদি পুরং কৃত্বা দ্বাদশাক্ষরকং ন্যসেৎ। চতুর্ভুজং মহাসত্বং সূর্য্যকোটিসমপ্রভং। চিন্তয়িত্বা ততো যোগং জ্যোতীরূপং সনাতনং। তত আবাহয়েন্মন্ত্রং ক্রমশোধিতমানসঃ।১৭২-১৭৩ মীনরূপো বরাহশ্চ নারসিংহোথবা পুনঃ। আয়াতু দেবো বরদো মম নারায়ণোঽগ্রতঃ ॥১৭৪ সুমেরোশ্চ পাদপীঠে পদ্মকল্পিতমানসং। সর্ব্বসত্বহিতার্থায় তিষ্ঠস্ব মধুসূদন ॥১৭৫ ত্রৈলোক্যপতীনাং পতয়ে দেব দেবায়। অর্ঘ্যোঽয়ং হৃষীকেশায় বিষ্ণবে নমঃ ॥১৭৬ ইতর্ঘ্যং স্ব পাদ্যং পাদয়োর্দেব পদ্মনাভ সনাতন। বিষ্ণো কমলপত্রাক্ষ গৃহাণ মধুসূদন ॥১৭৭ ইতি পাদ্যং। মধুপর্কং মহাদেব ব্রহ্মাদ্যৈঃ কল্পিতং তব। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পুরুষোত্তম ॥১৭৮ ইতি মধুপর্কং। মন্দাকিন্যাস্ত তে বারি জলপানং হরাশুভং। গৃহাণাচমনীয়ং স্বং ময়া ভক্ত্যা নিবেদিতং ॥১৭৯ ইত্যাচমনীয়ং। ত্বমাপঃ পৃথিবী চৈব জ্যোতিস্ত্বং বহ্নিরেব চ। লোকসম্বিত্তিমাত্রেণ বারিণা স্নাপয়াম্যহং ॥১৮০ স্নানং। দরবস্ত্রসমাযুক্তে যজ্ঞবর্ণবিভূষিতে। স্বর্ণবর্ণ-

---

কর্ণিকায় সমাসীন জ্যোতীরূপ স্বরূপ অষ্টাক্ষর মন্ত্র যথাক্রমে উচ্চারণ কর্ত্তব্য।১৭১ কেশবাদি পুরস্কার করিয়া দ্বাদশাক্ষর মন্ত্র ন্যাস করিবে। তদনন্তর ক্রমে শোধিত মানস হইয়া চতুর্ভুজ, মহাসত্ব, কোটিসূর্য্য সমপ্রভাশীল যোগজ্যোতিরূপ সনাতনে চিন্তা করিয়া আবাহন মন্ত্র বলিবে।১৭২।১৭৩ মন্ত্র যথা—"মীনরূপো বরাহশ্চ নারসিংহোথবাপুনঃ। আয়াতুদেবো বরদো মম নারায়ণোঽগ্রতঃ।১৭৪ সুমেরোশ্চ পাদপীঠে পদ্মকল্পিতমানস। সর্ব্বসত্ব হিতার্থায় তিষ্ঠস্ব মধুসূদন" ।১৭৫ ইহাই আবাহন মন্ত্র। "ত্রৈলোক্যপতীনাং পতয়ে দেবদেবায়। অর্ঘ্যোঽয়ংহৃষীকেশায় বিষ্ণবে নমঃ।১৭৬ এই মন্ত্রে অর্ঘ্যদান কর্ত্তব্য। "স্বপাদ্যং পাদয়োদেব পদ্মনাভ সনাতন। বিষ্ণোকমল পত্রাক্ষ গৃহাণ মধুসূদন" ।১৭৭ এই মন্ত্রে পাদ্যদান করিবে। "মধূপর্কংমহাদেব ব্রহ্মাদ্যৈ কল্পিতংতব। ময়া নিবেদিতংভক্ত্যা গৃহাণ পুরুষোত্তম" ।১৭৮ এই মন্ত্রে মধুপর্কদান কর্ত্তব্য। "মন্দাকিন্যাস্ততেবারি জল পানং হরাশুভং। গৃহানাচমনীয়ং স্বং ময়া ভক্ত্যানিবেদিতং" ।১৭৯ এই মন্ত্রে আচমনীয় দান কর্ত্তব্য। "ত্বমাপঃ পৃথিবীচৈবজ্যোতিস্ত্বংবহ্নিরেব চ। লোকসম্বিত্তিমত্রেণ বারিণাস্নাপয়াম্যহং।১৮০ এই মন্ত্রে স্নান করাইবে। "দরবস্ত্র সমাযুক্তে যজ্ঞ বর্ণ বিভূষিতে। স্বর্ণ বর্ণ প্রভেদেন বাসসীতবকেশব।

প্রভেদেন বাসসী তব কেশব ॥১৮১ বস্ত্রং। শরীরন্তে লেপয়ামি চেষ্টা স্বৈব চ কেশব। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্ বিলিপ্যতাং॥ বিলেপনং। ঋগ্বেদাদিষু মন্ত্রেণ শোধিতং পদ্মযোনিনা। সাবিত্রীগ্রন্থসংযুক্তমুপবীতমনক্ষতং। সূর্য্যশ্চন্দ্রশ্চ বিদ্যুচ্চ ত্বমেবাগ্নিস্তথৈব চ। ত্বমেব জ্যোতিষান্দেব দীপোঽয়ং প্রতিগৃহ্ তাং।১৮২-১৮৩ দীপঃ। অন্নং পঞ্চবিধঞ্চৈব রসৈঃ ষড়্ভিঃ সমন্বিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা নৈবেদ্যং তব কেশব॥১৮৪ নৈবেদ্যং। পূর্ব্বদলে বসেদ্দেবো যাম্যে সঙ্কর্ষণং বসেৎ। প্রদ্যুম্নং পশ্চিমে চৈব তথৈশান্যে ত্রিবিক্রমং॥১৮৫ তথা চ বাসুদেবস্থ গরুড়ং পুরতো ন্যসেৎ। তথা মহাগদাঞ্চৈব ন্যাসেদ্দেবস্থ দক্ষিণে॥১৮৬ ততঃ সবেদং ধনুষী ন্যসেদ্দেবস্থ বামতঃ। দক্ষিণে বসুধা দেবী বাম্যয়ং তত্র বিন্যসেৎ॥১৮৭ শ্রিয়ো দক্ষিণতঃ স্থাপ্যঃ পুষ্টিং স্বত্তে রতো ন্যসেৎ। বনমালাঞ্চ পুরতঃ শ্রীবৎসকৌস্তুভৌ ততঃ। বিন্যসেৎ হৃদয়াদীনি বিন্যসেচ্চ চতুর্দ্দিশং॥১৮৮ ততোঽপি দেবদেবস্থ কোণে নৈব তূ বিন্যসেৎ। পীঠেশানং পূজয়েত্তু তচ্ছক্তীরপি বাহ্যতঃ॥১৮৯ গ্রহাংশ্চ দিক্পতীংশ্চৈব দদ্যাৎ পুষ্পবলিত্রয়ং। এবং সংপূজ্য দেবেশং যণ্ডস্থঞ্চ জনার্দ্দনং।

এই মন্ত্রে বস্ত্রদান কর্ত্তব্য। "শরীবন্তে লেপয়ামি চেষ্টাশ্বৈব চ কেশব। ময়া নিবেদিতান গন্ধান প্রতিগৃহ্যবিলিপ্যতাং" ।১৮১ এই মন্ত্রে বিলেপন দান করিবে।"ঋগ্বেদাদিষুমন্ত্রেণ শোধিতং পদ্মযোনিনা। সাবিত্রীগ্রন্থসংযুক্ত মুপবীত মনক্ষতং। সূর্য্যশ্চন্দ্রশ্চ বিদ্যুচ্চ ত্বমেবাগ্নি স্তথৈব চ। ত্বমেবজ্যোতিষাং দেব দীপোঽয়ং প্রতিগৃহ্যতাং" ।১৮২।১৮৩ এই মন্ত্রে দীপ দান করিবে। অন্নংপঞ্চবিধঞ্চৈব রসৈঃযড়্ভিঃসমন্বিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা নৈবেদ্যং তব কেশব" ।১৮৪ এই মন্ত্রে নৈবেদ্য প্রদান কর্ত্তব্য। পূর্ব্বদলে দেব, দক্ষিণে সঙ্কর্ষণ পশ্চিমে প্রদ্যুম্ন, ঈশানকোণে ত্রিবিক্রম বাস করেন।১৮৫ এবং গরুড় বাসুদেবের অগ্রে বাস করেন, তদনন্তর মহাগদা।১৮৬ দক্ষিণে, বামে বেদ ও ধনুঃ বসুধা ও ধর্ম্মের এইরূপ চিন্তা দ্বারা ন্যাস করিবে।১৮৭ লক্ষ্মীকে দক্ষিণদিকে রাখিয়া পুষ্টিকে অন্যদিকে ন্যাস করিয়া অগ্রে বনমালা তৎপরেই শ্রীবৎসকৌস্তুভ এবং হৃদয়াদিকে চারিদিকে বিন্যাস করিবে।১৮৮ তদনন্তর দেবদেবের কোণে বিন্যাস করিয়া পীঠেশানের ও তাঁহার শক্তি সকলের বাহ্যভাগে পূজা করিয়া ১৮৯ গ্রহ ও দিক্পতিগণকে পুষ্প বলিত্রয় প্রদান করিবে। এইরূপে যণ্ডস্থ জনার্দ্দন দেবেশ্বরকে পূজা করিলে

লভেদভিমতান্ কামান্ নরো নাস্ত্য তু সংশয়ঃ ॥১৯০ অনেনৈব বিধানেন মণ্ডপস্থং হয়াননং। পূজিতং পশ্যতে যস্তু ন বিঘ্নং বিষ্ণুমব্যয়ং ॥১৯১ সকৃদপ্যর্চ্চিতো যেন বিধিনানেন কেশব। জন্মমৃত্যুজরাতীতঃ স বিষ্ণোঃ পদমাপ্নুয়াৎ ॥১৯২ যঃ স্মরেৎ সততং ভক্ত্যা হয়গ্রীবমতন্দ্রিতঃ। অন্বহং তস্য দ্বে সন্ধ্যে শ্বেতদ্বীপঃ প্রকল্পিতঃ ॥১৯৩ ও কারাদিসমাযুক্তং নমস্কারান্ত দীপিতং। সারশ্চ সর্ব্বতত্ত্বানং মন্ত্র ইত্যভিধীয়তে ॥১৯৪ অনেনৈব বিধানেন মণ্ডপস্থং হয়াননং। পূজিতং যস্তু দেবেশি গন্ধপুষ্পং নিবেদয়েৎ ॥১৯৫ এবমস্য প্রকুর্ব্বীত যথোদ্দিষ্টক্রমেণ তু। মুদ্রাং ততো নিবধ্নীয়াৎ যথোক্তক্রমযোগতঃ ॥১৯৬ জপঞ্চৈব প্রকুর্ব্বীত মূলমন্ত্রেণ মন্ত্রবিৎ। অষ্টাবিংশতিরষ্টৌ বা অষ্টোত্তরশতন্তথা ॥১৯৭ কাম্যে চাধিকং কুর্য্যাল্লক্ষকোট্যধিকং প্রিয়ে। পদ্মং শঙ্খং শ্রীবৎসঞ্চ গদাং গরুড়মেব চ ॥১৯৮ চক্রং শঙ্খঞ্চ শারঙ্গং অষ্টৌ মুদ্রাঃ প্রকীর্ত্তিতাঃ। অর্চ্চনীয়ং ন জানন্তু হরেন্মন্ত্রান্ যথোদিতান্ ॥১৯৯ হিরণ্যগর্ভেতিমন্ত্রেণ পূজয়েৎ পরমেশ্বরং। বক্ষ্যমাণেন মন্ত্রেণ পরমেশং সমর্চ্চয়েৎ ॥২০০ ওঁ নমোঽস্ত্বনন্তায় বিশুদ্ধচেতসে নমঃ স্বরূপায় সহস্রবাহবে। সহস্ররশ্মিপ্রবরায

মানবগণ, অভিলষিত কাম প্রাপ্ত হয় সন্দেহ নাই।১৯০ যে নর এই বিধান দ্বারা মণ্ডপস্থ, অব্যয় বিষ্ণু হয়গ্রীব দেবের পূজা দর্শন করে, তাহার কোন বিঘ্নই হয় না।১৯১ এই বিধানদ্বারা কেশব দেবের একবারমাত্র পূজা করিলেই সে ব্যক্তি জন্মজরা ও মৃত্যু অতিক্রম করিয়া বিষ্ণুপদ প্রাপ্ত হয়।১৯২ যে নর ভক্তিমান ও অতন্দ্রিয় হইয়া নিরন্তর হয়গ্রীব দেবকে স্মরণ করে, আমি তাহার নিমিত্ত দুই সন্ধ্যা চিন্তা করিয়া শ্বেতদ্বীপ রচিত করিয়া রাখি।১৯৩ যাহা ওঁকারাদিসংযুক্ত নমস্কারাদিযুক্ত, সর্ব্বতত্ত্বের সার, তাহাই মন্ত্র বলিয়া অভিহিত হয়।১৯৪ হে দেবি! এই বিধানদ্বারাই গন্ধপুষ্প প্রদানপূর্ব্বক যথোক্তক্রমে মণ্ডপস্থ হয়ানন দেবের পূজা করিবে।১৯৫ তদনন্তর যথোক্তক্রমে মুদ্রাবন্ধন ও মূলমন্ত্রে জপ কর্ত্তব্য।১৯৬ অষ্ট, অষ্টাবিংশতি বা অষ্টোত্তর শতবার।১৯৭ এবং কাম্য কর্ম্মে লক্ষ জপ কোটি জপ কর্ত্তব্য। হে প্রিয়ে! পদ্ম,চক্র শ্রীবৎস,গদা,গরুড়,১৯৮ চক্র, শঙ্খ ও শারঙ্গ এই অষ্ট প্রকার মুদ্রা জানিবে।১৯৯ যদি কেহ অর্চ্চনার মন্ত্র না জানে, তবে সে "হিরণ্যগর্ভ" এই মন্ত্রে পরমেশ্বরের পূজা করিবে। বক্ষ্যমাণ মন্ত্রে পরমেশ্বরের অর্চ্চনা করিবে।২০০ "ওঁ নমোস্ত্বনন্তায় বিশুদ্ধচেতসে নমঃ স্বরূপায় সহস্রবাহবে। সহস্ররশ্মি প্রবরায় বেধসে হয়াস্যরূপায় নমো-

বেধসে হয়াস্যরূপায় নমো নমস্তে ॥২০১ বিশালদেহায় বিশুদ্ধকর্ম্মণে সমস্ত-বিশ্বার্ত্তিহরায় শম্ভবে। নমোঽস্তু সূর্য্যানলতীক্ষ্ণতেজসে হয়াস্যরূপায় নমো নমস্তে ॥২০২ অনাদিদেবাচল শেখরপ্রভো নমো বিভো ভূতপতে মহেশ্বর। মরুৎপতে সর্ব্বপতে জগৎপতে ভুবনপতে সদা নমঃ ॥২০৩ জলেশ নারায়ণ বিশ্বশঙ্কর ক্ষিতীশ বিশ্বেশ্বর বিশ্বলোচন। শশাঙ্কসূর্য্যায়তবিশ্বমূর্ত্তয়ে হয়াস্যরূপায় নমো নমস্তে ॥২০৪ শ্বেতায় পুষ্পকসরোবরপ্রদায় বিদ্যাক্ষিসহকারিচতুর্ভুজায়। লৌহিত্যনির্ম্মিত্যববাসকর্ত্রে তুরঙ্গবদনায় নমো নমস্তে ॥২০৫ শুক্রায় মণিপর্ব্বতমন্দিরায় পীতাক্ষরাক্ষসরক্তবৃহন্মুক্তিদায়। ভক্তোস্মিদানদায় পুস্তকধারিণে। সোপ্যদ্ধর পিতৃগণঞ্চ হরে নমস্তে ॥২০৬ শুদ্ধায় মুক্তায় মণিরঞ্জিতায় প্রলম্ববাহুকমলাসনায়। ততো ঘনাশনপুরঘাতকায় হয়াদ্যরূপায় নমো নমস্তে ॥২০৭ জয়তি বরদপাশে পুস্তকব্যস্তহস্তো বিধৃতসিতসরোজোমোক্ষদানং বিভর্ত্তি। শশধরশুভমূর্ত্তির্ভুক্তিমুক্তিপ্রদায়ী প্রণতসুরনরেভ্যো বাজিবক্ত্রোমুরারিঃ ॥২০৮ ইড়া-

---

নমস্তে" ।২০১ হে বিশালদেহ! বিশুদ্ধকর্ম্মন্! সমস্ত বিশ্বার্ত্তি হর। হে শম্ভো! হে সূর্য্যানল সমান তীক্ষ্ণতেজাঃ! হে হয়াস্যরূপ! আমি তোমাকে বারম্বার নমস্কার করি ।২০২ হে অনাদি দেব! হে অচলশেখর! প্রভো! হে ভূতপতে! বিভো! মহেশ্বর! হে মরুৎপতে! হে সর্ব্বপতে! হে জগৎপতে! হে ভুবনপতে! আমি তোমাকে নিরন্তরই নমস্কার করিতেছি ।২০৩ হে জলেশ! নারায়ণ! বিশ্বশঙ্কর! হে ক্ষিতীশ! বিশ্বেশ্বর! বিশ্বলোচন! হে শশাঙ্ক সূর্য্যসমায়ত মূর্ত্তে! হে হয়াস্যরূপ! আমি তোমাকে বারম্বার নমস্কার করি ।২০৪ হে শ্বেতরূপ! পুষ্পকসরোবরপ্রদ! হে বিদ্যাক্ষিসহকারি চতুর্ভুজ! হে লোহিত্যা নির্ম্মিত্যববাসকারিন্। তুরঙ্গবদন! আমি তোমাকে নমস্কার করি ।২০৫ হে শক্র! হে মণিপর্ব্বত মন্দির! হে পীতাক্ষরাক্ষসরক্তবৃহন্মুক্তিদ! হে মানদ! হে পুস্তকধারিন্! হে পিতৃগণোদ্ধারিন্! হরে! আমি আপনার একান্ত ভক্ত, আমি তোমাকে নমস্কার করি ।২০৬ হে শুদ্ধ! মুক্ত! হে মণিরঞ্জিত! প্রলম্ববাহো! কমলাসন! হে ঘনাশন! পুরঘাতক! হে হয়াদ্যরূপ! আমি তোমাকে বারম্বার নমস্কার করি ।২০৭ যাঁহার হস্ত সমস্ত, পাশপুস্তক গ্রহণে, বরদানে সিতসরোজধারণে ও মোক্ষদানে ব্যগ্র রহিয়াছে, যাঁহার মঙ্গলময় মূর্ত্তি, শশধর সদৃশ, যিনি ভোগ মোক্ষ প্রদান করিয়া থাকেন, যাঁহার নিকট সুরনরাদি সকলেই প্রণত, সেই বাজিবক্ত্র মুরারি জয়যুক্ত হউন ।২০৮ হে ইড়াসুর!

সুরহয়গ্রীব মুরারে মধুসূদন। মণিকূটকৃতাবাস হয়গ্রীব নমোঽস্তুতে॥২০৯
জন্মকোটিকৃতং পাপং কল্পকোটিশতানি চ। হয়স্য দর্শনাদেব ন যাস্যে ভাস্করং ভয়ং॥২১০ ইদং দেবি সপ্তস্তোত্রং স্তুতি পাঠং সমাচরেৎ। প্রদক্ষিণত্রয়ং কুর্য্যাৎ পদ্মাকারং নমেত্ততঃ॥২১১ দক্ষিণাদুত্তরং গত্বা দেবস্য চ মহেশ্বরি। কৃতাঞ্জলিং ততো বদ্ধা ভ্রমযিত্বা নমেত্ততঃ॥২১২ প্রত্যেকং প্রণমেদ্দেবি দণ্ডবৎ প্রণিপাতয়েৎ। যোনো নমেদ্ভ্রমিত্বা চ অপরাধো ভবেত্তদা॥২১৩ অবদ্ধাঞ্জলি-নামস্তু নমস্কারং করোতি সঃ। মোহান্ধকারনরকে পচ্যতে নাত্রসংশয়ঃ॥২১৪ পত্রান্তরে চ প্রণমেন্মূর্দ্ধ্না ন চ ক্ষিতিং স্পৃশেৎ। শপন্তি দেবতা তস্য বিফলং পরিকীর্ত্তিতং॥২১৫ প্রণামো দেবদেবস্য যাবত্যো মূর্ত্তিকাঃ প্রিয়ে। শরীরে বা মহেশানি তস্য পুণ্যফলং শৃণু॥২১৬ যাবন্তোরেণবস্তস্য যাবৎ কালঞ্চ তিষ্ঠতি। তাবদ্বর্ষসহস্রাণি ব্রহ্মলোকে মহীযতে॥২১৭

দেব্যুবাচ। ব্রূহিমে দেবদেবেশ মম কান্ত জগৎপতে। মণিকূটেত্বয়ং বিষ্ণুঃ-স্থাপিতঃ কেন বৈ পুরা॥২১৮

হয়গ্রীব। হে মুরারে। মধুসূদন! হে মণিকূটকৃতাবাস। হে হয়গ্রীব। আমি তোমাকে প্রণাম করি।২০৯ কল্পকোটি শতকৃত ও কোটিজন্মকৃত পাপ সমস্ত হইতেই আমি হয়গ্রীব দর্শনে নিস্তার পাইলাম, আমি আর ভাস্করতনয়ের ভয় করি না।২১০ এই সপ্তস্তোত্র পাঠানন্তর তিনবার প্রদক্ষিণ করিয়া পদ্মাকারে প্রণাম করিবে।২১১ হে মহেশ্বরি। দক্ষিণ হইতে উত্তরে গমনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া ভ্রমণপূর্ব্বক নমস্কার কর্ত্তব্য।২১২ হে দেবি! প্রত্যেক প্রণামে দণ্ডবৎ প্রণিপাত করিবে। যে ব্যক্তি ভ্রমণপূর্ব্বক প্রণাম না করে, তাহার অপরাধ হয়।২১৩ যে নর, বদ্ধাঞ্জলি না হইয়া প্রণাম করে, সে ঘোরতর মোহান্ধনরকে পতিত হয় সন্দেহ নাই।২১৪ যে নর, মস্তকদ্বারা ক্ষিতিস্পর্শ না করিয়া পাত্রান্তরে প্রণাম করে, দেবগণ তাহাকে অভিশাপ প্রদান করেন,তাহার সমস্তই নিস্ফল হয়।২২৫ হে দেবি। মহেশানি! তথায় দেবদেবের যাবৎপরিমিত মূর্ত্তি আছে, তাহাদিগকে প্রণাম করিলে তাহার ফল শ্রবণ কর।২১৬ তাহার যে পরিমাণ রেণু সকল যতকাল অবস্থিত হয়, তাবৎ সহস্রবৎসরকাল সে ব্রহ্মলোকে গমন করিয়া পূজা প্রাপ্ত হয়।২১৭

দেবী কহিলেন,হে দেবদেবেশ,জগতীপতে,প্রিয়তম! পূর্ব্বকালে,কোন্ ব্যক্তি মণিকূটে এই বিষ্ণু স্থাপিত করিযাছিলেন,তাহা আমারনিকট,কীর্ত্তন করুন।২১৮

ভগবানুবাচ। শৃণু দেবি মহাভাগে আগমং বেদসন্নিভং। কথয়ামি পুরাবৃত্তং প্রতিমায়া সম্ভবং ॥২১৯ প্রবৃত্তে চ মহাযজ্ঞে প্রাসাদে দেববিনির্ম্মিতে। চিন্তয়ার্ত্তো মহীপালং প্রতিমার্থমহর্নিশং ॥২২০ কেনোপায়েন দেবেশং সর্ব্বেসং লোকভাবনং। সর্গস্থিত্যন্ত কর্ত্তারং পশ্যামি পুরুষোত্তমং ॥২২১ চিন্তাদুঃখময়োরাজা দিবারাত্রৌ ন শেরতে। ন ভুঙ্‌ক্তে বিবিধান্ ভোগান্ ন চ স্নানং প্রসাধনং ॥২২২ শৈলশৃঙ্গতরুবাপি প্রশস্তোয়া মহীতলে। বিষ্ণোঃ প্রতিমযোগ্যো যঃ সর্ব্বলক্ষণলক্ষিতঃ ॥২২৩ এতৈরেব প্রমাণস্তু দয়িতং যৎ সুরার্চ্চনং। তৎ কেনবা করিষ্যামি চাজ্ঞাপয়তু মে প্রভুঃ ॥২২৪ কুশানাস্তীর্য্য সুপ্তা চ ইন্দ্রদ্যুম্নো মহাবলঃ। হরিধ্যানপরো ভূত্বা সুস্বাপ নিয়তেন্দ্রিয়ঃ ॥২২৫ সুপ্তস্য তস্য নৃপতের্ব্বাসুদেবো জগদ্‌গুরুঃ। আত্মানং দর্শযামাস সুপ্তস্তস্মৈ চ চক্রভৃৎ ॥২২৬ দদর্শ সতু ভূপালো দেবদেবং জগদ্‌গুরুঃ। শঙ্খচক্রধরং দেবং গদাপদ্মোগ্রপাণিনা ॥২২৬ যুগান্তাদিত্যবর্ণাভং নীলবৈদূর্য্যসন্নিভং। সুপর্ণপৃষ্ঠমাসীনং ষে'ড শার্দ্ধভুজং শুভং ॥২২৭ ক্রতুনানেন দানেন ধিয়া ভক্ত্যা চ তে নৃপ। তুষ্টো-

---

ভগবান্ কহিলেন, হে মহাভাগে দেবি! বেদসন্নিভ আগমস্বরূপ প্রতিমাসম্ভব পুরাবৃত্ত কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর।২১৯ দেবনির্ম্মিত প্রাসাদে মহাযজ্ঞ আরম্ভ হইলে মহীপাল, প্রতিমার নিমিত্ত দিবারাত্র চিন্তা করিতে লাগিলেন।২২০ মহারাজ ইন্দ্রদ্যুম্ন, মনে মনে ভাবিতে লাগিলেন যে, আমি কি উপায়ে সেই দেবেশ্বর, সর্ব্বেশ্বর, লোকভাবন সৃষ্টিস্থিত্যন্তকারী পুরুষোত্তমকে দেখিতে পাইব।২২১ এইরূপ চিন্তাকুল রাজা দিবারাত্র শয়ন, বিবিধ ভোগ্যভোগ, ভোজন, স্নান ও মণ্ডন প্রসাধনাদি পরিহার করিয়া চিন্তা করিলেন২২২ যে, শৈলশৃঙ্গই হউক বা তরুই হউক, বিষ্ণুর প্রতিমার নিমিত্ত মহীতলে যাহা প্রশস্ত২২৩ হইবে, তাহাই সুরার্চ্চনে প্রিয় ও প্রমাণসিদ্ধ হইবে, তাহা আমি কিরূপে সম্পাদন করিব, প্রভু আমাকে আদেশ করুন।২২৪ এই ভাবিয়া মহাবল ইন্দ্রদ্যুম্ন কুশাস্তরণপূর্ব্বক নিয়তেন্দ্রিয় ও হরির ধ্যানপরায়ণ হইয়া শয়নপূর্ব্বক সুপ্ত হইলেন।২২৫ মহীপাল সুপ্ত হইলে জগদ্‌গুরু, চক্রধারী বাসুদেব, তাহাকে দর্শন দিলেন।২২৬ সেই ভূপাল, জগদ্‌গুরু, শঙ্খচক্রগদাপদ্মধারী২২৭ যুগান্ত মার্ত্তণ্ডপ্রভ, নীলবৈদূর্য্যবর্ণ, সুপর্ণ পৃষ্ঠাসীন, অষ্টহস্তযুক্ত মঙ্গলময় দেবদেবকে দর্শন কবিলেন। নারায়ণ করিলেন হে বীব! আমি তোমার এই যজ্ঞ, বুদ্ধি ও ভক্তি দ্বাবা পবিতুষ্ট হইযাছি। তুমি আব

স্মিতে মহীপাল ত্বয়াকিমনুশোচসি ॥২২৮ যদত্র প্রতিমাঃ রাজন্ জগৎ পূজ্যাং সনাতনীং। স্থাপয়িষ্যামি হে ধীর তদুপায়ং ব্রবীমিতে ॥২২৯ সাগরস্য জলস্থান্তে নানাদ্রুমবিভূষিতে। বেলাভির্হন্যমানস্তু ন চাসৌ কম্পতে দ্রুমঃ ॥২৩০ পরশুহস্তস্থামাদায় উর্ম্মিমন্তং ততো ব্রজেৎ। একাকী বিহরন্ রাজন্ সত্যং পশ্যসি পাদপং ॥২৩১ ইতি কশ্চিৎ সমালোচ্য ছেদয়স্ববিসঙ্গিতঃ। পশ্চিমাযতনং বৃক্ষং প্রাতরদ্ভুতদর্শনং। ছিত্বা তৈলরসং দত্ত্বা তদা ভূপালচানয় ॥২৩২ কুরু তৎ প্রতিমাং দিব্যাং জহি চিন্তাং বিমোহিনীং। এবমুক্ত্বা মহাবাহু গতোদর্শনং হরিঃ ॥২৩৩ স চাপি স্বপ্নমালোচ্য পরং বিস্ময়মাগতঃ। তাং দিশং সমুদীক্ষ্যৈব স্থিতস্তদ্গতমানসঃ ॥২৩৪ ব্যাহরন্ বৈষ্ণবং মন্ত্রমুক্তঞ্চৈব তদাত্মকং। প্রভাতায়াং রজন্যান্তু সততোনান্যমানসঃ ॥২৩৫ স স্নাত্বা সাগরে রম্যেযথাসম্যগ্‌বিধানতঃ। তং দদর্শ মহাবৃক্ষং যদথা তেজস্বিনং দ্রুমং ॥২৩৬ মোহান্তকং ত্বুবারোহং পুণ্যং বিফলমেব চ। মহোচ্ছ্রায় মহাকায়ং প্রসুপ্তঞ্চ জলান্তিকে ॥২৩৭ নীলরত্নাগ্র্যবর্ণাভিনামজাতিবিবর্জ্জিতং। নররাজস্তথা বিষ্ণোর্দ্রুমং দৃষ্ট্বা

অনুশোচনা করিও না।২২৮ হে ধীর! এই স্থানে যে জগৎপূজ্যা সনাতনী প্রতিমা স্থাপন করিবে, তাহার উপায় আমি তোমাকে কহিতেছি, শ্রবণ কর।২২৯ সাগরের নানাদ্রুমবিভূষিত জলান্তভাগে বেলাদ্বারা হন্যমান হইয়াও যে তরু কম্পিত হইবে না২৩০ ও উর্ম্মিমান্ হইয়া গমন করিবে। হে রাজন! তুমি একাকী বিচরণ করিতে করিতে পরশুহস্তে তথায় গমন করিয়া সত্য সত্যই পাদপ দেখিতে পাইবে।২৩১ তুমি আমার বাক্য আলোচনাপূর্ব্বক নিঃসঙ্গ হইয়া তুমি পশ্চিমায়তন সেই অদ্ভুতদর্শন বৃক্ষ প্রাতঃকালে ছেদন করিয়া আনয়ন কর।২৩২ তদনন্তর তৈল রস প্রদানপূর্ব্বক তাহা আনয়ন করিয়া তদ্দ্বারা দিব্য প্রতিমা নির্ম্মাণ কর, আর তুমি বিমোহিনী চিন্তা করিও না। এই বলিয়া মহাবাহু হরি অন্তর্হিত হইলেন।২৩৩ সেই রাজা স্বপ্ন আলোচনা করিয়া বিস্মিত হইলেন। তদনন্তর তিনি তদ্গত মানসে, তদাত্মক বৈষ্ণবমন্ত্র উচ্চারণপূর্ব্বক সেই দিক্ অবলোকন করিয়া রহিলেন।২৩৪ রজনী প্রভাত হইলে, অনন্যমানস সেই রাজা মনোহর সাগরতীরে গমনপূর্ব্বক জলান্তিকে প্রসুপ্ত, তেজস্বী ২৩৫ মোহান্তক, ত্বুবারোহ, পুণ্য, বিফল, মহাকায়, মহোচ্চ সেই মহাবৃক্ষ দর্শন করিলেন।২৩৬।২৩৭ ঐ বৃক্ষ নীলোজ্জ্বলবর্ণ এবং নাম জাতি বর্জ্জিত। নররাজ ইন্দ্রদ্যুম্ন বিষ্ণুর সেই বৃক্ষ দর্শন করিয়া

মুদান্বিতং ॥২৩৮ পরশুনা শাতয়ামাস নিশাতনতয়ৈব হি। সপ্তধা দ্রুমরাজন্তং নিপপাত মহীতলে ॥২৩৯ ওড্রদেশে মূলভাগে কল্পয়ামাস বৈ বিভুঃ। তদূর্দ্ধ-খণ্ডং কাশ্মীরে কবন্ধাকারমেব চ ॥২৪০ আদিত্যং তং বিজানীয়াদ্রামেণ স্থাপিতং পুরা। শোণাদিত্যং তদূর্দ্ধাঙ্গং শুক্রেণ স্থাপিতং প্রিয়ে ॥২৪১ শিলা-রূপং মহেশানি স্থাপিতং গুরুণা ততঃ। ভাগ্যদ্বয়ং কামরূপে ভাগৈকং মলয়াগিরৌ ॥২৪২ মণিকূটে তথোর্দ্ধঞ্চ স্থাপিতং বরুণেন হি। প্রাচ্যাং নন্দীশমৈশান্যে মৎস্যাক্ষোনাম মাধবঃ ॥২৪৩ শিলাময়ো দারুময়ঃ কুবেরে-ণৈব স্থাপিতঃ। মহাবরাহনামা চ যোঽষ্টাদশভুজৈর্যুতঃ ॥২৪৪ হয়াখ্যোমণি-কূটে চ মাধবাখ্যো ব্যবস্থিতঃ। সম্ভবং কথিতন্দেবি প্রাপণং শৃণু পার্ব্বতি ॥২৪৫ ইঙ্গুদীফলবিল্বানি বদরামলকানি চ। খর্জ্জুরং পনসঞ্চৈব তথা তালফলানি চ ॥২৪৬ দাড়িমং কদলীঞ্চৈব প্রযত্নেন নিয়োজয়েৎ। লকুচং মধুকং যুক্তং তথা পূগ-ফলানি চ। বীজপূরঞ্চ মধুরং কর্কন্ধুঞ্চ নিবেদয়েৎ ॥২৪৭ মূলকস্য চ শাকঞ্চ রাজবস্য তথৈব চ। যস্য ফলং বিশালঞ্চ তস্য শাকং প্ররোহকং ॥২৪৮ বাস্তু-কস্য চ শাকঞ্চ পালঙ্গস্য মম প্রিয়ে। বিলয়ানি প্রিয়াণ্যন্যান্ তথা চ তিন্তিড়ী-

---

মুদান্বিত হইলেন২৩৮ এবং পরশুধারা কর্ত্তনপূর্ব্বক সেই দ্রুমরাজকে সপ্ত-খণ্ডে বিভক্ত করিয়া ভূতলে পাতিত করিলেন।২৩৯ দেবদেব বিভু ওড্রদেশে তাহার মূল কল্পনা করিয়া তথায় মূর্ত্তি স্থাপিত করিলেন। তাহার ঊর্দ্ধখণ্ড কবন্ধাকার; রাম তাহাকে কাশ্মীর দেশে ২৪০ আদিত্যরূপে স্থাপিত করি-লেন। হে প্রিয়ে! তাহার ঊর্দ্ধভাগ শুক্রকর্তৃক শোণাদিত্যরূপে স্থাপিত হইল।২৪১ তদূর্দ্ধভাগ গুরুকর্তৃক শিলারূপে স্থাপিত হইল। তাহার ঊর্দ্ধ-ভাগদ্বয় কামরূপে তৎপর ভাগ মলয়চলে২৪২ তদূর্দ্ধভাগ পূর্ব্বদিকে মণি-কূটে নন্দীশরূপে স্থাপন করিলেন। ঈশানকোণে, কুবের, মৎস্যাক্ষ নামক২৪৩ শিলাময় দারুময় মাধবকে সংস্থাপিত করিলেন। মহাবরাহনামা ও অষ্টাদশ ভুজবিশিষ্ট।২৪৪ মণিকূটে হয়াখ্য ও মানব নামক বিভু অবস্থিত আছেন। হে দেবি! সম্ভব অর্থাৎ উৎপত্তি কথিত হইল। এক্ষণে প্রাপণ অর্থাৎ উপহার দ্রব্য শ্রবণ কর।২৪৫ ইঙ্গুদীফল, বিল্ব, বদর, আমলক, খর্জ্জুর, পনস, তালফল, ২৪৬ দাড়িম্ব ও কদলী যত্নপূর্ব্বক নিয়োজিত করিবে। লকুচ, মধুক, পূগফল, বীজপূর, মধুর, কর্কন্ধু নিবেদন করিবে।২৪৭ মূলকের শাক রাজকশাক যাহার ফল বিশাল, তাহার শাক ও কলিকা২৪৮ বাস্তুক-

ফলং ॥২৪৯ কুষ্মাণ্ডং পার্ব্বতীয়ঞ্চ তথা চারণসম্ভবং। কদলং বীজপূরঞ্চ বামকং পৌত্রকন্তথা। অকালপনসঞ্চৈব তথান্যদপি বর্জ্জয়েৎ ॥২৫০ ধান্যানাঞ্চ প্রবক্ষ্যামি উপযোগানি শাঙ্করি। একচিত্তং সমাধায় প্রাপণং শৃণু শাঙ্করি ॥২৫১ সোমধান্যং বৃহদ্ধান্যং রক্তশালিকমেব চ। রাজধান্যং ষষ্টিকঞ্চ দেববল্লভকন্তথা ॥২৫২ চণকং কোদ্রবঞ্চৈব বর্জ্জয়েন্মম সুন্দরি। ক্ষারঞ্চ কৃষ্ণক্ষীরঞ্চ বর্ণঞ্চ মার্ত্তিকোদ্ভবং ॥২৫৩ লবণং প্রাচিসম্ভূতং ততোত্তরসমুদ্ভবং। পশূনাঞ্চ প্রবক্ষ্যামি বন্যানাং গ্রামবাসিনাং ॥২৫৪ যেন যান্যুপযোগ্যানি গব্যং দেবি পয়োমতং ; মার্গং মাৎস্যং তথা ছাগং শালনং শাশকস্তথা ॥২৫৫ এতৈস্তু প্রাপণং দদ্যাদ্বিষ্ণোশ্চৈব প্রিয়াবহং। মাহিষং বর্জ্জয়েন্মাংসং ক্ষীরং দধিঘৃতন্ততঃ ॥২৫৬ পক্ষিণাঞ্চ প্রবক্ষ্যামি যে প্রযোজ্যা মম প্রিয়ে। হারিতঞ্চ ময়ূরঞ্চ নারকং বর্ত্তকন্তথা। কপিলশ্চৈব চাষশ্চ কাককুক্কুটকো শিবঃ। বন্যকুক্কুটঞ্চৈব শরারিশ্চ কপোতকঃ।২৫৭।২৫৮ বিল্বকঃ কুলিকশ্চৈব রক্তপুচ্ছশ্চ টিট্টিভঃ। কৃষ্ণমৎস্যাশনশ্চৈব পক্ষিণাং বিশিষ্যতে ॥২৫৯ অভক্ষ্যঞ্চৈব মাংসঞ্চ যদ্বা পঞ্চনখস্য চ। চিত্রমৎস্যং রোহিতঞ্চ মাংসকং চ বিবর্জ্জয়েৎ ॥২৬০ মহাশল্লঞ্চ রাজীবং সিংহর্ত্তুকং মহেশ্বরি। মৎস্যা হ্যেতানি দেয়ানি বিডালীঞ্চ বিবর্জ্জয়েৎ ॥২৬১

শাক, পালঙ্গশাক, তিন্তিড়ীফল ২৪৯ পর্ব্বতীয় কুষ্মাণ্ড, চারণসম্ভব কদল, ও বীজপূর, বামক ও পৌত্রক, অকালপনস এইরূপ অন্যান্য ফল বর্জ্জনীয়।২৫০ হে শঙ্করি। ধান্য সকলেরও উপযোগ কহিতেছি, অবহিত হইয়া শ্রবণ কর।২৫১ সোমধান্য, বৃহদ্ধান্য, রক্তশালি, রাজধান্য, ষষ্টিক, দেববল্লভ ২৫২ চণক, কোদ্রব এই সকল ধান্য বর্জ্জন করিবে। ক্ষার, কৃষ্ণক্ষীর, মৃত্তিকোদ্ভব২৫৩ বর্ণক, প্রাচ্য ও উত্তরসম্ভূত লবণ প্রযোজ্য নহে। গ্রাম্য ও বন্য পশুগণের উপযোগ কহিতেছি, শ্রবণ কর।২৫৪ গব্যদুগ্ধ, মৃগ-মৎস্য-ছাগ-শালন শশক মাংস প্রদান করিলে বিষ্ণুর প্রীতিকর হয়।২৫৫ মহিষের মাংস, ক্ষীর, দধি ও ঘৃত, বর্জ্জন করিবে।২৫৬ পক্ষিগণের মধ্যে যাহা প্রয়োজ্য তাহা শ্রবণ কর। হারিত, ময়ূর, নারক, বর্ত্তক, কপিল, চাষ, কাক, কুক্কুট, শিবঃ বন্য কুক্কুট, শরারি, কপোতক, ২৫৭।২৫৮ বিল্বক, কুলিক, রক্তপুচ্ছ, টিট্টিভ, কৃষ্ণমৎসাশন, এই সকল পক্ষিগণের মধ্যে প্রশস্ত।২৫৯ অভক্ষ, পঞ্চনখ মাংস, চিত্রমৎস্য, রোহিত, মাংসক, এই সকল বর্জ্জন করিবে।২৬০ মহাশল্ল, রাজীব ও সিংহর্ত্তুক, দাতব্য। বিডালী, জলপাদ, শকুল ও বন্নাহক দাতব্য নয়।২৬১ সাধকোত্তমগণ, কৌসুম্ভশাক, পিণ্যাক, রক্তপাদ,

জালপাদাংশ্চ শকুলান্দেবি বালাংকস্তথা। কৌসুম্ভশাকং পিণ্যাকং বক্ত পাদাংশ্চ কেশবান্ ॥২৬২ শোভাঞ্জনং বক্তশেলুং কেমুকং তিন্দুকং তথা। পূতিকং কানকঞ্চৈব বর্জ্জয়েৎ সাধকোত্তমঃ ॥২৬৩ যথোক্তং সাধয়েন্মন্ত্রং যোগী ধ্যানপরায়ণঃ। অভক্ষ্যং বর্জ্জয়েৎ সর্ব্বং দেবতাধ্যানসাধনে ॥২৬৪ হবিষ্যাশী শুচির্ভূত্বা মন্ত্রতন্ত্রবিশারদঃ। অহর্নিশং জপেদ্বিদ্যাং তদ্গতেনান্তরাত্মনা ॥২৬৫ স ভবেৎ কালিকাপুত্রঃ সর্ব্বত্র নির্ভয়ো ভবেৎ। রহস্যং পরমং দেবি তব স্নেহাৎ প্রকাশিতং ॥২৬৬

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বাবিংশতিসাহস্রে প্রথমতমে দ্বিতীয়ভাগে অষ্টমঃ পটলঃ সমাপ্তঃ।

কেশর ২৬২ শোভাঞ্জন, বক্তশেলু, কেমুক, তিন্দুক, পূতিক ও কানক বর্জ্জন করিবে।২৬৩ যোগীজন ধ্যান পরায়ণ হইয়া সর্ব্বদেবতার সাধনেই অভক্ষ্য সকল বর্জ্জনপূর্ব্বক ২৬৪ হবিষ্যাশী ও শুচি এবং মন্ত্রতন্ত্রবিশারদ, হইয়া অন্তরাত্মার সহিত তদ্গতচিত্তে অহর্নিশ বিদ্যা জপ করিবে তাহা হইলেই সে ব্যক্তি কালিকার পুত্র ও সর্ব্বত্র নির্ভয় হইবে। হে দেবি! এই আমি, তোমার প্রতি স্নেহ বশতঃ রহস্য প্রকাশ করিলাম।২৬৬

ইতি যোগিনীতন্ত্রে দ্বিতীয়ভাগে অষ্টম পটল সমাপ্ত।